

### The Ramakrishna Mission



# BAND GARDE

### SAMEKRITI DANG AGE HAD LITER

ÍŚWARA CHANDRA VIDYÁSÁGARA.

FOURTH EDITION.

## সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্য শাস্ত্ৰ বিষয়ক প্ৰস্তাব

শ্রীঈশরচন্দ্র বিন্যাসাগর বিরচিত্র

চতুর্থ সংক্ষরণ (

BRARY

MUKEMI

CALCUTTA

PUBLISHED 3Y THE SANSKRIT PRESS DEFORTOR.
"80, 3. MIRZAFORD STREET, COLLEGE SQUARE, SECTE.





এই প্রস্তাব, প্রথমতঃ, কলিকাতাছ বীটন সোদাইটি
নামক সমাজে পঠিত হইরাছিল। অনেকে, এই প্রস্তাব
মূলিত করিবার নিমিত, সবিশেষ অনুরোধ করাতে, আমি,
তৎকালীন সভাপতি মহামতি প্রীয়ত ডাক্তর মোয়েট মহোদল্লের অকুমতি লইরা, তুই শত পুস্তক মুদ্রিত করিরা বিতরণ
করি।

বে প্রস্তাব যে সমাজে পঠিত হয়, সে প্রস্তাব সে সমাক্রের স্বাস্পদীভূত হইয়া থাকে; এজন্ত, আমি উক্ত ডাক্তর
করোদরের নিকট প্রস্তাবের অধিকার ক্রের করিবার প্রস্তাব
করিয়াছিলাম। কিন্তু তিনি, অনুগ্রাহ প্রদর্শন পূর্বক, আমাকে
বিনা মূল্যে সেই অধিকার প্রদান করেন। তদমুসারে,
কামি এই প্রস্তাব পুনরায় মুদ্রিত ও প্রচারিত করিলাম।

আমি বিলক্ষণ অবগত আছি, এরপ গুড়তর প্রস্তাব বেরপু সঙ্গনিত হওয়া উচিত ও আবগ্রক, কোনও রপেই সৈদ্ধিপ হয় নাই। বলুতঃ, এই প্রস্তাবে বহুবিস্তৃত সংস্কৃত সাহিত্য শাস্ত্রের অন্তর্গত কতিপয় স্থাসিদ্ধ প্রস্ত্রের নামোলেখ ক্ষেত্র হইরাছে। বীটন লোসাইটিতে, এক ঘটা মাত্র সময়, শাস্তাব পাঠের নিমিত্ত, নির্মাণিত আছে; সেই সময়ের মধ্যে বাহাতে পাঠ সম্পান্ন হয়, সে বিষয়েই অধিক দৃষ্টি রাধিয়া, ,
শ্রুড়ন্ত সংক্ষিপ্ত প্রণালী অবলয়ন করিতে হইরাছিল। এক্ষণে, এরপ অসমাক সঙ্কলিত প্রস্তাব পুনমুদ্রিত করিবার তাৎপর্য এই যে, আমার কতিপর আত্মীর ভূরোভূরঃ
কহিরাছিলেন, এই প্রস্তাব পাঠ করিলে, সংস্কৃত কালেজের
ছাত্রদিগের উপকার দর্শিতে পারে, অতএব ইহা পুনমুদ্রিত
করা আবশ্যক; তঘাতিরিক্ত, অক্সান্ত লোকেও, এই প্রস্তাব
পাঠ করিবার নিমিত, ওৎস্ক্র প্রকাশ করিরাছিলেন; তৎপ্রস্তুক, আমি মানস করিরাছিলাম, প্রকৃত প্রস্তাব সংস্কৃত
ভাষা ও সংস্কৃত সাহিত্যশাস্ত্র বিষয়ক এক প্রস্তাব রচনা
করিরা, মুদ্রিত ও প্রচারত করিব। কিন্তু, নিস্তান্ত আমি সে মানস পূর্ব করিতে পারি
নাই; এবং কিছু কালও যে সম্যক রূপে তাদৃশ প্রস্তাব
সঙ্কলনের উপযুক্ত অবকাশ পাইব, তাহারও সন্তাবনা
নাই; এজন্য, আপাততঃ, এই প্রস্তাব যথাবন্ধ মুদ্রিত ও
প্রচারিত হইল।

बिद्रेषद्रहस मंगी।

কলিকাতা, সংস্কৃতকালেজ। ১৪ই চৈত্ৰ, সংবৎ ১৯১৩।

# সংস্কৃত ভাষা ও সংস্কৃত স্কৃতিত্যশাস্ত্র।



সংস্কৃত অতি প্রাচীন ও অতি উৎকৃষ্ট ভাষা। এই
অন্তৃত ভাষায় ভূরি ভূরি শদ, ভূরি ভূরি পাতৃ, ভূরি ভূরি
বিভক্তি, ও ভূরি ভূরি প্রত্যায় আছে, এবং এক এক শদ্ধে
ও এক এক ধাতুতে নানা প্রত্যায় ও নানা বিভক্তির যোগ
করিয়া, ভূরি ভূরি মূতন শদ্ধ ও ভূরি ভূরি পদ দিদ্ধ করা
যাইত্যে পারে। এরপে অভিপ্রায়ই নাই বে এই ভাষাতে
অতি বিশদ রূপে ব্যক্ত করিতে পারা যায় না; এবং
এরপ বিষয়ই নাই যে এই ভাষাতে স্কুচারু রূপে সঙ্কলিত
হইতে পারে না। অতি প্রাচীন কাল অব্ধি, অতি
প্রধান প্রধান পণ্ডিভেরা, নানা বিষয়ে নানা এন্থ রচনা
করিয়া, এই ভাষাকে সম্যক মার্চ্জিত ও অলঙ্ক্ত করিয়া
গিরাছেন।

সংস্কৃত ভাষার তুই পদ পরম্পর সন্নিহিত হইলে, পূর্ব্ব, পর, অথবা উভয়, বর্ণই প্রায় রূপান্তর প্রাপ্ত হয়। যে প্রক্রিয়া দ্বারা এই রূপান্তরপ্রাপ্তি সিদ্ধ হয়, তাহাকে সন্ধি বলে। সন্ধিপ্রক্রিয়া দ্বারা ভাষার অশ্রাব্যতাপরীহার;
ও স্থাব্যতাসম্পাদন হইয়া থাকে। আর, প্রক্রিয়াবিশেষ
দ্বারা অনেক শিকে এক পদ করা যায়। এই অনেক
পদের একপদীকরণপ্রণালীকে সমাস বলে। সমাসপ্রতি দ্বারা সংক্ষিপ্রতা ও স্থাব্যতা সম্পন্ন হইয়া থাকে। কিছু
ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক, সমাস্ঘটিত বাক্য
সকল অপেক্ষাকত হুরহ, আর্ত্তি মাত্র তত্ত্বাক্যের অর্থবোধ নির্মাহ হইয়া উঠে না। সমাসপ্রণালী অবলম্বন
করিয়া, ইচ্ছানুরূপ দীর্ঘ পদ প্রস্তুত করা যাইতে পারে।
প্রাচীন এন্থকর্তারা তাদৃশ সমাসপ্রিয় ছিলেন না। কিছু
নব্যেরা সচরাচর অতি দীর্ঘ দীর্ঘ সমাস করিয়া থাকেন।
কোনও কোনও উৎকৃট কাব্যএন্থেও, বিংশতি পদ পর্যান্ত
একপদীক্ষত দেখিতে পাওয়া বায়।

ষাছা ছউক, সংস্কৃত বৈয়াকরণেরা সন্ধি, সমাস, পদসাধন, ও প্রক্ষতিপ্রতার্যোগে নুতন নুতন শব্দ সঙ্ক ন
করিবার যে সমস্ত অভিনব পথ প্রস্তুত করিয়া গিরাছেন,
তদ্দারা সংস্কৃত এক অভুত ভাষা ছইয়া উঠিয়াছে। সংস্কৃত্
ভাষায় কি সরল, কি বক্র, কি মধুর, কি কর্কণ, কি
ললিত, কি উদ্ধৃত, সর্ব্বপ্রকার রচনাই সমান স্থানর রুপ্রে
সম্পন্ন ছইয়া উঠে। সংস্কৃত রচনাতে এরপ অসাধারণ
কৌশল প্রদর্শিত ছইতে পারে যে তদ্দর্শনে বিশ্বরাণ

সংস্কৃত রচনাতে শব্দঘটিত যে সকল কেশিল প্রদর্শিত

কৈতে পারে, ভাহার কভিপায় উদাহরণ উদ্ধৃত হইতেছে।

নিম্নে যে প্লোক উদ্ধৃত হইল, উহা কেবল ভ, র,

কেন্দুই ব্যঞ্জন বর্ণে রচিত।

हम् इर कञ्जम वर्ग झान्छ। इस्ट्रिसिमीरिमिभीरैर्भूमारैरमिरेमिरे । "भेरीरेमिमिरम्बाभैरभीदमिरिभैरिमा: ॥१८॥ हेई ॥ सिखशीलवह।

নিহ্মলিখিত শ্লোক কেবল দ এই এক মাত্র ব্যঞ্জন বর্ণে রুচিত।

हाददो बुद्दबुद्दादी दादादो बुद्दी ददो:। बुद्दादं दददे बुद्दे ददादद ददोदद:॥ १८। ११४॥ सिक्टशानवर।

যমক রচনার চাতুর্য্য প্রদর্শনের নিমিত্ত, নিম্নলিখিত ক'তপ্র শ্লোক উদ্ধৃত হইল।

> नव पलाय पलाय वनं पुर: स्कुट पराग पराग तपङ्कजम् । ब्दु जतान्त जतान्त मलोकयत् स सुरभिं सुरभिं सुमनोभरै: ॥ ६ । २ ॥ भिल्लानवर ।

नसमा नसमा नसमा नसमा गममाप समीच्य वसन्तन भः। श्वमद श्वमद श्वमद श्वमरक्कलतः खलु कामिजनः ॥ २ । १६ ॥ नलापः।

षनं विदार्थ्यार्ज्ज्ञनवार्णपूर्गं ससार वाणोऽश्वगलोचनस्य । घनं विदार्थ्यार्ज्ज्ञनवार्णपूर्गं ससार वाणोऽश्वगलोचनस्य ॥ १५ । ५० ॥ कित्राजार्ज्ज्ञ्ज्ञीत्र ।

बभी मक्त्वान् विक्रतः समुद्रो बभी मक्त्वान् विक्रतः समुद्रः । बभी मक्त्वान् विक्रतः समुद्रो बभी मक्त्वान् विक्रतः समुद्रः ॥ १० । १८ ॥ ७ छिकावा ।

निम्नलिथि इरे (क्लांक, व्यांक इरेंड व्यांत स्त कितिता शोठ कितिल (यद्गेश इरें, व्यस इरेंड व्यांत स्व कितिरा शोठ कितिलिश व्यांकिल (महेंद्गेश इरें। वाह्माजिम मानासे साराजावनमा ततः। मत्तसारगराजेभे भारीहावव्यानधानि॥ १८। ३३ ॥ निध्यमञ्जवहारीमा भेजे रागरसात्तमः। ततमानवजारासा सेना मानिजनाह्वा॥ १८। ३४। নিম্নলিখিত প্লোক নানা দিকে এক্ প্রকার পাঠ করা ষার।

देवा का निनिका या दे वा हि का स्व स्व का हि वा। का का रेभ भ रेका का निस्व भ व्य व्य भ स्व नि॥१८।२५॥ कित्राजार्ड्क्नीय।

াকরাডাজ্জুনায়। লভ প্রভাত রচনা

সংস্কৃত ভাষায় সরল, মধুর, ললিত প্রভৃতি রচনা কিরূপ ছইতে পারে, তাহারও উদাহরণ প্রদর্শনের নিমিত্ত, কয়েকটি স্থল উদ্ধৃত হইতেছে।

सखे पुराहरीक, नैतदराक्षं भवतः; सुद्रजनसुस हव मार्गः; धेर्यधना हि साधवः। किं यः कश्वित् प्राक्तत इव विक्रावीभवन्तमाक्षानं न क्यात्मि। कृत-स्ववापूर्व्वीऽयमदोन्द्रियोपसवः, वेनास्येवं कृतः। क ते तह्रियं, कासाविन्द्रियजयः, क तह्रिय्वं कृतः। क ते तह्रियं, कासाविन्द्रियजयः, क तह्रिय्वं कृतसः, क सा प्रधान्तः, क तत् कुलकमागतं ब्रह्मचर्यः, क सा सर्व्वविषयनिक्सुकताः क ते राक्ष्पदेशाः. क तानि युतानि, क ता वैराय्यवृद्धयः, क तद्यभोगविद्वेषित्वं, क सा स्वपराद्युखताः, कासी तपस्यभिनिवेगः, क सा संयमिताः, क सा भोगानासुपर्यवृद्धाः, क तत् यौवनासुधासनम्। स्वया निष्माका प्रकाः, निगुणो

धर्माग्रास्त्राभ्यासः, निर्यंतः संस्तारः निर्पनारको गुरूपदेशविवेकः, निष्मयोजना प्रवृत्ताः निष्कारणं चानम् ; यस्त्र भवाद्या अपि रागाभिषद्भैः कल्षी-कियन्ते प्रसादेशाभिभ्रयन्ते। कथं करतलाइलिता-मपद्भतामचमालामपि न लच्चयसि ; घरो विगत-'चेतनत्वम्; चपह्नता नामेयम्; दूदमपि तावर-पक्रियमाण्यमनयानाय्येया निवाय्येतां इदयमिति ।

दूति परिसमापिताचारां, निवित्तितसन्योचिता-चारां, शिलातले विस्वअमुपविष्टां निस्तमुपस्त्य, नातिटूरे समुपविष्य, मुह्नत्तीमव स्थिता चन्द्रापीड्: सविनयमवादीत् भगवति त्वत्यसादप्राप्तिपोत्मा हितेन कुद्धहतेनाकुलीकियमाणो मानुषतासुलभो लिघमा बलादनिक्कन्तमिप मां प्रश्ननमेषि नियोजयित । जन-वति हि प्रभुप्रसादलवोऽपि प्रागल्थ्यमधीरप्रकृते: ; स्वल्याप्येकदेशावस्थानकालकला परिचयसुत्यादयति ; चातुरप्यपचारपरिग्रन्थः प्रणयमारोपयति । तद्यदि नाति-खेदकर्मिव, ततः कथनेनासानमनुप्राज्ञमिक्कामि। कामश्रती।

> वनस्पतीनां सरसां नदीनां तेजिखिनां कान्तिधतां दियाच ।

निर्याय तस्याः स पुरः समन्तात् त्रियं दधानां ग्ररहं दंदर्ग ॥ ᢏ। १ ॥ तरङ्गङ्गाच्चपतेः पलाग्रैः ज्वालाश्चियं सातिश्यां दधन्ति। सधूमदीप्राग्निकचीनि रेजुः ताम्नोत्पलान्याकुलषट्पदानि ॥ २। २॥ विबागतैसीरवनै: सच्छिं निनां विलोक्यापस्तां पयोभि:। कूलानि सामर्पतयेव तेतुः सरोजनच्यों खनपद्महासै:॥२।३॥ नियातुषारै नेयनाम्बुकत्यैः पतान्तपर्यागतदच्छविन्दुः। चपाकरोदेव नदत्पतकः कुमुद्दतीं तीरतवर्दिनादी ॥ २ । ४ ॥ बनानि तोयानि च नेत्रकलैं: पुष्यै: सरोजैय निलीनसङ्गै:। परसारां विसायवन्ति लच्छी-मालोकयाञ्चक्रिवादरेख ॥ २ । ५ ॥ प्रभातवाता इतिकस्पिताकृतिः कुसुद्वतीरेखुपियक्वविग्रहम्।

निरास सङ्गं कुपितेव पश्चिनी न माकिनीयं संहते ज्यसङ्गम् ॥ २। ६॥ दत्तावधानं मधुले हिगीती प्रशान्तचेष्टं इरिग्रं निषांसु:। **भावर्णयम् स्वाइंसनादान्** बच्चे समाधिं न द्धे स्गावित्॥ २। ७॥ गिरेनितक्षे महता विभिन्नं तोवावशेषेण हिमाभमध्वम्। सरिना खास्युचयमाद्धानं **थैलाधिपस्थानुचकार सन्धीम् ॥ २।**८॥ गर्जन् इरि: सामासि ग्रैलकुष्ते प्रतिध्वनीनासकतान् नियस्य कमं बबन्ध क्रसितुं सकोपः प्रतक्वन्यस्गेन्द्रनांदान्॥२।८॥ बह्जतामांसि नवोत्यलानि बतानि चात्रोषत षट्पदानाम्। बाबायि वान् गत्थवहः सुगत्थ-स्तेनारविन्द्यतिषङ्गवांस ॥ २ । १० ॥ लतानुपातं कुसुमान्यस्ह्वात् स नदावस्कन्दस्पास्यञ्ज ।

कुद्ध लाचा रियलोप वेर्य काकुत्स्य दूषत् स्वयमान चार्तः॥ २।११॥ तिग्मांशुरश्मिक्त्ररितान्यदूरात् प्रािच्च प्रभाते सलिलान्यपम्यत्। गभिस्तिधाराभिरिव द्रुतानि तेजांसि भानोर्भुवि सम्मृतानि ॥ २ । १२ ॥ दिग्वापिनीलीचनलोभनीया 'स्जान्वयाः स्रेहमिव स्वन्तीः। ऋज्वायताः शस्यविशेषपंती-स्तुतोष पश्चन् विल्यान्तरालाः ॥ २। १३॥ वियोगदु:खानुभवानभिन्नै: काले रुपांथं विक्तिं दद्द्धिः। चाहार्व्यशोभारहितैरमायै-रैचिष्ट पुन्धि: प्रचितान् स गोष्ठान् ॥ २।१४॥ स्त्रीश्रूषणं चेष्टितमप्रगल्भं चारूखयकाखापि वीचितानि । ऋजूंच विष्ठासस्तः खभावान् गोपाङ्गनानां मुमुद्रे विलोक्य ॥ २ । १५ ॥ विवृत्तपार्खं विचराङ्गहारं समुद्रहज्ञारुनितम्बविम्बम् ।

यामन्द्रमन्यध्वनिद्शतालं गोपाङ्कृारत्यमनन्दयत्तम् ॥ २ । १६ ॥ विचित्रसुचै: अवमानमारात् कुद्रहर्वं बस् ततान तस्य। मेघात्ययोपात्तवनोपशोभम् कदस्वकं वातमञं खगाणाम् ॥ २ । १७ ॥ सितारविन्दप्रचयेषु लीनाः संसक्तफेनेषु च सैकतेषु। कुन्दावदाताः कलक्तंसमालाः प्रतीयिरे त्रोतसुर्विर्नगदै: ॥ २ । १८ ॥ न तळालं यन सुचारपङ्गजम् न पङ्कजं यदलीनषट्पदम्। न षट्पदोऽसौ न जुगुच्च यः कलं न गुन्तितं तस जहार यनानः ॥ २ । १८ ॥

ভটিকাব্য।

चयार्डराते स्तिमतप्रदीपे प्रव्याय्टें सुप्तजने प्रवृद्धः । कुगः प्रवासस्यक्तत्ववेगा-सह्द्रपूर्तां वनितासप्रस्तत् ॥ १६ । ४ ॥ सा साधुसाधारणपार्थिवद्धेः स्थित्वा पुरस्तात् पुरुष्टतभासः। जेतु: परेषां जयग्रव्सपूर्व तस्यान्त्रन्तिं बन्धुमतो बबन्ध ॥ १६ । ५ ॥ **च**थानपोढ़ार्गलमप्यगारं क्रायामिवादशेतलं प्रविष्टाम् । सविद्ययो दाशरथेसनूज: प्रोवाच पूर्बार्डविच्छतल्पः॥ १६। ६॥ लब्बान्तरा सावरणेऽपि गेहे योगप्रभावो नच दृष्यते ते । विभवि चाकारमनिर्देतानां स्णालिनी हैमिमवोपरागम्॥ १६। ७॥ का त्वं शुभे कस्य परिग्रहो वा किं वा सद्थागमकारणं ते। त्राचच्च मला विश्वनां रघूणां मनः परस्त्रीविसुखप्रवृत्ति ॥ १६ । ८ ॥ तमबवीत् सा गुरुणानवद्या या नीतपौरा खपदोन्मुखेन। तखाः पुरः सम्प्रति वीतनायां जानी इराजक धिदेवतां माम् ॥१६। ८ ॥

वस्वीवसारामभिस्य साई सौराज्यबद्धोत्यवया विभ्रत्या। समग्रातौ लिय सूर्यवंश्वे , सित प्रपन्ना करुणामवस्थाम् ॥ १६ । १०॥ विशीर्णतल्यादृश्यतो निवेश: पर्व्यस्त्रयातः प्रभुणा विना मे । विद्म्बयत्यस्तिमग्नसूर्थं दिनान्तमुग्रानिलभिन्नभेषम् ॥ १६ । ११ ॥ निधास भास्तकतनूपुराणां यः सञ्चरोऽभ्रदभिसारिकाणाम्। नद्नुखोल्काविचितामिषाभिः स बाह्यते राजपयः धिवाभिः॥ १६ । १२॥ चास्तालितं यत् प्रमदाकराग्रै-ष्ट्रदङ्गधीरध्वनिमन्वग**च्छत्**। वन्यैरिहानीं महिषैसहमाः म्हजाचर्त कोश्रात दीर्घकाणाम् ॥१६।१३॥ वच्चेयया यष्टिनिवासभङ्गात् **ब्दङ्गग्रन्थापगमादलास्याः**। प्राप्ता द्वोल्काइतशेषवर्चीः कीकामयूरा वनवर्ष्टिगत्वम् ॥ १६ । १४ ॥

#### [ 59 ]

सोपानमार्गेषु च येषु रामा निचिप्तवत्यसरणान् सरागान । सद्योक्तत्यङ्गभिरस्रदिग्धं व्याष्ट्रै: पदं तेषु निधीयते मे ॥ १६ । १५ ॥ चित्रद्विपाः पद्मवनावतीर्णाः करेगुभिद्त्तस्यालभङ्गाः। नखाङ्ग्याघातविभिन्तकुमाः संरव्यसिंहप्रकृतं वहन्ति ॥ १६ ।१६ ॥ स्तमोषु योषित्र्यतियातनानाम् उत्नान्तवर्णेनमधूसराणाम्। सनोत्तरीयाणि भवन्ति सङ्गात् निर्मोकपद्य: फिर्मिक्सिक्सता: ॥१६।१०॥ कालान्तरम्यामसुधेषु नक्त-मितसतो इदल्याङ्गरेषु। त एव मुक्तागुणग्रुद्धयोऽपि हर्स्येषु सूर्क्कान्त न चन्द्रपादाः ॥१६।१८॥ चावर्ज्य गाखाः सदयञ्च यासां पुष्पासुत्रपात्तानि विलासिनीभि:। वन्यै: पुलिन्दैरिव वानरैसा: क्रियन्त उद्यानलता मरीयाः ॥१६।१८॥

रात्रावनाविष्कृतदीपभास: कान्तामुखत्रीवियुता दिवापि । तिर्स्क्ष्यन्ते क्रमितनाजानै-विच्छिन्तभूसप्रसरा गवाचाः॥ १६ । २०॥ बिलिक्रयावर्ज्जितसैकतानि स्नानीयसंसर्गमनाप्नवन्ति । उपान्तवानीरम्टहाणि दृद्दा म्युत्यानि दृये सरयूजलानि ॥ १६ ! २१ ॥ तद्ईसीमां वसतिं विख्ञ्य मामभ्युपेतुं कुलराजधानीम्। हिला तनुं कारणमानुषीं मां यथा गुरुहो परमात्मसत्तिम् ॥ १६ । २२ ॥ तथेति तस्याः प्रणयं प्रतीतः मत्यग्रहीत् प्राग्रहरो रघूणाम् । पूरप्यभिव्यक्तमुखप्रमादा यरीरबन्धेन तिरोबभ्रव ॥ १६ । २३ ॥

त्रशूदश्या,।

सुकुमारमहो लघीयसां ऋद्यं तक्रतमप्रियं यत:।

सहसैव समुद्रिरम्यमी चपयन्येव हि तनानीषिण: ॥ १६ । २१ ॥ उपकारपर: खभावत: सततं सर्वजनस्य सज्जनः। असतामनियं तथायहो गुरुच्चद्रोगकरी तदुखित:॥१६। २२॥ परितप्यत एव नोत्तम: मरितप्तोऽप्यपरः सुसंदृतिः । परविद्विभिराहितव्यय: स्तृटनिर्भिवदुराधयोऽधमः ॥ १६ । २३ ॥ **अनिराक्षततापसम्पदं** फलचीनां समनोभिक्षिकताम्। खलतां खलतामिवासतीं प्रतिपद्येत कयं बुधो जन: ॥ १६ । २८ ॥ प्रतिवाचमदत्त केशवः यपमानाय न चेदिस्स्भुजे। यतुद्धङ्करते धनध्वनि निह मोमायुक्तानि केयरी ॥ १६ । २५ ॥ जितरोषर्या महाधिय: सपदि कोधिनतो बहुर्क्नन: ।

विजितेन जितस्य दुर्मते-र्मतमद्भि: सच का विरोधिता॥ १६ । २६ ॥ वचर्नरसतां महीयसो न खलु खेति गुरुत्वमुद्धतै:। किमपैति रजोभिरौर्दर-रवकीर्णस्य मणेर्मेडार्घता ॥ १६ । २०॥ परितोषयिता न कश्चन खगतो यस गुणोऽसि देहिन:। परदोषकथाभिरल्पक: स्वजनं तोषयितुं किलेक्क्ट्रित ॥ १६ । २८ ॥ सहजात्महग्रः खरुणये परदोषेचणदिव्यचनुष:। खगुणोच्चगिरो मुनिव्रताः परवर्णग्रहणेष्वसाधवः॥ १६ । २८ ॥ प्रकटान्यपि नैपुणं महत् परवाच्यानि चिराय गोपितुम्। विवरीतुमथासनो गुणान् स्यमाकौयलमाय्येचेतसाम् ॥ १६ । ३० किमिवाखिललोककी <del>रि</del>तं कथ्यत्यात्मगुर्णं महामनाः।

# विह्ता न लघीयसोऽपर: खगुणं तेन वहत्यसी खयर्ख १६। ३१॥

দংস্কৃতভাষা এক্ষণে আর কথোপকথনে ও লৌকিক ব্যব-দারে প্রচলিত নহে। ভারতবর্ষীয় পণ্ডিতেরা কহিয়া াাকেন, সংক্ষৃত দেবভাষা। ভারতবর্ষীয়েরা, আদিকাল মব্ধি, ঐ দেবভাষায় কথোপকথন ও লৌকিক ব্যবহার নর্ম্বাছ করিতেন ; তদমুসারে সংস্কৃত ভারতবর্ষীয় আদিম মবাদী লোকদিগের ভাষা হয়। কিন্তু, ইয়ুরোপীয় পণ্ডি তিরা, শব্দবিদ্যার অনুশীলন প্রভাবে,নিরূপণ করিয়াছেন, স্তু ভারতবর্ষের আদিম নিবাদী লোকদিগের ভাষা 🕏 ; 🚜 ভভাষী লোকেরা পৃথিবীর অন্য প্রদেশ তৈ আসিয়া, ভারতবর্ষে আবাদ গ্রহণ করিয়াছেন। ই প্রদেশ ইরান। তাঁছাদের গবেষণা দ্বারা নির্দ্ধারিত রাছে, অতি পূর্ব্ব কালে, ইরানের আদিম নিবাসী াকেরা, সময়ে সময়ে, ভারতবর্ষ, গ্রীস, ইটালি, জর্মনি স্থতি প্রদেশে বাস করিয়াছেন। ইঁহারা ইরানে অব-তিকালে একজাতি ও একভাষাভাষী ছিলেন। ঐ এক তি, ভিন্ন ভিন্ন প্রদেশে অবস্থিত হইয়া, হিন্দু, এীক, মক, জর্মন প্রস্তৃতি ভিন্ন ভিন্ন জাতি হইয়াছেন ; এবং, এক ভাষাই, ক্রমে ক্রমে রূপান্তর প্রাপ্ত 'ছইয়া, ভারত- ' বর্ষে সংস্কৃত, গ্রীসে গ্রীক, ইটালিতে লাটিন, জর্মনিতে জর্মন প্রস্তৃতি চুভর ভির ভাষা ইইয়া উঠিয়াছে। কালক্রমে, বিভিন্ন প্রদেশে এই সকল ভাষা এরপ রপান্তর প্রাপ্ত ইইয়াছে যে উহাদিগের পরস্পর কোনও সম্বন্ধ আছে, ইহা আপাততঃ প্রতীয়মান হয় না। কিন্তু এই সমস্ত যে এক মূল ভাষার পরিণামবিশেষ মাত্র, এ বিষয়ে সংশায় ইইবার বিষয় নাই। ইয়ুরোপীয় পণ্ডিতেরা এ বিষয়ে যে
সমস্ত প্রমাণ প্রদর্শন করিয়াছেন, সংক্ষেপে সে সকলে:
উল্লেখ করিলে হানয়ক্ষম হওয়া কঠিন। বিশেষতঃ বাঙ্গালা ভাষার অদ্যাপি এরপ শ্রীরাদ্ধি হয় নাই যে ও
সমস্ত বিষয় ইহাতে সংক্ষেপে ও বিশাদ রূপে ব্যক্ত কর
যাইতে পারে; এ নিমিত্ত, ফলিতার্থ মাত্র উল্লিখিই
ইইল।

### সাহিত্যশাস্ত্র।

সংস্কৃত আলঙ্কারিকেরা সাহিত্যশান্তকে হুই প্রথা ভাগে বিভক্ত করেন, প্রব্য কাব্য ও দৃশ্য কাব্য। তাঁহারা এই হুই বিভাগের মধ্যেই, সমুদ্র সাহিত্যশান্ত সমান্দি শিত করিয়াছেন। প্রব্য কাব্য ত্রিবিধ, পদ্যময়, গদ্যম গদ্যপদ্যময়। পদ্যময় কাব্যও ত্রিবিধ; মহাকাব্য, ধণ্ কব্যে, কোষকাব্য। গদ্যময় কাব্যকে আলঙ্কারিকের কধা ও আখ্যারিকা এই ছই ভাগে বিভক্ত করিয়া থাকেন।
কিন্তু এ উভয়ের বৈলক্ষণ্য এমন সামান্য যে ইহাদিগের
ভাগদ্বয়ে বিভাগ অনাবশ্যক ও অকিঞ্চিৎকর। গদ্যপদ্যমর কাব্যকে চম্পূ বলে। চম্পূ কাব্যের বিভাগ নাই।

### মহাকাব্য।

কোনও দেবভার, অথবা সদংশজাত অশেষসাদূণ-দম্পন্ন ক্ষত্রিয়ের, কিংবা একবংশোদ্ভব বহু ভূপতিদিগের বিভাস্ত লইয়া যে কাব্য রচিত হয়, তাহাকে মহাকাব্য রলে। মহাকাব্য নানা সর্গে অর্থাৎ পরিচ্ছেদে বিভক্ত। বর্গসংখ্যা অফীধিক না হইলে, ভাছাকে মহাকাব্য বলে 🜓 । সঃস্কৃতভাষায় যত মহাকাব্য আছে, তাহাতে দ্বাবিং-াতির অধিক দর্গ দেখিতে পাওয়া যায় না। কোনও ছুঁহাকাব্য আদ্যোপাস্ত এক ছন্দে রচিত নহে; এক এক িএক এক ভিন্ন ভিন্ন ছন্দে রচিত। সর্গের অবসানে ে, ডুই, অথবা তদধিক অন্য অন্য ছন্দের শ্লোক থাকে। দল সর্গই যে এক এক ভিন্ন ভিন্ন ছন্দে রচিত, এমন নছে। াকাব্যে ছুই, ভিন, চারি, পাঁদ সর্গও এক ছল্দে রচিত বিতে পাওয়া যায়। কোনও কোনও দর্গ নানা ছন্দেও চত হইয়া থাকে। সর্গ সকল অতি সংক্ষিপ্ত অথবা অতি স্থৃত নছে। সর্গের শেষে পর সর্গের বৃত্তান্ত্রস্থানা থাকে।

মহাকাব্য সকল আদিরস অথবা বীররস প্রধান, মধ্যে মধ্যে অন্যান্য রুসেরও প্রশঙ্গ থাকে। কবি, কিংবা বর্ণ নীর বিষয়, অথবা নায়কের নাম অনুসারে মহাকাব্যের নাম নির্দেশ হয়।

### রঘুবংশ।

সংক্ত ভাষায় যত মহাকাব্য আছে, কালিদানপ্রণীত রযুবংশ সর্বাপেকা সর্বাংশে উৎক্রউ। কালিদান কীদৃশকবিত্বশক্তিসম্পন্ন ছিলেন, বর্ণনা করিরা অন্তেঃ হৃদয়ক্ষম করা হুঃসাধ্য। যাঁহারা কাব্যের যথার্থরূপ রনা স্থাদে অধিকারী, সেই সহাদয় মহাশয়েরাই বুঝিলেপারেন, কালিদাস কিরপ কবিত্বশক্তি লইয়া ভূমওলে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি সর্বোৎক্রউ মহাকাব্য সর্বোৎক্রউ থওকাব্য, সর্ব্বোৎক্রউ নাটক লিখিয়া গিয়াছেন। বোধ হয়, কোনও দেশের কোনও কবি, আমাদে কালিদাসের ত্যায়, সকল বিষয়ে সমান সোভাগ্যশাল ও ক্রমতাপন্ন ছিলেন না।

তিনি যে অলোকিক কবিত্বশক্তি পাইয়াছিলেন স্বরচিত কাব্যসমূহে সেই শক্তি সম্পূর্ণ রূপে প্রদর্শি করিয়া গিয়াছেন। তাঁহার বর্ণনা সকল পাঠ করিয়া চমং ক্ষত্ত মোহিষ্ঠ হইতে হয়; তাহাতে অত্যুক্তির সংগ্র াত্র দেখিতে পাওয়া যায় না; আন্তোপান্ত স্বভাবোক্তি মলঙ্কারে অলঙ্কৃত। বস্তুতঃ, এবংবিধ সম্পূর্ণুরূপ স্বভাবানু-ায়িনী ও একান্ত হাদয়গ্রাহিণী বর্ণনা সংস্কৃত ভাষায় আর দখিতে পাওয়া যায় না। কালিদাদের উপমা যার পর নাই ানোহারিণী; বোধ হয়, কোনও দেশের কোনও কর্বি উপমা বৈষয়ে কালিদাসের সমকক্ষ নছেন। তিনি এব্লপ সঙ্ক্ষেপে, ) এরপ লোকসিদ্ধ বিষয় লইয়া, উপমা সঙ্কলন করিয়াছেন গোঠক মাত্রেরই, অনায়াসে ও আরুত্তি মাত্র, উপমান ও প্রমেরের সৌদাদৃশ্য হাদরক্ষম হয়। তাঁহার রচনা সংক্ষত চনার আদর্শ স্বরূপ হইয়া রহিয়াছে। ফাঁহারা ভাঁহার ৰ্বে সংস্কৃত রচনা করিয়া গিয়াছেন, কিংবা যাঁছারা াহার পরে সংক্ত রচনা করিয়াছেন, কি কবি, কি ত অতী গ্রন্থকার, কাহারই রচনা, তাঁহার রচনার স্থার, কারিণী ও মনোহারিণী নছে। তাঁহার রচনা সরল, ্ও ললিত। তিনি একটিও অনাবশ্যক অথবা পরি-াহ শব্দ প্রয়োগ করেন নাই। কালিদাদের গ্রন্থ পাঠ লে, ইহা স্পাই প্রতীয়মান হয় যে, ঐ সমস্ত তাঁহার নীর মুখ হইতে অক্লেশে ও অনর্গল নির্গত হইয়াছে, । বা ভাবসঙ্কলনের নিমিত্ত, তাঁহাকে এক মুহূর্ত্তও । করিতে হয় নাই। বস্তুতঃ, এব্লপ রচনাও এব্লপ দ্বশক্তি এ উভয়ের একতা সজ্জাটন অভি বিরল। এই তই, কালিদাসপ্রণীত কাব্যের এত স্মাদর ও এত

গৌরব; এই নিমিত্তই, ভারতবর্ষীয় লোকেরা কালিদাসকে
সরস্থতীর বরপুত্র বলিয়া নির্দেশ করিয়া থাকেন; এই
নিমিত্তই, প্রসন্মরাঘবকর্তা জয়দেব, স্থীয় নাটকের
প্রস্তাবনাতে, কালিদাসকে কবিকুলগুরু বলিয়া নির্দেশ
করিয়াছেন; এবং এই নিমিত্তই, কি স্বদেশে কি বিদেশে,
কালিদাসের নাম অস্তাপি দেদীপ্যমান রহিয়াছে।

কালিদাস, এইরপ অলোকিক কবিত্বশক্তি ও এই রপ অদ্বিতীয় রচনাশক্তি সম্পন্ন হইয়াও, এরপ অভিমান শৃত্য ছিলেন এবং আপনাকে এরপ সামাত্য জ্ঞান করিতেন যে শুনিলে বিশ্মরাপন্ন হইতে হয়। তিনি রযু বংশের প্রারম্ভে লিখিয়াছেন,

मन्दः कवियगः प्राधी गमिष्यास्युपहास्यतास्। प्रांगुलस्ये फले मोहादृहास्त्रदिव वामनः ॥१॥५॥

যেমন বামন, উন্নতপুরুষপ্রাপ্য কলের গ্রহণভিলাষে, বাং প্রসারিত করিয়া, উপহাসাম্পদ হয়, দেইরূপ, অক্ষম আদি কবিকীর্ত্তিলাতে অভিলাষী হইয়াছি, উপহাসাম্পদ হইব।

কালিদাস, অদ্বিভীর বিজ্ঞোৎসাহী, গুণগ্রাহী, বিখ্যাজ নামা বিক্রমাদিত্যের সভার, নবরত্নের অন্তর্কর্তী; স্থৃতরা উনবিংশতি শত বৎসর পূর্বে প্রান্তর্ভুত হইরাছিলেন। কালিদাসের যে সমস্ত গুণ বর্ণিত হইল, প্রায় তৎপ্রাণী যাবতীয় কাব্যেই সে সমুদ্য স্থাম্পট লক্ষিত হইরা থাকে রসুবংশে স্থাবংশীর নরণতিগণের চরিত্র বর্ণিত হইরাছে মই মহাকাব্য ঊনবিংশতি সর্গে বিভক্ত। প্রথম আট সর্গে দলীপ, রয়ু, অজ এই তিন রাজার বর্ণন আছে। নবম মবি পঞ্চদশ পর্যান্ত সাত সর্গে দশরপের ও দশরথতনয় ামচন্দ্রের চরিত্র বর্ণিত ছইরাছে। অবশিষ্ট চারি সর্গে, দশ অবধি অগ্নিবর্ণ পর্যান্ত, রামের উত্তরাধিকারীদিগের তান্তে সঙ্কলিত আছে। রয়ুবংশের আদি অবধি অস্ত । র্যান্ত সর্কাংশই সর্কাঙ্গ অনুকর। যে অংশ পাঠ করা যায়, সই অংশেই অন্থিতীয় কবি কালিদাসের অলোকিক দবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণ স্থান্স্ট লক্ষিত হয়। কিন্তু 
্বতদ্দেশীয় সংস্কৃতব্যবসায়ীয়া এমনই সন্থান্য ও এমনই 
নজ্জ যে সংস্কৃত ভাষার সর্কপ্রধান মহাকাব্য রয়ুবংশকে 
মতি সামান্য কাব্য জ্ঞান করিয়া পাকেন।

### কুমারসম্ভব।

কালিদাদের দ্বিতীয় মহাকাব্য কুমারসম্ভব। কুমারণ ডব অনেক অংশে রয়ুবংশের তুলা। এই মহাকাব্যের ফুল রক্তান্ত এই; তারকনামে এক মহাবল পরাক্রান্ত অভি-ফুলিন্ত অম্বর, ত্রন্ধনত বরের প্রভাবে, অত্যন্ত গর্বিত ও জ্জিয় হইয়া, দেবতাদিগকে স্ব স্ব অধিকার হইতে চ্যুত রিয়া, স্বয়ং স্বর্গরাজ্য অধিকার করে। দেবতারা, হুর্দশা-তে হইয়া, ত্রন্ধার শ্রণাগত হইলে, তিনি তাঁহাদিগকে এই বলিয়। আখাদ প্রদান করেন যে পার্ব্বতীর গর্ডে
শিবের যে পুত্র জন্মিবেন, তিনি ভোমাদের দেনাপতি ছইয়া,
ভারকাস্করের প্রাণ সংহার করিয়া, ভোমাদিগকে পুনর্ব্বার
স্ব অধিকার প্রদান করিবেন। তদনুসারে, দেবতারা
উলেঘাণী হইয়া হর গোরীর পরিণয় সম্পাদন করিলে,
কার্ত্তিকেয়ের জন্ম হয়। অনস্তব্ধ, তিনি, দেবলৈয় সমভিব্যাহারে সমরসাগরে অবতীর্ণ হইয়া, দ্বর্কৃত্ত ভারকাস্করের
প্রাণ সংহার পূর্বক, দেবভাদিগকে আপন আণন অধিকারে পুনঃ স্থাপিত করেন। এই বৃত্তান্ত স্ক্রান্ধ রূপে
কুমারসস্তবে সবিস্তর বর্ণিত হইয়াছে।

কুমারসম্ভব সপ্তদশ সর্গে বিজক। তন্মধ্যে প্রথম সাত সর্গেরই সর্ব্বে অনুশীলন আছে; অবশিষ্ট দশ সর্গ একবারে অপ্রচলিত ও বিলুপ্তপ্রার হইরা আদির্দ্ধে— এমন অপ্রচলিত যে ঐ দশ সর্গ অদ্যাপি বিদ্যমান আছে বলিরা, অনেকেই অবগত নহেন। এই দশ সর্গ, কালিদাসের অলোকিক কবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণাক্রান্ত হইরাও, যে এরপ অপ্রচলিত ও অপরিজ্ঞাত হইরা আছে, তাহার হেতু এই বোধ হর, অন্টম সর্গে হর গোরীর বিহার বর্ণনা আছে; তাহাও, সামান্ত নারকা নারিকার বিহারের স্থার, বর্ধিত হইরাছে। নবমে হর গোরীর কৈলাসগমন এবং দশমে কার্তিকেয়ের জন্মর্তান্ত বর্ধিত আছে। এই ছুই সর্গেও হ্রগোরীষটিত আল্লান

বর্ণনা দেখিতে পাওয়া ষায়। ভারতবর্ষীয় লোকেরা হর
গারীকে জগৎপিতা ও জগশাতা জ্ঞান করেন। জগৎপিতা ও জগশাতা সংক্রান্ত অস্লীল বর্ণনা পাঠ করা
একান্ত অনুচিত বিবেচনা করিয়া, লোকে কুমারসম্ভবের
শব দশ সর্গের অনুশীলন রহিত করিয়াছে। আলরারিকেরাও কুমারসম্ভবের হরগোরীবিহারবর্ণনাকে অত্যন্ত
মনুচিত ও অত্যন্ত দৃষ্য বলিয়া নির্দেশ করিয়াছেন।
একাদশ অবধি সপ্তদশ পর্যান্ত সাত সর্গে কার্তিকরের বাল্যলীলা, সৈনাপত্যগ্রহণ, তারকান্ত্রের সহিত
ংগ্রাম ও সেই সংগ্রামে তারকান্ত্রের নিপাত, এই
মন্ত রভান্ত সবিক্তর বর্গিত হইয়াছে। এই সাত সর্গে
শ্রীল বর্ণনার লেশ মাত্র নাই। কিন্তু অন্টম, নবম, দশম,
ই জ্বিন সর্গের দোবে, ইহারাও একবারে বিল্পপ্রপ্রায়
ইয়া আছে।

এরপ কিংবদন্তী আছে, এক কুন্তকার কালিদাসের রম মিত্র ছিলেন। কালিদাস, কুমারসম্ভব রচনা করিয়া, কুন্তকার মিত্রকে দেখাইতে লইয়া যান। কুন্তকার, পাঠ রিয়া, সমুখবর্ত্তী একখান কাঁচা সরার উপর রাখিয়া দেন। হাতে কালিদাস বোধ করিলেন, এই এন্থ কাঁচা ছই-ছে; এবং সেই নিমিত্ত, তিনি তৎক্ষণাৎ ঐ পুন্তক হন্তে ইয়া, খণ্ড খণ্ড করিয়া, ছিঁড়িয়া কেলিলেন। কুন্তকার দর্শনে সাতিশায় সঙ্কুচিত ছইপেন এবং অবশেষ প্রয়াসে • প্রথম সাত সর্গ মাত্র সঙ্কলন করিতে পারিলেন; অবশিষ্ট দশ সর্গ বিলুপ্ত ছইরা গেল। এই অমূলক অকিঞ্চিৎকর কিংবদন্তী অবশ্বনে করিরা, অনেকেই সিদ্ধান্ত করিরা রাখিয়াছেন, কুমারসম্ভবের প্রথম সাত সর্গই বিদ্যমান আছে, অবশিষ্ট দশ সর্গ একবারে লোপ পাইরাছে।

কুমারসম্ভবের যে শেষভাগের কথা উল্লিখিত হইল, ইহার পুস্তক বাঙ্গালা দেশে পাওয়া বায় না। বাঙ্গালা দেশে কুমারসম্ভবের অন্তবিধ এক শেব ভাগ আছে। এই শেষ ভাগ পাঠ করিলে, ইহা স্পন্ট প্রতীয়মান হর কুমারসম্ভবের শেব ভাগ বিলুপ্ত হইরাছে এই স্থির করিয়া, এতদ্দেশীয় কোনও আধুনিক কবি এ অংশ রচনা করিয় গিয়াছেন। উহা, পাঠ করিলে, কালিদাসের রচিত বলিয়া কোনও ক্রমে প্রতীতি জ্মিতে পারে না।

কুমারসম্ভবে যে বৃত্তান্ত বর্ণিত হইয়াছে, শিবপুরাণেও তাহা দেখিতে পাওরা যায়। এই হুই এন্তে, ইতিবৃত্তের বেরূপ প্রকা আছে, হুই এক শ্লোকেরও সেইরূপ প্রকা দেখিতে পাওয়া যায় (১)। যদি শিবপুরাণকে বেদ

শিবপুরাণ, উত্তরখণ্ড, চতুর্দ্দশ অধ্যায়। কুমারসম্ভব, বিভীয় সর্গ।

<sup>(</sup>१) तदिच्छामि विभो ख्रष्टं सेनान्यं तस्य घान्तये। कान्यवन्यच्छिदं घन्धं भवस्येव सुसुचवः॥ यमोऽपि विलिखन् भूमिं दक्ष्णेनास्तामितत्विषा॥ विषद्वचोऽपि संवर्ध्वय ख्रेस्समसम्॥

াসবিরচিত, ও তদমুদারে কালিদাদের কুমারসম্ভব পেক্ষা প্রাচীন, গ্রন্থ বলিয়া অঙ্গীকার করা যায়, ভাছা ইলে, ইহাও অবশ্য স্বীকার করিতে €য়, কালিদাস গবপুরাণের বৃত্তান্ত লইয়া কুমারসম্ভব রচনা করিয়াছেন, বং মধ্যে মধ্যে, ঐ গ্রন্থের শ্লোক, অবিকল উদ্ধৃত করিয়া, াপন কাব্যে নিবিষ্ট করিয়াছেন। কিন্তু কালিদাস, লোকিককবিত্বশক্তিসম্পন্ন হইয়া, যে আপন কাব্যে অদীয় শ্লোক অবিকল উদ্ধৃত করিবেন, ইহা কোনও মে সন্তাবিত নহে। যে কয়েকটি শ্লোকে এক্য দৃষ্ট ইতেছে, কুমারসম্ভবের অথবা কালিদাসের অক্যান্ত ান্থের রচনার সহিত, সেই সেই শ্লোকের রচনার সম্পূর্ণ বীসাদৃশ্য দৃশ্যমান হইতেছে ; কিন্তু শিবপুরাণের কোনও েড্রেব্রু রচনার সহিত কোনও অংশে উহাদের সাদৃশ্য াখিতে পাওয়া যায় না। বিশেষতঃ, শিবপুরাণ কুমার-खर অপেका প্রাচীন কি না, এ বিষয়ে সম্পূর্ণ সংশয় াছে। যাবতীয় পুরাণ বেদব্যাদপ্রণীত বলিয়া প্রসিদ্ধ। চন্তু পুরাণ সকলের রচনাপ্রণালী পরম্পর এত বিভিন্<u>ন</u>, ।বং এক বিষয় ভিন্ন ভিন্ন পুরাণে এরূপ বিভিন্ন প্রকারে ক্ষলিত হইয়াছে, যে এ সমস্ত গ্রন্থ এক ব্যক্তির রচিত লিয়া, কোনও ক্রমে প্রতীতি জ্যোনা। যাঁছাদের ংক্ষ,ত রচনার ইতর বিশেষ বিবেচনা করিবার শক্তি াছে, তাঁছারা, নিরপেক হইরা, বিষ্ণুপুরাণ, ত্রন্ধবৈবর্ত্ত-• পুরাণ, ভাগবতপুরাণ প্রভৃতি পাঠ করিলে, অনারাসে বুঝিতে পারেন, এই সকল গ্রন্থ এক লেখনীর মুখ হইতে বিনির্গত নহে। শেস্তবিক, পুরাণ সকল এক ব্যক্তিরও রচিত নয়, এক কালেও রচিত নয়। বোধ হয়, পুরাণনামপ্রসিদ্ধ গ্রন্থমানুরের অধিকাংশই প্রাচীন নহে। শিবপুরাণ যে বিক্রমানিত্যের সময়ের পুর্বেরচিত গ্রন্থ, এবং তাহা দেখিয়া কালিদাস কুমারসম্ভব লিখিয়াছেন, এবং তাহা হইতে অবিকল শ্লোক উদ্ধৃত করিয়া আপন কাব্যে নিবিষ্ঠ করিয়াছেন, পুরাণের উপর নিতান্ত ভক্তি না ধাকিলে এরপ বিশ্বাস হওয়া কঠিন; বয়ং বিপরীত পদ্দই বিলক্ষণ হাদয়ক্ষম হয়। যোগবাশিষ্ঠে ও কুমারসম্ভবেও শ্লোকের জক্য আছে (২)। কিন্তু যোগবাশিষ্ঠ যে আধুনিব গ্রন্থ, প্রাচীন ও ঋবিপ্রণীত নহে, এ বিষয়ে কে:নিও অংশে সংশার হইতে পারে না।

যোগবাশিষ্ঠ, ভূকৈলাসনিবাসী রাজ্ঞীসত্যচর; ঘোষাল বাহাদুরের মুক্তিত পুত্তকের ১২৩ পৃথা কুমারসম্ভব, চতুর্থ সর্গ।

<sup>(</sup>२) व्याकाशभवा सरक्ति। श्रफरीं हृदशोषविङ्ख्लां प्रथमा दृष्टिरियान्यकस्ययत्॥

### [ 00 ]

# কিরাতার্জ্জুনীয়।

রমুবংশ ও কুমারসম্ভবের পর, সংস্কৃত মহাকাব্যে
ইল্লেখ করিতে হইলে, উৎকর্ম ও প্রাথম্য অনুসারে
ার্মাঞে কিরাতার্জ্জুনীয়ের নির্দেশ করিতে হয়। এ
হাকাব্যের রচনা অতি প্রগাঢ়, কিন্তু কিঞ্চিৎ ত্ররহ
টালিদাসের রচনার স্থায় সরল নহে। রচনাপ্রণালী দৃষ্টে
পট বোষ হয়, কিরাতার্জ্জুনীয়কর্ত্তা ভারবি কালিদাসে
তির কালে, এবং মাঘ, শ্রীহর্ম প্রভৃতির বহু কাল পুর্বের্ম

কিরাতার্জ্জনীয়ের স্থুল বৃত্তান্ত এই; যুখিন্ঠির প্রভৃতি পঞ্চাণ্ডব, রাজ্যাধিকার হইতে নিক্ষাশিত হইরা, দৈতবদে দি করেন। এক দিবস, ব্যাসদেব আদিয়া তাঁহাদিগবে হেন, দৈব অনুগ্রহ ব্যতিরেকে, তোমাদের নফ রাজ্যের নফ্জারের সন্তাবনা নাই; অতএব, অর্জ্জুন হিমালয়ে রা ইন্দ্রের আরাধনা করুন। তদনুসারে, অর্জ্জুন নির্দ্ধিটানে গিয়া দেবরাজের আরাধনা আরম্ভ করেন। দেবরাজ, নীয় আরাধনার তুই হইয়া, তাঁহাকে শিবের আরাধনা রিতে পরামর্শ দেন। অর্জ্জুন শিবের আরাধনা আরম্ভ রিলে, মৃক নামে এক হুর্বান্ত দানব, বরাহের রূপ ধারশ রিয়া, তাঁহার প্রাণ সংহার করিতে আইনে। সেই সময়ে, বিও, কিরাতরাজের আকার পবিগ্রহ করিয়া, অর্জ্জুনের

আশ্রমে উপস্থিত হন। অর্জ্জুন, বরাহরণী দানবের প্রাণদণ্ডের নিমিত্ত, শরাসনে শর সন্ধান করিয়াছেন, এমন
সময়ে, কিরাতরাজ, এক শর নিক্ষেপ করিয়া, বরাহের
প্রাণসংহার করিলেন। এই উপলক্ষে, কিরাতরাজের সহিত
অর্জ্জুনের সংগ্রাম উপস্থিত হইল। সেই সংগ্রামে, অর্জ্জুনর অধারণ বল বীর্য্য দর্শনে, যৎপরোনান্তি প্রীত ও
প্রসন্ন হইয়া, কিরাতরূপী মহাদেব তাঁহাকে ধনুর্বেদ শিক্ষা
করাইলেন। সেই শিক্ষার প্রভাবে, অর্জ্জুন অ্ক্রবিস্তার
অন্থিতীয় ও অপ্রতিহতপ্রভাব হইয়া উঠিলেন।

ভারবি কবিত্বশক্তি বিষয়ে কালিদাস অপেক্ষা ন্যুন; কিন্তু ভারতবর্ষের এক জন অতি প্রধান কবি ছিলেন, তাহার কোনও সংশয় নাই। কোন সহাদয় ব্যক্তি, এই মহাকাব্যের প্রথম, দ্বিভীয়, তৃভীয়, চতুর্থ, বষ্ঠ, একাদশ, দ্বাদশ, ব্রয়োদশ সর্গ পাঠ করিয়া, সাতিশয় প্রীত ও চমৎক্রত না হন এবং পদে পদে অসাধারণ কবিত্বশক্তির সম্পূর্ণ প্রমাণ না পান। কিরাতার্জ্জ্নীয় অফাদশ সর্গে বিভক্ত।

#### [ ৩৫ ]

# শিশুপালবধ।

কাব্যকর্ত্তা মাঘনামা কবি স্বগ্রন্থের শেষে লিখিয়াছেন,

———— सुनिविकी क्तिंदुराभयादः

काव्यं व्यथत्त शिशुपालवधानिधानम्॥

মাঘ, কবিকীর্ত্তি লাভের দুরাশাগ্রস্ত হইলা, এই শিশুপাল-ধিনামক কাব্য রচনা করিলেন।

মাঘ , অতিপ্রধান কবি ছিলেন এবং তৎপ্রণীত শিশুশালবধ অতি প্রধান মহাকাব্য। এই মহাকাব্যের স্থুল
ভাস্ত এই; রুফ, মুধিন্ঠিরের রাজহুর যজে নিমন্ত্রিত হইরা,
পরিবারে ইন্দ্রপ্রস্থ প্রস্থান করেন। যিনি সর্বাংশে সর্বশ্রুষ্ঠ হন, তিনিই যজে অর্থ পাইরা থাকেন। মুধিন্ঠির,
নিজহুরী সমাপ্ত হইলে, ভীত্মের উপদেশ অনুসারে, রুফকে
বিথেশ সর্বশ্রেষ্ঠ স্থির করিরা, অর্থ দান করেন। রুফের
শত্ষস্পুল্র শিশুপাল তাঁহার অত্যন্ত বিদ্বেদী ছিলেন।
তিনি, রুফের এইরূপ অসামান্ত সন্মান দর্শনে, অহুরাপরশ হইরা, ভীত্মের যথোচিত তিরক্ষার করিরা, স্বপক্ষীর
রপতিগণ সমভিব্যাহারে, সভামণ্ডণ হইতে প্রস্থান করিদন এবং দৃত দ্বারা রুফের অনেক তিরক্ষার করিরা পাঠালেন। অনস্তর, উভর পক্ষে ঘোরতর সংগ্রাম উপস্থিত
ইল, এবং সেই সংগ্রামে রুফ শিশুপালের প্রাণ সংহার
রিলেন।

শিশুপালবধ কিরাতার্জ্জুনীয়ের প্রতিরূপ স্বরূপ। মাম্ব, কিরাতার্চ্জুনীয়কে আদর্শ স্বরূপ করিয়া, শিশুপালব রচনা করিয়াছেন, তাহার কোনও সংশয় নাই। ভারবি যে প্রণালীতে কিরাতার্জ্জুনীয় রচনা করিয়াছেন, মাঘ শিশু-পালবধের রচনাকালে, আদ্যোপান্ত, সেই প্রণালী অবলম্বন করিয়াই চলিয়াছেন। কিরাতার্জ্জুনীয়ে, মহর্ষি ব্যাস আদিয়া পাণ্ডবদিগকে কর্ত্তব্যের উপদেশ দিতেছেন; শিশুপালবধে, দেবর্ষি নারদ আসিয়া রুফকে কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানে উদযুক্ত করিতেছেন। কিরাতার্জ্জুনীয়ে, যুধি-ষ্ঠির, ভীম, দ্রোপদী, এই তিন জনের রাজনীতি সংক্রান্ত বাদানুবাদ; শিশুপালবধেও রুফ, বলরাম ও উদ্ধবের সেইরূপ রাজনীতি সংক্রান্ত বাদানুবাদ। কিরাতার্জ্জুনীয়ে, ভপস্থা নিমিত্ত, অর্জ্জুনের হিমালয় পর্বতে অর্বর্ডান; '- শিশুপালবধেও, ক্লফের ইন্দ্রপ্রস্থ প্রস্থান কালে রৈবতক পর্বতে অবস্থান। কিরাতার্জ্জনীয়ে, হিমালর পর্বতের বছবিস্তৃত বর্ণনা এবং বর্ণনা সংক্রাস্ত শ্লোক সকলের অধিক অংশ যমকালঙ্কারযুক্ত; শিশুপালবধেও, রৈবতক পর্বতের অবিকল সেইরূপ বর্ণনা ও সেইরূপ ষমকালঙ্কুত শ্লোক। কিরাতার্জ্বনীয়ে, স্থরাঙ্গনাদিগের বনবিহার, নায়কসমা-গম, বিরহ, মান প্রভৃতির বর্ণনা আছে; শিশুপালবরেও, অবিকল দেই সমস্ত বর্ণনা আছে। কিরাডার্জ্জুনীয়ে, কিরাতরাজ, অর্জ্বনের উত্তেজনার নিমিত, তাঁহার নিকট

#### [ 09 ]

ত প্রেরণ করেন; শিশুপালবধেও, শিশুপাল ক্ষয়ের র্থ সনার্থে তাঁহার নিকট দূত প্রেরণ করেন। অনস্তর ভয় কাব্যেই উভয় পক্ষের সৈত্যসজ্জা, সৈত্যপ্রয়াণ ও ংগ্রাম বর্ণন আছে। কিরাতার্জ্জুনীয়ের পঞ্চদশ সর্গে যুদ্ধ-নি ও একাক্র, দ্যক্র, যমক প্রভৃতি শ্লোক অনেক; ভিপালবধেরও ঊনবিংশ সর্গে যুদ্ধবর্ণন ও প্ররূপ একা-া, দ্যাক্রর, যমক প্রভৃতি শ্লোক অনেক। কিরাভার্জ্জুনীয়ে, ত্যেক সর্গের শেষ শ্লোকে সর্গসমাপ্তিস্থচক লক্ষ্মীশব্দের য়োগ আছে; শিশুপালবধেও, প্রত্যেক সর্গের শেষ াকে সর্গদমাপ্তিস্থচক শ্রীশব্দের প্রয়োগ আছে। কোনও ল ইহাও দেখিতে পাওয়া যায়, শিশুপালবধে কিরা-ৰ্চ্ছনীয়ের ভাব অবিকল ভিন্ন ছন্দে সঙ্কলিত হইয়াছে। াতঃ, অভিনিবেশ পূর্বক, উভয় কাব্য আদ্যস্ত পাঠ রলে, ইহা বিলক্ষণ প্রভীয়মান হয়, কিরাভার্জ্জুনীয় নর্শ ও শিশুপালবধ ভৎপ্রতিরূপ। উভয় কাব্যের াপ্রণালী আলোচনা করিয়া দেখিলে, বিপরীত পক নও ক্রমে হাদয়ক্ষম হয় না। কিরাভার্জ্বনীয় শিশু-ব্যুষ অপেক্ষা প্রাচীন এন্থ, ইহাতে সংশয় হুইবার য় নাই।

মাঘ অদ্ভূত কবিত্বশক্তি ও অদ্ভূত বর্ণনাশক্তি পাইয়া। দন। যদি তাঁহার, কালিদাস ও ভারবির স্থায়, দয়তা থাকিত, তাহা হইলে তদীয় শিশুপালব সংস্কৃত ভাষার সর্বপ্রধান মহাকাব্য হইড, সন্দেহ নাই।
তিনি সকল বিষুরেরই বহুবিস্তৃত বর্ণনা করিরাছেন। বর্ণনা
সকল আরস্তে একাস্ত মনোহর, কিন্তু অবসানে নিভার
দীরদ। মাঘ অধিক বর্ণনা এত অধিক ভাল বাসিতেন, নে
শেষ অংশ নিভান্ত অশক্তিকৃত হইতেছে দেখিয়াও, কার
হইতে পারিতেন না। কখনও কখনও, ইহাও দেখিতে
পাওয়া যায়, একটি শ্লিষ্ট অথবা স্প্রপ্রাব্য শব্দের অনুরোধে
একটি শ্লোক রচনা করিয়াছেন। সেই শ্লোকের, সেই
শব্দটি ভিন্ন, আর কোনও অংশেই কোনও চমৎকারিড
দেখিতে পাওয়া যায় না। তাঁহার রচনা প্রগাঢ়, ওজর্ম
ও গান্তীর্যাব্যঞ্জক, কিন্তু কালিদাসের অথবা ভারবি
ন্যার পরিপক্ত নহে।

অপ্রাদিক বিষয়ের বহুবিস্তৃত বর্ণনা মার্ষ্বের ত প্রধান দোষ। তিনি বিংশতিসর্গাত্মক কাব্যের নর অপ্রাদিক বিষয়ে সমর্পিত করিয়াছেন। কৃষ্ণ, ইন্দ্রুও প্রস্থান কালে, প্রথম দিন রৈবতক পর্বতে অবস্থান করে এই উপলক্ষে, মাঘ রৈবতক প্রস্তৃতির অত্যন্ত অধিক বা করিয়াছেন। চতুর্থ সর্গো রৈবতক বর্ণন, পঞ্চমে শির্লি সন্নিবেশ, ষঠে কতুর্বনি, সপ্রমে বনবিহার, অইমে জ বিহার, নবমে সন্ধ্যাবর্ণন, দশমে স্থরাপান ও বিহ একাদশে প্রভাতবর্ণন, দ্বাদশে সৈক্সপ্রয়াণ; এইরূপ প্রক সর্গো প্রক প্রক বিষয় মাত্র বর্ণিত হইয়াছে। মাদ, ান্ত বর্ণনাতে, স্বীর অন্তুত কবিত্বশক্তিও বর্ণনাশক্তির
রা কাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। কিন্তু এই সকল বর্ণনা
মন অতিবিস্তৃত, তেমনই অপ্রাসঙ্গিক; প্রকৃত বিষর
শ্রেণালবধে উহাদের কোনও উপযোগিতা দেখিতে
ওিয়া যায় না। এই নয় সর্গ পরিত্যাগ করিলেও,
ব্যের ইতিরক্ত কোনও ক্রমে অসংলগ্ন হয় না।
শিশুপালবধ, এইরূপ দোবাশ্রিত হইয়াও, যে এক
ছাৎক্রফ মহাকার্য, তাহার সন্দেহ নাই। কিন্তু ভারতমির পণ্ডিতেরা যে ইহাকে সর্কোৎক্রফ মহাকার্য বলিয়া
দ্র্মিশ করিয়া থাকেন (৩), ইহা কোনও ক্রমে অঙ্গীকার
রতে পারা যায় না। সম্যক সন্থদয়তা সহকারে পর্য্যাক্রিমা দেখিলে, ইহা অবশ্যই স্বীকার করিতে হইযে শিশুপালবধ রমুবংশ, কুমারসম্ভব ও কিরাতার্জ্বঅপেক্ষা নিক্রট।

<sup>(</sup>१) खपमा कालिटासस्य भारवेर्घगौरवस्। नैवधे पदलालिस्यं माघे सन्ति त्रयो गुणाः॥ मुजाती नगरेषु काञ्ची नारीषु रक्ष्या पुरूषेषु विष्णुः। षु गङ्गा न्द्रपतीच रामः काळोषु अघः कविकालिटासः॥

# নৈষ্ধচরিত।

এরপ কিছুবদন্তী আছে, প্রীহর্ষ দেবতার আরাধন করিয়া তৎপ্রসাদে অলোকিক কবিত্বশক্তি লাভ করিয়া ছিলেন; নৈষধচনিত সেই দেবপ্রসাদলর অলোকিক কবিত্বশক্তির কল। প্রীহর্ষের যে কবিত্বশক্তি অসাধার ছিল, তাহার কোনও সংশার নাই; কিন্তু তাঁহার তাদৃদী সহাদয়তা ছিল না। তিনি নৈষধচরিতকে আদ্যোপার অত্যক্তিতে এমন পরিপূর্ণ করিয়াছেন, এবং তাঁহার রচন এমন মাধুর্য্যবির্জ্জিত, লালিত্যহীন, সারল্যশৃত্য ও অপরি পক্ক যে ইহাকে কোনও ক্রমে অত্যুৎকৃষ্ট কাব্য বলিয় নির্দেশ, অথবা পূর্ব্বোল্পিতি মহাকাব্যচতুষ্টয়ের সহিত্বদান করিতে পারা বায় না।

প্রীহর্ষের অত্যক্তি এমন উৎকট, যে তদ্বারা, তদী কাব্যের উপাদেয়ত্ব না জন্মিয়া, বরং হেয়ত্বই ঘটিয়াছে তিনি নলরাজার বর্ণনা কালে কহিয়াছেন, "নলরাজা মুদ্ধবাত্রাকালে সৈত্য দ্বারা যে ধূলি উপাপিত হইয়াছিল সেই ধূলি ক্রীরসমুদ্রে পতিত হইয়া পক্ষভাব প্রাপ্ত হয় উৎপত্তিকালে চল্রের গাত্রে সেই পক্ষ লাগিয়া কলক হইয় আছে"(৪)। নল রাজা যখন, অশ্বারোহণ করিয়া, বয়ত্যব

<sup>(</sup>४) बदस्य यात्रासः वजोद्धतं रजः स्तुरस्रतापाननधूममञ्जिम। तदेव गत्ना पतितं सधान्तुधौ दर्धाति पङ्कीभवदङ्कतां विधौ अर्थसमर्गः।

মভিব্যাহারে, উপবনবিহারে গমন করিতেছেন, জীহর্ষ
দীয় অথের এইরূপ বর্ণনা করিয়াছেন, "আমাদিগের
লবার নিমিত্ত এই পৃথিবী কর পদ হইবৈক; অভএব
মুদ্রেও স্থল হউক; এই মনে করিয়াই যেন অশ্বগণ, সমুার জল শুক্ষ করিয়া স্থল করিবার নিমিত্ত, পদ দ্বারা ধূলি
ধাপিত করিতেছে" (৫)। নৈষ্যচরিত এইরূপ উৎকট
নিায় পরিপূর্ণ। এরূপ উৎকট বর্ণনা পাঠ করিয়া, কোন
দুদর ব্যক্তি প্রীত বা চমৎক্তত হইবেন।

শ্রীহর্ষ অত্যন্ত অনুপ্রাসপ্রিয় ছিলেন। সংস্কৃত ভাষার
মুপ্রাস সাভিশার মধুর হইরা থাকে, কিন্তু অত্যন্ত অধিক
লে, অত্যন্ত কর্কশ হইরা উঠে। স্কৃতরাং, অনুপ্রাসবাহুল্য
রা, নৈষৰচরিতের মাধুর্য্য সম্পাদন না হইরা, সাভি। কার্শগ্রই ঘটিয়া উঠিয়াছে। কিন্তু এতদ্দেশীয় লোকেরা,
শেষতঃ নৈয়ায়িক মহাশরেরা, এমন অত্যুক্তিপ্রিয় ও অনুসভক্ত যে তাঁহারা সকল কাব্য অপেক্ষা নৈষৰচরিতের
বিক প্রশংসা করিয়া থাকেন। তাঁহাদের মতে নৈষৰভ সংস্কৃত ভাষায় সর্বপ্রধান মহাকাব্য (৬)। যাহা

यातमस्माविमयं वियत्पदं धरा तदक्शोधिरिष स्थलायतास्। तीव वाहैर्निजवेगदर्पितैः पयोधिरोधसमसङ्गृतं रजः॥ ध्यथममर्ग। ७० स्राक्।

६) चदिते नैषधे काव्ये क साधः मच सार्धिः।

হউক, নৈষধচরিতে মধ্যে মধ্যে অনেক অত্যুৎকৃষ্ট অংশ আছে। অত্য অত্য অংশ পাঠ করিয়া, যেরূপ অসন্তুষ্ট ও বিরক্ত হইতে হীয়, ঐ সকল অত্যুৎকৃষ্ট অংশ পাঠ করিয়া, সেইরূপ প্রাত ও চমৎকৃত হইতে হয়।

এই মহাকাব্য ছাবিংশতি সর্গে বিভক্ত, এবং সকন মহাকাব্য অপেকা বৃহৎ। ইহাতে নল রাজার চরিত্র বর্নিঃ হইয়াছে।

নৈষধচরিতের বিষয়ে এক অতিকেতিকাবছ কিংবদন্তী প্রচলিত আছে। জীহর্ব, নৈষধচরিত রচনা করিয়া, স্বীয় মাতুল প্রধান আলক্ষারিক মন্মট ভউকে দেখাইতে লইর যান। মন্মট ভউ, আদ্যোপান্ত পাঠ করিয়া, জীহর্বকে কছি রাছিলেন, বাপু ছে! যদি তুমি কিছু পূর্বের তোমার এই খানি আনিতে, তাহা হইলে আমার প্রমের অনেক লাফ হইত। বহু পরিপ্রামে অনেক এন্থ পাঠ করিয়া, আমা অলক্ষার এন্থের দোষপরিচ্ছেদের উদাহরণ সংগ্রহ করিছে হইয়াছে। কিছু সে সময়ে তোমার নৈষধচরিত পাইকে আমায় এত পরিপ্রাম করিতে হইত না; এক গ্রন্থ হইকে সমুদ্য উদাহরণ উদ্ধৃত করিতে পারিতাম।

# ভট্টিকাব্য।

ভটিকাব্যে রামের চরিত্র বর্দিত হইয়েছে। এই মহা-†ব্য দ্বাবিংশতি দর্গে বিভক্ত। এম্বর্কর্তা স্বরচিত কাব্যের গবে আপনার একপ্রকার পরিচয় দিয়াছেন, কিন্তু নাম र्फिन करतन नारे। आमानिक आहीन हीकाकात कर-ঙ্গল কছেন, এই মহাকাব্য ভটনামক কবির রচিত। টিকাব্য নাম দারাও ইছাই সম্যক প্রতিপন্ন ছই-চছে। <sup>\*</sup>কিন্তু অধুনাতন টীকাকার ভরতমল্লিক, আপন তের প্রতিপোষক প্রমাণ প্রদর্শন ব্যতিরেকেই, ভটি-াব্যকে ভর্তৃহরিপ্রণীত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ভর্তৃ-রি ও এই কাব্যের রচয়িতা, উভয়েই অতি প্রধান বৈয়া-রণ হিলেন, বোধ হয়, এই সাদৃশ্য দর্শনেই, ভরতমল্লিকের ান্তি জন্মিয়াছিল। এন্থকর্তা কাব্যের শেষ প্লোকে (৭) াধিয়াছেন, আমি, বলভীপতি নরেন্দ্র রাজার রাজধানীতে র্বিরা, এই কাব্য রচনা করিলাম। যদি ভরতমল্লিক এই দাক দেখিতেন, তাহা হইলে তিনি ঐ ভ্রমে পতিত হই-চন না। যেরূপ জনগ্রুতি আছে, তদমুসারে ভর্তৃহরি

<sup>(</sup>०) काव्यमिदं विह्नितं मया वस्त्यां चीधरसेननरेन्द्रपासितायाम् । कीर्त्तरतो भवतासृपस्य तस्य चेमकरः चितियो यतः प्रजीनाम् ॥

শ্বরং রাজা ছিলেন। যে ব্যক্তি শ্বরং রাজা হন, তান,
শ্বন্ধ রাজার রাজধানীতে থাকিয়া এই প্রস্থ রচনা করি
লাম, আপন এছে কদাচ এরপ নির্দেশ করেন না
ভরতমল্লিক শেষ চারি প্লোকের টীকা করেন নাই; তাহা
তেই বোর হইতেছে, এই চারি প্লোক তাঁহার দৃষ্টিপথে
পতিত হয় নাই।

ভটিকাব্যের রচনা স্থানে স্থানে অতি স্থল্পর। বিশেষতঃ, দ্বিভীয় সর্গের প্রারম্ভে বে স্থান্যপ্রাহিণী শরদ্বর্ণন আছে, তদ্বারা অন্থকর্ত্তার অসাধারণ কবিত্বশক্তির বিলক্ষ্ণ প্রমাণ পাওয়া যাইতেছে। কিন্তু ব্যাকরণের উদাহরণপ্রদর্শন অন্থকর্তার বেরপ উদ্দেশ্য ছিল, কবিত্বশক্তি প্রদর্শন তাদৃশ উদ্দেশ্য ছিল না। এই নিমিন্তই, ভটিকাব্যে অধিকাংশ অত্যন্ত নীরস ও অত্যন্ত কর্কশ। বদি, তিনি ব্যাকরণের উদাহরণপ্রদর্শনে ব্যত্র না হইয়া, কাব্যরচনার মনোনিবেশ করিতেন, তাহা হইলে ভটিকাব্য উৎকৃষ্ট মহাকাব্য মধ্যে পরিগণিত হইতে পারিত, সন্দেশহ নাই।

এই যে ছয় মহাকাব্যের বিষয় উল্লিখিত হইল, ইহারাই অত্যম্ভ প্রাসিদ্ধ ও অত্যম্ভ প্রচলিত। ভারতবর্ষের নর্ম প্রদেশেই এই ছয়ের সচরাচর অনুশীলন আছে।

### রাঘবপাওবীয়।

**এर মহাকা**ব্যের প্রণালী স্বতন্ত্র। 🗪 द्वार्थ काद्य। s অর্থে রামের চরিত্র বর্ণন প্রতিপন্ন হয়, অপর অ**র্থে** াষ্ঠিরপ্রভৃতি পঞ্চ পাণ্ডবের বৃত্তান্ত বর্ণন লক্ষিত হয়। এই া এক শ্লোকে অর্থদ্বয় সমাবেশ দ্বারা রাঘব ও পাণ্ডব, গের রক্তান্ত বর্ণন সমাধান করিয়া, কবি স্বীয় স্মসাধারণ াতা প্রদর্শন করিয়াছেন। রাঘবপাগুরীয়ের উপক্রমণিকা শে অন্থকর্তার নাম কবিরাজ্পণ্ডিত বলিয়া নির্দ্ধিট ছে। কিন্তু বোধ হয়, ইহা তাঁহার উপাধি, নাম নছে। াৰি দ্বারাই বিশেষ বিখ্যাত ছিলেন, এ নিমিত, এম্ব-গ আপন এন্থে উপাধিরই নির্দ্দেশ করিয়াছেন। কবি পে উপাধি অথবা নাম পাইয়াছিলেন, তদনুরূপ কবিত্ব-🗗 প্রাপ্ত হন নাই। ইনি কবিত্ব বিষয়ে, পূর্ব্বনির্দ্ধিট াদিগের অপেক্ষা, অনেক অংশে ন্যুন। এই কাব্য াদশ সর্গে বিভক্ত। পূর্ব্বোক্ত কাব্য সকল যেমন নর্ব্বত্ত লিভ, বাখবপাণ্ডবীয় সেরূপ নহে , ইছা অভ্যন্ত বিরল-ার; এত বিরলপ্রচার, বে অনেকে ইহার নামও অব-নছেন। কবিরাজ স্বএন্থে নির্দেশ করিয়াছেন, তিনি দেব রাজার সভায় ছিলেন এবং তৎকর্ত্তৃক প্রোৎ-তে হইয়া রাম্ববপাগুবীয় রচনা করেন। কামদেব জ্বয়ন্তী-ার রাজা ছিলেন এবং মধ্যদেশ ছইতে সোমপায়ী

বেদজ্ঞ ত্রাহ্মণ আনাইরাছিলেন। ইহা দেখিয়া অনেং বোধ করেন, কামদেবেরই অপর নাম আদিস্থর। আদিস্থরেরও ম্বিদেশ হইতে বেদজ্ঞ ত্রাহ্মণ আনরনেঃ কিংবদন্তী আছে।

### গীতগোবিন্দ।

গীতগোবিন্দ জয়দেবপ্রণীত। এই মহাকাব্যের রচন যেরপ মধুর, কোমল ও মনোহর, সংস্কৃত ভাষার সেরগ রচনা অতি অপ্প দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, এরগ ললিতপদবিত্যাস, প্রবণমনোহর অনুপ্রাসচ্চটা ও প্রসাদ গুণ প্রায় কুত্রাপি লক্ষিত হয় না। তাঁহার রচনা যেরগ চমৎকারিণী, বর্ণনাও তদ্ধেপ মনোহারিণী। জয়দেব রচন বিষয়ে যেরপ অসামান্য নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন, ফা তাঁহার কবিত্বশক্তি তদনুবায়িনী হইত, তাহা হইদে তাঁহার গীতগোবিন্দ এক অপূর্বে মহাকাব্য বলিয়া পির্চি গাণিত হইত। জয়দেব, কালিদাস তবভূতি প্রভৃতি প্রফা প্রধান কবি হইতে অনেক ন্যুন বটে, কিন্তু তাহার কবিজ্ শক্তি নিতান্ত সামান্য নহে। বােষ হয়, বাঙ্গালা দেশে মত সংস্কৃত কবি প্রায়ভূত হইয়াছেন, তল্মধ্যে ইনি সর্বোৎক্রট।

গীভগোবিন আছোপান্ত সঙ্গীতময়, কেবল মধ্যে ম

চ আছে। সঙ্গীতসমূহে রাগ তানের বিলক্ষণ সমা-আছে। অনেকানেক কলাবতেরা ভাষাসঙ্গীতের , गीजरगाविन गान कतिया थारकन । गीजरगाविस्न ও ক্লফের লীলা বর্ণিত ছইয়াছে। জয়দেব পরম বৈফৰ নন, এবং প্রাণাট ভব্তিযোগ সহকারে, বৈষ্ণবদিগের াদেবতা রাধা ও ক্লফের লীলা বর্ণন করিয়াছেন। এরপ কিংবদন্তী আছে, এবং বৈষ্ণবসম্প্রাদায়ের কেরা স্পদ্যাপি বিশ্বাস করিয়া থাকেন, যে গীতগোবি-ा "देहि पदपञ्चवसुदारस्" এই अः भि क्रिक अप्र-রে আবাদে আদিয়া স্বহস্তে লিখিয়া গিয়াছেন। রাধার ভঞ্জনের নিমিত্ত, যখন কৃষ্ণ অনুনয় করিতেছেন, সেই , "सम शिर्सि मण्डनं देचि पदपन्नवमुदारम्," এই ্য লিখিত আছে। ইহার অর্থ এই, ( ক্লফ্ট রাধিকাকে তেছেন) তোমার উদার পদপল্লব আমার মস্তকে गेखक्रथ व्यर्भग कत। जन्नतम्य ''मराहनं'' পर्यास चेत्रा, **এই ভা**বিরা, "देहि पदपञ्जवसुदारम्" এই শ সাহস করিয়া লিখিতে পারিতেছেন না, যে প্রভুর क পদার্পণের কথা কিরুপে লিখিব। পরিশেষে, মংশ লিখিতে কোনও ক্রমে সাহস না হওয়াতে, সে া লেখা রহিত করিয়া, তিনি স্নানে গমন করিলেন। ্ক্ষ অত্যন্ত রদিক, দাযাতা নায়কের তায় বর্ণিভ দ, অপরাধ এহণ করেন এরপ নছেন; বরং তাঁছার

প্রণায়নীর পদপল্লব তদীয় মন্তকে অর্পিত বর্ণন করিলো প্রসন্ধই হয়েন ৷ অভএব তিনি, প্রস্তুত বিষয়ে স্বীয় পয়ি তোষ দর্শাইবার এবং পরমভাগবত জয়দেবকে চরিতার্গ করিবার নিমিত্ত, জয়দেবের স্নানোত্তর প্রত্যাগমনো কিঞ্চিৎ পূর্বের, তদীয় আকার অবলম্বন করিয়া, স্নাতপ্রতা াত জয়দেবের ন্যায়, তাঁহার গৃহে উপস্থিত হইলেন জয়দেবের ত্রাহ্মণী পদ্মাবতী রীতিমত অম ব্যঞ্জন প্রস্তুর্গ করিয়া দিলেন। জয়দেবরূপী কৃষ্ণ সেই অন্ন ব্যঞ্জন আছা করিলেন এবং আহারাস্তে জয়দেবের পুস্তক বহিষ্ট্ कतिया, "देक्ति पदपञ्जवसुदारस्" এই অংশ সহ লিখিয়া রাখিলেন। অনস্তর পদ্মাবতী, শব্যা প্রস্তুত করি তাঁহাকে শয়ন করাইয়া, রীতিমত তদীয় পাত্রাবশিষ্ট প্রস পাইতে বসিলেন। এই অবসরে প্রকৃত জয়দেবও 🕬 করিয়া গৃহ প্রত্যাগমন করিলেন। জয়দেব জানিতেন, পর ৰতী প্ৰতিদিন পাত্ৰাবশিষ্ট প্ৰদাদ পাইয়া থাকেন, প্ৰাৰ্ণ শ্বেও কদাপি তাঁহার আহারের পূর্বেজলগ্রহণ করেন ন সে দিবস ভাঁছাকে অত্যে আছারে প্রবত্ত দেখিয়া, চমংগ হইয়া হেতু জিজ্ঞাসা করিলে, তিনি পূর্ব্বাপর সমস্ত ব্যাগ वर्गन कतिलान । ज्यारावत, यर शरताना खि विन्याया श्रम हरें शुंखक উদ্ঘাটন করিয়া দেখিলেন,"**देन्हि पदपञ्चवसुदार** এই অংশটি লিখিত রহিয়াছে। তিনি বুঝিতে পারিলে ভক্তবংগল ভগবান স্বয়ং আসিয়া লিখিয়া গিয়াছে

। শরনাগারে প্রবেশ করিয়া দেখিলেন, শয্যা পার্ভিড ছে, প্রভু অস্তর্কিত হইরাছেন। তথ্ন, আপনাকে গরোনাস্তি ভাগ্যবান্ ও প্রভুর অসাধারণ ক্রপাপাত্র। চবিরয়া, জয়দেব প্রভুর প্রসাদ বলিয়া প্রভাবতীর চাবশিষ্ট গ্রহণ দ্বারা আন্মাকে চরিভার্থ করিলেন। কেন্দ্রবিল্ গ্রামে জয়দেবের বাস ছিল (৮)। বীরভূমির চশ ক্রোশ দক্ষিণে, অজয় নদের উত্তরভীরে, কেন্দ্রলি ব যে গ্রাম আছে, জয়দেব তাহাকেই কেন্দ্রবিল্ নামে দশ করিয়াছেন। প্র কেন্দ্রলি গ্রামে অদ্যাপি, জয়-রে স্মরণার্থে, প্রভিবৎসর পৌষমাসে বৈফবদিগের ছইয়া থাকে। জয়দেব কোন সময়ে প্রাহুভূতি চিলেন, তাহার নিশ্চয় হওয়া হুর্ঘট।

### খণ্ডকাব্য।

চানও এক বিষয়ের উপর লিখিত অনতিদীর্ঘ যে কাব্য, স্কারিকেরা তাছাকে খণ্ডকাব্য বলেন। খণ্ডকাব্য চাব্যের প্রণালীতে রচিত, কিন্তু মহাকাব্যের সম্পূর্ণ াক্রান্ত নহে। কোনও কোনও খণ্ডকাব্য, মহাকাব্যের সর্গবস্ধে বিভক্ত নয়। আর যে সকল খণ্ডকাব্য

<sup>(</sup>द) वर्षितं सयदेवकेन हरेरिटं प्रवृक्षेत । केन्दुविस्वसस्ट्रसम्बद्धोहिक्सीरमस्वेत ॥

#### [ 00]

সর্গবন্ধে বিভক্ত, ভাছাতেও সর্গসংখ্যা আটের অধি। নহে।

### মেঘদূত।

সংস্কৃত ভাষায় যত খণ্ডকাব্য আছে, মেঘদূত সর্বাংশে সর্বোৎকৃষ্ট। এই দশাধিক শতশ্লোকাত্মক খণ্ডকাব কালিদাসপ্রণীত। মেঘদূত এরপ ক্ষুদ্র কাব্য বটে; কিঃ ইহার প্রায় প্রত্যেক শ্লোকেই অদ্বিতীয় কবি কালিদাদে অলোকিক কবিত্বশক্তির সম্পূর্ণ লক্ষণ স্কুম্পাই লক্ষিত হয়

ক্বেরের ভৃত্য এক যক্ষ, অত্যন্ত ক্রৈণতা বশতং, আপাক্রেরের অবহেলা করাতে, কুবের তাহাকে এই শাপ দেন দে তোমাকে একাকী এক বৎসর রামণিরিতে অবস্থিতি করিটে হইবেক। তদমুসারে, সে তথায় আট মাস বাস করিয় স্থীয় প্রিরতমার অদর্শনত্বংখ উন্মন্তপ্রায় হয়। পরিশেষে আষাঢ়ের প্রথম দিবসে, নভোমগুলে নুতন মেছের উল দেখিয়া, বাহ্যজ্ঞানশৃত্য হইল, আপন প্রিয়ার নিক্রি সংবাদ লইয়া যাইবার নিমিত্ত, মেঘকে সচেতন বোট সম্বোধন করিয়া, দেতিভারতাহণপ্রার্থনা জানাইল, এই রামণিরি হইতে আপন আলয় অর্যায় পথ নির্দেশ করিয় দিতে আরম্ভ কুরিল। এই বিষয় অতি স্কুন্দর রূপে মেই দুতে বর্ণিত হইয়াছে।

কালিদাস এই কাব্যে নানা গিরি, নদী, উপবন, গ্রাম, গির, ক্লের, দেবলৈর ও রাজদানী এবং হিমালয়, অলকা, ক্লের আলয়, মক্লের ও মক্লপত্মীর বিরহীবস্থা প্রভৃতির র্গন করিয়াছেন। ঐ সমস্ত বর্গনে এমন অসাধার্ণ কবিত্ব-।ক্তি ও অনন্যসামান্য সহাদয়তা প্রদর্শিত হইয়াছে যে দি কালিদাস মেঘদূত ব্যতিরিক্ত অন্য কোনও কাব্য রচনা করিতেন, তথাপি তাঁহাকে অদ্বিতীয় কবি বলিয়া অঙ্গীনর করিতেন, তথাপি তাঁহাকে অদ্বিতীয় কবি বলিয়া অঙ্গীনার করিতেন হইত। মেঘদূতের রচনা কালিদাসের

# ঋতুসংহার।

কালিদাসপ্রণীত এই খণ্ডকাব্য ছয় সর্গে বিভক্ত। এক

মার্ক বর্ধাক্রমে এীন্ম, বর্ষা, শরৎ, হিম, শিশির, বসন্তু,

শুরু বর্ধিত হইয়াছে। যে স্বভাবোক্তি কাব্যের প্রধান
লক্ষার, ঋতুসংহার আফ্রোপান্ত তাহাতে অলক্ষৃত।

শুরু রূপক, উৎপ্রেক্ষা প্রভৃতি অলক্ষার এতদ্দেশীয়

াকের অধিক প্রিয়, স্বভাবোক্তির চমৎকারিত্ব তাঁহাদের

দৃশ হাদয়দম হয় না। এই নিমিত্ত, অনেকেই ইহাকে

কৈই কাব্য বলেন না। কেহ কেহ ঋতুসংহারকে রয়্
শা, কুমারসন্তব, মেঘদৃত, অভিজ্ঞানশকুন্তুল, বিক্রমো
শী এই সকল সর্কোংক্রফ্ট কাব্যের রচয়িতা কালিদাসের

প্রণীত বলিয়া অঙ্গীকার করিতে সন্মত নহেন। ঋতু সংহার রমুবংশ প্রভৃতি অপেক্ষা অনেক অংশে কুল বটে, কিন্তু যে সমস্ত গুণ থাকাতে, রমুবংশাদির এত আদ ও এত গোরব, কুসংস্কারবিবর্জ্জিত ও সহাদয়পদবীনে অধিরত হইয়া, অভিনিবেশ পূর্বক পাঠ করিলে, ঋতুসং হারে সে সমস্ত গুণের লক্ষণ সুস্পাই লক্ষিত হয়। অন্যাদ ঋতুর অপেক্ষা গ্রীষা ঋতুর বর্ণন সাভিশায় মনোহর।

### নলোদয়।

নলোদয়ের প্রত্যেক শ্লোক যমকালকারযুক্ত। এ কাব্য কালিদাসপ্রণীত। ইহাতে নল রাজার র্ডার সজ্জেপে বর্ণিত হইয়াছে। কালিদাস, যমকের দিক্তে সম্পূর্ণ দৃষ্টি রাখাতে, স্বপ্রণীত অন্যান্য কাব্যের ন্যা নলোদয়কে স্বীয় অলোকিক কবিত্বশক্তির লক্ষণে লক্ষি করিবার অবকাশ পান নাই।

এরপ কিংবদস্কী আছে, কালিদাস ঘটকর্পরের গ
খর্ম করিবার নিমিত্ত নলোদয় রচনা করেন। ঘটকর্পর
কালিদাসের ন্যার, বিক্রমাদিত্যের নবরত্নের অস্তর্মবর্তী
ইনি ষমকালক্কারযুক্ত দ্বাবিংশতি শ্লোক রচনা করেন।
দ্বাবিংশতিশ্লোকাত্মক কাব্যও ঘটকর্পর নামে প্রাসিধ
ঘটকর্পরের, বিশেষ প্রশংসা করা যায়, এমন কোনও

ই। গ্রন্থকর্ত্তা শেষ প্লোকে কহিয়াছেন, "বে কবি, যমক বিয়া, আমাকে পরাজয় করিতে পারিবেক, আমি ঘট-র্ণর অর্থাৎ কলদীর খাপরা দ্বারা তাহার বীরি বহন করিব"। ন বির এই প্রতিজ্ঞাবাক, দর্শনে এক প্রকার স্পার্ট দে হইতেছে, ঘটকর্পরঘটিত প্রতিজ্ঞা দ্বারাই তাঁহার ও হার কাব্যের নাম ঘটকর্পর হইয়াছে। এরপ কিং-ন্তী আছে, ঘটকর্পরের এই গর্বিত প্রতিজ্ঞা দর্শনে, যপরবশ্ব হইয়া, কালিদাদ নলোদয় রচনা করেন। ঘট-রি অপেক্ষা নলোদয়ে যমকের আড়মর অনেক অধিক। ঐ কিংবদন্তী সমূলক হয়, তাহা হইলে, কালিদাদ কর্পরের যমকরচনাগর্ব্ব বিলক্ষণ থর্ব্ব করিয়াছিলেন।

# সূৰ্য্যশতক।

স্থ্যশতক মন্ত্রভউপ্রশীত। মন্ত্রভউ এক শত শ্লোকে গ্রি ও ডদীয় মণ্ডল, কিরণ, অর্থ ও সারথির বর্ণনা ও করিয়াছেন। এরূপ কিংবদস্তী আছে, মন্ত্রভউ এই শ্লোকাত্মক স্থ্যস্তব রচনা কদিয়া কুষ্ঠ ব্যাধি হইতে হইয়াছিলেন। স্থ্যশতকের রচনা অভিপ্রগাঢ় ও

<sup>(</sup>८) जीयेय येन कविना यमकैः परेखा। तक्षे वहेयसदकं घटकपरेख ।

অভিস্কার; ইহাতে অসাধারণ কবিত্বশক্তিও প্রদর্শিত হইরাছে। কিন্তু ময়ুরভটের বেরূপ রচনাশক্তি ও বেরুপ কবিত্বশক্তি ছিন, তাহা বিষয়াস্ত্ররে প্রয়োজিত হইনে, তিনি স্থ্যাশতক অপেকা অনেক অংশে উৎকৃষ্ট কার্ রচনা করিয়া ধাইতে পারিতেন।

### কোষকাব্য।

পরস্পরনিরপেক শ্লোকসমূহকে কোষকাব্য বলে।

### অমৰুশতক।

সংস্কৃত ভাষার যত কোষকাব্য আছে, তন্মধ্য অমণ শতক সর্ব্বোৎকৃষ্ট। এই শতপ্লোকাত্মক কাব্যের রচন অতি উত্তম। রচনা দেখিয়া স্পক্ট বোধ হয়, ইহা প্রাচ্ন গ্রন্থ। এই কাব্যে অসাধারণ কবিত্মক্তি প্রদর্শিত ক্ট রাছে। কালিদাসের গ্রন্থ পাঠ করিলে, অন্তঃকরণে যের অনির্ব্বচনীয় আহ্লাদের সঞ্চার হয়, অমকশতকের পাঠে তদনুরূপ হইয়া থাকে। অমক যে এক জন অতি প্রথ কবি ছিলেন, তাহার কোনও সংশয় নাই। অমক অধি লিখিয়া যাইতে পারেন নাই, যথার্থ বর্টে; কিন্তু বা লিখিয়া গিয়াছেন, তাহাতেই তাঁহার প্রধান কবি বর্ণি চিরক্মরণীয় হইধার সম্পূর্ণ সংস্থান হইয়াছে। অমকশতক আদিরদান্ত্রিত কাব্য; কিস্তু এক টীকার, প্রথমতঃ আদিরদ পক্ষে ব্যাখ্যা করিয়া, পক্ষান্তরে জিরদান্ত্রিত করিয়া ব্যাখ্যা করিয়াছেন। টীকাকার, মকশতকের শান্তি পক্ষে ব্যাখ্যা করিতে উত্তত হইয়া, বল উপহাদাস্পদ হইয়াছেন। তাঁহার ত্রভাগ্য ক্রেম, চটি শ্লোকেরও শান্তি পক্ষে সম্যক অর্থস্মারেশ হইয়া ঠ নাই।

এই শাস্তরসাশ্রিত শতক কাব্য শিহ্নণপ্রণীত। শিহ্নণ দ কবি ছিলেন; এবং অর্থলাভার্থে পরোপাসনা, লোভ, নাসঙ্গ ইত্যাদির নিন্দা, এবং বিষয়ের অনিভ্যতাপ্রতি-ন ও যদৃচ্ছালাভসস্তোব প্রভৃতির, স্বীয় শতকে সং-র ন্যায় বর্ণন করিয়াছেন। শাস্তিশতকের রচনা উত্তম। নায় পর্য্যালোচনা করিলে, শাস্তিশতক উৎকৃষ্ট কাব্য।

তিশতক, শৃঙ্গারশতক, বৈরাগ্যশতক।
নীতিশতকে নানা স্থনীতির উপদেশ আছে। শৃঙ্গার
কর সমুদার শ্লোক আদিরসাভিত । বৈরাগ্যশতক

সর্বাংশে শান্তিশতকের তুল্য। তিনের মধ্যে নীতিশতং সর্বোংক্ট। এই তিন শতকের রচয়িতার নাম ভর্তৃহরি ভর্তৃহরির রচনার্থ উত্তম এবং কবিত্বশক্তিও বিলক্ষণ ছিল অনেকে কহিয়া থাকেন, এই ভর্তৃহরিই বিক্রমাদিতো সহোদর। যেরূপ জনশ্রুতি আছে, তদমুসারে বিক্রম দোদর ভর্তৃহরি অত্যন্ত নীতিপরায়ণ ও অত্যন্ত লৈ ছিলেন এবং পরিশেষে, জ্রীর উপর বিরক্ত হইয়া, বৈরাগা অবলঘন করিয়াছিলেন। তাঁহার অবস্থার সহিত তি কাব্যার্থের যেরূপ ঐক্য হইতেছে, তাহাতে এই তিন কার তাঁহার রচিত, এ কথা নিভান্ত অসক্ত বোধ হয় না।

# আর্য্যাদপ্তশতী।

এই সপ্তশতশ্লোকাত্মক কাব্য আর্য্যা ছল্দে রচিত, দিমিত ইহা আর্য্যাসপ্তশতী নামে প্রসিদ্ধ । প্রস্কৃত্তী নামে গোবর্দ্ধন, এ নিমিত্ত গোবর্দ্ধনসপ্তশতী নামে নির্দিষ্ট হইয়া থাকে। গোবর্দ্ধন সংক্রি ছিলেন। তাঁহা রচনা সরল ও মধুর। জয়দেব গীতগোবিন্দের প্রারম্ভে গোবর্দ্ধনের সবিশেষ প্রশংসা করিয়াছেন (১০)।

<sup>(</sup>१०) ऋङ्गारोत्तरसत्त्रमेयरचनेराचार्ळागोवर्श्वन-स्पर्द्वी कोऽपि न विस्तृतः।

#### [ 69 ]

### गमाकावा।

#### কাদম্বরী।

সংস্কৃত ভাষায় গদ্য সাহিত্য গ্রন্থ অধিক নাই। বে ক খানি গদ্যএম্ভ দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে কাদ-সর্বশ্রেষ্ঠ। কাদম্বরী গদ্যে রচিত বটে, কিন্তু অভি ান কাব্যু মধ্যে পরিগণিত। এই গ্রন্থ বাণভট্টপ্রণীত। ভট মহাকবি ও সংস্কৃত রচনায় মহাপণ্ডিত ছিলেন। শোস্ত্রে যে সকল বিষয়ের বর্ণন করিতে হয়, বাণভট আন্থে ভাষার কিছুই পরিত্যাগ করিয়া যান নাই। া যাহা বর্ণন করিয়াছেন, ভাছাই অসাধারণ। ভাঁছার া সকল কাৰুণ্য, মারুর্য্য ও অর্থের গান্তীর্য্যে পূর্ণ। রচনা মধুর, কোমল, ললিত ও প্রগাঢ়। রচনার গ্ৰ প্ৰশংসা এই, বাণভট্ট যে সকল শব্দ বিন্যাস মাছেন, ভাহার একটিও পরিবর্ত্তসহ নছে। এই এন্থে চন্দ্রাপীড়নামক রাজকুমার ও গন্ধর্মরাজ াথের কন্যা কাদমূরীর রুতান্ত বর্ণিত হইয়াছে। এই কাব্যের যে স্থলে, মহাশ্বেভানান্<u>ন</u>ী এক ভপস্বিনী, পীড়ের নিকট, পরিদেবিভপরিপূর্ণ আত্মরন্তান্ত বর্ণন তেছেন, ঐ অংশ এমন মনোহর যে বোধ হয় কোনও ার কোনও কবি তদপেকায় অধিক মনোছর রচনা বা

### [ 64 ]

বর্ণনা করিতে পারেন নাই। মহাশ্বেতার উপাধ্যান এ অভ্যুৎক্রট কাবেযুর সর্ব্বোৎক্রট ভাগ।

কাদম্বরী, এইরূপ অশেষগুণসম্পন্ন হইয়াও, দোষস্পা শৃত্য নহে। বাণভট মধ্যে মধ্যে শব্দশ্লেষ ও বিরোধাড়া ঘটিত রচনা করিয়াছেন। ঐ সকল স্থলে প্রস্কৃত্তি। অসাধারণ নৈপুণ্য প্রদর্শিত হইয়াছে; এবং ভারতবর্ষী পণ্ডিভেরাও ঐরূপ রচনাকে চিত্তরঞ্জন জ্ঞান করিয়া থাকে যথার্থ বটে; কিন্তু ঐ সকল স্থল যে তুরুছ্ক ও নীরা ইহা অরশ্যই স্বীকার করিতে হইবেক। এভদ্বাতিরিও মধ্যে মধ্যে দীর্ঘসমাসঘটিত অভি দীর্ঘ দীর্ঘ বাক্য আছে এই দ্বিষ দোষস্পর্শ না থাকিলে কাদম্বরীর ন্যায় কার গ্রন্থ অভি অম্প্র পাওয়া যাইত।

পুর্ভাগ্য ক্রমে, বাণভট আপন গ্রন্থ সমাপন করি বাইতে পারেন নাই। তিনি যে পর্যান্ত লিখিয়া গির ছিলেন, তাহা কাদম্বরীর পূর্বভাগ নামে প্রসিদ্ধ। ত পুত্র উপাখ্যানের উত্তরভাগ সঙ্কলন করিয়াছেন। বি পুত্র পৈতৃক অলেকিক কবিতৃশক্তি বা অসাধারণ রদশক্তির উত্তরাধিকারী হয়েন নাই। উত্তর ভাগ কোন ক্রমে পূর্ব ভাগের যোগ্য নছে।

# দশকুমারচরিত।

দশকুমারচরিত এক অত্যুত্তম গদ্য গ্রন্থ। কিন্তু গাংশে তাদৃশ উৎকৃষ্ট নয়। রচনা অতি উত্তম বটে, ্কাদম্বরীর রচনার ভাগের চমৎকারিণী ও চিত্তহারিণী । এই প্রস্থেনানা বিষয়ের বর্ণনা আছে; কিন্তু বর্ণনা া ষেরপ কেভুকবাহিনী, সেরপ রসশালিনী নছে। করিলে প্রীত ও চমৎকৃত হওয়া যায়, দশকুমারচরিত প অন্থ নয়। প্রন্থকর্তার নাম দণ্ডী। দশকুমারচরিতশব্দে দশ কুমারের বুত্তান্তবর্ণনাত্মক বুঝার। কিন্তু যে দশকুমারচরিত দণ্ডিপ্রাণীত বলিয়া লত, তাহাতে আৰ্ট কুমারের চরিত্র মাত্র বর্ণিত আছে। াং, এই গ্রন্থ অসম্পূর্ণবং বোধ হইতেছে। যেরূপে র আরম্ভ হইতেছে, তাহা কোনও ক্রমে সংলগ্ন হয় না। আমরা যে সকল ব্যক্তি ও বৃত্তান্তের বিষয় বিসর্গও অবগত নছি, এককালে দেই সকল বিষয়ের ষ্ট হইতেছে। সমাপ্রিও আরস্তের ক্যায় অসংলগ্ন। া কুমারের র্ত্তান্ত সম্পূর্ণ রূপে বর্দিত হইল, এরূপ তি হয় না। এইরূপে দশকুমারচরিতের উপক্রম ও ংহার উভয়ত্রই হ্যুনতা প্রতিভাসমান হইতেছে। <sup>টপক্রমের</sup> নূানতাপরিহারের নিমি**ত, পূর্ব্বপীঠি**কা এক উপক্রমণিকা রচিত হইয়াছে। এই উপক্রম-

ণিকাতে, দশ সংখ্যা পূর্ণ করিবার নিমিত্ত, আর ফ্লা কুমারের বৃত্তান্ত সুক্ষলিত হইরাছে। এই অংশও দণ্ডী নিজের রচিত বলিয়া প্রচলিত। কিন্তু উপক্রমট্রাকার ও দশকুমারচরিতের রচনা পরস্পার এরপ বিসংবাদিনী যে ও উভয় এক লেখনীর মুখ হইতে বিনির্গত বলিয়া কোন। ক্রমে প্রভীতি হয় না।

দশকুমারচরিতের ধেরপ এক উপক্রমণিকা আনে
সেইরপ এক পরিশিষ্টও আছে। ইহার নাম শেষ অর্থা
কথার অবশিষ্ট অংশ। এই অবশিষ্ট অংশ চক্রপাণি
দীক্ষিতনামক এক মহারাষ্ট্রীয় ব্রাহ্মণের রচিত। আমরা
পর্যান্ত এই পুস্তক দেখিতে পাই নাই। স্থবিখ্যা
সংক্ষৃতবেক্তা প্রীয়ুত হোরেস্ হেমেন্ উইলসন্ ঐ পুরা
দেখিরাছেন। তিনি কহেন যে চক্রপাণি নিজ রচ
উৎকর্ষ সাধনের নিমিত্ত, যথেষ্ট প্রাম করিরাছিলেন, বি
তাহার রচনা দণ্ডীর রচনা অপেকা নিক্রট। বিশেষ
উপাধ্যানভাগ এমন অসার ও অকিঞ্চিৎকর যে বি
করিলে পরিপ্রাম পোষায় না।

অনেকে অনুমান করেন, দণ্ডী প্রান্ধকর্তার নাম না ইহা তাঁহার উপাধি মাত্র। বাহারা, সংসারাশ্রম পরিডা করিয়া, সন্মাস ধর্ম গ্রহণ করে, তাহাদিগকে দণ্ডী কা এই অনুমান নিভান্ত অসঙ্গত বোব হয় না। আর, ব গুদ্ধকর্তার বিষয়ে বে এক কিংবদন্তী প্রচলিত আছে, তা

ও উক্ত অনুমানের বিলক্ষণ পোষকতা হইতেছে। দণ্ডী-গের নিয়মিত বাসস্থান নাই, তাঁছারা সর্বাদা পর্যাটন রন; কেবল বর্ষা চারি মাস, পর্যাটনৈ অশেষ ক্লেশ নয়া, কোনও গৃহস্থের আবাদে আশ্রয় গ্রহণ করেন। মাদের দণ্ডীও গৃহস্থের ভবনে বর্ষা চারি মাস বাস রতেন, এবং সেই অবকাশে এক এক খানি গ্রন্থ রচনা রতেন। যে বার যে গৃহস্থের আশ্রয়ে থাকিতেন, বর্ষান্তে দ্বানকালে, স্বরচিত পুস্তক খানি তাহার হত্তে সমর্পণ রয়া যাইতেন। দশকুমারচরিত দণ্ডীর এক বর্ষা চারি সের রচনা। আর, কাব্যাদর্শ নামে দণ্ডীর যে অলঙ্কার ্ব আছে, তাহাও আর এক বর্ষা চারি মাসের পরিশ্রম। । এই কিংবদন্তী অমূলক না হয়, তাহা হইলে, দশ-ারচরিতের উপক্রমে ও উপসংহারে যে ন্যুনতা আছে, ধারও এক প্রকার কারণ উপলব্ধ হইতেছে। যেহেতু, विषयी देश अभितिमा कतिया थारकन, मुखी रा वर्षार्ड কুমারচরিত রচনা করেন, সেই বর্ষাতেই তাঁছার প্রাণ্-াগ হয়। এই নিমিত্ত, তিনি দশকুমারচরিতের কথা াপ্ত ও পূর্ব্বাপরসংলগ্ন করিয়া বাইতে পারেন RI

### [ ७१ ]

### বাসবদত্তা।

বাসবদন্তা স্থ্যস্থুনামক কবির রচিত। স্থ্যস্থু স্থানে সমাপিকাতে, বরন্দরি ভাগিনের বলিয়া, আত্মপার প্রাদান করিয়াছেন (১১)। বরন্দি বিক্রমাদিত্যের ন রত্নের অন্তর্মবর্তী ছিলেন। বিক্রমাদিত্যের মৃত্যুর গ স্থ্যস্থু বাসবদন্তা রচনা করেন; এবং গুণগ্রাহী বিক্রমাদি বিদ্যমান নাই গীলিয়া আক্ষেপ করিয়াছেন (১২)।

বাণভটের কাদম্বরী ও স্থবন্ধুর বাসবদত্তা এ উ গ্রন্থ এক প্রণালীতে রচিত। বোধ হয়, এয়প রচণাপ্রণা স্থবন্ধুই প্রথম উদ্ভাবিত করেন। বাণভট যে বিক্রমা ত্যের সমরের অনেক পরে প্রাম্নভূত হইয়াছিলেন, তার কোনও সংশয় নাই। এই গ্রন্থে কল্পকিত্রনামক এ রাজকুমার ও বাসবদতানাদ্দী এক রাজকুমারীর বৃত্ত বর্মিত হইয়াছে।

স্থবন্ধু বাসবদন্তারচনাতে যথেষ্ট নৈপুণ্য প্রদ করিয়াছেন। কিন্তু তাঁছার তাদৃশ অসাধারণ কবিত্বশ ছিল না। কি রচনা, কি বর্ণনা, কি কথাবোজনা, স্থ

<sup>(</sup>११) दति श्रीवरक्षिभागिनेवसुवन्ध्विरिचता वास्वरः क्यायिका समाप्रा।

<sup>(</sup>१२) सारसवत्ता निकृता नवका विखसन्ति चरित नो वह सरसीप् को त्तियेषं गतवति भुवि विक्रामादित्ये॥ ठानदनश्

দত্তা সর্বাংশেই মধ্যবিধ। পাঠ করিলে, এই গ্রন্থ ন কবির রচিত বলিয়া প্রতীতি হয় না। কিন্তু গ্রন্থের ন্ত যে কয়েকটি শ্লোক আছে, এবং গ্রন্থের মধ্যে কবি ই শ্লোকে কুপিত সিংহের বর্ণনা করিয়াছেন, তাহা ন্ত মনে।হর।

### চম্পুক্বি।

মামরা যে কয়েক খানি চপ্পুকাব্য দেখিরাছি, তন্মধ্যে ব প্রশংসার যোগ্য এক খানিও নাই। কালিদাস ও উ, ভারবি ও ভবভূতি, মাঘ ও গ্রীহর্ষদেব প্রভৃতি। কবিরা এ বিষয়ে হস্তক্ষেপ করেন নাই। আর, কোনও প্রধান কবি চম্পুকাব্য রচনা করিয়া থাকেন, ছা অক্তাপি বিজ্ঞমান নাই, নয় এপর্য্যন্ত উদ্ভাদ্য নাই।

দামরা যে সাত খানি চম্পুকাব্য দেখিয়াছি, তন্মধ্যে জাবির চিত অনিকল্পচারিত সর্ব্বোৎকৃষ্ট। দেবরাজের দিক্তি ও কবিত্বশক্তি নিতান্ত সামান্ত ছিল না। যে দেবকে বিদ্যোৎসাহিতা ও গুণাঞাহিতা বিষয়ে দ্বিতীয় দিনিত্য বলিয়া গণনা করিতে হয়, তাঁহার রচিত মারণ ও চিরঞ্জীববির চিত বিদ্যোদতর ক্লিণী নিতান্ত চিম্পুনহে। এতদ্যাতিরিক্ত, অনন্তভেউপ্রণীত গারত, তামুদত্তবির চিত কুমার জাগবিন্ধি, রামনাথক ত

চন্দ্রশেধরচেতোবিলাসচম্পূ, এবং রূপগোস্বামিলি। বা আনন্দর্বদাবনচম্পু, এই কয়েক চম্পুকে কাব্য নাচ নির্দ্দেশ করিতে পারা যায়, এমন কোনও বিশেষ গ দেখিতে পাওয়া যায় না।

# দৃশ্য কাব্য।

মহাকাব্য প্রভৃতির কেবল শ্রেবণ হয়, এই নির্বি উহাদিগকে প্রব্য কাব্য বলে। নাটকের, প্রব্য কারে স্থায়, শ্রবণ হয় ; অধিকন্তু, রঙ্গভূমিতে নট দ্বারা অজি কালে, দর্শনও হইয়া থাকে। এবং ইছাই নাটনে প্রধান উদ্দেশ্য। এই নিমিত্ত নাটকের নাম দৃশ্য কাং দৃশ্য কাব্য দ্বিষিঃ রূপক ও উপরূপক। রূপক না প্রকরণ প্রভৃতি দশব্ধ। উপরপক নাটিকা, ত্রো প্রভৃতি অফীদশবিধ। আলঙ্কারিকেরা দৃশ্য কাব্যের<sup>ঃ</sup> যে অফাবিংশতি বিভাগ নির্দেশ করিয়াছেন, তাহা বিশেষভেদগ্রাহক তাদৃশ কোনও লক্ষণ নাই। সর্ব্বপ্রা ভেদ নাটকের যে সমস্ত লক্ষণ নিরূপিত আছে, বৃ কাব্যের অত্যাত্ত ভেনও সেই সমুদ্য় লক্ষণে আক্রা আলক্ষারিকেরা অন্যান্য ভেনের, অঙ্কসঞ্জার ন্যুনা প্রভৃতি যে কয়েকটি বিশেষ লক্ষণ নিরূপণ করিয়া তাহা এত দামভি যে দে অনুরোধে, দৃশ্য কাব্যের প

গতি বিভাগ কম্পনা না করিয়া, যাবডীয় দৃশ্য কাব্যকে দ নাটক নামে নির্দেশ করিলেই স্থায়ানুসুগত হইত। প্রত্যেক নাটকের প্রারম্ভে স্থত্তবার, অর্থাৎ প্রধান স্বীয় সহচরী অথবা অন্ত তুই এক সহচরের সহিত ামিতে প্রবিষ্ট হইয়া, কবির ও নার্টকের নাম নির্দ্দেশ এবং প্রদক্ষ ক্রমে নাটকীয় ইতিবৃত্ত অবতীর্ণ করিয়া এই অংশকে প্রস্তাবনা কছে। যে স্থলে ইতি-। সুল স্থুল অংশের একপ্রকার শেষ হয়, সেই সেই পরিচ্ছেদ কণ্পিত হইয়া থাকে। এ পরিচ্ছেদের অঙ্ক। নাটকে এক অবধি দশ পর্য্যন্ত অঙ্কসংখ্যা তে পাওয়া যায়। নাটক আস্তোপান্ত গদ্যে রচিত, । মধ্যে মধ্যে শ্লোক থাকে। আদি অবৃধি অন্ত পৰ্য্যন্ত ভাষায় রচিত নহে, ব্যক্তিবিশেষের বক্তব্য ভাষা-বে সঙ্কলিত হইয়া থাকে। রাজা, মন্ত্রী, ঋষি, পণ্ডিত, প্রভৃতি প্রধান পুরুষেরা সংস্কৃতভাষী ; স্ত্রী, বালক, প্রধান পুৰুষদিগের ভাষা প্রাক্কত। প্রাক্কত সংক্ষৃতের ংশ। আলঙ্কারিকেরা এই অপভ্রংশের, কিঞ্চিৎ 🕨 বৈলক্ষণ্য নিবন্ধন, সপ্তদশ ভেদ কম্পানা করিয়া-ন্ত্রীলোকের মধ্যে পণ্ডিতা তপস্বিনীরা সংস্কৃত-। অশুভ ঘটনা দ্বারা সংস্কৃত নাটকের উপসংহার নাই। সংস্কৃত ভাষার আদির<u>্</u>স, বীররস ও ৰ প্ৰধান নাটক অনেক।

মহাকাব্য, খণ্ডকাব্য, ও কোষকাব্যের ন্যায়, সং ভাষায় নাটকণ্ণ অনেক আছে। কালিদাস প্রত্ প্রধান কবিগণ এই ভাষায় নাটক রচনা করিয়া গিয়াছে এক সময়ে এই ভারতবর্ষে রঙ্গভূমিতে সংক্ষৃত নাটা অভিনয় হইত।

ভারতবর্ষীর পণ্ডিতেরা ভরতমুনিকে সংস্কৃত না শাস্ত্রের সৃষ্টিকর্ত্তা বলিয়া নির্দেশ করিয়া থাকেন। তাঁহ ইহাও কহেন, এই ভরতমুনি অপ্সরাদিগের নাট্যব্যাপা উপদেষ্টা। অপ্সরারা, ইহার নিকট উপদিষ্ট হা দেবরাজ ইন্দ্রের সভার, নাটকের অভিনয় করিয়া থা এরপ নাট্যাচার্য্য যে কোনও কালে বিস্তমান ছিলেন এ বিষয়ে সংশায় হইতে পারে না। কিন্তু, সংস্কৃত আল রিকেরা, স্ব স্ব প্রস্কে, মধ্যে মধ্যে, ভরতস্থত্ত বলিয়া প্র উন্ধৃত করিয়া থাকেন। তাহাতে ইহাই প্রতীয়মান তেহে, নাটকরচনা বিষয়ে সংস্কৃত ভাষায় এক ব প্রাচীন গ্রন্থ ছিল; ভারতবর্ষীয় পণ্ডিতেরা, অবিসংবা প্রামাণ্য সংস্কৃপিনের নিমিত্ত, প্র গ্রন্থ প্রবিপ্রণীত বা নির্দ্দেশ করিয়াছেন।

কেবল এই বিষয়েই নছে, অক্সান্থা বিষয়ে প্রথা লক্ষিত হইতেছে। সর্বাপেকা প্রাচীন ব পাণিনি মুনির প্রণীত বলিয়া প্রচলিত। ঐ ব্যাব বার্ত্তিক কাত্যায়ন মুনির রচিত, ভাষ্য পতঞ্জলি াত, বলিয়া প্রাসদ্ধ। যে সর্পরাজ অনস্তদেব, পুরাণের অনুসারে, সনাগরা সদ্বীপা পৃথিবী ফুণমণ্ডলের উপর । করিয়া আছেন, পতঞ্জলি তাঁহার অবতার। সর্পের তার মুনির রচিত বলিয়া, ঐ ভাষ্য কৃণিভাষ্য নামে যাবতীয় পুরাণ মহর্ষি ব্যাদের রচিত বলিয়া লিত। ধর্মশাস্ত্র সকল মনু, অত্রি, হারীত, যাজ্ঞবল্ক্য ্তি এক এক মুনির রচিত বলিয়া প্রসিদ্ধ। সাখ্য পাতঞ্জন, ন্যায় ও বৈশেষিক, বেদাস্ত ও মীমাংসা ছয় দর্শন, যথাক্রমে, কপিল ও পডঞ্জলি, গোতম ও দ, ব্যাস ও জৈমিনি, এই ছয় মুনির নামে প্রচলিত। দকল যে ইদানীস্তন কালের রচিত গ্রন্থ, ভাছার মও সংশয় নাই—এড ইদানীস্তন, যে কোনও মও তন্ত্রে ইঙ্গরেজদিগের ও লণ্ডন নগরের নির্দ্দেশ তে পাওয়া যায় (১০)। এই সকল তম্ত্র শিবপ্রোক্ত ন্না প্রচলিত। বেদ সকল সৃষ্টিকর্ত্তার নিজের রচিত য়া প্রসিদ্ধ। এই রূপে, নব্য কাব্য ও সংগ্রহ গ্রন্থ ', প্রায় সমুদয় সংক্ষৃত শাস্ত্রই এক এক মুনির, অথবা ভার, প্রণীত বলিয়া পরিগণিত হইয়া থাকে।

<sup>(</sup>१३) पूर्व्याकाये नवसर्तं बढामीतः प्रकीर्त्तिताः । फिरक्रभावया तन्त्राक्षेतां संसाधनाङ्ग्रीतः । अक्षिमा मण्डलानाञ्च संयाभेव्यपराजिताः । द्रंरेजा नव षट् पञ्च लण्डुजाञ्चापि भाविनः ॥ स्यस्टब्यः । २० श्रेकांगः ।

# অভিজ্ঞানশকুন্তল, বিক্রমোর্বশী, ঘালবিকাগ্নিমিত্র।

সংস্কৃত ভাষায় যত নাটক আছে, শকুন্তলা সে সকল অপেকা সর্বাংশে উৎকৃষ্ট। এই অপূর্ব্ব নাটকের, व्यापि व्यविष व्यस्त शर्यास, मर्खाः महे मर्खा क्रस्नुन्तत । যদি শত বার পাঠ কর, শত বারই অপূর্ব্ব বোষ হইবেক। এই নাটক সাত অক্টে বিভক্তী ইহাতে হুষান্ত ও শকুন্তলার বৃত্তান্ত বর্ধিত হইরাছে। প্রথম অঙ্কে হুমান্ত ও শকুন্তলার সাকাৎকার, তৃতীয় অঙ্কে উভয়ের মিলন, চতুর্থে শকুন্তলার প্রস্থান, পঞ্চমে শকুন্তলার ছুত্মন্ত-সমীপগমন ও প্রত্যাখ্যান, ষষ্ঠে রাজার বিরহ, সপ্রমে শকুস্তলার সহিত পুনর্দ্মিলন ; এই সকল স্থলে কালিদাস স্বীয় অলেকিক কবিত্বশক্তির পরা কাষ্ঠা প্রদর্শন করিয়া-ছেন। উত্তম সংস্কৃতজ্ঞ সন্থানয় ব্যক্তি অভিজ্ঞানশকুন্তুন পাঠ করিলে, অবশ্যই তাঁহার অন্তঃকরণে এই প্রতীতি জন্মিবেক যে মনুষ্যের ক্ষমতায় ইছা অপেক্ষা উৎকৃষ্ট রচন সম্ভবিতে পারে না। বস্তুতঃ, কালিদাসের অভিজ্ঞান শকুম্বল অলোকিক পদার্থ।

ভারতবর্ষীয়েরাই যে, স্বদেশীয় কাব্য বলিয়া, শকুন্তলার এত প্রশংসা ক্ষেন, এমন নছে; দেশান্তরীয় পণ্ডিতেরাও শকুন্তলার এইরূপ, অথবা ইছা অপেকা অধিক, প্রশংসা রেয়াছেন। নানাবিদ্যাবিশারদ, অশেবদেশভাষাজ্ঞ, পুবিখ্যাত সর্ উইলিয়মৃ জোপা, শকুন্তলা খ্রাঠ করিয়া, এমন প্রীত হইয়াছিলেন যে কালিদাসকে স্বদেশীয় অদ্বিতীয় াবি শেক্সপীরের তুল্য বলিয়া নির্দেশ করিয়াছেন ; এবং দৰ্মনিদেশীয় অতি প্ৰধান পণ্ডিত ও অতি প্ৰধান কবি, ' গটি, শকুস্তলার সর্ উইলিয়ম্ জোপাকৃত ইঙ্গরেজী অনু-াদের কর্ম্তরক্ত জর্মন অনুবাদ পাঠ করিয়া, লিখিয়াছেন, 'যদি কেই বসস্তের পুষ্পা ও শরদের ফল লাভের অভিলাষ দরে, যদি কেই চিত্তের আকর্ষক ও বশীকরণকারী বস্তুর মভিলাষ করে, যদি কেছ প্রীতিজ্ঞানক ও প্রাফুল্লকর বস্তুর মভিলাৰ করে, যদি কেছ স্বৰ্গ ও পৃথিবী এই ছুই এক ামে সমাবেশিত করিবার অভিলাষ করে, তাহা হইলে, ছ অভিজ্ঞানশকুন্তল ! আমি তোমার নাম নির্দেশ করি; লাক, অনুবাদের অনুবাদ পাঠ করিয়া, এত প্রীত ও এত মংকৃত হইতে পারেন, তবে স্বদেশীয়েরা যে, সেই বিষয় ল পুত্তকে পাঠ করিয়া, কত প্রীত ও কত চমৎক্রত ইবেন, ভাহা সকলেই অনুভব করিতে পারেন।

বিক্রমোর্বালী পাঁচ অক্টে বিভক্ত। এই নাটকে পুররবাঃ

উর্বালীর বৃত্তান্ত বর্ণিত হইরাছে। বিক্রমোর্বালীর আড্রো
ান্ত শকুন্তলার জ্ঞার সর্বাঙ্গ স্থলার নহে। কিন্তু, চতুর্ব

ক্রে, উর্বালীর বিরহে একান্ত অধীর ও বিচেতন হইনা,

পুররবাং, তাঁহার অনুষদের নিমিত্ত, বনে বনে অফু করিতেছেন, এই বিষয়ের যে বর্ণন আছে, তাহা অত্যন্ত মনোহর—এমন মনোহর, যে কোনও দেশীয় কোনও কবি উহা অপেকা অধিক মনোহর বর্ণনা করিতে পারেন না, এ কথা বলিলে নিভান্ত অসঙ্গত হইবেক না।

কালিদাদের তৃতীয় নাটক মালবিকাগ্নিমিত্র। মান বিকাগ্নিমিত্র উত্তম নাটক বটে, কিন্তু অভিজ্ঞানশকুন্তল ও বিক্রমোর্বাদী অপেকা অনেক ন্যুন। এই নাটক পাঁচ অঙ্কে বিভক্ত। ইহাতে মালবিকা ও অগ্নিমিত্র রাজায় উপাধ্যান বর্দিত হইয়াছে। বোধ হয়, কালিদাস সর্বপ্রথয় এই নাটক রচনা করিয়াছিলেন।

# বীরচরিত, উত্তরচরিত, মালতীমাধব।

এই তিন নাটক ভবভূতির প্রাণীত। ভবভূতি এক জন
জাতিপ্রধান কবি ছিলেন। কবিত্বশক্তি অনুসারে গণন
করিতে হইলে, কালিদাস, মাঘ, ভারবি, প্রীহর্ধদেও
ও বাণভটের পর তদীয় নাম নির্দ্দেশ, বোধ হয়, অসক।
নহে। ভবভূতির রচনা হৃদয়আহিণী ও অভিচমং
কারিণী। সংস্কৃত ভাষায় যত নাটক আছে, ভবভূতি
প্রণীত নাটকঅধ্রের রচনা সে সকল অপেকা সম্বিধ

খুগাঢ়। ইনি, অন্য অন্য কবির ন্যার, মধুর ও কোমল চনাতে প্রবীণ ছিলেন; অধিকস্তু, ইঁহার নাটকে য় মধ্যে অর্থের যেরূপ গান্<u>তীর্য্য দেখিতে পাতরা</u> া, অহা অহা কবির নাটকে প্রায় দেরপ দেখিতে পাওয়া । না। ভবভূতির বিশেষ প্রশংসা এ**ই যে,** অন্য অন্ত বরা, অনাবশ্যক ও অনুচিত স্থলেও, আদিরস অব-র্ণ করিয়াছেন ; কিন্তু ইনি সে বিষয়ে অত্যন্ত বধান ; স্থানাবশ্যক স্থলে, কোনও ক্রেমে, স্থীয় রচনাকে াদিরসে দূযিত করেন নাই, আবশ্যক স্থলেও অত্যন্ত সাব-ন হইয়াছেন। ইঁছার যেমন বিশেষ গুণ আছে, মনই কয়েকটি বিশেষ দোষও আছে। রচনার দোষে ানে স্থানে অর্থবোধ হওয়া তুর্ঘট; এবং ঘধ্যে মধ্যে ক্ষত ও প্রাক্ষত ভাষাতে এমন দীর্ঘসমাসহটিত লা আছে যে তাহাতে অর্থবোধ ও রসাম্বাদ বিষয়ে লক্ষণ ব্যাঘাত জন্মিয়া উঠে। নাটকের কথোপকথন লে সেরপ দীর্ঘসমাসঘটিত রচনা অত্যন্ত দুষ্য।

বীরচরিতে রাজের বিবাহ অবধি রাবণবধের পর অবোধ্যা ত্যাগমন ও রাজ্যাভিষেক পর্যান্ত বর্দিত হুইরাছে। বীররসাঞ্জিত নাটক। বীরচরিতে ভবভূতির কবিত্ব-কৈ বিলক্ষণ প্রাদর্শিত হুইরাছে; কিন্তু যে সমস্ত গুণ কিলে নাটক প্রাশংসনীয় হয়, সে সমুদ্র তাদৃশ অধিক ই। তথাপি, রামচরিতের এই অংশ দীইয়া অন্য অন্য কবি যে সকল নাটক রচনা করিয়াছেন, বীরচরিও সকল অপেকা সুর্ববাংশে উত্তম, তাহার সন্দেহ নাই।

উত্তরচরিতে বারচরিতবর্ণিতাবশিষ্ট রামচরিত বর্ণি ছইরাছে। উত্তরচরিত তবভূতির সর্বপ্রধান নাটন এই নাটক করুণারসাখ্রিত। বর্ণনা সকল কারুণ্য, মাগু ও অর্থের গান্তীর্য্যে পরিপূর্ণ। রচনা মধুর, ললিত প্রগাঢ়। কলতঃ, শকুন্তলা আদিরস বিষয়ে যেমন সর্ব্বে কট নাটক, উত্তরচরিত করুণরস বিষয়ে সেইরূপ। নাটক পাঠ করিলে, মোহিত হইতে ও অঞ্চণাত করি হয়।

মালতীমাধ্য আদিরসাপ্রিত নাটক। তবভূতি নাটকে আপন রচনাশক্তি ও কবিত্বশক্তির একরে প্রদর্শন করিয়াছেন; এবং প্রস্তাবনাতে গর্বিত বারে কহিয়াছেন, "যাহারা আমার এই নাটকে অব প্রদর্শন করে, তাহারাই তাহার কারণ জানে, তা দের নিমিত্ত আমার এ যত্ন নয়; আমার কাব্যের তা গ্রহণসমর্থ কোনও ব্যক্তি এই অদীম ভূমগুলের কো স্থানে থাকিতে পারেন, অথবা কোনও কালে উং হুইতে পারেন" (১৪)। কিন্তু ভবভূতি, অসাধারণ উং

<sup>(</sup>१४) वे नाम के चिदिह नः प्रथयन्यवद्यां ज्ञानिन ते किमिप तान् प्रति नेष यद्धः । उत्स्युद्धतेऽस्ति मम कोऽपि समानधन्त्रां भानो ह्ययं निरयधिर्षपुना च प्रस्वी ॥

পোদনের নিমিত্ত বেরূপ প্রয়াদ পাইয়াছিলেন, এবং ভাবনাতে ষেরপ অসদৃশ অহস্কার প্রদর্শন করিয়াছেন, লতীমাধ্ব তত উত্তম নাটক হয় নাই। ইহাতে রচনার তুর্য্য ও মাধুর্য্য আছে এবং অর্পেরও অসাধারণ গান্ডীর্য্য हि, वर्षार्थ वर्ष्ट ; किंखु कोलिमाम इचास ও भकूसुलात, নাহর রূপে নিবদ্ধ করিয়াছেন, মালতী ও মাধবের বৃত্তান্ত াভূতি সেরূপ মনোহর করিতে পারেন নাই। বিশে-ঃ, অর্থবোধের কট ও অভিদীর্ঘ সমাস প্রভৃতি ভূতির যে সমস্ত দোষ আছে, সে সমুদ্র মালতী-াবেই ভূরি পরিমাণে উপলব্ধ হয়। আমরা, মালতীমাধব ১ করিয়া, ভবভূতির কবিত্বশক্তি ও রচনাশক্তির <sup>গংসা</sup> করিতে প্রস্তুত আছি; কিন্তু মালতীমাধবকে গৃৎকৃষ্ট নাটক বলিয়া অঞ্চীকার করিতে কোনও ক্রমে ত নহি। ভবভূতি যত অহস্কার করুন না কেন, হার মালতীমাধ্ব কালিদাসের শকুস্তলা, 🚇 হর্মদেবের বিলী এবং তাঁহার নিজের উত্তরচরিত অপেকা অনেক শে ভূান। ভবভূতি স্বপ্রণীত নাটকত্রয়ের মধ্যে, বোধ মালতীমাধবকেই সর্ক্ষোৎকৃষ্ট স্থির করিয়াছিলেন। শাঠকবর্গের বিবেচনা ষেরূপ পক্ষপাভশূন্য হয়, কর্তাদের নিজের বিবেচনা সর্বাদা সেরূপ ছইয়া উঠে

না। বোধ হয়, সন্ধায় পাঠক মাত্রেই উত্তরচরিতকে ভূতির সর্ব্বোৎকুট নাটক জ্ঞান করিয়া থাকেন।

## রত্নাবলী ও নাগানন।

রত্বাবলী এক অত্যুৎকৃত্ট নাটক—এমন উৎকৃত্টী আনেকে রত্বাবলীকে যাবভীয় নাটক অংশকা সমা মনোহর জ্ঞান করিয়া থাকেন। সে যাহা হুট্ উৎকর্ষ অনুসারে পৌর্বাপর্য্য স্থির করিতে হুই। শকুস্তুলার পরে রত্বাবলীর নাম নির্দেশ হওয়া উচি রত্বাবলী চারি অস্কে বিভক্ত। এই নাটকে বৎসরাহ সাগারিকার ব্রন্থান্ত বর্দিত হুইয়াছে। রাজদর্শনান সাগারিকার বিরহ, সাগারিকার সহিত অকন্যাৎ রাহ সাক্ষাৎকার, ও রাজমহিনী বাসবদত্তার বেশে সাগারিক রাজসমাগম, দ্বিতীর ও তৃতীর অস্কে এই সকল বি বর্ণন কালে, কবি বের্ম্বণ কেশিল ও যেরূপ কর্ণ প্রদর্শন করিয়াছেন, শকুন্তুলা ভিন্ন আর কোনাটকেই সেরূপ দেখিতে পাওয়া যায় না। না নন্দও উত্তম নাটক বটে, কিন্তু রত্বাবলী অপেক্ষা অন্তিন্ত ।

প্নত্নাবলী ও নাগানন্দ শ্রীহর্বদেবপ্রণীত। শ্রীহর্ব

শ্লীরের রাজা ছিলেন। কহলণরাজতর জিণীর সপ্তম তরঙ্গে র্ম্বাদেবের রক্তান্ত বর্ণিত আছে। রাজতর জিণীতে রত্বালী ও নাগানন্দের উল্লেখ নাই, কিন্তু এরপ লিখিত গছে, প্রিহর্ধদেব অশেষদেশভাষাজ্ঞ, সর্ব্ব ভাষায় সৎকবি। সমস্ত বিদ্যার আধার ছিলেন (১৫)। রত্বাবলী ও নাগান্দের প্রস্তাবনাতে রাজজীহর্ষদেবপ্রনীত বলিয়া নির্দেশ গছে, এবং রাজতর জিণীতেও রাজা শ্রীহর্ষদেব সৎকবি লিয়া লিখিত আছে; স্কৃতরাং, রাজতর জিণীর শ্রীহর্ষন্ব যে রত্বাবলী ও নাগানন্দের রচয়িতা, এরপ নির্দেশ নতান্ত অসক্ষত বোর হয় না। বিশেষতঃ, আর কানও প্রস্তু আর কোনও রাজা শ্রীহর্ষদেবের উল্লেখ দখিতে পাওয়া যায় না। শ্রীহর্ষদেব, কিঞ্চিৎ অধিক মাট শত বংসর পূর্বের, কশ্মীরের সিংহাসনে আরোহণ গরিয়াছিলেন।

এরপ প্রবাদ আছে, ধাবক নামে এক কবি রত্বাবলী

নাগাননদ রচনা করেন; শ্রীহর্ষদেব, অর্থ প্রদান দ্বারা

াবককে সন্মত ও সন্তুষ্ট করিয়া, ঐ হুই নাটক আপন নামে
প্রচলিত করিয়াছেন। প্রানিদ্ধ প্রধান আলঙ্কারিক মন্মট
চটের লিখন দ্বারাও এইরূপ প্রতিপন্ন হইয়া ধাকে (১৬)।

<sup>(</sup>१५) सीऽभेवदेशभाषात्रः सर्वभाषासु सत्कविः। कृत्स्विवद्यानिधिः माप व्याति देशान्तरेव्विषि ॥ ७।६११। (१६) श्रीच्चर्वादेर्धावकादीनासिव धनसृ । काराश्वकाण।

কিন্তু ধাবক ও শ্রীহর্ষদেবে সহজ্র বৎসরেরও আ

অন্তর। উভয়ে এক সময়ের লোক নহেন। কালিদার্

মালবিকাগ্নিদির্ট্রের প্রক্ষাবনাতে, প্রাচীন নাটকলেখা
বলিয়া, ধাবকের নামোল্লেখ আছে (১৭)। তদমুদারে

ধাবক বিক্রমাদিত্যের সময়েরও পূর্বের প্রায়ভূত হইয়া
ছিলেন। স্মৃতরাং, ঐ লোকপ্রবাদ ও তয়ূলক মদাটে
দিল্লান্ত অমূলক বোধ হইতেছে। আর, যখন শ্রীহর্ষ
দেবের সংকবিত্ব ও অশেষবিদ্যাশালিত্ব প্রামাণিক পুরার্

উদ্ধ দারা প্রতিপন্ন হইতেছে; তখন, অমূলক লোকপ্রবাদ
ও তয়ূলক মদাটের লিখন রক্ষার নিমিত্ত, ধাবকান্তঃ
কম্পানা করিয়া, শ্রীহর্ষদেবের কবিকীর্তি লোণ কর
কোনও ক্রমে স্থায়ামুগত বোধ হইতেছে না।

## য়চ্ছকটিক।

মৃক্তকটিকের রচনা ও বর্ণনা দেখিলে স্পাই বোধ হয় ইহা অতি প্রাচীন গ্রন্থ। বোধ হয়, সংস্কৃত ভাষায় একং যত নাটক আছে, মৃক্তকটিক সর্বাণেক্ষা প্রাচীন। গ্রন্থ কর্ত্তার নাম শৃক্তক। শৃক্তক, বিক্রমাদিত্যের পূর্বের, ভূমওণে

<sup>(</sup>१७) प्रथितयश्यां भावकसौमिञ्जकविषुत्रादीनां प्रवस्थानिः क्रस्य वर्त्तमानकः काजिदासस्य कतौ विं कतो बद्धमानः

তুর্ত হইয়াছিলেন (১৮)। যুক্ত্কটিকলেখক সংক্রি

ক্ষুক্তে রচনায় অভিপ্রবীণ ছিলেন। এই নাটকের

ক্ষুনে অতি উৎক্ষট বর্ণনা আছে কু প্লোক সকল

তর্মীকর; আত্যোপাস্তের রচনা অতি প্রাঞ্জল। সরুপর্য্যালোচনা করিলে, যুক্ত্কটিক অতি উত্তম কাব্য

া, কিন্তু সর্বাংশে প্রশংসনীয় নাটক বলিয়া গণনীয়
তে পারে না। ইহা অবশ্যই স্থীকার করিতে হইবেক,
কটিক নাটকাংশে শকুন্তলা, রত্বাবলী ও উত্তরচরিত
পক্ষা অনেক ক্যুন।
প্রস্তাবনাতে যুক্ত্কটিক শুদ্দপ্রপীত বলিয়া নির্দেশ
ছে। কিন্তু, প্রস্তাবনার সমুদ্য অংশ বিবেচনা করিলে,
ক রাজার গ্রন্থকর্ত্ব বিষয়ে নানা সংশয় উপস্থিত
। প্রস্তাবনাতে লিখিত আছে, "গজেন্দ্রগমন, চকোর-

र, পূর্ণচন্দ্রদন, স্থেষটিতকলেবর, অগাধরুদ্ধিশালী

तिष्व वर्ष चहस्रेषु कर्नयतिषु पार्थिव।
तिमते च दमन्यूने ह्यस्यां मुनि भनिस्यति ॥
म्यूद्रभी नाम वीराणामधिषः चित्रसत्तमः।
म्यपान् सब्योन् पापरूपान् विद्वतान् यो इनिस्यति ॥
चित्रतायां समाराध्य नस्ति मुमरापहः।
तनस्तिषु सहस्रेषु दमाधिक मन्योग ॥
भनिस्यं नन्द्राज्यञ्च चाण्क्यो यान् हनिस्यति ।
गुक्ततीर्थं सर्वपापनिर्मुक्ति योऽनिस्यति ॥
तनस्तिषु सहस्रेषु सहस्राध्यधिकेषु च ।
भनिस्यो निक्रमादित्यो राज्यं सोऽल मनस्यते ॥
कृपादिक्रां स्थ यूष्यायाधीर्य ।

শুদ্রক নামে প্রাসদ্ধ কবি ছিলেন" (১৯)। "শুদ্রক र পুত্রকে নিংহাদনে অধিষ্ঠিত দেখিয়া, মহাসমায়ে অর্থমের যজ্ঞ ক্রেরিয়া, এবং এক শত বৎসর দশ*ী*দ আয়ুঃ লাভ করিয়া, অগ্নিপ্রবেশ করিয়াছেন"(২০) ুর্শু রাজা, কবি ও অগাধবুদ্ধিশালী হইয়া, গজেন্দ্রগা চকোরনয়ন, পূর্ণচন্দ্রবদন, স্থঘটিতকলেবর ইত্যাদি বিশে দ্বারা আপন এন্থে আপনার বর্ণন করিবেন, সম্ভব ৫ इय ना। विटमंबज्य, এक मंज वरमत मम मिवम व লাভ করিয়া, অগ্নিপ্রবেশ দ্বারা স্বীয় প্রাণত্যাগের বি স্থগ্রন্থে নির্দেশ করা কোনও ক্রমে সংলগ্ন হইতে পা না। ইহাতে, অনায়াদে এরপ অনুমান করা ধাই পারে, মৃচ্চুকটিক শূদ্রক রাজার প্রণীত নহে, অথবা, প্রস্ত নাংশ শৃদ্রকের মৃত্যুর পর অন্য দ্বারা রচিত ও মৃচ্ছকটি যোজিত হইয়াছে। কিন্তু, প্রস্তাবনা ও নাটকের রনদ এরপ সৌসাদৃশ্য যে এই ছুই বিষয় বিভিন্ন লেখনীয়া হইতে বিনির্গত, এরূপ প্রতীতি হওয়া হুর্ঘট। বিশেষ প্রস্তাবনা গ্রন্থকর্তা ভিন্ন অন্য ব্যক্তি দারা লিখিত। এরপ ব্যবহার অদৃষ্টচর ও অঞ্রতপূর্ব। সংস্কৃত নাটা

(२०) राजान वाच्य पुत्र पर्मस्छद्यनाश्वमयन प्रकार लब्ध्या चाुयः ग्रताब्दं दग्रदिनसहितं स्यूद्रकोऽनिनं प्रवि

<sup>(</sup>१८) एतत्कविः किल दिरहेन्द्रगतिसकोर्ने तः परिपूर्धेन्दुसुखः सुवियस्य। दिजसुख्यतमः कविवभूव प्रियतः सूद्रक रूखगाधसन्तः। (२०) राजानं वीळ्य पुन्नं परमससुदयेनास्त्रभेभेन चेद्दा।

প্রস্তাবনা নাটকের অবয়ব স্বরূপ, ভাহা অন্য ব্যক্তি দারা ক্ললিত হওয়া কোনও ক্রমে সম্ভব বোধ হয় না।

## যুদ্রারাক্ষস।

মুজারাক্ষস বিশাখদেবপ্রণীত। প্রস্তাবনার নির্দ্ধিটি নাছে, বিশাখদেব রাজার পুত্র। বিশাখ সংকবি ও সংক্রচনা বিষয়ে অতি প্রবীন ছিলেন। কিন্তু তাঁছার রচনা মাক প্রাঞ্জল ও ললিত নছে। যাহা হউক, মুজারাক্ষস এক ভুত্তম নাটক। চাণক্য, নন্দবংশকে রাজ্যচ্যুত করিয়া, ল্রগুপ্তকে পাটলিপুত্রের সিংহাসনে প্রভিন্তিত করেন। কন্তু রাজ্যত্রই নন্দবংশের অমাত্য রাক্ষস অভ্যন্ত প্রভূনরায়ণ ও নীতিবিদ্যায় অন্ধিতীয় ছিলেন। তিনি চল্লাপ্রের প্রতিপক্ষ থাকিলে, তদীয় বিসহাসন বন্ধমূল হয় ।; এই নিমিত্ত চাণক্য, স্বীয় অসাধারণ কৌশলে ও নিত প্রভাবে, রাক্ষসকে চল্লগুপ্তের প্রধান অমাত্যের পদ নিত প্রভাবে, রাক্ষসকে চল্লগুপ্তের প্রধান অমাত্যের পদ নিতার করান। এই বিষয় মুজারাক্ষসে মুন্দার রূপে রিত হইয়াছে।

#### [ %0 ]

## বেণীসংহার।

বেণীসংহার ৫ ভউনারায়ণপ্রণীত। এরপ কিংব 🚜 আছে, রাজা আদিশূর কান্যকুক্ত হইতে গৌড়দেট্রণ তে পঞ্চ ত্রাহ্মণ আনয়ন করেন, ভউনারায়ণ তাঁছাদের মং এক জন। এই নাটক নাটকের প্রায় সমুদয় লক্ষণে অলক্ষ্ড সাহিত্য দর্পণের ষষ্ঠপরিচ্ছেদে, নাটক সংক্রাস্ত বিষয়ে উদাহরণ প্রদর্শনের নিমিত্ত, বেণীসংহার হইতে যত উদ্ধৃ হুইয়াছে, অন্য কোনও নাটক হুইতে তত নহে। কিন্তু ভ্য নারায়ণের রচনা প্রাচীন কবিদের রচনার ন্যায় মনো হারিণী নছে। রচনার ন্যুনতা প্রযুক্তই বেণীদংহাঃ নাটকের সমুদয় লক্ষণে আক্রান্ত হইয়াও, কাব্য অং শকুস্তলা, রত্মাবলী, উত্তরচরিত, মৃচ্ছকটিক, মুদ্রারাক্ষ প্রভৃতি অপেকা অনেক ক্যুন। বেনীদংহার বীররসাঞ্রি নাটক। ইহাতে কুৰুপাওবযুদ্ধ বৰ্ণিত ছইয়াছে। স্থা म्हात्न वीत ७ कक्न तम मः जास्त छेडम छेडम तम्ना উত্তম উত্তম বর্ণনা আছে।

বে সকল নাটকের বিষয় উল্লিখিত হইল, সংস্কৃত ভাগ তত্ত্যভিরিক্ত অনেক নাটক আছে; বাহুল্যভয়ে এ স্থা সে সকলের উল্লেখ করা গেল না। সমুদ্য়ে বিরাশি খার্চিকের নাম গ্লাওয়া গিয়াছে; তত্ত্বাধ্যে তেত্তিশ খার্চি র বিদ্যমান বলিয়া বিজ্ঞাত ; অবশিষ্ট সকলের
পেকে ও সাহিত্য দর্পণে উল্লেখ আছে, এবং
হি প্রদর্শনের নিমিত্ত, অনেকেরই কোনও কোনও
শ উদ্ধৃত হইয়াছে। কুন্দমালা, উদাত্তরাঘব,
নরামায়ণ প্রাস্থৃতি কতিপয় নাটকের উদ্ধৃত অংশ
নে বোধ হয়, ঐ সকল নাটক অত্যুৎকৃষ্ট।

## উপাখ্যান।

গণ্পাচ্চলে বালকদিগের নীতি শিক্ষার নিমিন্ত, মনুষ্য,
পক্ষীর কণ্পিত বৃত্তান্ত ঘটিত যে সকল গ্রন্থ

ह, অথবা গ্রন্থকর্তারা স্বেচ্ছা অনুসারে নানা লেকিক
লোকিক বৃত্তান্ত ঘটিত যে সকল গ্রন্থ রচনা করিয়াভারতবর্ষীয় পণ্ডিতেরা উহাদিগকেও কাব্য নামে
শি করিয়া থাকেন । কিন্তু, কি কথাযোজনা, কি রচনা,
বর্ণনা, কোনও অংশেই উহারা কাব্যনামের যোগ্য
। সংস্কৃত উপাধ্যানগ্রন্থ কেবল গদ্য, কেবল পদ্য, ও
পদ্য উভয়াত্মক আছে । কিন্তু তাহারা প্রক্রত রূপে
শ্রণীতে পরিগণিত হইতে পারে না । এই নিমিত্ত
ছলে তাহাদের উল্লেখ করা যায় নাই । উপাধ্যানের
ক্রিরক ধানি বিশেষ প্রাসিদ্ধ, এক্ষণে তাহাদের
সংক্ষেপে উল্লিখিত হইতেছে ।

#### [ 43 ]

## পঞ্চন্ত্র ও হিতোপদেশ।

পঞ্চন্ত্রের রচনাপ্রণালী দৃটে স্পট বোধ ই 📈 ह অতি প্রাচীন এন্থ। প্রাচীন বলিয়া উহার রচনা অঙ সরল। এরূপ সরল সংস্কৃত গ্রন্থ আর দৃষ্টিগোচর। না। পঞ্চামের প্রাচীনত্ব ও তরিবন্ধন সরলত্ব ব্যর্ড আর কিছুই বিশেষ প্রশংসনীয় নহে। রচনার মাগু नारे, कथारगाजनात ठाजूर्या नारे ; अधिकखु, मरशा म বহুতর অসার ও অসম্বন্ধ কথা আছে। বোধ হয়, কো বিশেষ গুণ নাই বলিয়াই, পঞ্চন্ত্ৰ একান্ত উপো হুইয়া আছে; অন্য অন্য এন্থের ন্যায়, সচরাচর স প্রচলিত নছে। লিপিকরপ্রমাদ বশতঃ, পঞ্চন্ত্রের স্থা স্থানের পাঠ এমন অপভংশিত হইয়া গিয়াছে যে অর্থ ও তাৎপর্য্যগ্রহ হওরা ছুর্ঘট। পঞ্চতন্ত্রে, বিষ্ণুশর্মা রাজপুত্রগণ শ্রোতা এই প্রণালীতে, মনুষ্য, পশু, গ উপাখ্যানজ্ঞলে, নীতি উপদিষ্ট হইয়াছে। সংস্কৃতবেতারা পঞ্চন্ত্রকে পারস, আরব, প্রভৃতি দেশীয় উপাখ্যানের মূল বলিয়া নির্দেশ করিয়া

ছিতোপদেশকর্ত্তা গ্রন্থারন্তে প্রতিজ্ঞা করিয়াছেন, তন্ত্রের ও অন্যান্য গ্রন্থের সার সঙ্কলন করিয়া, নি<sup>র্চি</sup> আরম্ভ করিলাম (২১)। বাস্তবিক, হিতোপদেশ

<sup>(</sup>२१) पञ्चतन्त्रात्तयात्यसाद्यत्यादाकव्य विख्यते।

ন্ত্রর প্রতিরূপ স্বরূপ। পঞ্চতন্ত্রের দোষ গুণ অধিকাংশই চাপুদেশে লক্ষিত হয়। বিশেষ এই, পঞ্চতন্ত্র অপেকা বেদেশের রচনা কিঞ্চিৎ গাঢ়, এবং প্রস্তুত বিষয়ের গদ্য অথবা দৃটীকরণ বাসনায়, নানা প্রামাণিক গ্রন্থ তে প্রমাণ, দৃষ্টান্ত, উদাহরণ স্বরূপ উত্তম উত্তম প্রোক ক উদ্ধৃত হইয়াছে। কিন্তু গ্রন্থকর্ত্তার সম্যক সহ্বদয়র অসন্তাব প্রযুক্ত, অনেক স্থলেই উদ্ধৃত প্রোক সকল দংলগ্ন হইয়া উঠিয়াছে; সেই সেই স্থলে প্রকৃত বিষয়ের হত ঐ সকল প্রোকের কোনও সম্বন্ধ দেখিতে পাওয়া র না। গ্রন্থকর্তা লিখিয়াছেন, উপাখ্যানছ্লে বালকগকে নীতি উপদেশ দিতেছি (২২)। কিন্তু, মধ্যে মধ্যে দিরস্ঘটিত এক একটি অতি অল্লীল উপাখ্যান আছে। লক্দণের নিমিত্ত নীতিপুস্তক লিখিতে আরম্ভ করিয়া, বুঝিয়া, গ্রন্থকর্ত্তা ঐ সকল অল্পীল উপাখ্যান সঙ্কলন রিলেন, বলিতে পারা যায় না।

কোন ব্যক্তি পঞ্চন্ত্র ও হিতোপদেশ রচনা করিয়ান, তাহার স্থিরতা নাই। অনেকে বিষ্ণুশর্মাকে এই ভয় এন্থের রচয়িতা বলিয়া থাকেন; কিন্তু তাহার কোনও। মাণ নাই। পঞ্চন্ত্রে ও হিতোপদেশে বিষ্ণুশর্মা বক্তা, জপুত্রগণ শ্রোভা; বোধ হয়, তদ্ধর্শনেই বিষ্ণুশর্মা

<sup>(</sup>२२) बन्नवे भाजने लग्नः संस्कारी नान्यया भवेत्। कथाच्छलेन बालानां नीतिस्तदिह कैच्यते॥

গ্রন্থকর্ত্তা বলিয়া তাঁহাদের আদ্তি জন্মিয়া থাকিবেক।
ছই গ্রন্থ আন্ত্যোপান্ত গল্পে রচিত, কেবল মধ্যে মধ্যে জু স্তব্যের শ্লোক উদ্ধৃত হইয়াছে। লল্পুলাল হিতোপান্ত নারায়ণপণ্ডিতপ্রণীত বলিয়া নির্দ্ধেশ করিয়াছেন (২৩ কিন্তু, তাহার কোনও প্রমাণ পাওয়া যায় না।

### কথাসরিৎসাগর।

কথাসরিৎসাগর সোমদেব ভউপ্রণীত। উহা অতি রা পুস্তক। সোমদেব স্বপ্রস্তের শেবে লিখিয়াছেন, কশ্মীরে অধিপতি অনস্তদেবের মহিবী স্থ্যবিতীর চিত্তবিনোদ সম্পদনের নিমিত্ত, আমি এই গ্রন্থ রচনা করিলাম। কঙ্কা রাজতরঙ্কিণার সপ্রম তরঙ্গে অনস্তদেব ও স্থ্যবিতীর বৃত্তা আছে। রাজতরঙ্কিণীর গণনা অনুসারে, অনস্তদেব কিঞ্চি অধিক আটি শত বৎসর পূর্বের, কশ্মীরমণ্ডলের সিংহাস্থ অধিক ছাট শত বৎসর পূর্বের, কশ্মীরমণ্ডলের কথাসারিৎ সাগর আটি শত বৎসরের পুস্তক। এই অনস্তদে বরত্বাবলীকর্তা শীহর্ষদেবের পিতামহ। কথাসারিৎসাগরে যে সম্ব

<sup>(</sup>२३) काह्र समें चीनारायण पंडित ने नीतिशास्त्रनि कथानिकों संसद्ध करि संस्कृतमें एक स्वस्त्र वर्णा . नाम चितापदेश धर्मी। ब्रोडनीडि।

াাধ্যান আছে, তাহা তাদৃশ মনোহর নহে। এ সমুদ্র
ল অলোকিক ও অন্ত ত্রাপারে পরিপূর্ণ। অলোকিক
লা ও বৃত্তান্ত ঘটিত উপাধ্যান সকল এক সময়ে সাতিশার
নাহর ছিল, কিন্তু একণে আর তাহাদের তাদৃশ চমংরজনকত্ব নাই। সোমদেবের লিখন অনুসারে বোধ হইছে, বৃহৎকথা নামে এক বহুবিস্তৃত উপাধ্যান এন্থ ছিল,
নি তাহার সারসংগ্রহ করিয়াছেন। এই গ্রন্থ আত্যোন্ত পদ্যে রচিত।

বহুবিস্তৃত সংস্কৃত সাহিত্যে যে সমস্ত প্রধান গ্রন্থ ছে, তাহাদের বিষয় সংক্ষেপে উল্লিখিত হইল। স্কৃত কবিরা আদিরস, করুণরস ও শাস্ত্ররস সংক্রাস্ত যে ল বর্ণনা করিয়াছেন, তাহা যেরপ মনোহর, তাঁহাদের ঘ্য, বীর, ভরানক প্রভৃতি রস সংক্রাস্ত বর্ণন তাদৃশা াহর নহে। কলতঃ, তাঁহারা মধুর ও ললিত বর্ণনাতে গে নিপুণ, উদ্ধত, ওজস্বী ও প্রসাঢ় বর্ণনাতে তদমুরূপ গুণ নহেন। নারক নারিকার প্রথমদর্শন, পূর্বরাগ, া, বিরহ, প্রবাস, শোক, বৈরাগ্য, উপবন, বসস্তু, লতা, গ প্রভৃতির বর্ণনা হেরপ হৃদর্গ্রাহিণী; য়ুদ্ধ, ভর, তি, সমুদ্র প্রভৃতির বর্ণনা তদমুমায়িনী নহে।

#### [ ৮৬ ]

# উপসংহার।

সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্যশান্তের ি সজ্জেপে উদ্লিখিত হইল। অনেকে সংস্কৃত ভাষার অ
শীলন একান্ত অকিঞ্চিৎকর জ্ঞান করিয়া থাকেন।
নিমিত্ত, সংস্কৃত ভাষার কলোপধারকতা বিষয়ে সংক্ষে
কিঞ্চিৎ বর্ণন করিয়া প্রস্তাব সমাপন করিব।

সংস্কৃত ভাষার অনুশীলনে নানা ফল। ইয়ুরোপে শ
বিজ্ঞার যে ইয়তী জীরদ্ধি হইয়াছে, সংস্কৃত ভাষার ছ
শীলন ভাহার মূল। ইয়ুরোপীয় পণ্ডিতেরা সংস্কৃত ভাষার
অনুশীলন দ্বারা অন্ত অন্ত ভাষার মূলনির্ণয়, স্বরূপর্প
জ্ঞান ও মর্ম্মোন্ডেদে সমর্থ হইয়াছেন; এবং এই পৃথি
যে নানা মানবজ্ঞাভির আবাসস্থান, ভাহাদের কে রে
শ্রেণীর অন্তর্গত, কে কোন দেশের আদিম নিবাসী লো
কে কোন প্রদেশ হইতে আসিয়া কোন প্রদেশে য
করিয়াছে; ইত্যাদি নির্দ্ধারণ করিতে আরম্ভ করিয়াছে
কিন্তু, ইয়ুরোপীয় শন্ধবিল্লা যাবৎ সংস্কৃত ভাষার সহার
প্রাপ্ত হয়ুরাপীয় শন্ধবিল্লা যাবৎ সংস্কৃত ভাষার সহার
প্রাপ্ত হয়ুরাপীয় শন্ধবিল্লা বাবং সংস্কৃত ভাষাকে সকল ভাষার ভাষা বলিয়া নির্দে
করিয়াছেন। •

দ্বিতীয়তঃ, সংক্ষৃত ভাষার অনুশীলনের এক অতি প্রধান এই বে, ইদানীস্তন কালে ভারতবর্ষে হিন্দী, বাঙ্গালা ভু ি যে সকল ভাষা কথোপকথনে ও লীেকিক ব্যব**হা**রে চলিত আছে, সে সমুদয় অতি হীন অবস্থায় রহিয়াছে। া একপ্রকার বিধিনির্বন্ধ স্বরূপ হইয়া উঠিয়াছে যে, রি পরিমাণে সংস্কৃত কথা লইয়া ঐ সকল ভাষায় ন্নবেশিত না করিলে, তাহাদের সমৃদ্ধি ও ত্রীরৃদ্ধি পাদন করা বাইবেক না। কিন্তু, সংস্কৃত ভাষার পূর্ণরূপ ব্যুৎপত্তি লাভ ব্যভিরেকে, তৎসম্পাদন কোনও ত সম্ভাবিত নহে। ইহা অবশ্য স্বীকার করিতে হই-ক, ভারতবর্ষীয় সর্বাদারণ লোক বিজ্ঞানুশীলনের কল-গণী না হইলে, ভাহাদের চিত্তকেত্র হইতে চিরপ্রক্লচ গংস্কারের সমূলে উন্মূলন হইবেক না; এবং হিন্দী, াঙ্গালা প্রভৃতি তত্তৎ প্রদেশের প্রচলিত ভাষাকে ারস্বরূপ না করিলে, সর্ব্বসাধারণের বিষ্ঠানুশীলন সম্পন্ন ওয়া সম্ভব ন**হে। স্ব্ত**রাং, ইয়ুরোপীয় কোনও ভাষা ইতে পুরাবৃত্ত পদার্থবিজ্ঞা প্রভৃতি ঐ সকল প্রচলিত গৰায় সক্কলিভ হওয়া অভ্যাবশ্যক। কিন্তু, সংস্কৃত না গনিলে, কেবল ইঙ্গরেজী শিখিয়া, আমরা যে ঐ মছোপ-ারক গুৰুতর বিষয় সম্পন্ন করিতে পারিব, ইহা কোনও তে সম্ভাবিত নছে।

ত্তীয়তঃ, পূর্ব্বকালীন লোকদিগের@আচার, ব্যবহার,

রীডি, নীভি, ধর্ম, উপাসনা ও বুদ্ধির গভি প্রস্তৃতি বি नकल मनूरामाखित व्यवशाख्यत, देश वाह हत, मुक्त অঙ্গীকার করিয়¶ থাকেন। অহ্য অহ্য দেশ সংক্রোৠ সমস্ত বিষয় তত্তদেশীয় পুরাবৃত এন্থ দারা অবগত হও ৰায়। সংকৃত ভাষায়, রাজভরকিণী ব্যতিরিক্ত, প্রায় **পুরার্ত্ত গ্রন্থ এক খানিও নাই। রাজতরঙ্গিণীতেও এই**ক বিস্তৃত ভারতবর্ষের এক অতি ক্ষুদ্র অংশ কশ্মীরের পুরা; মাত্র সঙ্কলিত আছে। সেই সঙ্কলিত পুরায়ত্তও সর্ব্বদাধাঃ লোক সংক্রাম্ভ নহে। কে কোন সময়ে সিংহাসনে আরে হণ করিয়াছিলেন, কে কত দিন রাজ্যশাসন ও প্রজাপান করিয়াছিলেন, কে কোন সময়ে সিংহাসনভট হইঃ ছিলেন, কে কাহাকে সিংহাসনভ্রত করিয়া স্বীয় ক্ষমতা রাজ্যাম্পদ অধিকার করিয়াছিলেন , এইরূপ, কেবল রাজ ্রদিণের বৃত্তা**ন্ত মাত্র সঙ্কলিত হইয়াছে। স্থত**রাং, প্রক পুরারতের নিতান্ত অসন্তাবস্থলে বেদ, স্মৃতি, দর্শন, পুরা ইতিহাস, সাহিত্য প্রভৃতি শাস্ত্রের অনুশীলন ব্যতিরেনে পূর্ব্বকালীন ভারতবর্ষীয়দিগের আচার ব্যবহার প্রভৃ পরিজ্ঞানের আর কোনও পথ নাই।

চতুর্থতঃ, যাবতীয় সাহিত্যশান্তের অনুশীলনে । আমোদ, যে উপকার, যে উপদেশ লব্ধ হইয়া থাবে সংস্কৃত সাহিত্যশান্ত সেই আমোদ, সেই উপকার, বে উপদেশ প্রদানে অসমর্থ নহে।

#### [ 64 ]

এই সমস্ত সংক্ষৃত ভাষার অনুশীলনসাপেক।

কেন্দ্র, ওঁছারা যে এইরূপ মহোপকারিণী সংক্ষৃত ভাষার

স্শীলনে একান্ত উপেকা করেন, ইহা অপ্প আক্রেপের

ন্য নহে।

मन्त्रुर्ग

PRINTED BY PITAMBABA VANDYOPADHAYA, AT THE SANSKRIT PRESS. 62, AMHERST STREET, 1879.

# পিটার পারলির আখ্যায়িকা।

প্ৰথম ভাগ।

পিটার পারনির ইউরোপ ভ্রমণের বিবরণ।
হেরারু ক্লের ২র সংস্কৃত শিক্ষক
শ্রীসুক্ত পণ্ডিত লালগোপাল গোস্বামী

कईक

অপুবাদিত।

দিতীর সংস্করণ।

৩১ নং পটলডাকা द्वीট।

PUBLISHED BY BOSE BROTHER'S

54/1 COLLEGE STREET,

CALCUTTA.

# Printed at the Radharaman Press, 122, Amherst street.

## পিটার পারলির ইউরোপ ভ্রমণ।

#### প্রথম পরিচেছদ।

আমার নাম পিটার পারলি। আমি বয়সে বৃদ্ধ, এবং দামার একথানি পা ভাঙ্গা। আমি অনেক দেখিয়াছি ও অনেক শুনিয়াছি, এবং সেই বৃত্তান্তগুলি গল্প করিতে ভাল বাসি। বালকেরা অভাবতঃ গল্প শুনিতে ভাল বাসে, এই নিমিত্ত আমাকে দেখিতে পাইলেই ভাহারা চতুর্দ্ধিকে বেন্টন করিয়া বসে, এবং আমিও ভাহাদিগকে অবসর ক্রমে আপন জ্রমণ বৃত্তান্ত বলিতে আরম্ভ করি। এক্ষণে দামার ইউরোপ জ্রমণ বৃত্তান্ত বলিতেছি, শ্রবণ কর।

বোধ হয় তোমরা সকলেই ইউরোপের নাম শুনি
রাছ। ভূচিত্রে দৃষ্টিপাত করিলেই দেখিতে পাইবে থে,

য দেশের উত্তর সীমায় উত্তর মহাসাগর, দক্ষিণ সীমায়

হমধ্য বাগর, পূর্ব সীমায় আসিয়ান্থিত রুসিয়াও পশ্চিম

রামায় আটলান্টিক মহাসাগর, জর্ম্মণ সমুদ্র, ও ইংলিস

প্রণালা, ভাহাকেই ইউরোপ ক্রে।

ইউরোপ অতি বিস্তৃত দেশ, এবং পৃথিবীর সকল । দশ অপেক্ষা ইহার অধিবাসীর সংখ্যা অধিক। কিন্তু অতি বিস্তৃতে হইলেও বিস্তার আফ্রিকা দেশের তিন ভাগে একভাগ। কেবল অধিবাসীর সংখ্যা আফ্রিকা অপেক্ষ চারি গুণ, এবং আমেরিকা অপেক্ষা ছয় গুণ অধিক ইউরোপের সকল স্থানেই বৃহৎ বৃহৎ নগর, ধর্মালয় মনোহর রাজভবন, এবং প্রাচীন নগরের ভগ্নাবশে দেখা যায়। এই দেশ অনেক ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত এবং প্রত্যেক রাজ্যের অধিবাসীর আচার, ব্যবহার, রীতি নীতি, ভাষা ও পরিচ্ছদাদি বিভিন্ন।

ইউরোপের মধ্যে ইংলগুবাসীদিগের ভাষা ইংরাজী এতদ্বাতীত, আমেরিকান, আইরিস,এবং কচ্দিগের ভাষাধ ইংরাজী, তবে কেবল উচ্চারণের কিছু ইতর বিশেষ আছে আয়ারর্লগু বাসীরা ইংরাজ শাসনের অধীন। ইংরাজ ব্যতীত ইউরোপের ফ্রেঞ্চ্ দেশবাসীদিগকে ফরাসী, হলগুর অধিবাসাদিগকে গুলন্দাজ, ডেনমার্কের অধিবাসীদিগকে ডেন্, রুসিয়ার অধিবাসীদিগকে রশিয়ান, হঙ্গেরীর অধিবাসীদিগকে হঙ্গেরীয়ান, তুরুক্বের অধিবাসীদিগকে টর্ক্ গ্রীসের অধিবাসীদিগকে গ্রীক্, ইটালির অধিবাসীদিগকে ইটালিরান, স্পেনের অধিবাসীদিগকে স্পানিয়ার্জ্ক এবং পর্ট্ গাল দেশবাসীদিগকে পোর্ট্ গিস্ কহে।

জর্মনী রাজ্য অনেক ভাগে বিভক্ত। তাহার মধে অষ্ট্রীয়া, প্রসিয়া, সাক্ষনী, এবং স্থইজর্লগু প্রধান। এই সমস্ত দেশের বিবরণ ক্রমে ক্রমে বলা যাইবে।

#### বিতীয় পরিচেছদ।

ইউরোপের উত্তর সীমা স্থিত দেশ, অর্থাৎ নরওয়ে, চ্ইডেন্, ডেক্মার্ক, ল্যাপ্লাণ্ড, এবং রুসিয়ার উত্তর সীমা, মতিশয় শীতল। বিশেষতঃ শীতকালে এই সকল দেশে চয়স্কর শীতের প্রাত্তাব হয়। এ দেশবাসীরা শীতকালে, শেম এবং পশ্তর ছাল বস্তুসক্রপ ব্যবহার করে।

স্থ ইডেনের অধিবাসীরা অতি দরিত্র, কিন্তু সরল এবং

ংপথাবলম্বী। স্থ ইস্দিগকে দেখিলেই অতি আমোদপ্রিয়

এবং সস্তোষী বলিয়া বোধ হয়। রুসিয়া এত দূর পর্যান্ত বস্তুত, যে ইহার উত্তর সীমাস্থিত দেশ সকল কানাডার

ায় শীতল, এবং দক্ষিণ সীমা সেই পরিমাণে উষ্ণ।

সিয়ার অধিবাসীরা সচরাচর মূর্খ এবং নির্কোধ।

দেশের বড়লোক ও ধনবান্ ব্যতীত, সকলেই ক্রীত
বিস্তাবাপ্রা।

প্রদিয়া দেশ রুসিয়ার সহিত সংযুক্ত; কিন্তু অধিাসীরা সর্বতোভাবে বিভিন্ন। প্রসিয়ানেরা জর্মান্ কিন্তা
রাসী ভাষায় কথাবার্ত্তা কহিয়া থাকে। ইহারা অতিশয়
ক্রিপ্রী। জর্মানির উৎকৃষ্ট ভাগ এবং সমগ্র হঙ্গেরী
বীয়ার সমাটের অধীনস্থ। অব্বীয়ানেরা সচরাচর পরিামী এবং আমোদী।

ইউরোপের মধ্যবর্তী আল্পস্ পর্ববিত্তগ্রেণী, ইউরোপের তুর সীমা এবং জার্ম্মনিকে বিভাগ করিতেছে। আল্পস্ পর্বতের শিথর দেশে যে দেশ স্থাপিত, তাহাকে স্থইজ র্লন্ড কছে। এ দেশবাসীরা অতিশয় পরিশ্রমী এবং স্বদেশ প্রিয়। স্থইজর্লণ্ডের বিপরীত দিকেই হলগু দেশ। এই দেশের আরে! একটী নাম নেদারল্যাগু। হলগু এ প্রকার সমতল, যে এখানে একটীও পর্বত দেখা যায় না। আর সমুদ্র তীরবর্তী স্থান সকল এ প্রকার নিম্ন যে সমুদ্রের জল হইতে দেশরক্ষার নিমিত্ত সমুদ্রতীর অভি উচ্চ ভেড়া (বৃহৎ মাটীর প্রাচীর) দ্বারা বেপ্তিত। এদেশে তাহাকে (Dikes) ডাইক্স কহে।

ইটালী দেশ অতি স্থন্দর ও স্বাস্থ্যকর। এদেশবাসীদিগকে পূর্বের রোমান কহিত। এক্ষণে ইহাদিগকে
ইটালীয়ান্ কহে। ইটালী দেশবাসীরা অতি কুসংস্কারাবিষ্টা, এবং উগ্রস্থভাব সম্পন্ন। ইহাদিগের কল্পনাশিলি
অতি প্রবল। ইহারা অতিশয় সঙ্গীত ও কাব্যপ্রিয়, এবং
চিত্র বিদ্যাতে প্রায় সকলেরই পারদর্শিতা দেখা যায়।

শেশন ও পোর্টু গালবাসীর। প্রায় এক প্রকারের লোক। কিন্তু ইহাদিগের আচার ব্যবহার, এবং ভাষার ও কিছু বিভিন্নতা আছে। এই ছুই দেশীর লেছুকেরা পরস্পারকে ত্বণা করিয়া থাকে। স্পানিয়ার্ডদিগের পোষাক নৃতনবিধ। ইহারা বাটীর বাহিরে গমন করি বার সময় কোটের পরিবর্ত্তে এক প্রকার ছোট ক্লোক্ ব্যবহার করিয়া থাকে। এপর্যান্ত ইউরোপস্থিত যে সমস্ত জাতির বিষয় থিত হইল, তাহারা সকলেই খ্রীফার্মস্মাবলম্বী, এবং ইবেলের মত গ্রহণ করিয়া থাকে। কিন্তু তুরক্ষবাসীরা হা নহে। এদেশবাসীদিগকে টক্ কহে। টর্কেরা দলমান, এবং কোরাণের মতাবলম্বী। তুরক্ষদিগের চার ব্যবহার পরিচ্ছদাদি এবং ভাষা, ইউরোপের স্থান্থ জাতিদিগের অপেক্ষা সম্পূর্ণ বিভিন্ন। ইহারা ক্ষর্মাবলম্বীদিগকে অতিশয় ঘুণা করিয়া থাকে গ্রাসদেশ তুরক্ষের দক্ষিণ। এককালে গ্রীকেরা থিবীর অতি প্রধান জাতির মধ্যে গণ্য ছিল। কাল-মে তুরক্ষদিগের শাসনাধীন হয়, এবং অনেক দৌরাজ্য অত্যাচার সহ্য করিয়া সম্প্রতি স্বাধীন হইয়াছে।

তৃতীয় পরিচেছদ।

ীক্দিগের বিশেষ বৃত্তান্ত পরে প্রকাশিত হইবে।

পারলির ইংলও গমন।

করেক বৎসর পূর্বের আমি নাবিকের কার্য্যে নিযুক্ত । ইট্টরোপে গমন করিয়াছিলাম। আমি বোল্ড রো দাঁমক জাহাজে নিযুক্ত হই. এবং বোষ্টন নগর ।তে ইউরোপ যাত্রা করি। কাপ্তেন ফিলিপ্ নামক ক ব্যক্তি আমাদিগের জাহাজের (কাপ্তেন) অধ্যক্ষ লেন। করেক দিবসাবধি আমরা ক্রমাগতঃ পূর্ববাভি-

মুখে গমন করিতে লাগিলাম। এই সময়ে আমাদিগে জাহাজ আটলাণ্টিক মহাসাগরে ছিল। কিয়দিবসের পা এক দিন সহসা ঝড় উঠিল। সমুদ্রে ঝড়ের সময় অবস্থা করা অসমসাহসীকের কার্য্য তাহা বোধ হয় সকলোঁ জ্ঞাত আছ।

ঝড় উঠিবামাত্র সাগরে মহা তরঙ্গ উপস্থিত হইল 
'সমুদ্রের জল প্রবল বেগে ঘুরিতে লাগিল, এবং তরঃ 
প্রবাহে আমাদিগের জাহাজ আলোড়িত হইল। চতুর্দিনে 
স্বন মেঘ গর্জনের স্থায় ভয়ঙ্কর শব্দ উঠিল, এবং জাহা 
জক্ষ সকলেই তটন্থ হইয়া রহিলেন। কাপ্তেন চীৎকার 
পূর্বক নাবিকদিগকে ডাকিতে লাগিলেন। জাহাজে 
পাল সকল বায়ুবেগে ফাঁপিয়া উঠিল, এবং পরক্ষারে 
সহিত আঘাত লাগিয়া পট্পট্ শব্দ হইতে লাগিল 
উত্তাল তরঙ্গবেগে জাহাজ একবার অত্যুচ্চ পর্বতে আরো 
হণকরিতে লাগিল, এবং অস্থবার প্রায় সাগরগর্ভে বিলীব 
হইবার উপক্রম হইল। অবশেষে তরঙ্গের আঘাতে জাহা 
জের তক্ষাঞ্চলি একে একে ফাটিতে আরম্ভ হইল।

জাহাজস্থ সকলেই ভয়ে শ্রিয়মান হইলেন। প্রথা আমি সমুজের উপর একটা তুষার পর্বত দেখিয়া খ্যাকু হইলাম, কারণ যদি সেই পর্বত বায়ুবেগে আমাদিগে জাহাজের উপর পড়ে, তাহা হইলে জাহাজখা চূর্ণ হইরা যাইবে। বে সময়ে আমরা এই প্রকার অবস্থায় অবস্থিত আছি,

নমত কালে রাত্রি উপস্থিত হইল, এবং রাত্রি প্রভাত

ইলে, পর দিবনে যে আর প্রাতঃকালের মুখ দেখিতে

নাইব, তাহার কোন আশা রহিল না। কিন্তু সোভাগ্য
দমে যামিনী পোহাইল, এবং উষা উপস্থিত হইল।

ঠিয়া দেখি, ঝড় থামিরাছে, এবং তুষার পর্বত অনেক

শ্চাতে পড়িয়াছে। আমরা কিয়দ্রে আগমন করিয়াই

কে থানি ভগ্ন জাহাজ দেখিতে পাইলাম। আমরা ভগ্না
শিষ্ট জাহাজের নিকটবর্তী হইয়া দেখিলাম, কেবল

হাতে একজন মাত্র লোক জীবিত আছে।

সেই ব্যক্তি আমাদিগের জাহাজ দেখিবামাত্র চীৎার করিতে লাগিল, এবং হাত উঠাইয়া সাহায্য প্রার্থনা
ারিল। কিন্তু সে সময়েও তরঙ্গের অবস্থা এ প্রকার
াবল, যে ভগ্নাবশেষ জাহাজের নিকটবর্তী হওয়া তুরূহ।
াবশেষে আমরা অনেক আয়াসে তাহাকে আমাদিগের
াহাজে উঠাইয়া লইলাম।

ভগ্ন জাহাজে যে ব্যক্তি জীবিত ছিলেন, তিনি একন ইট্টালিয়ান, এবং তাঁহার নাম লিও। আমি তাঁহাকে
ামার্দিগের জাহাজে উঠাইয়া লইবার নিমিত্ত আগ্রহ
হকারে পরিশ্রম করিয়াছিলান, এই নিমিত্ত উক্ত ব্যক্তি
ামাকেই প্রাণদাতা স্বরূপ জানিয়াছিলেন। লিও এক
কার ধাতুর লোক। আমার গল্পের অনেক স্থলেই

লিওর বৃত্তান্ত কথিত হইবে। লিও সেই ভগ্ন জাহাজের কাপ্তেন ছিলেন। তিনি ব্যতীত সকলেই জলমগ্ন হইয়াছিল।

আমর। লিওকে জাহাজে উঠাইয়া লইয়া অভাই দেশাভিমুখে গমন করিতে লাগিলাম। বাতাস অনেক নিবৃত্ত হইল, জাহাজ স্থির ভাবে চলিতে লাগিল, এবং মেঘান্তরিত স্থ্যতেজ প্রথর হইল। উতাল তরঙ্গময় সাগর ভীষণ মূর্ত্তি পরিত্যাগ পূর্বক দর্পণের স্থায় স্বচ্ছ হইল। বস্তুতঃ সমুদ্র স্থির ভাব ধারণ করিলে যে প্রকার প্রীতি প্রদ হয়, ঝড়ের সময় তাহার সম্পূর্ণ বিপরীত।

অবশেষে অমুকূলবায়ুবশে আমরা বোষ্টন্ হইতে ত্রিশ দিবসের পর ইংলণ্ডের উপকূল সমীপে উপনীত হইলাম। তোমরা ভূচিত্রে দেখিতে পাইবে, যে ফ্রান্স এবং ইংল-ণ্ডের মধ্যে যে অপ্রশস্ত জলভাগ আছে, তাহাকে ইংলিস চ্যানেল (খাত) কহে। আমরা ইংলিস খাতের মধ্য দিয়াটেম্স নদীর মুথে উপনীত হইলাম। টেম্স নদী ইংল-ণ্ডের সকল নদী অপেক্ষা দীর্ঘ। আমরা নদীর ভিতর প্রবেশ করিয়া সবিস্ময়ে দেখিলাম, যে শত সহত্র জাহার নদীর ইভস্ততঃ গমনাগমন করিতেছে।

এই প্রকার টেমস্নদা দিয়া লগুন নগরে উপানীও হইলাম। লগুন নগর ইংলণ্ডের কেন, পৃথিবীর মধ্যে একটা বৃহৎ এবং বিস্তৃত নগর। যে স্থানে আমাদিগের জাহাজ নোঙ্গর করিল, সে স্থলে এত জাহাজ ছিল তাহার মাস্তলগুলি এক দৃশ্যে একটা বিস্তৃত অরণ্যের ায় বোধ হইতে লাগিল।

অসংখ্য জাহাজ দেখিয়া আমি স্বগত কহিতে লাগিন্ম, যে এই জাহাজ কত শত নদ নদী, সাগর উপসাগর, র হইয়া, কত শত দেশ হইতে বাণিজ্য দ্রব্য বহন বিক ইংলণ্ডে উপস্থিত হইয়াছে, এবং এদেশ হইতে গপ্রকার শিল্পজাত দ্রব্য লইয়া অন্যদেশে যাইবে। জাহাজ দ্বারা সৃষ্টধর্ম্ম প্রচারকেরা, পৃথিবীর সজ্যা ভা প্রদেশে যাইয়া ধর্ম প্রচার করিতেছেন। ইংলণ্ড থবার স্ববিশ্রেষ্ঠ দেশ।!

#### চতুর্থ পরিচেছদ।

আমেরিকার বোইন, ফিলাডেলফিয়া, বাল্টীমোর,

নর্লিটাউন, নিউইয়র্ক, এই পাঁচ নগরের বাটার সংখ্যা

ত্বেধিবাসীর সংখ্যা লগুন নগরের ভুল্য। অর্থাও

পাঁচটী নগর একত্রিত করিলে, তবে লগুন নগরের

নহয়। ভিন্ন ভিন্ন দিক হইতে লগুন নগর দেখিলে এক
র সম্পূর্ণ বিভিন্ন দেখায়। (Black Frier's bridge)

ফুরায়ারস্ ব্রীজ হইতে সেন্টপলস কেথিডেল প্রভুতির

টী সর্ববাপেক্ষা স্থাকর। লগুনের রাস্তাতে এত জনতা,

কোন কোন সময়ে গমনাগমন গ্রুকর হইয়া উঠে। প্রায়

রাচর পরস্পারের সম্মুখীন হইয়া দাঁড়াইয়া পড়িতে হয়।

করেকবৎসর পূর্বের একজন আমেরিকার আদি অধিবাসী লগুনের লোকসংখ্যা গণিবার নিমিত্ত এক গানি ছড়ি এবং এক খান ছুরি লইয়া বাটীর বাহির হইলেন।

তিনি কোন লোককে সমুখে দেখিলেই, ছুরি দার ছড়িতে এক একটা দাগ দিতে আরম্ভ করিলেন। উর্ ব্যক্তি ছুই চারি পদ অগ্রসর হইতে না হইতেই, ছড়ী দাগে পরিপূর্ণ হইল, এবং তিনিও লোক সংখ্যায় নিরা হইয়া ছড়িটা পরিত্যাগ পূর্ববক চলিয়া গেলেন।

আমি লিওর সহিত নগর দর্শনে গমন করিলা
লিও অনেক দেশ ভ্রমণ করিয়াছেন, এবং একজন বিখ্যা
পর্যাটক। তিনি ইতিপূর্নের কিছু কাল লগুনে অবস্থা
করিয়াছিলেন, এবং এখানকার সম্বন্ধীয় অনেক বিষ
ভ্রমত ছিলেন। আমরা প্রথমেই সেন্টজেমস্ প্রাসা
দেখিতে গমন করিলাম। রাজা বৎসরের কিছু কা
এই স্থানে বাস করিয়া থাকেন। সেন্টজেমস্ প্রাসাদে
পর আমরা ওয়েইটমিনিন্টার আবি দেখিতে গম
করিলাম। ওয়েইটমিনিন্টার আবি একটী ধর্মালা
এবং অতি প্রাচীন কালের নির্মিত। এই স্থানে ইত্বাধে
বিখ্যাত লোকেরা সমাহিত হইতেন ও হইয়া ধাকে
এবং এই স্থানেই নূতন রাজা অতি সমৃদ্ধি সহকা
ি সিংহাসনে অভিষিক্ত হন। ওয়েইটমিনিন্টার আবির গ
আমরা উচ্চচুড় প্রাসাদ (tower) দেখিতে গমন করিলা
দ

লগুনের টাউরার এককালে কারাগার স্বরূপ ব্যবহৃত হত। পূর্বকালে অনেক বন্দী এই স্থানে অতি নিষ্ঠুর শার বারা হত হইত। এই স্থানে আমরা অনেকগুলি দুপশু আবন্ধ দেখিতে পাইলাম। তাহার মধ্যে দুই হটী সিংহ ও ব্যাদ্র ছিল। কিন্তু এক্ষণে জন্তুগুলি নাস্তরিত হইয়াছে। এখন পর্যন্ত এই স্থানে পূর্বক্তন . জাদিগের ব্যবহৃত মণি মুক্তা বারা খচিত, বহুমূল্য জমুকুট, সাধারণের দর্শনার্থ স্থাপিত আছে। লগুনের উয়ার সম্পর্কীয় একটী গল্প বলিতেছি, গ্রাবণ কর।

কয়েক বৎসর পূর্বেব ইংলণ্ডে এডওয়ার্ড নামক এক
জা ছিলেন। তৎকালে তাঁহার বয়স ঘাদশ বৎসর
ল; রিচার্ড নামে তাঁহার এক খুড়া ছিলেন। তিনি অতি
সং প্রকৃতির লোক। রিচার্ডের আর একটী নাম ক্রুক্
ক্। রিচার্ড ক্রুকব্যাক্ রাজা হইবার মানসে এডওয়ার্ড
তাঁহার কনিষ্ঠ সহোদরকে এই টাউয়ার মধ্যে আবদ্ধ
রয়া রাখেন, এবং কিছুকাল পরে, ইহাদিগের প্রাণ
করিয়া আপনি তৃতীয় রিচার্ড নাম গ্রহণ পূর্বক
লড্রের অধীশ্বর হন।

টাউয়ার দেখা হইলে আমরা এক বাগান দেখিতে ন করিলাম। এই উদ্যানটা অতি মনোহর। চারি হু বৃক্ষগ্রেণীতে পরিপূর্ণ, এবং মধ্যে মধ্যে লতাকুঞ্জ ফুটিত পুম্পের সহিত অপূর্বব শোভা ধারণ করিতেছে। এই উদ্যানে নগরের সকল লোকেই পাদ চারণের নিঃ আসিয়া থাকে, এবং এই স্থানে প্রায় সকল পরি।ি লোকের সহিত সাক্ষাৎ হয়।

লগুন নগরে একটা পখালয় আছে, এবং নানা ে হইতে অনেক বহা ও গ্রাম্য পশু পক্ষা এই স্থানে সং হীত হইয়াছে। ভিন্ন ভিন্ন দেশীয় বৃক্ষাদিও এখা অনেক।

সন্ধ্যার পর আমরা নাট্যশালায় গমন করিলাম। ইং জিতে ইহাকে (Theatre) থিয়েটার কহে। আমি সময়ে ইংলণ্ডে গমন করিয়াছিলাম, তথন ইংলণ্ডের রা সিংহাসনে একজন রাজা রাজত্ব করিতেন। এজ ভিক্টোরিয়া ইংলণ্ডের অধীশরী। সে দিবস রাজা সেই নাট্যশালায় উপস্থিত ছিলেন।

এ দ্বলে সৌভাগ্য ক্রমে আমাদিগের রাজদর্শন হই রাজার গাত্রাবরণের চতুর্দিকে জরির কাজ করা, এ বক্ষঃস্থলে হীরকের তারাকৃতি ধুক্ধুকী। রাজা না শালায় প্রবেশ করিবার সময় সকলকে অভিবাদ করিলেন, এবং সকলেই মহানন্দে করতালী দিলেন অভিনয়ের পর কয়েক সহত্র লোক একত্রিত হই সমস্বরে (God save the king) পরমেশ্বর রাজার রক্ষা কর, এই গান্টী গাহিতে লাগিল।

নাট্যশালায় বসিবার অতি অল্লক্ষণ পরেই শা

হেসা পকেটে হাত দিয়া দেখি বে, আমার পকেটবুক াই। তাহাতে কিছু টাকা ছিল। তাহার পরক্ষণেই মকিত হইয়া দেখিলাম যে, আমার ঘড় এবং চেন াই। ইহা নিশ্চয় যে কেহ অপহরণ করিয়াছে, কিন্তু কমন করিয়া অপহরণ করিল তাহা বুঝিতে পারি-াম না। চোর এ প্রকার সতর্কতার সহিত চুরি. রিয়াছিল, যে আমি কিছুই জানিতে পারি নাই ও াই কারণে কাহাকেও কিছু বলিতে পারিলাম না। কবল প্রতিজ্ঞা করিলাম যে ভবিষ্যতে অতি সাম্থান ইয়া চলিব। যদি তুমি কখন লগুনে যাও, তাহা হইলে াকেটস্থ দ্রব্য এবং ঘড়িও চেনের উপর সর্ব্বদা মন

প্রায় মধ্যরাত্রে নাট্রশালা ভঙ্গ হইল। আমি এবং
নও উভয়ে নাট্রশালা পরিত্যাগ করিয়া বাসন্থানাভিমুখে
লিলাম। আমরা একটা অপ্রশস্ত গলির মধ্য দিয়া
হৈছে, এমত সময়ে এক দিক্ হইতে গোঁ গোঁ শব্দ
দর্গে প্রবিষ্ট হইল। শ্রবণমাত্র বোধ হইল যেন কোন
্যক্তি বিপদগ্রস্ত হইয়া এই শব্দ করিতেছে। আমরা
ভয়ে শব্দ অমুসরণ করিয়া যাইতে যাইতে এক হারে
পিস্থিত হইলাম, এবং বিশেষ বোধ হইতে লাগিল যে
ক সেই বাটীর ভিতর হইতে আসিতেছে। আমরা
হিসে নির্জর করিয়া হারে করাহাত করিলাম, কিন্তু

কোন উত্তর পাইলাম না। তাহার পর অনভোপায় হইয়া সজোরে ধাকা দিবা মাত্র দার খুলিয়া গেল। আমরা বাটার ভিতর প্রবিষ্ট হইলাম, এবং ইতস্ততঃ সঞ্চরণ করিতে করিতে একটা ঘরে গিয়া উপস্থিত হই লাম। উপস্থিত হইয়া দেখি যে সেই ঘরে একটামাত্র আলোক মিট্ মিট্ করিয়া জ্বলিতেছে এবং অতি অপরি চহুন এক বিহানাতে এক স্ত্রীলোক মুমূর্ব্ অবস্থায় শ্রন করিয়া আছে। স্ত্রীলোকটার পার্মদেশে হুইটা বালক। একটার বয়স প্রায় ছয় বংসর এবং আর একটার কিছু অধিক। হোট বালকটা নিজিত ছিল, এবং জ্যেষ্ঠট জাগরিত হইয়া অশ্রুপ্র নিয়নে কাঁদিতেছে, এবং এক এক বার তাহার মাতার চরমাবস্থার শীতল গণ্ডস্থল, জন্মের মত চুম্বন করিতেছে।

আমি এই সকল ব্যাপার অবলোকন করিয়া ক্রড বেগে পথে উপস্থিত হইয়া উচ্চৈঃস্বরে সাহায্য প্রার্থনা করিতে লাগিলাম; কিন্তু কেহই উত্তর প্রদান করিলনা। আমি প্রত্যেক দারে করাঘাত করিয়া চীৎকার করিতে লাগিলাম, কিন্তু তাহাতেও কেহ অগ্রসর হইল না অবশেষে প্রত্যাগমন করিয়া দেখি যে জ্রীলোকটী কাল প্রারে পতিত হইয়াছে। আমরা প্রাতঃকাল পর্যান্ত সেই স্থানে অপেক্ষা করিলাম, এবং তৎপরে দেখি যে কয়েক জন দ্যালু প্রতিবেশী আগমন করিয়া তাহার সমাণি

কার্য্য সমাধা করিবেলন, এবং অনুগ্রহপূর্ব্বক কালকদিগকে আশুয় দিলেন।

অবশেষে জ্ঞান্ত হইলাম জ্রীলোকটী আহারাভাবে অসময়ে মৃত্যুমুখে পতিত হইল। কি আশ্চর্য্য !!! পৃথি-বীর মধ্যে মহাসমৃদ্ধশালী নগরেও লোকে আহারাভাবে প্রাণত্যাগ করে। সমৃদ্ধশালী দেশমাত্রের অধিবাসী-দিগের অধিক অর্থের আবশ্যক, ইহা আমাদিগের বিবেচনা করা কর্ত্তর্য। তোমরা যদি কথন ইংলণ্ডে যাও, তাহা হইলে অত্যে অধিক পরিমাণে অর্থ সংগ্রহ করিবে, দতুবা সেখানে মহাবিপদাপন্ন হইতে হইবে।

# शक्य शतिराष्ट्रम ।

#### উইগুসর কাসেল।

বোধ হয় ভোমরা উইগুসর কাসেলের বৃত্তান্ত শ্রবণ দরিয়া থাকিবে। ইহা লগুন হইতে প্রায় দশ ক্রোশ দন্তর। এক্ষণে ইংলগুরে রাণী এই প্রাসাদেই বংসরের মধিক কাল অতিবাহিত করেন। উইগুসর কাসেল মতি প্রশস্ত হর্ম্ম। ইহার চতুর্দ্দিক উচ্চ প্রস্তর নির্ম্মিত শ্রাচীরে বেস্থিত, এবং ভাহার চারিদিকেই ঘর। এই শ্রাসাদ্টী এক পর্বতের উপরে স্থাপিত। প্রাসাদের শিস্থলে রাজ্পতাকা উড়িয়া থাকে। দুর হইতে উইগু-

সর কাসেল দেখিতে অতি মনোহর। আমি ইতিপূর্বে অনেকবার উইগুসর কাসেলের বৃত্তান্ত শুনিরাছিলা। এই নিমিত্ত তাহার প্রত্যেক স্থান দেখিবার নিমিং কৌতৃহলাক্রান্ত হইলাম।

আমরাউইগুসর কাসেলে যাইবার কালে, এক স্থান্থ ভবনের নিকটবর্তী ইইলাম। সেই বাটীর চারিদিনে ফুলের বাগান এবং বৃক্ষ সকল ফল পুষ্পে স্থানাভিত আমি পার্শ্বন্থ এক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম, এট কাহার বাসস্থান, সে উত্তর করিল, লর্ড পারসির। তৎপদে আর এক বাড়ী দেখিয়া জিজ্ঞাসা করাতে জানিতে পারি লাম, সে ডিউক অব্ সসেক্রের বাটী। তাহার পর তৃতী বাটী দেখিয়া জিজ্ঞাসা করাতে জানিতে পারিলাম, সেট আরল অব্ হারোবীর বাটী।

আমি আরল্, ডিউক, লর্ড কাহাকে কহে কিছু বুঝিতে না পারিয়া নিকটবর্তী এক ব্যক্তিকে জিজাস করিলাম। তিনি আমাকে বিদেশী দেখিয়া অমুগ্রহপূর্ব্ব কহিলেন; ইংলণ্ডে কতকগুলি লোকের ব্যারণ, ভাই কাউণ্ট, আরল্, মারকুইস, এবং ডিউক এই সমস্ত উপার্চি আছে। তাহারা সকলেই লর্ড এবং কোন কোন সময় জায়গীর পাইয়া জমিদারদিগের মধ্যে গণ্য হইঃ থাকেন। ইহারা সচরাচর সমৃদ্ধিশালী।

ক্রমাগত ছুই ঘণ্টা শকটারোহণে গমন করিয়া আমা

টইগুসর কাসেলে উপনীত হইলাম। এই সময়ে রাজা এই প্রাসাদে উপস্থিত ছিলেন না। স্বতরাং আমরা ফয়েক মহল দেখিতে অনুমতি পাইয়াছিলাম। সকল মহলই উত্তমরূপে স্বসজ্জিত। তাহার মধ্যে কয়েকটা গৃহে অতি উৎকৃষ্ট ছবি আছে।

# ষষ্ঠ পরিচেছদ।

উইওসর কাসেলে সেণ্টজর্জ্জ নামে এক (গির্জা) ধর্মানার আছে। আমি সেণ্টজর্জ্জ দেখিতে গমন করিলাম।
এই স্থানে ইংলণ্ডের করেকজন রাজা সমাহিত আছেন।
দেখ ? অন্ত লোকদিগের ন্যায় রাজারাও মৃত্যুর হস্ত হইতে
গরিত্রাণ পান না। প্রিন্সেস্ সারল্টও এই খানে সমাহিত
ইয়াছিলেন। তিনি জীবিত থাকিলে ইংলণ্ডের বর্ত্তমান
দ্বীখরী হইতেন।

প্রিক্সেস্ সারলটের দয়ার পরিচয় দিতেছি শ্রাবণ

চর। এই সময়ে একজন দরিত্র লোকের প্রাণদণ্ডের আজ্ঞা

ইয়া বধ্যভূমিতে তাহার ফাঁসী হইবার উপক্রম হইতে
চল। তাহার বন্ধু বান্ধবেরা বিবেচনা করিলে, যদি কোন

চমে সারলটের অনুগ্রহ প্রার্থনা করিতে পারি, তাহা

ইলে ইহার পরিত্রাণ হয়।

তাহারা এই স্থির করিয়া সারলটের অসুগ্রহ প্রার্থনা

করিল, সারলটও স্বভাবস্থলভ দয়ার বশবর্তী হইর
তাহাদিগের উপকার সাধনে সম্মত হইলেন। সারল
পিতামহের নিকট গমন করিয়া তাঁহার পদতলে পড়িলেন
এবং কহিলেন বে, বে পর্যাস্ত না আপনি আমাকে বন্দী
জীবন ভিক্ষা দেন, সে অবধি আমি কোন ক্রমেই আগ
নার পদতল হইতে উঠিব না। সারলটের পিতামহ তার
তেই সম্মত হইলেন, এবং দোষী ব্যক্তির অপরা
মার্চ্জনা করিলেন। যে সময়ের কথা বলিলাম, তখন সার
লটের বয়স ঘাদশ বৎসর। সারলটের অকাল মৃত্যুদ্দ
সকলেই শোকসূচক পরিচছদ পরিধান পূর্বক বিলা
করিয়াছিলেন।

রাজারা যে ভবনে বাস করেন, ইংরাজিতে তাহানে PALACE (প্যালেস্) কহে। রাজারা প্রায় পাঁচ কিম্বা আট ঘোড়ার গাড়িতে ভ্রমণ করেন, এবং রাজাে সকলেই রাজাকে সম্মান করিয়া থাকেন। ইংলা অনেকগুলি রাজা ছিলেন। তাহার মধ্যে কতকগুলি ভাল এবং কতক অংশ মন্দ। ইংলাগুর রাজাদিগের ইতিহা পাঠ করিলে জানিতে পরিবে, তাঁহাদিগের মধ্যে কতব গুলির বিবরণ অতি প্রীতিপ্রদ, কিন্তু অধিকাংশই জব্ব চরিত্রের লোক ছিলেন। ইংরাজীতে রাণীকে Qued কুইন" কহে।

তোমাদিগকে ইংলণ্ডের এক রাণীর বৃত্তান্ত ব্রি

ছি, প্রবণ করা কয়েক বংসর পূর্বের ইংলণ্ডে মার্গাটনান্নী এক রাণী ছিলেন। তিনি ষষ্ঠ হেন্দ্রীর স্ত্রী,
চহেনরী অতি ত্ববিল রাজা ছিলেন বলিয়া তাঁহার শক্রবিজ্ঞান করিয়া তাঁহাকে কারাবন্ধ করেন। রাজাকে
বিজ্ঞ করিয়াই শক্রগণ রাণীর উদ্দেশে ধাবমান হইল।
ন্তু মার্গারেট ইতিপূর্বেই আপন শিশু সম্ভানকে লইয়া
কটস্থ এক অরণ্যে প্রবেশ করিয়াছিলেন, স্কুতরাং শক্রত্রামনোরও ইইয়াছিল।

এক দিবস মার্গারেট আরণ্যমধ্যে বিচরণ করিতে রিতে এক দহ্যর সম্মুখে পতিত হন। দহ্য কাহাকে ল, তাহা বোধ হয় তোমরা সকলেই জ্ঞাত আছ। দহ্য-। সহায় শৃশু স্থানে অবস্থান করিয়া, মমুব্যের প্রাণনাশ করতঃ অর্থ এবং বহুমূল্য জ্রব্যাদি অপহরণ করিয়াকে। পূর্বেবাক্ত দহ্য মার্গারেটের সম্মুখীন হইয়া কহিল, ামার নিকট যে সমস্ত অর্থ আছে আমাকে প্রদান কর। গিবেট উত্তর করিলেন আমি অর্থ কোথায় পাইব, আমি নামার দেশের অর্থহীনা রাণী, এবং এই বালক তোমার জপুত্র। দহ্য এই বাক্য শ্রবণ করিয়া বিশ্বিত হইল, ং জামু পাতিয়া ক্ষমা প্রার্থনা করিল। রাণী তাহাকে মা করিলেন, এবং দহ্যও মার্গারেটকে সঙ্গে করিয়া বিশ্বের বাহিরে পৌছাইয়া দিল।

ইংলণ্ডে মেরী নাম্বী আর এক রাণী ছিলেন, এদেশের

অধিকাংশ লোকের সহিত তাঁহার ধর্মসম্পর্কীয় মতে একতা ছিল না। মেরী প্রজাদিগকে স্বীয় মত প্রহণ কাইতে চাহিয়াছিলেন, কিন্তু কেহই তাঁহার কথা প্রাছ্ম ক নাই। অবশেষে মেরী কুপিতা হইয়া প্রায় তিন । লোককে অগ্নিদম্ব করিয়া বধ করেন। হত ব্যক্তিদিং। মধ্যে কতকগুলি পুরুষ এবং কতকগুলি ত্রালোক ছিলে এই ঘটনার নিমিত্ত লোকে তাঁহাকে শোণিতশোষক মেকহিত। এই কালে ইংলণ্ডের ভন্তলোকেরাও ধর্মবিষয় বিভিন্ন মতাবলম্বীদিগের উপর অতি নির্ভুর ব্যবহ করিতেন।

#### मश्चम शतिरुहम।

আমরা লগুনে উপস্থিত হইয়া দেখি, আমাদির্গে জাহাজ বোল্ডহীরো লগুন পরিত্যাগ করিয়া হন গমনে উদ্যুত হইয়াছে। আমার ইচ্ছা ছিল, ইংলা থাকিয়া আরও অনেক বিষয় দেখিব, কিন্তু তাহা হা না। লগুন ব্যতীত ইংলণ্ডে আরও অনেক নগর আরে লিভারপুল বিখ্যাত বাণিক্যা স্থান। বারমিংহাম—এনগরে তরোয়ার ছুরি, কাঁচি, প্রিলপেন্ প্রস্থাত হয়। মাঞ্চেফার,—এই নগরে নানা প্রকার প্রস্তুত হয়। মাঞ্চেফার,—এই নগরে নানা প্রকার প্রস্তুত হইয়া থাকে। এই কয়েকটা ব্যতীত ইংলা আরও অনেক প্রধান নগর আছে।

আমি আয়র্লণ্ডে বাইতে উদ্যুত্ত হইরাছিলাম। আয়র্লণ্ড
ইরীস্দিগের বাসন্থান, এবং ইংলণ্ডের পশ্চিম সীমাত এক দ্বীপ,ও ইংলণ্ডের শাসনাধীন। ইংলণ্ডের উত্তর
কে স্কট্লণ্ড। স্কট্লণ্ড অতি স্কন্দর দেশ। স্কটলণ্ডের
ধিবাসীদিগকে স্কচ্ করে। স্কচেরা অতি সামাজিক এবং
দ্বমান। এদেশে ছুই প্রকার লোক আছে। তাহার
ধ্য পার্বিতীয় প্রদেশবাসীদিগকে হাইলাণ্ডার, এবং
দ্বস্থলবাসীদিগকে লোলাণ্ডবাসী কহে। হাইলাণ্ডবাসীগের পরিচছদে বিভিন্ন প্রকার। তাহারা হাঁটুর উপর
গিন্ত এক প্রকার ছোট ঘাগ্রা পরিয়া থাকে। হাঁটুর
মভাগ খোলা রাখে। ইহারা যে ভাষায় কথা বার্তা
হি, তাহাকে ইরস্ ভাষা বলে। ভারতবর্ষীয় লোকেরা
ইলাণ্ডবাসী সৈন্তদিগকে নেঙ্টা গোরা কহে।

তুমি ম্যাপ দেখিলেই এই সমস্ত স্থান দেখিতে
ইবে। আমি এই সকল স্থান দেখিবার নিমিত অতিকৌতৃহলাক্রান্ত হইয়াছিলাম; কিন্তু তুর্ভাগ্য বশতঃ
মাদিগের জাহাজ চলিয়া যাইবে বলিয়া মনোরথ সিদ্ধ
নাই গীলিও আমাদিগের সঙ্গপরিত্যাগ করিয়া ইটালী
শৈ গমন করিলেন, এবং আমিও হলও যাইবার
মৃত্ত জাহাকে আবোহণ করিলাম।

আমি তোমাদিগকে ইংলণ্ডের বিবরণ অতি সংক্ষেপে ইলান, সময়ান্তরে বিস্তারিত বিবরণ কহিবার মানস রহিল। ইংলগু অতি কুন্দর দেশ। ইহার চারিদিনে স্থাসিদ্ধ নগর, এবং প্রত্যেক নগর জনতায় পরিপ্
ইংলগুর অধিবাসীর সন্ধ্যা প্রায় ছুই কোটি সত্তর লা
এবং এত দিনে লোক সংখ্যা আরও বাড়িয়াছে। ইং
গ্রের লোকসংখ্যা প্রায় ইউনাইটেড্ষেটের দিগুণ হইটে
ইংলগু এবং কটলগু এই ছুই দেশকে একত্র গ্রেট্রীটে
কহে। এ দেশে ধনীর সন্ধ্যা অনেক বটে, কিস্তু আ
কাংশই দরিদ্র। এক সহস্র আট শত বংসর পূর্টে
গ্রেট্রটেন্বাসারা সম্পূর্ণ অসভ্যাবস্থায় কালবাদ
করিত। প্রীষ্ঠীয় দশম শতাব্দী হইতে ইহারা উমতিশা
পদার্পনি করিতে আরম্ভ করিয়া, এক্ষণে পৃথিবীর এ
প্রধান সভ্যজাতির মধ্যে গণ্য. হইয়াছে। গ্রেট্রট
অনেক মহৎ লোক জন্মগ্রহণ করিয়াছেন, এবং এক্ষণে
দেশ পৃথিবীর এক প্রধান প্রতাপশালী দেশ মধ্যে প
হইয়াছে।

# অফ্টম পরিচেছদ।

আমরা জাহাজে পাল তুলিয়া টেমস্ নদী দিয়া স্
পথে যাত্রা করিলাম। জাহাজ নদীর মুখে আসিতে
আসিতেই রাত্রি উপস্থিত হইল। এই সময়ে মন্দর্শ বায়ু বহিতেছিল, এবং যামিনী, কুজুঝটিকা বশতঃ মে কারে আচ্ছন্ন হইল। আমাদিপের কাহাল পালভরে ্বেগে যাইডেছিল। কিয়ৎকণ পরেই আমরা এক াণ শব্দ প্রবেণে চমকিত হইলাম: বোধ হইল যেন াদিগের জাহাজ কোন পর্বত্তে প্রতিহত হইল। সভর হরে অসিয়া বুঝিতে পারিলাম আমাদিগের জাহাজ ্য একখানি জাহাজে প্রতিহত হইয়াছে, এবং ধারুার দুই আমরা চুমকিত হুইয়াছিলাম। ধাকা এমত ल लाशियां हिल, (य (म काशकथानि हुर्व इहेया कल-হইবার উপক্রম হইয়াছে। আমরা সম্বর জাহাজন্ত াদিগকে রক্ষা করিবার চেষ্টা করিলাম, এবং কয়েক ক পিনেসে উঠাইতেছি, ইতিমধ্যে জাহাজখানি াগর্ভে নিমগ্র হইল। আমরা যে কয়েকজনকে তুলিয়া ম, তাহার মধ্যে কাপ্তেন, তাঁহার স্ত্রী ও ছটী শিশু न, जात हुटे जन नाविक हिल। कारश्रानत नाम ক। হটরীক হলগুবাসী। তাঁহারা হলগুর প্রধান হইতে আসিতেছিলেন। হটরীক কহিলেন, যে তিনি পরিবারে পরিবৃত হইয়া কয়েক বৎসরাবধি এই কুন্ত জে বাঁস করিভেছিলেন। বস্তুতঃ হলণ্ডের কাপ্তেন-র এই রীতি,যে তাঁহারা পুত্র পরিবার সহ জাহাজেই शन निर्फिक्ष कार्यन। आंगरी मधन इंदेर इस সর মধ্যে আমেক্টার্ডাম নগরে পৌছিলাম।

#### नवम शतिएक्ष ।

হলণ্ডের মধ্যে আমেন্টার্ডাম এক বৃহৎ নগর, এর হলণ্ডের অধিবাদীদিগকে ডচ্ কহে ইহা ভোমরা জান ডচ্দিগের ভাষাও সম্পূর্ণ বিভিন্ন। ইহারা Hous (বাড়ীকে) Huis ছইস্, ঘোটককে পার্ড এবং কুর্

আমি কাপ্তেন হটরীকের সহিত আমেন্টার্ডাম নগ দেখিতে গমন করিলাম। পথিমথ্যে বাইতে বাইা এক প্রকার অপূর্ব্ব গাড়ী দেখিয়া বিস্মান্তিত হইলাম এই গাড়ীতে চাকা বা স্প্রীং কিছুই নাই, কেবল কয়ে খণ্ড কার্চের উপর স্থাপিত। পথিমধ্যে কাপ্তেন হটরী হলণ্ডের অনেক বিবরণ কহিতে লাগিলেন। হলা আমেন্টার্ডাম ব্যতীত হেগ, রটার ডম্, লীডন, হারকে প্রস্তৃতি অনেক নগর আছে। তাহার মধ্যে হেগ নগ রাজার বাসস্থান।

হলগু দেশ অভি সমতল, এবং চারি দিকে খাল ব বেপ্তিত। অধিবাসীরা সচরাচর নৌকাযোগে গভাগ করিয়া থাকে। হলগুের অধিকাংশ ভূভাগ জলম্মা । কিন্তু ইহারা ডাইক্স বারা জলকে স্থলে পরিণত ব য়াছে। আবার কোন কোন সময়ে জল প্রবাহে ডাই। ভগ্ন হইরা লোকের আবাস স্থান প্লাবিত হয়, এবং আ কের প্রাণহানিও হইয়া থাকে। কাপ্তেন হটরীক ব নে, এদেশে Stork সারস নামে এক প্রকার পক্ষী ছে। সারস দেখিতে প্রায় হংসের স্থার, সারসদিগের নক জননী বৃদ্ধাবস্থার উপনীত হইলে সন্তানগণ তাহাগকে পৃষ্ঠদেশে বহন করিয়া লইয়া যায়। হলগুবাসীরা রস পক্ষীর অভিশয় যত্ন করিয়া থাকে। এদেশীয়াগের এই প্রকার সংক্ষার যে, যদ্যপি কোন সারস হারও বাটীর উপর বাসা করে, তাহা হইলে গৃহামীর সমূহ মঙ্গল হইয়া থাকে। কেহ ভ্রম ক্রমেও সারস ক্ষীর উপর কোন অভ্যাচার করে না, এই নিমিত্ত প্রতিহের উপরে সারসপক্ষীর কুলায় দেখা যায়।

# দশম পরিচেছদ। মহামুভব পিটারের গ্রা।

আমেন্টার্ডেম নগরের কয়েক ক্রোশ দূরে সার্ডাম
কি এক নগর আছে। অতি পূর্বকালে এই নগরে
কি নির্দ্মিত হইত এই কারণে, এই স্থানে অনেক
কির বাস ছিল। এই ছুতারদিগের মধ্যে মান্টারপিটার
কি এক ব্যক্তি ছিলেন। তোমরা কি কেহ মান্টার
কিরের গল্প শুনিয়াছ ? যদি না শুনিয়া থাক, বলিতেছি
প কর। একদিবস ছুতার মগুলী মান্টার পিটারকে
কিয়ার সম্রাট বলিয়া জানিতে পারিয়া বিস্মিত হইল,
পরস্পার বলিতে লাগিল, ইনি স্ক্রাট হইয়া কি

নিমিত্ত সামান্ত লোকদিগের সহিত সামান্ত কার্য্যে প্রত্ হইয়াছেন ?

পিটার এই বাক্য শ্রেষণ করিয়া তাহাদিগকে সংহ ধন পূর্বক কহিলেন, আমি রুসিয়া দেশের সম্রাট রুসিয়া এই স্থান হইতে অনেক দূর উত্তরে অবস্থিত আমার প্রজারা জাহাজ নির্মাণ করিতে জানে না। প্রকারে জাহাজ নির্মাণ করিতে হয়, ইহাই জানিবা নিমিত্ত আমি এখানে আসিয়াছিলাম। এক্ষণে আমি শিষ্ করিয়াছি, এবং দেশে প্রত্যাগমন করিয়া লোকদিগ শিক্ষা দিব। এই ঘটনার কয়েক বৎসর পরে পিটা স্থাদেশে যাইয়া প্রজাদিগকে জাহাজ নির্মাণ এবং অপর পর কারুকার্য্য শিক্ষা দিয়াছিলেন।

পিটার ক্রসিয়া দেশে সেণ্টপিটসবর্গ নামক নগ স্থাপন করেন, এবং অস্তান্ত অনেক মহৎ কার্য্য সম্পাদ করিয়া ভুবনবিখ্যাত হইয়াছিলেন। এই নিমিত্ত লোড তাঁহাকে (Peter the great) মহাত্মা পিটার কহিত সংকার্য্য করিলেই সকলে সেই কর্ম্মের প্রশংসা করি থাকেন। স্বার্থপর লোকেরা দেশের অধীশ্বর ইইলে লোকের নিকট সমাদর প্রাপ্ত হন না।

একাদশ পরিচেছদ।

আমরা ক্রেক সপ্তাহ আমেষ্টার্ডেম নগরে অতিবাছি

রিয়া ডেম্মার্কে ধাত্রা করিলাম, এবং ডেম্মার্কের রাজ-নী কোপেনহেগেন নগরে উপস্থিত হইলাম। ডেম্মার্ক-।সীরা তাহাদিগের স্বদেশীয় ভাষায় কথাবার্ত্তা করে।

এক দিবস আমি বেড়াইতে বেড়াইতে দেখিলাম, ক রাস্তার এক স্থানে জনতা হইয়াছে, এবং এক াক্তিকে লইয়া টানাটানী করিতেছে। আমি গোল-াগের রুত্তান্ত অবগত হইবার নিমিত্ত আগ্রহ সহকারে নতার নিকট গমন করিয়া দেখি, যে ধৃত ব্যক্তির চতু-দকে এত লোক দাঁড়াইয়াছে যে, তাহাকে দেখিতে াইলাম না, কেবল জনতার মধ্য হইতে এক ব্যক্তি ংরাজী কথা কহিতেছে শুনিতে পাইলাম। আমি অধিক গতৃহলাক্রাপ্ত হইয়া অতি কক্ষে জনতা ভেদ করিয়া থি যে, যে ব্যক্তিকে তাহারা টানাটানী করিতেছে সে ামার পরিচিত জেকিন্স। আমি বিনয় সহকারে তাহা-গকে কহিলাম যে তোমরা এই ব্যক্তিকে মুক্ত কর াম্ব কেহই আমার বাক্যে কর্ণপাতও করিল না। অব-াবে আমি বলপূর্ব্বক তাহাদিগের হস্ত হইতে জেঙ্কিন্সকে ক্ত করিতে চেফা করিয়া, যে তাহার হাত ধরিয়াছিল, াহাকে এক ধা**ৰু। দিলাম। সে** একটু প**শ্চাদ্বৰ্তী** হইবা-ত্র আমি জেঙ্কিন্সের সহিত উৰ্দ্ধখাসে দৌড়াইতে আরম্ভ <sup>রিলাম</sup>। কিন্তু অতি অল্লদূর যাইতে না যাইতেই, হারা আসিয়া আমানিগকে পুনর্কার বেষ্টন করিল।

তাহাদিগের মধ্য হইতে তুই বা তিন ব্যক্তি ক্লেঞ্চিলনে ধরিল,এবং চারি পাঁচ জনে আমাকে বেইটন করিল আমি ইহাদিগের সহিত বাক্য ব্যয় র্থা মনে করিলাম কারণ, তাহারা কেহই আমাদিগের ভাষা বুঝিতে সমনহে। তাহারা অবশেষে আমাদিগের ভাষা বুঝিতে সমনহে। তাহারা অবশেষে আমাদিগকে কারাগারে লইয় গোল, এবং এক অন্ধকার গৃহে আবদ্ধ করিয়া রাখিল জেন্ধিলকে আমি এই ঘটনার কারণ জিজ্ঞাসা করালে সে কহিল, কোন ব্যক্তি একজনের একটী ঘড়ী অপহর করিয়াছে এবং ইহারা আমাকেই সেই ব্যক্তি মনেকরিয়া ধরিয়াছে। ইহাই সমস্ত গোলযোগের কারণ আমি কাপ্তেন ফিলিপ্কে এই সকল বৃত্তান্ত এবং আমাদিগের তুর্দশার বিষয় বলিয়া পাঠাইলাম। তিনি সহরে ম্যাজিপ্টেটের নিকট গমন করিয়া সমস্ত বৃত্তান্ত বলিলে আমরা তুই এক দিবসের মধ্যে কারামুক্ত হইলাম।

আমি অতি অল্লকাল ডেক্মার্কে অবস্থান করিয়া ছিলাম। ডেক্মার্কবাসীরা নৃত্যগীত অতিশর ভালবাদে আমি একদিবস ডেক্মার্কের এক পথ দিয়া গমন করিয়ে করিতে দেখিলাম, একব্যক্তি রাস্তার মধ্যস্থলে শরু করিয়া আছে। তাহার নিকট গমন করিয়া অবগত হা লাম যে, সে মদ্যপান করিয়া জ্ঞানশৃশ্য হইয়া মৃত্য পড়িয়া আছে। সে দিবস অতি শীতল বায়ু প্রবাহি হইতেছিল, এই নিমিত্ত তাহার শরীর এবং অঙ্গুলী স য় অসাড় হইয়া পড়িয়াছে। আমি অন্যান্য লোকের হায়ে তাহাকে তাহার বাটা লইয়া গেলাম। বাটাতে ব্যক্তির স্ত্রী এবং ডিনটা পুত্র ছিল। রাত্রির মধ্যেই আপন পুত্র এবং পরিবারদিগকে অকূল পাথারে সাইয়া কালগ্রাসে পতিত হইল। এই ব্যাপার অকাকন করিয়া আমি প্রতিজ্ঞা করিলাম, যে প্রত্যেক করিতে চেন্টা করিব। ডেন্মার্ক ও অতি সমতল দেশ। এখানে সচরাচর ক্রটিকা হইয়া থাকে। ডেন্মার্কের অধিবাসীর সংখ্যা রিশ লক্ষ হইবে। আমরা যে সময়ে তথায় গমন রয়াছিলাম, সে দেশের তৎকালীন রাজার নাম সপ্তম

# वानक श्रिटिक्त।

### স্ইডেন্।

কোপেন হেগেন নগবে এক মাস অতিবাহিত করিয়া
মরা করিলায় সেন্টপিটার্সবর্গে যাত্রা করিলাম।
মরা ইউরোপের ম্যাপ দেখিলেই বুঝিতে পারিবে যে
াপেন হেগেন হইতে সেন্টপিটর্স বর্গ যাইতে হইলে
্টিক সাগরই প্রশস্ত পথ। আমি জেক্কিন্সকে অনুরোধ
ালে ভিনি আমানিগের সহচর হইলেন, এবং আমরা

জাহাজারোহণ করিয়া সেণ্টপিটর্সবর্গ অভিমুখে প্রস্থা করিলাম।

জেক্ষিন্স আমার পূর্ব্বে আমেরিকা হইতে ইউরোদে উপস্থিত হইয়া স্কুইডেনের প্রধান নগর ষ্ট্রকহলমে ক্রি কাল অবস্থান করিয়াছিলেন। তিনি পথিমধ্যে উক্তদেশ সম্প্রকীয় অনেক গল্প করিতে লাগিলেন।

জেকিন্স কহিলেন প্রকারন্য নগরে কভকগুলি লো আছে, তাহারা রাত্রিকালে পাহারা দিয়া থাকে। এদে এই দলভুক্ত লোকদিগকে (Watch man) ওয়াচ ম্যা কহে। ওয়াচম্যানেরা রাত্রিকালে "সর্বশক্তিমান, পা মেশরের মহাক্ত, অগ্নি হইতে আমাদিগের নগরকে রা কক্তন" এই বলিয়া পথে পথে চীৎকার করিতে থাকে স্ইডেন্ যদিও অতি বিস্তৃত দেশ, কিন্তু প্রায় সমস্ত খা পাহাড় পর্বত এবং বন জঙ্গুলে আরত। এদেশে অধিবাসীরা সবল এবং প্রিয়দর্শন। স্থইডেনে প্রায় ট্রি লক্ষ লোকের বাস। এখানে শীত অতিশয় প্রবা সুইডেনে এই প্রকার এক প্রথা আছে, বে তাহারা মাসের প্রথম দিবসে এক প্রাস্তরে যাইয়া. অগ্নি জানি সেই স্থানে আমোদ আহলাদে রত হইয়া, আমো প্রকাশ করিতে থাকে। আবার যে দিবস হইতে গ্রীগে ্ ব্রাস হয়,তাহারা সেই দিবসে নিশাকালে প্রাঙ্গণের <sup>বার্</sup> র্ভাগে এক ধ্বজা পুতিয়া তাহার চারি দিগে নৃত্য <sup>ক্রে</sup>

ইরূপে কয়েক ঘণ্টা অভিবাহিত করিয়া ভাহারা ধর্মা-য়ে গমন করে, এবং ঈশ্বরের নিকট আশ্রেয় যাচ্ঞা রিয়া পুনর্কার আমোদে প্রবৃত্ত হয়।

আমি তোমাদিগকে স্থইজারলণ্ডের এক রাজার গান্ত বলিতেছি, শ্রবণ কর। এই দেশে অতি পূর্বৰ-লে ভাদশ চারল্স ( Charles the XII. ) নামে চ রাজা ছিলেন। তিনি পঞ্চদশ বৎসর বয়ঃক্রম কালে ংহাসনে অধিরূ হন। ডেক্মার্ক, প্রসিয়া, রুসিয়া ভূতির সন্নিকটস্থ রাজগণ চারলস্কে অতি অল্পবয়স্ক খিয়া মনে করিলেন, যে তাঁহারা অতি সূহকে চারল্সের জ্য হস্তগত করিতে সমর্থ হইবেন। মনোমধ্যে এই র করিয়া তাঁহারা চারল্দের রাজ্য আক্রমণের উদ্যোগ রতে লাগিলেন। এদিকে চারল্স এই সমস্ত ব্যাপার গেত হইয়া কতকগুলিূ সৈন্ত সংগ্রহ করিয়া একেবারে মার্কে আসিয়া অবতীর্ণ ইইলেন। ডেন্মার্কে উপস্থিত বামাত্র একদল ডেক্স সৈশ্য তাঁহার সমুখীন হ**ইল,** ে উভয় সৈতা তুমুল যুদ্ধ আরম্ভ করিল। অবশেষে রল্স° যুদ্ধে জয়লাভ করিয়া সন্ধি করিলেন, এবং মার্কের রাজাকে এই মর্ম্মে সন্ধি পত্রে স্বাক্ষর করাইয়া লেন, যে তিনি আর কখন স্থইসদিগের উপর কোন চার অত্যাচারে প্রবৃত্ত হইবেন না। এই প্রকারে মার্কের অধিপতিকে সন্ধিসূত্রে বন্ধ করিয়া প্রভ্যাবর্ত্তন

কালে লাভাতে রুসিয়ার এক দল দৈহাকে পরা করেন। রুসিয়ান্ সৈত্তদল, চারলসের সৈত্তগণ অপেক চতুগুণ অধিক ছিল, এবং পিটার তাহাদিগের সে नाग्रक ছिलেन। এই ঘটনার পরেই চারল্স সদৈ পোলাণ্ডে যাত্রা করেন, এবং পোলাগুরাজকে সিংহা চ্যত করিয়া তৎপদে আর এক জনকে অভিষেক কা ্লেন। তিনি পুনঃ পুনঃ জয়ে এ প্রকার উদ্রিক্ত হই हिलन, य व्यवस्थाय क्षित्रान्षिरगत रमस्थ गमन कि তাহাদিগকে আক্রমণ করিতে অভিলাষী হন। রুসিং অন্তর্গত পোটোলা নামক এক নগরে, চারল্সের দৈ গণ রসিয়ান্ সৈত্যদিগের সম্মুখীন হইল। উভয় সৈ পরস্পর সাকাৎ হইবামাত্র যুদ্ধ আরম্ভ হয়, এবং তু সংগ্রামের পর চারল্সের সৈত্যগণ পরাস্ত হইয়া এ সকলেই নিহত হইল। চারল্য অনভোপায় হ কয়েকজন সহচরের সহিত পলায়ন করিলেন, কিন্তু রা য়ান্ সৈন্যগণ তাঁহার অনুসরণ করিল। চারল্স । কক্ষে তুরুকে উপস্থিত হইয়া স্থলতানের শরণাপন্ন হই শক্র হস্ত হইতে মুক্ত হইলেন। এই স্থানে তিনিপীড় ভাণ করিয়া ক্রমাগত দশ মাস কাল শ্যাগত রহিলে এই প্রকারে কয়েক মাস অতিবাহিত করিয়া চার

এই স্থান হইতে পলায়নের চেফী করিতে লাগিলে কিন্তু একে তুরক হইতে তাঁহার দেশ অনেক দূর,তাহা বার তিনি চারিদিকে শক্ত ঘারা বেপ্লিড, স্থতরাং
ায়নের কোন আশু স্থােগ পইলেন না। অবশেষে
রল্ম অনেক চিন্তার পর সাহসের উপর নির্ভর করিয়া
টো মাত্র বন্ধুকে সঙ্গে লইয়া, শক্ত মধ্য হইতে পলায়ন
রলেন, এবং অনেক বিপদ অতিক্রম করিয়া স্থইডেনে
শন্তিত হইলেন।

এই সকল ঘটনার পরেও চারল্সের রণকগুরুন রুত্ত না হওয়াতে, তিনি বিংশতি সহস্র সৈন্য সংগ্রহ রয়া নরওয়ে আক্রমণ করিতে গমন করিলেন।

এক দিবস তিনি শক্রদিগের পার্য দিয়া যাইতে-লন, এমন সময়ে শক্রগণ তাঁহাকে লক্ষ্য করিয়া মান ছাড়িল। চারল্স গোলা দারা আহত হইবামাত্র র্তু মাত্রে সেই স্থানে পঞ্চত্ব প্রাপ্ত হইলেন।

তোমাদিগের সকলের মনোযোগ সহকারে চারল্সের ন্তি পাঠ করা কর্ত্তব্য। ইহাঁর বৃত্তাস্ত তোমাদিগের তিপ্রদ হইবে। চারল্সের বৃত্তাস্ত পাঠ করিলে মরা-জানিতে পারিবে, যে তিনি এক জন সাহসী াষ, এবং প্রজাগণের উপকার করিয়া যশোলাভ তে ইচ্ছুক ছিলেন। প্রজাগণের মঙ্গলের নিমিত্তই ন কত শত লোককে বধ করিয়াছেন এবং আপনাকে বিপদে নিক্ষেপ করিয়াছিলেন।

## जरप्रापम शतिराष्ट्रपः।

#### নরওয়ে।

নরওয়ে ইউরোপের উত্তরভাগে অবস্থিত। অত্র লোকেরা ডেন্স ভাষায় কথাবার্ত্তা কছে। ইহারা ডেন দিগের স্থায় স্থরাপানে আসক্ত নহে। নরওয়েবাসী . অতি সরল এবং আতিথেয়। নরওয়ের উত্তরভাগের সমূ একটী পাক্ আছে, তাহাকে মেলষ্ট্রম কহে। এদেশবাসী ইহার অবস্থাকে দশগুণ বুদ্ধি করিয়া বর্ণন করিয়া থাকে কতকগুলি লোকে কহে. এই পাকের জল চতুর্দি মহাবেগে বর্ত্ত্বাকার হইয়া ঘুরিতেছে, এবং বজ্র শর্মে স্থায় অনবরত শব্দ হইতেছে। কোন জাহাজ ঘটনাত্রা এই স্থানে আসিয়া উপস্থিত হইলে পাক দ্বারা আরু হয়, এবং জলের আঘাতে চুর্ণ হইয়া পাকের মধ্য উচ্চশির হইয়া সাগর গর্ভে প্রবেশ করে। সময়ে বৃহদাকার তিমি মৎস্য অতি দূর হইতে জল বে আকৃষ্ট হইয়া পাকের মধ্যে পতিত হইয়া বিন্ট হা তিমি মৎস্তেরা আবর্ত্ত দারা আকৃষ্ট হইবামাত্র জানি পারিয়া বিধিমতে পলাইবার চেষ্টা করিতে থাকে, বি যখন জানিতে পারে যে পরিত্রাণের আর কোন উর্গ নাই.সেই সময়ে অতি করুণসূচক আর্ত্তনাদ করিতে ক্য আবর্ত্তমধ্যে নীত হয়. এবং জলবেগে প্রাণত্যাগ করে জেকিন্স নরওয়েতে যান নাই, কিন্তু সুইডেনে গ

ন কালীন এই দেশের অনেক বৃত্তাস্ত শুনিয়াছিলেন।
ন কহেন বস্থ পশুর মধ্যে এখানে বস্থ বরাহের সন্ধ্যা
ধক। এখানকার বস্থ বরাহগণ কাহারও কোন অপর করে না। কথিত আছে একজন নরওয়েবাসী এক
নদী পার হইবার নিমিত্ত এক নৌকাতে আরোহণ
রয়াপর পারে যাইবার উপক্রম করিতেছে, এমত সময়ে
নিস্ত বরাহ তীর হইতে লক্ষ্ণ প্রদান পূর্বক তরণীতে
ক্রিত হইল, এবং নৌকার এক পার্শ্বে উপবেশন
রিল। তরণী পর পারে উপস্থিত হইবামাত্র বরাহ
য়ীর ভাবে এক লক্ষ্ণে তীরে পতিত হইয়া অভীফ্ট দেশে
স্থান করিল।

নরওয়ে দেশের এই এক প্রকার রীতি,যে কোন ব্যক্তির দেহ সমাধি ক্ষেত্রে লইয়া যাইবার কালে এক ব্যক্তি ার সর্ব্বাত্যে বেহালা বাজাইতে বাজাইতে গমন করে। দেশের অন্যান্য অংশের লোকেরা মৃত ব্যক্তিকে "তুমি ন মরিলে ? তোমার স্ত্রী পুত্র তোমাকে ভাল বাসিত না" এই প্রকার প্রশ্ন জিজ্ঞাসা করে।

নরওঁয়েতে প্রায় পঞ্চদশ লক্ষ লোকের বাস। এদেশে ইরাজা নাই, অধিবাসীরা স্থইডেনের রাজাকেই আপ-নগের অধীশ্বর বলিয়া মানে। স্থইডেনের প্রধার্ন নগর গেন। (Bergen) এদেশ গ্রীষ্মকালে অভিশয় উষ্ণ এবং কিলে সেই পরিমানে শীতল হয়। নরওয়েবাসীরা শীত নিবারণের নিমিত্ত পশুলোম ঘারা প্রস্তুত বস্ত্র ব্যব হার করে। এদেশ এ প্রকার শীতল যে এক শত বংক পূর্বের এক দিবস প্রায় সপ্ত সহস্র স্থাইস সৈন্য এক পর্বক উল্লঙ্গন করিতেছিল, তাহারা পর্ববতের কিয়দ্দুরে আসিব মাত্র শীত প্রভাবে তাহাদিগের শরীর অবশ হইয়া আমে এবং অতি অল্প কাল মধ্যে প্রত্যেকে যে যে ভাবে জিন্ সে সেই ভাবেই প্রাণত্যাগ করিল।

# **পঞ্চদশ পরিচেছদ।**

#### ল্যাপনাও।

ল্যাপলাগু ইউরোপের উত্তর দিকের প্রান্তভা স্থাপিত। ল্যাপলাগু একটাও বৃহৎ নগর নাই। এট জাতি অমুর্ব্বর, এবং অধিকাংশ স্থান মরুভূমিতে ব্যাধ ল্যাপলাগুর অধিবাসীরা যাযাবর, অর্থাৎ তাহাদি বাসস্থানের কোন স্থিরতা নাই। এদেশীয়েরা শীতকা কুটারে এবং গ্রীম্মকালে হরিণচর্ম্মনির্দ্মিত তাম্বুতে কার তিপাত করিয়া থাকে। বংসরের মধ্যে নয় মাস কাল এ স্থানে শীত অতিশয় প্রবল থাকে। শীতকালে রাফ্রি ভাগ অধিক হয়, এমন কি ছই তিন মাস কেহ সূর্যে মুখ দেখিতে পায় না। এই সময় অরোরা বোরিয়নী নামক নক্ষত্রের আলোকে জন্ধকার বিন্ট হয়।

কুষ্ণবর্ণ বিড়ালের উপর ল্যাপলাগুবাসীদিগের প

ায় ভক্তি। প্রত্যেক গৃহস্থের এক একটা কুষ্ণবর্ণ বিভাল দুখা যায়। এদেশবাসীরা ইফানিফ কার্য্যে এবং সকল ধকার আপদ বিপদের পরামর্শ বিড়ালকে জিজ্ঞাস। চবিয়া থাকে। ইহারা অরণ্যে শিকার বা মৎস্য ধরিতে াইবার কালে কাল বিডালকে সঙ্গে করিয়া লইয়া যায়। mপলাণ্ডের লোকেরা চক্রহীন শকটে আরোহণ করিয়া ভিন্নতঃ গমনাগমন করে। হরিণই <sup>\*</sup>এদেশীয়দিগের ধুধান সহায়। যদি ইহারা হরিণের সাহায্য না পাইত. াহা হইলে কোন ক্রমেই ল্যাপলাণ্ডে মনুষ্যের বসতি ইত ন। দেখ ল্যাপলাগুবাসীরা হরিণ দ্বারা চক্রেহীন কট চালায়, হরিণের মাংদে জীবিকা নির্বাহ করে, এবং রিণের চর্ম্মে বস্ত্র প্রস্তুত ক্রিয়া শীত নিৰারণ করে, ও হা দারা তম্ব প্রস্তুত করিয়া তাহাতে সপরিবারে বাস রিয়া থাকে। এদেশজাত হরিণকে রেন্ডিয়ার বা লগা হরিণ কহিয়া থাকে। বলগা হরিণ এক দমে বিশ ক্রাশ গাড়ী টানিয়া যায়। জগদীশ্বর সকল দেশীয় াকদিগকে স্থাপে রাখিবার নিমিত্ত এক এক উপায় क्षिष्ठ<sup>®</sup> कतिया नियाद्या ।

হরিণ ল্যাপলগুবাসীদিগের জীবনোপায়, আরব বা হারা বাসীরা উষ্ট্রবারা আপনাদিগের জীবিকা নির্বহাহ রিয়া থাকে,এবং কামেক্ষাট্কাবাসীরা কুকুরের সাহায্য হণ করে। এই প্রকার প্রত্যেক দেশেই এক এক প্রকার পশু মনুষ্যের সাহায্যে ব্রতী আছে। ইহা দাঃ
স্পট্ট প্রতীয়মান হইতেছে বে, পশুগণ আমাদিগের স্থ সমূহের সহায়; স্তরাং পশুদিগের উপর নির্দিয় ব্যবহা করা মনুষ্যগণের কর্ত্তব্য কর্মা নহে। বালক বালিকাগণ আমার বোধ হয় তোমরা এই সকল বৃত্তান্ত পাঠ করিঃ কুদাপি পশুদিগের উপর ক্রীড়াচ্ছলেও নিষ্ঠুর ব্যবহারে ব্রতী হইবে না

# ষষ্ঠ দশ পরিচেছদ। দেউপিটার্সবর্গের বিবরণ।

কয়েক সপ্তাহ পরে, আমরা কোপেনহেগেন্ পরি
ত্যাগ করিয়া সেন্টপিটার্সবর্গে উপনীত হইলাম। সেন্ট
পিটার্সবর্গ অতি বিস্তৃত নগর, এবং রুসিয়ার রাজধানী।
ইতিপূর্বে উক্ত হইয়াছে, যে প্রায় এক শত বৎসর পূর্বে
মহাত্মা পিটার ( Peter the great ) এই নগর স্থাপ করেন। রুসিয়ার অধিবাসীরা সচরাচর মূর্থ, কিন্তু আন কেই সর্ববদা প্রফুল্ল চিত্তে কাল যাপন করিয়া থাকে। এ দেশের অধিকাংশ অধিবাসী ধনী লোকদিগের ক্রেতিদাস রুসিয়ার ধনবান লোক ক্রেতিদাসদিগের উপর অতিশ তুর্বেবহার করিয়া থাকেন। পৃথিবীর সমস্ত দেশ অপেদ রুসিয়া অতি বিস্তৃত। এদেশের অধিবাসীর সংখ্যা প্রা এক কোটি দশ লক্ষ হইবে। অধিবাসীর অধিকাংশ দ্বি বং অসভ্য। আমি সেণ্টপিটার্সবর্গে ক্রমাগত ছই মাস ল অবস্থান করিয়া অনেক বিবরণ জ্ঞাত হইয়াছিলাম। এক দিবস ভ্রমণ করিতে করিতে আমার একজন রাজ ব্যবসায়ীর সহিত সাক্ষাৎ হয়। তিনি মক্ষো রের ব্যবসায় কার্য্য করিয়া থাকেন। আমি কৌত্ গাক্রান্ত হইয়া, মক্ষো প্রভৃতি অন্যান্য নগরের বিবরণ ভ্রোসা করাতে, তিনি আহ্লাদ সহকারে, আমাকে াদ্যোপান্ত কহিলেন। মক্ষো নগর মহাত্মা পিটারের নাস্থান।

প্রায় বিংশতি বৎসর পূর্বেব ফ্রান্সের সম্রাট নেপো
। য়ান বোনাপাটী, বহুসংখ্যক সৈন্য সম্ভিব্যাহারে,

সিয়ার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। রুসিয়াতে শীতের

য়য়র প্রাহুর্ভাব দেখিয়া, নেপোলিয়ন মস্ফোনগরে শীত
াল অভিবাহিত করিবার নিমিত্ত সসৈন্যে নগরমধ্যে

বিষ্ট হইয়া আশ্রয় গ্রহণ করিলেন। এ দিকে রুসি
নেরা বৈরনির্য্যাতনের নিমিত্ত নগরন্থ গৃহ সমূহে অগ্রি

দান করিল। অগ্রিশিখা গগনস্পর্শী হইয়া গৃহ হইতে

যান্তরেঁ, এবং এক পথ হইতে অস্থা পথে পতিত হইতে

গিল। নেপোলিয়ন এই ভয়য়র ব্যাপার দর্শনে

শিখাস হইয়া সৈম্থাগরে গহিত পলায়ন করিলেন।

নীপ্ত হুতাসন কয়েক দিবসাবধি চারি দিক গ্রাস করিতে
গিল। প্রার্ট্কালীন মেঘের স্থায়, প্রভুত ধূমরাশি

গগনমগুল আচ্ছন্ন করিয়া, দিবাভাগকে নিবিড় অন্ধকারে পরিণত করিল, এবং অতি সম্বর, প্রায় সমুদ্র মস্কোনগর, তস্মাবশেষ লইয়া গেল। এ দিকে নেপোলিরনের সৈচ গণ পলায়ন কালীন প্রভৃত তুষার রাশিতে সমাহিচ হইতে লাগিল, এবং বহুসংখ্যক সৈন্থের মধ্যে কয়েবজন মাত্র, বিজ্ঞান্তের ও তুর্দ্দশার সংবাদ লইয়া ফ্রান্সে উপনীর হইল।

রসিয়ানদিগের ভ্রমণের শকট অতি স্থপ্রদ। তাহার চক্রহীন শকটের উপর পশুলোম বিস্তরণ করিয়া সফট তৈজসপত্র লইয়া ভাহাতে আরোহণ করে। শকটে সফরাচর চারি কিম্বা ছয় ঘোড়া যোজনা করে, এবং অধিক দূর যাইতে হইলে তাহারা শকটমধ্যেই পানাহার সম্পন্ন করিয়া থাকে। ইহাদিগকে পথিমধ্যে অবতরণে ক্রেশ সহ্য করিতে হয় না। অতিশয় শীতের সময় এই প্রকার গাড়ীতে কোন ক্রেশ হয় না। আমি সেন্টপিটার্গ বর্গে অবস্থান কালীন প্রাম্বোভিয়া নাম্মী এক যুব্রী কন্থার গল্প শ্রবণ করিয়াছিলাম। প্রাম্বোভিয়ার গল্প ভাষার গল্প শ্রবণ করিয়াছিলাম। প্রাম্বোভিয়ার গল্প ভাষানি প্রতিপ্রদ হইতে পারে, অমুমান করিয়া কহিতেছি, প্রবণ কর।

# ষোড়শ পরিচেছদ।

লপোলোফ নামক এক ব্যক্তি ক্রসিয়ায় বাস ব তেন। কোন সময়ে ক্রসিয়ার সম্রাট, বা জ্জার, লগে নাফের প্রতি কুপিত হইরা তাঁহাকে স্ত্রী এবং একটা <del>াণ্ড</del> কন্তার সহিত আসিয়ান্থিত সাইবিরিয়া দেশে ার্কাসিত করিয়াছিলেন। সাইবিরিয়া অতি অরণ্যময় াদেশ, এবং সেণ্টপিটার্সবর্গ ইইতে অনেক দূরে অৰ- ত। এদেশের অরণ্যের সর্বস্থানই বন্যজন্ততে পরি-ৰ্ণ, এবং কয়েকজ্বন নিৰ্ববাসিত ব্যক্তি ব্যতীত এখানে ন্য লোকের বাসস্থান নাই। স্থতরাং **এমতস্থলে** পোলোফ যে, কোন বন্ধু বান্ধব পাইবেন তাহারও ন্ত্রাবনা ছিল না। মানব জ্বাতির স্বভাব এই যে তাহার। াক সহবাস ব্যতিরেকে কদাপি নিৰ্জ্জন স্থানে বাস রিতে সমর্থ হয় না, এবং এই নিমিত্ত সির্বাসিত ক্তিদিগকে **অনেক ক্লেশ স**হ্য করিতে হয়। স্থৃতরাং পোলোকও সেই কয়ের হস্ত হইতে পরিত্রাণ পান ই। লপোলোফের শিশু কন্যাটীর নাম প্রাক্ষোভিয়া। रिकां कि वा का का कि सार्व का कि कि का कि াষোভিয়ার স্বভাবটা প্রীতিপ্রদ ছিল বলিয়া, তাহার তা মাতা তাহাকে অতিশয় স্লেহ করিতেন।

এক দিবস প্রাক্ষোভিয়া দেখিল বে তাহার পিতা উ হঃখিতান্তঃকরণে বসিয়া জাছেন, এবং জননী দিতেছেন। প্রাক্ষোভিয়া জাঁহাদিগের এই প্রকার যে। দর্শন করিবামাত্র দ্রুতগতি পিতা মাতার সমীপ-াঁ হইল, এবং কহিল ভোমাদিগের কি হইয়াছে; ভোমরা কাঁদিতেছ কেন; আমাকে বল, আমি ভোমাদিগের ত্বংশ দূর করিব। এই কাব্য শ্রহণ করিয় প্রাক্ষোভিয়ার মাতা কহিলেন, বাছা! আমরা এককারে দেউপিটার্সবর্গে বাস করিতাম। সেখানে আমাদিগের ধন ছিল, বন্ধু ছিল, সহায় ছিল, এবং স্থুখ ছিল। কিয় ত্বাগ্য বশতঃ সম্রাট আমাদিগকে এই দূরবর্তী বিজ্ঞানে নির্কাশিত করিয়াছেন। এক্ষণে আমরা অয় ত্বংবের দশায় কালাতিপাত করিতেছি।

প্রাক্ষোভিয়া কহিল মা! আমি সমাটের নিকট গম করিয়া কহিব যে আমার পিতা নির্দ্দোষ। আরও কহি যে আমরা সেখানে অতি কট্টে কালাতিপাত করিতেছি এবং অবশেষে অতি কাতরতার সহিত সেণ্টপিটার্সবর্গ প্রত্যাবর্ত্তনের অসুমতি প্রার্থনা করিব। সমাট অহি দয়ালু, বোধ হয় এ প্রকার যথাযথ প্রার্থনা অগ্রাহ করিবেন না। প্রাক্ষোভিয়ার পিতা মাতা প্রথমে তাঁহাকে সমাটের নিকটে গমনের মানস হইতে নির্হ হইতে কহিলেন, কিন্তু প্রাক্ষোভিয়ার পীড়াপীড়িট অগত্যা সম্মত হইতে হইল। সম্মত হইলেন বটে, কিই পরিমধ্যে পাছে প্রাক্ষোভিয়ার কোন বিপদ উপশ্বি

প্রাকোভিয়া দেণ্টপিটার্সবর্গে বাইবার নিমিত প্রস্থা হইল। তাহাকে অনেক দুর বাইতে হইবে, কিন্তু <sup>স্</sup>য ইবার কেহ নাই, পথখরচের এক পয়সাও সম্বল

ह। প্রান্ধোভিয়া জানু পাতিয়া ঈশ্রের নিকট

জ্ঞানপণ করিয়া প্রার্থনা করিল "হে পরমেশ্বর!

মই অসহায়ের সহায়, নির্ধনের ধন, আমি তোমার

গর নির্ভর করিয়া বহুদুরস্থিত অপরিচিত দেশে যাইতে

গ্রত হইলাম। আমি একাকিনী, আমার সঙ্গে কেহ

ই, অসহায়া হইয়া গভীর অরণ্য, বিজন প্রান্তর, ভয়য়রা

নভ্মি, এবং অভ্যুচ্চ পর্বত পার হইতে হইবে, প্রভু;

ম আমার সহায় ইও এবং তোমারই উপর নির্ভর

রিয়া আমি অকুল ছরাশা সাগরে ঝাপ দিলাম।" এই

কারে প্রার্থনা সমাপন করিয়া প্রান্ধোভিয়া পিতা

তার নিকট হইতে বিদায় গ্রহণপূর্বক পদত্রজ্ঞে স্ফাট

গিপে প্রস্থান করিল।

এক দিবস প্রাক্ষোভিয়া অরণ্যের মধ্য দিয়া যাইছে এমত সময়ে ঝড় বৃষ্টি আরম্ভ হইল, এবং অতি
ক্ষণ পরেই তাহার সম্মুখবর্তী পথে এক প্রকাণ্ড
কিহ শাখা প্রশাখা সহিত, বায়ুবেগে ভূমিতলে পতিত
ল। - প্রাক্ষোভিয়া ভয়ত্রস্তা হইয়া নিবিড় অরণ্যে
বেশ করিল। ক্রেমে রাত্রি উপস্থিত হইল, প্রাক্ষোয়া আর গন্তব্য পথ দেখিতে পায় না।

প্রথমে পথভ্রম্ভী হইয়া অন্ধকারেই ইতস্ততঃ খুরিয়া ড়াইতে লাগিল, কিন্তু অবশেষে ক্লুধায় কাতর, এবং

জলে আর্দ্র হইয়া, সমস্ত রাত্রি সেই বিজ্ঞন বিপিনে আ বাহিত করিল। প্রভাত হইবামাত্র এক ব্যক্তি সহস সেই স্থানে উপস্থিত হইয়া, প্রাস্কোভিয়ার এই প্রকা অবস্থা অবলোকন করতঃ দয়ার্দ্র হইয়া তাহাকে একখানি গাড়ীতে উঠাইয়া প্রাম মধ্যে লইয়া গেল। প্রামে উপক্রি হইয়া শক্ট হইতে অবতরণকালে প্রাক্ষোভিয়ার পদ্য শন হইল, এবং সে কাদায় পড়িয়া গেল,ও তাহার সর্বাঃ কর্মনাক্ত হইল। প্রাক্ষোভিয়া এই প্রকার অবস্থা প্রত্যেক বাটীর দ্বারে দ্বারে, গমন করিয়া আশ্রয় প্রার্থন করিল, কিন্তু আশ্রায় প্রদান দূরে থাকুক্ সকলেই তাহানে দুর দুর করিয়া তাড়াইয়া দিল। কেহ কহিল এটা চোয় কেহ বলিল এটা অতি ছুফ লোক, এবং গ্রামস্থ বালকো ভাহার এই প্রকার অবস্থা দেখিয়া চোর চোর বলি ্তাহার পশ্চাৎ পশ্চাৎ বেডাইতে লাগিল। প্রাস্কোজি নিরূপায় ও ক্ষধা তৃষ্ণায় কাতর হইয়া, এক ধর্মালয়ে সমীপবর্তী হইল,এবং অভ্যস্তরভাগে প্রবেশ করিয়া দেন যে, দ্বার রুদ্ধ। অবশেষে অনম্যোপায় হইয়া ধর্মালয়ে সোপানে উপবেশন পূর্বক পরমেশ্বরের প্রার্থনায়-নিযুক্ত হইল। এই সময়ে এক জ্বীলোক সেই স্থানে উপঞ্চি হইল, এবং প্রাক্ষোভিয়ার এই প্রকার অবস্থা দর্শনি করুণার্দ্র হইয়া তাহাকে আপন গুহে লইয়া গেল, এই যথোচিতরূপে আহার করাইয়া কয়েকখানি বস্ত্র প্রার্থ

রিল। প্রান্ধোভিয়া এই স্থানে কয়েক দিবস অবস্থান রিয়া, সেই স্ত্রীলোকটীকে ধস্থবাদ দিয়া পুনর্যবার গস্তুব্য শেশ প্রস্থান করিল।

এইরূপ অবস্থায় কিছু কাল থাকিতে২ শীত উপস্থিত ল। ইতিপূৰ্বেক কথিত হইয়াছে যে, ৰুসিয়াতে অতান্ত তের প্রান্থলিব। শীতল বায়ু প্রবাহিত হইবামাত্র রি দিক হইতে তুষার পড়িতে আরম্ভ হইল। প্রাস্কো-য়ার শীতবন্ত্র কিছুই ছিল না, স্থতরাং তুষার ধবলিত । দিয়া বাইবার সময় তাহার সর্ব্বাঙ্গ কাঁপিতে লাগিল। হার সোভাগ্যবলে এক ব্যক্তি চক্রহীন শকটারোহণে ই পথ দিয়া যাইতে যাইতে প্রাক্ষোভিয়ার নিকটবর্ত্তী ্ল, এবং তাহার ছুর্দ্দশা দর্শনে করুণার্দ্র হইয়া তাহাকে পন শকটে উঠাইয়া লইল। প্রাক্ষোভিয়ার শীতবস্ত <sup>ই দেখিয়া</sup> তিনি, একটা মেষ চর্ম্মের কোট্ ভাহাকে লন। এই প্রকার কটে অনেক দূর অতিবাহিত <sup>রুরা</sup> প্রাক্ষোভিয়া **অবশেষে পীড়াগ্রস্ত হয়,** এবং <mark>অধিক</mark> গমনে অসমর্থ হইয়া এক দয়ালু ব্যক্তির আশ্রয় গ্রহণ র। এই ব্যক্তির অমুগ্রহে চিকিৎসিত হইয়া ক্রমে ম রোগ হইতে মুক্ত হয়, এবং কিছুকাল পরে বল-थ श्रेश मञ्जाषे महत्न भगतात्कृत्म श्रञ्जान कृत्त । পথে এই প্রকার অশেষ কফ্ট সহু করিয়া অবশেষে ক্ষোভিয়া এক বৎসর পরে রুসিয়ার রাজধানী সেন্ট-

পিটার্সবর্গে উপনীত হয়, এবং সম্রাট প্রাসাদে গম করিয়া মহিষীর সহিত সাক্ষাৎ করে। সম্রাটমহিষী সাণু গ্ৰহে তাহাকে নিকটে স্থান দিলেন। প্ৰাক্ষোভিয়া মৰি ষীর অমুগ্রহে অমুগৃহীতা হইয়া আপনার বৃত্তান্ত আদ্যে পাস্ত নিবেদন করিল। মহিষী আমুপূর্ব্বিক সমস্ত এক কুরিয়া করুণার্দ্রা হইলেন, এবং তাহার পিতামাতাট মুক্ত করিয়া দিতে স্বীকৃতা হইয়াছিলেন। প্রাস্কোভিয় প্রাসাদ পরিত্যাগ করিয়া বাসস্থানে যাইবার নিমি ताखोरक अভिवानन कतिरान, जिनि जांशांक किंहु वा দিয়া সে দিবসের মত বিদায় দিলেন। রাজ্ঞী সঞা সমীপে প্রাস্কোভিয়ার বৃত্তান্ত আদ্যোপাস্ত বর্ণনা করিয়ে সমাট তাহার পিতামাতাকে মুক্ত করিয়া দিতে স্বীকৃষ হইয়া সাইবিরিয়ায়এক দৃত পাঠাইয়া দিলেন। লোফ এবং তাহার স্ত্রী আপনাদিগের মুক্তির সংবা প্রবণ করিয়া, অতুল আনন্দে নিমগ্ন হইলেন, এবং অন্তি বিলম্বে দেণ্টপিটার্সবর্গ অভিমুখে যাত্রা করিলেন কিছুকাল পরে সেণ্টপিটার্স বর্গে উপস্থিত হইলে, তাঁহা দিগের প্রাক্ষোভিয়ার সহিত সাক্ষাৎ হইল। প্রামে ভিয়া পিতামাতাকে দেখিয়া তাঁহাদিগকে গাঢ় আলি করিয়া, আনন্দাশ্র বিদর্জন করিতে লাগিল। প্রকারে লপোলোফ কম্মার সহিষ্ণুতা এবং সাহশে গুণে, পুনর্বার বন্ধুবর্গে পরিবৃত হইয়া সেণ্টপিটার্স বা

থে কালাতিপাত করিতে লাগিলেন। দেখ দেখি, ংসন্তানগণ পিতামাতার কি পর্য্যন্ত উপকার করিতে মর্থ হয়, অসৎ সন্তানগণ পরিবারের কণ্টকতুল্য হইয়া াকে।

# সপ্তদশ পরিচ্ছেদ। পারলির প্রসিয়ায় যাতা।

আমাদিগের সেণ্টপিটার্সবর্গে পঁছছিবার অব্যবহিত রেই কাপ্তেন ফিলিপ আমাদিগের জাহাজ বোল্ডহীরো নি বিক্রয় করিয়া আর এক খানি জাহাজ নিযুক্ত করতঃ মেরিকায় প্রত্যাবর্ত্তনের উদ্যোগ করিতে লাগিলেন। ন্ত্র আমি ইউরোপে অক্তাক্ত দেশ দেখিবার নিমিত্ত প্রকার কৌতৃহলাক্রান্ত হইয়াছিলাম, যে কোন প্রকা-ই স্বদেশ প্রত্যাবর্তনে সম্মত ইইলাম না। আমি দ্কীন্সের নিকটে আপন অভিপ্রায় প্রকাশ করাতে তিনি মার সহচর হইতে স্বীকৃত হইলেন। এই প্রকারে মরা ছই জনে সেণ্টপিটার্সবর্গ পরিত্যাগ করিয়া এক ন জাহাজে আরোহণ করিয়া, বাল্টিক সাগরে উপ-চ হইলাম, এবং অতি অল্প সময় মধ্যে প্রসিয়া দেশের ণ্টিজ নামক নগরে অবতীর্ণ হইলাম। ডাণ্টিজ অতি বৃহৎ এবং সমৃদ্ধিশালী নগর। আমি এবং <sup>মূকীন্স</sup> উভয়ে এই স্থানে কয়েক দিবস অভিবাহিত

করিয়া, পরে প্রসিয়ার রাজধানী বারলীন্ নগরে উপনী হইলান। পথিমধ্যে আমরা কখন বা পদব্রজে, কখা উজা কোচে ভ্রমণ করিয়াছিলাম। এদেশের লোকের ক্টেজ কোচকে (Speed Wagon) অর্থাৎ ক্রতগানী শকা কহে। আমরা প্রসিয়ান্দিগের ভাষা বুঝিতে পারিতাম নালিরা অনেক সময়ে অস্থবিধা হইত, কারণ প্রসিয়ানের জর্মাণভাষায় কথাবার্তা কহিয়া থাকে। আমাদিগের ময়ে জেন্কীকা অতি অল্প ক্রেক্ত ভাষা কহিতে পারিত বিলিয় সম্পূর্ণ অস্থবিধা হয় নাই, কারণ আমরা দেখিলাম য়েইউরোপের সমুদায় দেশের লোকেই কতক পরিমাণে ক্রেক্ত ভাষা বুঝিতে ও কহিতে পারে।

প্রসিয়া দেশের অনেক স্থান জঙ্গলে পরিপূর্ণ। কয়ে বৎসর গত হইল, এক দল শিকারী, পশুবধের নিমি প্রসিয়ার এক অরণ্যে প্রবেশ করে। তাহারা ইতন্তব পশু অন্থেশ করিতেছে, ইত্যবসরে বনের মধ্যে মনুষ্যাকৃতি এক জন্তু দেখিয়া চমকিত হইল। শিকারীরা অদৃষ্ঠ পশুর নিকটবর্তী হইবামাত্র সে পলায়নে তংগ্য হইল। শিকারীরা সেই জন্তুর পশ্চাৎ ধাবিত হইলে, শে অতি ক্রতবেগে নিকটস্থ পর্ববতের এক গুহায় প্রবেকরিল। শিকারীরা কয় জনে গুহার চতুর্দ্দিক বেস্টন করি অবশেষে তাহাকে ধরিল। এই জন্তু বনমানুষ। বনমার্গ বেরা বনে বাস করিয়া থাকে, কথা কহিতে পারে বি

কেবল বানরের ন্যায় চীৎকার করে। রুক্ষের পত্র এবং উদ্ভিদের মূলই ইহাদিগের উপজীবিকা। শিকারীরা তাহাকে ধরিয়া নগরে লইয়া গেল, এবং কথা কহা শিখাইবার বিস্তর প্রয়াস পাইল, কিন্তু তাহাতে কোন ফল দর্শিল না! এই জন্তুর স্বভাব অতি ক্রের। কেহ নিকটে আসিয়া কোন প্রকারে বিরক্ত করিলেই তাহাকে আঘাক্ষ করিবার চেক্টা করিত। বেচারা এত চেক্টাতেও কোন ক্রে শিক্ষালাভ করিতে সমর্থ হইল না।

তাহার পর আমরা বার্লিনে উপস্থিত হইলাম। পূর্বেই বলিয়াছি যে বার্লিন অতি রহৎ এবং সমৃদ্ধিশালী নগর। এই নগরের চতুদ্দিক প্রস্তরনির্দ্ধিত প্রাচীরে বেপ্তিত। প্রসিয়ার রাজা ( এক্ষণে সম্রাট) কোন সময়ে বার্লিনে এবং কোন সময়ে পোইউজম নগরে বাস করিয়া থাকেন। প্রসিয়ার অধিবাসীর সংখ্যা আমেরিকার ইউনাইটেড-ইউটের তুল্য। প্রসিয়াদেশের এই প্রকার রীতি যে তাহার। মস্তকের সমৃদ্র কেশ মৃগুন করতঃ কেবল উদ্ধিদেশে গোলাকৃতি কতকটা স্থানে চুল রাখে।

শামি তোমাকে প্রদিয়ার এক রাজার গল্প বলিতেছি শ্রবণ কর। প্রায় এক শত বৎসর পূর্বেব প্রদিয়া দেশে ফ্রেড্রিক্ নামে এক রাজা ছিলেন। এই রাজার রাজত্ব কালে প্রদিয়ার চতুর্দ্দিকের রাজগণ একত্র হইয়া ফ্রেড্-রিকের সহিত যুদ্ধে প্রবৃত্ত হয়। ফ্রেড্রিকও যুদ্ধে প্রবৃত্ত হইয়া স্বয়ং সেনানায়ক হন, এবং অনেক স্থলে যুদ্ধ করেন। কোন কোন যুদ্ধে তিনি পরাজিত হইয়াছিলেন বটে, কিন্তু অনেক যুদ্ধেই জয়লাভ করিয়াছিলেন। অন্তি অল্প রাজাই ফ্রেড্রিকের ন্যায় সেনানায়ক হইয়া যুদ্ধ করিয়া থাকেন। ক্রেড্রিক্ কহিতেন যে, আমার সহা্রুতার নিমিত্ত যে সমস্ত লোক যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া প্রাণ বিসর্জ্জনে উদ্যুত হয়, সে স্থলে আমি তাহাদে অধিনায়ক হইয়া বিপদ হইতে দূরে থাকিব, ইহা কখন কর্ত্তব্য নহে। এই সমস্তকারণেই লোকে তাঁহাকে (Frederic the great) মহাত্মা ফ্রেড্রিক্ কহিত। জি যুদ্ধজয়ী অপেক্ষা একজন পরোপকারক বলিয়াই বিখ্যা ছিলেন।

কথিত আছে মহাত্মা ক্ষেত্রিক্ এক দিবস স্বী উপবেশন গৃহে বসিয়া আছেন, এমত কালে ভ্তাদ ডাকিবার প্রয়োজন হওয়াতে ঘণ্টা বাজাইলেন। কিঃ ঘণ্টার শব্দে কেহই উপস্থিত হইল না দেখিয়া, জি নিঃশব্দ পদসঞ্চারে গৃহের বহির্ভাগে আসিয়া দেখেন ত তাঁহার বালক ভ্তা একখানি কাষ্ঠাসনে উপবেশন করিঃ নিজাগত আছে। বালক ভ্তোরা সচরাচর সামান্ত আজ প্রতিপালনের নিমিত্ত নিযুক্ত হয়, এবং সর্বাদা আজাক থাকাই তাহাদিগের কর্ত্ব্য।

মহাত্মা ফ্রেড্রিক্ তাহাকে জাগাইবার নিমিত্ত অগ্রস

হইতেছেন, এমত সময়ে দেখিতে পাইলেন যে, বালকের
গকেটে এক খণ্ড কাগজ রহিয়াছে। তিনি কোঁতুহলাক্রান্ত হইয়া পত্রের মর্ম্ম অবগত হইবার নিমিত্ত অতি
আত্তে তাহার পকেট্ হইতে পত্রখানি বাহির করিয়া
পড়িলেন। এই পত্রখানি বালকের মাতা পাঠাইয়াছিলেন। তাহার মর্ম্ম এই যে, বালক আপনার বেতনেরু
কিয়দংশ মাতার সাহাযের নিমিত্ত পাঠাইয়াছিল, তাহার
লাতা সেই অর্থ পাইয়া এই লিখিয়া পাঠায়াছিলেন যে,
লাছা! পরমেশর তোমার ভাল করিবেন,এবং তুমি সচচরত্রতার পুরস্কার পাইবে।

ক্রেছ্রিক্ পত্র পাঠ করণানন্তর ধীরে ধীরে পুনর্ববার
হৈ প্রবেশ করিলেন, এবং কয়েকটা ভূকেট (প্রসিয়া
দশের এক প্রকার স্থবর্ণ মূজা) বাহির করিয়া পত্রের
হিত সেই বালক ভূত্যের পকেটে রাখিয়া দিলেন।
হার পর পুনর্ববার সজোরে ঘণ্টা বাজাইবামাত্র ভূত্যের
ক্রাভঙ্গ হইল, এবং সে ভটস্থ হইয়া রাজার সম্মুথে
পিন্থিত হইল। রাজা তাহাকে সস্তামণ করিয়া কহিলেন
ভামার স্বচ্ছন্দে নিজা হইয়াছিল ? ভূত্য নম্ভাবে ক্ষমা
থিনা করিবার উপক্রম করিতেছে, এমত সময়ে সহসা
কেটে হাত পড়াতে চমকিত হইয়া উঠিল, মুখ পাণ্ডুবর্ণ
ইল,এবং রাজার দিকে দৃষ্টিপাত করিয়া কাঁদিতে লাগিল।
দিসময়ে তাহার কথা কহিবারও সামর্থ্য রহিল না। রাজা

ভাহাকে কহিলেন ভোমার কি হইরাছে ? ভৃত্য রাজার পদতলে পতিত হইরা কহিল, মহাত্মন ! বোধ হয় কোন ব্যক্তি আমার সর্বনাশের উদ্যোগ করিতেছে। এই টাকা কি প্রকারে আমার পকেটে আদিল, আমি তাহার কিছুই জানি না। রাজা তাহার বাক্য প্রবণ করিয়া কহিলেন, বন্ধো! আমাদিগের নিজিতাবস্থাতে পরমেশ্বর সর্বনা করণা বিতরণ করিয়া থাকেন। এই টাকা তুমি তোমার মাতার কাছে পাঠাইয়া দাও, এবং আমার প্রণম জানাইয়া কহিও যে, অদ্য হইতে আমি তোমার এবং তোমার মাতার রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করিলাম।

সর্বপ্রধান যুদ্ধ জয় অপেক্ষা মহাত্মা ক্রেড্রিকের এই সমস্ত কার্যাই যথার্থ প্রশংসার কার্যা। বেচারা ভৃত্য বে কেবল কর্ত্তব্য কর্মা অবহেলনের নিমিন্তই ক্ষমা প্রাথ হইল, তাহা নহে, সে মাতার প্রতি অবিচলিত ভক্তির পুরক্ষারও প্রাপ্ত হইয়াছিল।

মহাত্মা ফুেড্রিকের যে কেবল এই সমস্ত গুণ ব্যতীর আর কিছু ছিল না, তাহা নহে। তিনি একজন অসাধারণ পণ্ডিত ছিলেন। কিন্তু ধর্ম সম্পর্কে যদি তাঁহার অধিব ভক্তি থাকিত, তাহা হইলে তিনি সংসাঁরৈ আরও স্থ্রী হইতে পারিতেন, তাহাতে আর কোন সন্দেহ নাই।

# অফীদশ পরিচেছদ। পারণির ভিয়ানার গমন।

জেন্কীক্স এবং আমি এক সপ্তাহ বার্লিনে অবস্থান করিয়া, অধীয়ার রাজধানী ভিয়ানা নগরে গমন করিলাম। আমরা পদব্রজেই গমন করিয়াছিলাম। জর্ম্মণির সরাই সকল অতি কোতুকাবহ। দেখিতে অনেকটা গোলাবাড়ীর সদৃশ, এবং অশ্ব, গাভী, গর্দ্দভ, শুকর ও মনুষ্য প্রভৃতি সকল জীবজন্ত এই স্থানে আশ্রয় প্রাপ্ত হইয়া থাকে।

আমরা পথশ্রান্তে গাঢ় নিদ্রায় অভিভূত আছি, এমত সময়ে একটা কোলাহল শব্দে জাগ্রত হইলাম। নিদ্রাভঙ্গ হইবামাত্র দেখি যে একদিকে কতকগুলা শৃকর ঘোঁৎ ঘোঁৎ করিতেছে, অন্য দিকে, গর্দ্ধতে চীৎকার করিতেছে, এবং সকল প্রকার জন্তুর স্বর একসঙ্গে মিলিত হইয়া একটি মহাকলরব হইয়া দাঁড়াইয়াছে। জর্ম্মণীর অরণ্যে বন্য শৃকরের অত্যন্ত উপদ্রব। ইহারা সম্মুখস্থ তুইটা দন্ত ঘারা অগ্রবর্ত্তী শক্রকে বিদীর্ণ করিয়া ফেলে। শৃকর শিকাক জর্মাণির বিশিষ্ট ভদ্রলোকদিগের একটি প্রধান আমোদ। একদিবস আমরা জর্মণির এক অরণ্যে ভ্রমণ করিতেছিলাম, ইতিমধ্যে দেখি যে একটা বন্য শৃকর অতি ক্রতবেণে পলাইতেছে। তাহার পরক্ষণেই দেখিলাম যে, প্রায় দশ বারটা শিকারী কুকুর তাহার পশ্চাঘর্তী হই-

য়াছে। তাহাদিগের মধ্যে তুইটা কুকুর প্রাণপণে দৌড়িয়া, একটা,শৃকরের কাণ,এবং আর একটা, গ্রীবাদেশ কামড়াইয়া ধরিল। শৃকর সজোরে গাত্র সঞ্চালন করাতে তুইটা কুকুরই ভূতলে নিক্ষিপ্ত হইল, এবং শৃকরও এই অবকাশে আপন তীক্ষ দন্ত দারা কুকুর তুইটার উদর বিদীর্ণ করিয়া পলাইতেছে, ইতিমধ্যে এক অখারাচ় পুরুষ অখ ইইতে লক্ষ্ প্রদান পূর্বক তাহার সম্মুখবর্ত্তী হইল। শৃকর তাহাকে দন্তাঘাত করিবার উপক্রম করিতেছে, ইত্যবকাশে তিনি নিমেষ মধ্যে একটী স্থতীক্ষ বর্ষা ঘারা তাহার গ্রীবাদেশ ভেদ করিলেন, বর্ষা গ্রীবাভাগে প্রবিষ্ট ইইবানাত্র চারিদিক্ রক্তে প্লাবিত হইল, এবং শৃকরও ঘুরিয়া ভূমিতলে পড়িল।

শৃকরের এই অবস্থা দেখিয়া অশ্বারোহী ব্যক্তি সজোরে ভেঁপু বাজাইতে লাগিলেন, এবং তাহার অল্পন্দণ পরেই আরও কয়েকজন অশ্বারত পুরুষ আসিয়া সেই স্থানে উপস্থিত হইল। এই কোতুক দেখিবার নিমিত্ত আমরাও অগ্রসর হইয়া তাহাদিগের সমীপবর্তী হইলাম, এবং শিকারীদিগের সহিত কথোপকথন করিতে করিতে জানিতে পারিলাম যে, শৃকরহস্তা কেবল একজন শিকারী নহেন, তিনি অধ্বীয়াদেশের সমাট, এবং অপরাপর অশ্বারোহী তাঁহারই সম্রান্ত পারিষদ। স্থতীক্ষ্ণ বল্লাম প্রয়োগে ক্ষিপ্রহস্ত না হইলে, শৃকর শিকারে গমন করা অসংসাহ-

সিকের কার্য্য। আমেরা এই ঘটনার ছুই দিবস পরেই ভয়েনানগরে উপস্থিত হইলাম।

# উनिविश्म পরিচেছं।

### ভিয়ানা নগর।

ভানিউব ইউরোপের সর্ব্বপ্রধান নদী, এবং এই নদীরী 
গীরে ভিয়ানা নগর স্থাপিত। ভিয়ানা নগর দেখিতে 
তি মনোরম এবং প্রীতিপ্রদ, ও ইউনাইটেডফেটের 
কল নগর অপেক্ষা রহৎ। ভিয়ানার অধিবাসীরা অতিত্ব আমোদপ্রিয়। শীতকালে ডানিউব নদীর জল 
যারে পরিবর্ত্তিত হইলে, নগরবাসীরা নানা প্রকার চক্রত্বান শকটে আরোহণ পূর্বক নদীর উপর বহুবিধ ক্রীড়া, 
ত্বং কেহ কেহ পর্যাটন করিয়া থাকে। এমন কি স্ত্রীলোকরাও এই আমোদের সাহায্য করিয়া থাকে। চক্রহীন 
তিট গুলির আকার বিভিন্ন প্রকার হইয়া থাকে। 
তকগুলি অশ্বের ত্যায়, কতকগুলি হংসের ন্যায়, এবং 
তকগুলি ব্যাঘ্রের আকারের মত নির্শ্বিত হয়। এই 
কিবরের গাড়ীকে এখানে স্লেক্ করে।

ত্রীলোকেরা শীত নিবারণের নিমিত্ত পশুলোমজাত ত্র ব্যবহার করে, এবং অনেক প্রকার বহুমূল্য শিরো-বিণ পরিধান করিয়া থাকে। ঘোটক কিম্বা হরিণ ঘারাই সুেজ্ টানাইরা থাকে, এবং প্রত্যেক ঘোটকের গলার
চতুর্দ্দিক কিন্ধিনী ঘারা বেন্টন করিয়া দেয়। ভিয়ানা
নগরের নিকটবর্ত্তী এক উদ্যান আছে, তাহাকে প্রেটার
কহে। এই উদ্যানের পরিসর প্রায় চারি মাইল। গ্রীষ্
কালে বহুসংখ্যক লোকে এই স্থানে সমবেত হইয়া
আমোদ আহলাদ করিয়া থাকে। উদ্যানে প্রবেশ করিলেই দেখিতে পাইবে, কোথায় এক দল বালক ক্রীড়া
করিতেছে, কোথাও প্রণায় যুগল এক বৃক্তের অন্তরারে
বিসিয়া প্রেমালাপ করিতেছে, কোন স্থানে বা কতকগুলি
লোক উচ্চৈঃস্বরে সংগীতালাপ করিতেছে, কোন স্থানে
বালিকারা একত্রিত হইয়া রজ্জুকীড়া করিতেছে, এবং
উদ্যানের নিভৃতস্থানে গঞ্জীরপ্রকৃতি পণ্ডিতেরা বিস্থা
সংসারের আদি, অন্ত, কার্য্য, কারণ, স্থুখ, তুঃখ, মায়
মোহ প্রভৃতি চিন্তায় নিমন্তা আছেন। এই উদ্যানটাবে
দেখিলেই প্রমোদ কানন বলিয়া প্রতীতি হইয়া থাকে।

## বিংশ পরিচেছদ। অষ্টীরা।

অন্তিরা অতি বৃহৎ দেশ। এদেশের অধিবাসীর স্থা প্রায় আমেরিকার ইউনাইটেডফেটের দ্বিগুণ হইবে। ভিয়ানা ব্যতীত এখানে আরও অনেকগুলি বড় বর্চ নগর আছে। অব্বীয়ার কতকগুলি অধিবাসী অতি পরিশ্রেমী এবং কতকগুতি অতি অলস। কিন্তু ইহাদিগের মধ্যে অনেকই শিল্পা। ইহারা ঘড়ী নির্দ্ধাণে অতিদক্ষ, এবং প্রতি বংসর এদেশে অনেক ঘড়ী প্রস্তুত হইয়া থাকে। বালক গালিকাদিগের নিমিত্ত অনেক প্রকার পুতৃলও এখানে নির্দ্ধিত হয়। আমরা একদিবস একটী গ্রামের প্রতিরূপ দেখিলাম। প্রতিরূপটী অতি স্থুন্দর, এবং স্থুকোশলৈ নির্দ্ধিত ইইয়াছে। এই প্রতিরূপের মনুষ্যাকৃতি পুত্লিকাগণ প্রায় ছুই ইঞ্চি উচ্চ (Inch) এবং তাহাদিগের মধ্যে কতকগুলি বেড়াইতেছে, কতকগুলি কর্ম্মে নিযুক্ত গাছে, এবং কতকগুলি বেড়াইতেছে, কতকগুলি কর্মে নিযুক্ত গাছে, এবং কতকগুলি ঠেনিক পুরুষ রণসজ্জায় প্রস্তুত ইয়া গমন করিতেছে, এবং তাহাদিগের মধ্যে একজন গ্রাচাক্ বাজাইতেছে।

বোধ করি তোমরা সকলে কলে দাবা খেলার গল্প
শবণ করিয়াছ। এই আশ্চর্য্যজনক পুতলিকাটীও এই

যানে নির্ম্মিত হইয়াছিল। এই কলে একটা তুরক দেশীয়ের প্রতিরূপ স্থাপিত আছে। তাহার সম্মুখে টেবিল,

ববং দাবা বড়ে স্থাপিত। কেহ একটা বড়ে চালিলেই
সই পুতলিকাও চালিবে। এমন কি কেহই এপর্য্যন্ত এই

ইতলিকাকে খেলায় পরাস্ত করিতে পারে নাই। এই

মুহুত পুত্লিকাপৃথিবীর সর্বস্থানেই দর্শনার্থ নীত হইয়া-

ছিল,এবং এক্ষণে লণ্ডনে ক্রীফটল প্যালেসে স্থাপিত আছে। এদেশে জিপ্সী নামক এক প্রকার জাতি আছে। তাহারা যাযাবর, অর্থাৎ তাহাদিগের কোন নির্দ্দিষ্ট বাসস্থান নাই। পুত্র পরিবার লইয়া ইউরোপের সর্বস্থানেই ভ্রমণ করিয়া থাকে। জিপ্সীরা কহে, তাহারা লোকের অদ্ফলিপি বলিতে পারে; কিন্তু অপহরণ কার্য্যই ইহাদিগের প্রধান বাবসায়।

এক দিবস জেন্কীন্স এবং আমি ভ্রমণ করিতে করিতে এক আরণ্যে উপস্থিত হই, এবং সেই খানে দিবাবসান হয়। আমরা অন্ধকারে পথ ভূলিয়া ইতন্ততঃ ভ্রমণ করিতে করিতে দূর হইতে এক আলোক দেখিতে পাইলাম। আমরা রাত্রিকালে বনের মধ্য দিয়া অতি কফৌ সেই আলোক স্থানে উপস্থিত হই, এবং দেখি যে প্রায় বিশক্তন জিপুসী সেখানে বসিয়া আছে।

আমরা তাহাদের সমীপবর্তী হইয়া কহিলাম যে,
আমরা পথ হারাইয়াছি, এবং অদ্য এই স্থলেই রাত্রি
যাপন করিতে ইচ্ছা করি। তোমরা অনুগ্রহপূর্বক কিছু
খাদ্য এবং একটু শয়নের স্থান প্রদান কর। তীহারা
আমাদের প্রার্থনায় স্বীকৃত হইল, এবং কিছু মাংস, কটী,
ও মদ্য আনিয়া দিল। আমরা আহার করিয়া তাহাদিগেরই এক তামুতে শয়ন করিলাম। আর্দ্ধ রাত্রে পদ
সঞ্চালন শব্দে আমার নিদ্রা ভঙ্গ হইল। আমি সভয়ে

ইতন্ততঃ দৃষ্ঠি সঞ্চালন করিয়া দেখি যে, একজন জিপ্সী জেন্কীন্সের সমীপবর্তী হইয়া তাহার পকেট অমুসন্ধান করিতেছে। আমি এই ব্যাপার অবলোকন করিয়া জেন্কীন্দ পকেটে হাত দিয়া দেখে, যে তাহার বিশ ডলার সেই ব্যক্তি অপহরণ করিয়া পলাইয়াছে। আমরা যামিনীর অবশিষ্ট ভাগ বসিয়া কাটাইলাম, এবং প্রাতঃকালে অপহরণ রুৱান্ত তাহাদিগকে বলাতে তাহারা উচ্চ হাস্য করিয়া কহিল "যদি তোমাদিগের ধনরক্ষারই বাঞ্ছা ছিল, তাহা হইলে কোন সংসঙ্গে প্রবিষ্ট হইলে ভাল হইত।" আমরা ইতি কর্ত্তব্য বিমৃত হইয়া সেই স্থান হইতে অভীষ্ট দেশে প্রস্থান করিলাম, এবং উভয়ে বিবেচনা করিলাম, যে, আজি আমাদিগের একটা শিক্ষা লাভ হইল।

একবিংশ পরিচেছদ। তুরক্ষের বিবরণ।

পরিপূর্ণ। মুসলমানের। সেই আশ্চর্যা ঘটনা গুলিকে অতি আগ্রহসহকারে বিশাস করিয়া থাকে। কোরাণের এক স্থানে লিখিত আছে, যে এক দিবস রাত্রি কানে মহম্মদ স্বর্গে নীত হন, এবং স্বর্গীয় অনেক আশ্চর্য্য জনক ব্যাপার দর্শন করিয়া পুনর্ববার নরলোকে প্রত্যাবর্ত্তন করেন। তুরুকেরাও এই সকল ঘটনাবলা নিঃসন্দিঞ্চিত্তে বিশাস করিয়া থাকে।

কনফাণ্টিনোপল তুরুকের রাজধানী। এই নগর পৃথি
বার অতি বৃহৎ নগর সমূহের মধ্যে পরিগণিত। তুরুকের
ভূপালকে স্থলতান্ কহে। স্থলতান্ অনেকগুলি বিবাহ
করেন, এবং তাহাদিগকে স্থলতানা বলে। তুরক্ষের অধি
বাসীরা শাশুধারণ করিয়া থাকে। ইহারা অতিশয় তায়
কূটপ্রিয়। কোন কোন লোকের তামাক থাইবার নগ
প্রায় ছয় ফুট পর্যান্ত লম্বা হইয়া থাকে।

তুরক্বাসীর। চেয়ার টেবীল ব্যবহার করেন, তাহারা জানু পাতিয়া ভূমির উপরেই উপবেশন করিয়া থাকে। ইহাদিগের মধ্যে আহারের সময় কাঁটা ছুটি প্রেছতির ব্যবহার নাই। এক ব্যক্তি মাংস প্রভৃতি খাদ্দির দেয়, এবং অপরাপর সকলে আহার করিবে থাকে। তুরক্দেশে টুপীর ব্যবহার নাই। লোকে শির্দ্রাণ (পাগড়ী) ব্যবহার করিয়া থাকে।

जूतरकत मिक्न मिटक औमरमम। औमरमरमंत्र अभि

বাসীকে এীক কহে। এীকেরা প্রাফ্টধর্ম্মাবলম্বী। তুরক্ষেরা খ্রীফটধর্ম্মাবলম্বীদিগকে স্থাণা করিয়া থাকে। এককালে গ্রীসদেশ তুরক্ষের অধীন ছিল, এবং এই সময়ে গ্রীকেরা তুরক্ষদিগের অনেক অত্যাচার সহা করিয়াছে।

গ্রীসদেশ যে কেবল দেখিতেই স্থানর তাহা নহে,
আদিমকালে গ্রীসদেশবাসিগণ পৃথিবীর প্রধান স্থান্ত্র সম্প্রদায় মধ্যে গণ্য ছিল। যদি কখন গ্রীসদেশে ভ্রমণ করিতে যাও, দেখিবে সহস্র সহস্র বংসরের শত শত নগরের ভগ্নাবশেষ আজি পর্যান্তও শোভা পাইতেছে। গ্রীসদেশে আথেন্স নামে একটা বিখ্যাত নগর আছে। এই নগরে মিনার্ভা দেবীর মন্দিরের ভগ্নাবশেষ আজি পর্যান্তও বর্ত্তমান আছে, তাহাকে পার্থিওন কহে। এই মন্দির সত্যযুগে নির্ম্মিত হইরাছে, কিন্তু আজি পর্যান্ত ইহার শোভা বিনষ্ট হয় নাই।

গ্রীসের আদিম অধিবাসীরা অতি সাহসী, সরল, বিদান, এবং শিল্পী ছিল। ইহাদিগের দ্বারা পৃথিবীর মনেক বিখ্যাত কার্য্যসমূহ সম্পাদিত হইয়াছে।

পূর্বিকালে জরাজেস্ নামে পারস্যদেশে এক প্রবল

এতাপান্থিত নরপতি ছিলেন। তিনি বহুসংখ্যক সৈত্য

নিমন্ত লইয়া গ্রীসদেশ আক্রমণ করেন। গ্রীকেরা

প্রকার অতুল সাহসের সহিত যুদ্ধ করিয়াছিল, যে

অবশেষে জরাক্সেস্ গ্রীস জয় অসাধ্য বিবেচনা করিয়, স্বদেশে প্রত্যাবর্তন করেন।

প্রীসদেশ সম্পর্কীয় অনেকগুলি মনোরম গল্প আছে।
আমি তাহার মধ্যে তোমাদিগকে একটা গল্প বলিতেছি
শ্রেবণ কর। এক কালে গ্রীসদেশে ডেমন্ এবং পিথিরি
রাস্নামে ছই ব্যক্তি বাস করিত। তাহাদিগের পরস্পারের অত্যন্ত মিত্রতা ছিল। কিছু দিবস পরে ডেমন্
কোন অপরাধে রাজদণ্ডে দণ্ডিত হয়, এবং রাজা তাহাস্প্রাণদণ্ডের আজ্ঞা প্রদান করেন। ডেমন্ দণ্ডাজ্ঞা শ্রেক
করিয়া সকরুণ ভাবে রাজার নিকট এই প্রার্থনা করিল
যে সে অন্তিমকালে একবার তাহার পুত্র পরিবারদে
দর্শন করিবে, এবং তাহার পর পুনর্বার রাজসকাশে
উপস্থিত হইয়। প্রাণাদানে প্রস্তুত ইইবে।

রাজ। প্রথমে এই প্রস্তাবে স্বীকৃত হইলেন না, কিং তংপরে অনেক অনুনয় বিনয়ের পর, এই পর্যান্ত স্বীকার করিলেন থে, যে পর্যান্ত ডেমন্ আপন পরিবারদিগকে দর্শন করিয়া প্রস্তাবর্ত্তন না করে, সেকাল পর্যান্ত তাহার বন্ধু পিথিয়স্ তাহার পরিবর্ত্তে বন্দী থাকিবে। যদি ডেমন্ নির্দ্দিন্ট কালের মধ্যে উপস্থিত না হয়, তাহা হইলে তাহার বন্ধুর প্রাণদণ্ড হইবে। পিথিয়স্ রাজার প্রস্তাবে স্বীকৃত হইয়া ডেমনের স্থানে বন্দী হইল, এবং ডেমনণ্ধ পরিবারদিগকে দেখিবার নিম্বত প্রস্থান করিল।

ডেমনের পরিবারেরা কিছু দূরে ছিল এই নিমিত্ত তাঁহার ঘাইতে বিলম্ব হইয়াছিল।

অবশেষে ডেমন্গৃহে উপস্থিত হইয়া আপন পরিজনদিগকে সমস্ত বৃত্তান্ত কহিয়া বলিলেন, আমি তোমাদিগকে
দেশ কালের নিমিত্ত দেখিতে আসিয়াছি। এক্ষণে আর
অধিকক্ষণ থাকিতে পারিব না। কারণ, কালবিলম্ব হইলে
প্রিয়বলু পিথিয়দের প্রাণদণ্ড হইবে। এক্ষণে বিদায় হই।
ডেমনের এই বাক্য শ্রবণ করিয়া তাহার পুত্র প্রিবার
ডেমনের গলা ধরিয়া কাঁদিতে লাগিল, এবং কহিল,
গাগরা তোমাকে কখনই ষ্টিতে দিব না।

এদিকে রাজা ডেমনের কাল বিলম্ব দেখিয়া ডেমন্ থার প্রত্যাগমন করিবে না, ইহাই স্থির করিলেন, এবং থাহার পরিবর্ত্তে পিথিয়সকে বধ্যভূমিতে লইয়া যাইতে থাদেশ দিলেন।

পিথিয়স্ বধ্যভূমিতে নীত হইল, এবং এক উচ্চ

ক্ষের উপর দাঁড়াইলে, চারিদিকে সহস্র ২ লোক উচ্চ

হমি বেফান করিল। রাজাও পারিষদবর্গে পরিবৃত হইয়া

সই স্থীনে উপনীত হইলেন। সকলেই মনে নিশ্চয়

রিল যে পিথিয়সের মৃত্যুকালে আসম। ইতিমধ্যে জনতা

াধ্যে মহান কোলাহল উপস্থিত হইল। তাহার মধ্যে

ইতে এক জন উচ্চৈঃস্বরে কহিতে লাগিলঃ আমাকে পণ

নিও, পথ দেও, গমন করি। এই বাক্য শ্রাবণে সকলেই

বিশ্বয়ান্বিত হইয়া দেখে যে, ডেমন্ উপস্থিত হইয়াছে, এবং তীত্রবেগে বধ্যঞ্মির অভিমুখে আদিতেছে। ডেমন্ জনতা ভেদ করিয়া মঞ্চের নিকটবর্তী হইল, এবং পিথিয়দের গলা ধরিয়া কহিল, আমি উপস্থিত হইয়াছি, আমি আদিয়াছি, আর তোমাকে জীবন বিসর্জ্ঞন দিতে হইবেনা, আমিই এক্ষণে মরিতে প্রস্তুত আছি। রাজা পিথিয়য়, এবং ডেমনের অকপট মিত্রতা দর্শন করিয়া করুণার্দ্র হইয়া কহিলেন, ভয় নাই, তোমাদিগের কাহাকেও মরিতে হইবে না, আমি তোমাদের অপরাধ মার্চ্ছনা করিতেছি, এবং এক্ষণ হইতে তোমরা স্বাধীন হইলে। আপনাদের অভীষ্ট স্থানে গমন কর, এবং অকপট মিত্রভার উপমা জগৎবাদীদিগকে দেখাও। রাজবাক্যে সমস্ত লোক মহা কোলাহল করিয়া উঠিল, এবং বন্ধুদ্বয়ও গাঢ় আলিঙ্গন করিয়া সে স্থান হইতে প্রস্থান করিল।

গ্রীকের। পুরাকালে সহস্র বংসর পর্যান্ত স্বাধীনভাবে কাল্যাপন করিয়া, অবশেষে ছুই সহস্র বংসর অতীত হইল, তাহারা রোমানদিগের দারা আক্রান্ত এবং তাহাদিগের অধীনস্থ হয়। এই সময় হইতে তাহাদিগের সমস্ত গৌরব অস্তমিত হয়, এবং গ্রীকেরা মহৎ হইটে সামান্ত জাতির মধ্যে পরিগণিত হইতে লাগিল।

এই অবস্থায় কয়েক শতাব্দী অভিবাহিত করিয়া তাহারা তুরক্দিগের ধারা আক্রান্ত এবং তাহাদিণের গধীনস্থ হয়। তুরকেরা গ্রীকদিগকে দাসের ভায় ব্যবহার করিত। অবশেষে গ্রীকেরা তুরকদিগের অভ্যাচার সহ্থ করিতে অসমর্থ হইয়া রণভূমিতে অবতীর্ণ হইল, এবং ভূমূল সংগ্রামের পর যুদ্ধে জয়লাভ করিল ও অনেক দিনের পর গ্রীসে পুনর্কার স্বাধীনভার পতাকা উজ্জীয়-নান হইল। এক্ষণে গ্রীকেরা স্বাধীনভাবে কাল্যাপুন করিতেছে।

## चाविः म शतिरुक्त ।

#### ইটালী নগৰ।

আমরা ভিয়ানায় এক মাস অতিবাহিত করিয়া ইটা-নীর প্রধান নগর রোমে উপনীত হইলাম।

রোম নগর ইটালীর একটি প্রধান স্থান। রোমে, St. Peter's church) দেণ্টপিটার্সচর্চ্চ নামে এক র্ম্মালয় আছে, তাহার মত রহৎ অট্টালিকা পৃথিবীর বার কোন দেশে নাই। ইটালীর প্রধান যাজক এই গাসাদে বাস করেন। রোমান কাথলিক সম্প্রদায়ের গান বাজককে পোপ্ কহে, এবং তিনিই রোমের রাজা। রামান কাথলিক সম্প্রদায় পোপকে প্রায় দেবতাস্বরূপ গান করিয়া থাকেন। তাঁহারা কহেন পোপ্ কোন কার্য্য

অবথা সম্পাদন করেন না। কিন্তু আমি জ্ঞাত আছি, রোমের অনেক পোপ ্অতি ছফ্ট লোক ছিলেন।

রোম নগরে এবং ইটালীর অপরাপর ভাগে অনের প্রাচীন প্রাসাদের ভগ্নাবশেষ দেখা যায়। সেগুলি আজিও দেখিতে অতি মনোহর।

ু তুই সহত্র বৎসর পূর্বে রোমের অধিবাসীরা তংকালীন পৃথিবার সর্বত্রেষ্ঠ জাতি মধ্যে পরিগণিত ছিল।
এক্ষণ পর্যান্তও তাহাদিগের কীর্ত্তিকলাপ অবনীমগুলে
দেদীপ্যমান আছে। রোমে কোলিসিয়ম নামক প্রানাদ
আজি পর্যান্ত বর্তমান আছে। এই প্রানাদ তুই সহত্র
বৎসর পূর্বেব নির্দ্মিত হইয়াছিল। কোলিসিয়মের আকার
একটি নাট্যশালার স্থায়, এবং ইহার পরিসর এত,যে এই
স্থানে বহুসহত্র লোকের সমাবেশ অভি স্বচ্ছন্দে নির্বাহিত্ত
হত্তে পারে। রোমের পূর্বেকালের অধিবাসীরা অভি
ক্ষমতাশালী ও ঋদ্মিনস্ত ছিলেন। যুদ্ধ বিদ্যায় ইহার
তৎকালে পৃথিবীর সকল জাতি অপেক্ষা শ্রেষ্ঠ ছিলেন।
এক্ষণ পর্যান্তও পৃথিবীর কোন স্থানই রোম নগরের
ভগ্নাবশেষ প্রাসাদ, বা নগরের সৌন্দর্য্য অভিক্রম করিছে
পারে নাই।

ইটালীতে নেপল্স নামে আর একটি স্থন্দর নগর আছে। নেপল্সের নিকটেই বিস্তৃভিয়স নামে আগ্রে গিরি আছে। এই পর্বত হইতে অগ্নি নির্গত হইতে আর হইলে, সহস্র সহস্র বন্ধাঘাতের স্থায় শব্দ হইতে আরম্ভ হয়, এবং প্রভৃত ধৃম ও গলিত ধাতু নিঃস্ত হইয়া নিকটস্থ নগর সমূহ প্লাবিত ক্রিয়া কেলে।

আঠার শত বৎসর পূর্ব্বে একবার এই পর্ববত হইতে
অগ্নুগেপাত হইয়া নিকটস্থ অনেক গ্রাম এবং নগর ভূগর্তে
নিহিত করে। এই সময়ে পশ্পীয়াই ও হারকুলিয়ন নামে
ছই নগরও বিনফ হইয়া যায়। অবশেষে অতি অল্পদিবস
অতীত হইল পশ্পীয়াই নগরের উপরিস্থ আবর্জনা স্থানান্তরিত করাতে সম্পূর্ণ নগর ভূগর্ভ হইতে প্রকাশিত
হইয়াছে। অফাদশ শত বৎসর ভূগর্ভ মধ্যে ছিল, কিন্তু
আজিপর্যান্ত ইহার প্রাসাদ এবং অট্টালিকা ও রাজ্পশ
বিনফ হয় নাই।

তোমরা রোমের ইতিহাস পাঠ করিলেই ইহার প্রাচীন কালের বিবরণ সকল জানিতে পারিবে। তবে এক্ষণে এই মাত্র বলিতে পারি যে, বাদশ শত বৎসর পূর্বের পৃথিবীর কোন রাজ্যই রোমের সমকক্ষ ছিল না। কিন্তু তাহার পরেই চিরকালের নিমিত্ত রোমরাজ্যের পতন হয়। রোম যে এক কালে অতি সমৃদ্ধিশালী নগর ছিল,তাহার ভ্যাবশেষ অট্টালিকাই আজি পর্যান্ত জগতে সে বিষয়ের সাক্ষ্য প্রদান করিতেছে।

ইটালীর আধুনিক অধিবাসিগণ তাহাদিগের পূর্ব-<sup>পুরুষ</sup> হইতে সম্পূর্ণ বিভিন্ন। তাহারা রোমে বাস করি- তেছে সভ্য, রোমের ঐশব্য ভোগ করিতেছে সভ্য প্রাচীন রোমানদিগের শোণিত তাহাদিগের শরীরে প্রবা হিত হইতেছে সভ্য, কিন্তু তাহাদিগের আচার, ব্যবহার রীতি, নীতি, বল,বীর্ঘ্য,সাহস,অধ্যবসায়,সম্পূর্ণ বিপরীভ যাহাদিগের পূর্বর পুরুষেরা পৃথিবীর অন্যান্য অংশ্যে লোকদিগের কুসংস্কার দূর করিয়াছেন, এক্ষণে তাহারাই মহাকুসংস্কারে আচ্ছন্ন হইয়া কাল্যাপন করিতেছে।

## ত্রয়োবিংশ পরিচেছদ।

আমি রোম নগরে জেন্কীকোর সহিত বিভিন্ন হইলাম।
কেন্কীকা আমেরিকায় যাইবার নিমিত্ত নেপল্স গমন
করিলেন, এবং আমি সুইজরর্লণ্ডে গমন করিলাম। ইটালীর মধ্য দিয়া যাইতে যাইতে দেখিতে পাইলাম, ইটালার অধিবাদীরা আঙ্গুর কুড়াইতেছে। তাহারা আঙ্গুরেররেস স্থরা প্রস্তুত করিয়া থাকে। ইহা শুক্ষ হইলে মনকা
হয়।

অবশেষে আমি আল্পস্ পর্বতের উপর উপস্থিত ছইলাম। আল্পস্ ইউরোপের সর্বব্রধান পর্বত । ইহার শিখরদেশ এত উচ্চ যে সর্ববদা বরফে আর্ত থাকে।

আমি ইতিপূর্বেক কখন আল্পন্ন পর্বতে আসি নাই, স্কুতরাং চারিদিকের শোভা দর্শন করিছে করিতে দিবাই, সান হইল। সূর্য্যকে অন্ত হইতে দেখিয়া, গস্তব্যস্থান গমন করিতে উদ্যত হইতেছি, এমত সময়ে দেখি যে দশ বার জন লোক অন্ত্র শস্ত্র লইয়া আমাকে বেফীন করিল।

আমি সভয়চিত্তে কারণ জিজ্ঞাসা করাতে তাহারা ইটালী ভাষায় উত্তর দিল, স্থতরাং আমি কিছুই বুঝিতে পারিলাম না। তাহারা আর অপেকা না করিয়া আমাকে ারিল, এবং জঙ্গলের মধ্য দিয়া এক ভগ্নাবশেষ প্রাসাদ রুর্গে লইয়া গেল। তাহারা ঘোর তিমিরাচছন্ন পথ দিয়া চুগর্ভস্থ এক গৃহে আমাকে রাখিয়া আসিল। আমি ক্ষণ-চাল এইখানেই থাকিলাম। আমার পার্শ্বস্থ লোকেরা ্য সকল কথা বলিয়াছিল, তাহার একটাও বুঝিতে পারি াই। স্থতরাং তাহাদিগের অভিপ্রায় জানিতেও অসমর্থ हिंगां हिलाम। অবশেষে স্থির করিলাম যে ইহারা দফ্য, দাদার নিকট টাকা কড়ি যাহা আছে, ভাহা অপহরণ দ্রাই ইহাদিগের উদ্দেশ্য: অথবা হয় ত আমাকে বিনষ্ট ারিতেও পারে। বাহা হউক, আমি এই সমস্ত বিবেচনা <sup>দরিয়া</sup> আমার সহিত যে হুটী পিস্তল ছিল, তাহা প্রস্তুত ারিরা রাখিলাম, এবং মনে ঠিক করিলাম, যে গুরু বপত্তির সময় ইহার সাহায্য লইব।

আমি এই সকল চিস্তার সময়াতিপাত করিতেছি, মত সমরে দেখিলাম, যে এক ব্যক্তি গৃহ মধ্যে প্রবেশ রিল। তাহাকে দেখিবামাত্র বোধ হইল, যেন ইহাকে কাথাও দেখিয়াছি, এবং তাহার আকার প্রকারে অফু- মান হয়, যেন এই ব্যক্তিই দহ্যাদলের নায়ক হইবে
অপর কতকগুলি লোক তাহাকে বেইটন করিয়া, কয়
কহিতে লাগিল। সে কথাগুলি আমার সম্পর্কীয়, তায়
আমি আকার ইঙ্গিতে বুঝিতে পারিলাম। তাহাদিগে
কথা শেষ হইলে, তিনি আমার নিকটবর্তী হইলেন
এবং সম্মুখে আসিয়া চমকিত হইয়া উঠিলেন। আমিয়
বিস্ময়ায়িত হইয়া দেখি, যে সেই ব্যক্তি আমার পুর্বাপরি
চিত লিও, ইহাকেই আমরা সমুস্তরঙ্গ হইতে বাঁচাইয়া
ছিলাম, এবং ইহার সঙ্গেই আমি ইংলগু পরিভ্রমণ করি

লিও যদিও দস্যুবৃত্তি অবলম্বন করিয়াছেন, তথাপি কৃতদ্ম হন নাই। তিনি তাহার পারিষদদিগকে কহিলে, যে এইব্যক্তি একসময়ে আমার প্রাণদান দিয়াছে। তৎপদ্ধ আমাকে কহিলেন যে তোমার কোন ভয় নাই, আমার দ্বারা তোমার কোন অপকার হইবে না, আমি কানি প্রাতঃকালে তোমাকে গস্তব্য স্থানে পঁত্রছাইয়া দিব।

পর দিবস প্রাতঃকালে লিও আমাকে সঙ্গে করিয় আরণ্যমধ্য হইতে প্রকাশ্য রাস্তায় লইয়া গেল,এবং তংকালোচিত বাক্যব্যয় করিয়া সম্ভাষণ পূর্বক বিদায়গ্রহণ করিয়া সম্ভাষ পূর্বক বিদায়গ্রহণ করিয়া সম্ভাষ প্রকার ভাবিলাগ যে লিওকে দস্ত্যবৃত্তি হইতে নিবৃত্ত হইতে কহি, বিশ্ব ক্ষণকালও অপেক্ষা না করাতে, আমার মন্ত্র্য কথা বলিতে পারিলাম না। আমি সেই পথ দিয়া গ্রহণ

চরিতে করিতে অবশেষে স্থইজর্লগ্রের রাজধানী বারন্ নগরে উপস্থিত হইলাম।

সুইজর্লাণ্ডের অধিবাসীরা পর্বত এবং জঙ্গলময় প্রদেশে বাস করে। এদেশের অধিবাসীরা, নিরীহ, সরল, এবং প্রীতিপদ। বারন্, জেনিভা, লসেনা, এই তিন্টী নগর সুইজর্লণ্ডের মধ্যে প্রধান। এদেশের কেহ রাজ্যা ।াই,আমেরিকার ইউনাইটেড ফেটের স্থায় সাধারণ তন্ত্রে ।াজকার্য্য নির্বাহিত হয়।

স্থইসের স্বাধীনতাপ্রিয়। কিছু কাল অতীত হইল গহারা অব্লীয়ার অধীনস্থ হয়। তৎপরে উইলিয়ম টেল প্রভৃতি কয়েক ব্যক্তি একত্রিত হইয়া স্থদেশকে স্বাধীন দরিতে চেফা করেন। অব্লীয়ার শাসনকর্তা উইলিয়ম টলের কার্য্য সকল জানিতে পারিয়া, টেল শাসনকর্তার দরের কার্য্য সকল জানিতে পারিয়া, টেল শাসনকর্তার দরিত পালন করেন কিনা বিশেষরূপে পরীক্ষা করিবার দিও বাঁশের উপর একটা টুপি রাখিলেন, এবং সমস্ত লাককে সেই বাঁশকে প্রণাম করিতে আজ্ঞা দিলেন। ইলিয়ম টেল তাহাতে সম্মত হইলেন না। শাসনকর্তা টলের অবাধ্যতাতে তাঁহার উপর ক্রেক্স হইয়া তাঁহাকে গারাক্ষ করিলেন। উইলিয়ম টেল ধ্যুর্বিদ্যাতে পার-শাঁছিলেন। শাসনকর্তা জেসলার তাঁহার নিপুণ্ডাব্দিবার নিমিত্ত একটা আপেল ফল তাঁহার পুত্রের স্তকে রাখিয়া তাঁহাকে তাহা ভেদ করিতে কহিলেন।

টেল প্রথমে ভয় হেডু কোন প্রকারে সন্মত হইলেন ন, কারণ যদি তাঁহার শরসন্ধান ঠিক না হয়, তাহা হইনে তাহার প্রিয়পুত্র আহত হইবে। কিন্তু শাসনকর্তা বি লেন, যদ্যপি তুমি আপেল ভেদ না কর তাহা হইনে তোমার পুত্রের প্রাণ দণ্ড হইবে।

. টেল অবশেষে অগত্যা আপেল ভেদ করিতে প্রকৃত্ত হইলেন। তিনি ধমুকে শর যোজনা পূর্বক তীর ছাতি লেন। তীর তীব্রবেগে আপেল ভেদ করিয়া দ্ পতিত হইল, টেলের পুত্র অব্যাহত রহিল।

এক দিবস গবর্ণর জেস্লার টেল্কে এক কারাণা হইতে অন্য কারাগারে স্থানান্তরিত করিবার মান করিয়া, তাঁহাকে সমভিব্যাহারে লইয়া যাইতেছেন, এম সময়ে এক ব্রদ পার হইবার সময় মহা ঝড়র্প্তি আর হইল। জেসলার অত্যন্ত ভীত হইলেন, এবং মৃত্যু অ নিকটবর্ত্তী মনে করিয়া সভয়ে টেলকে নৌকা চালা ইতে আদেশ দিলেন। টেল স্বাভিমত প্রদেশে নৌক বাহিতে লাগিলেন, এবং পর্বতের নিকটবর্ত্তী হইয়া নৌক ত্যাগ করিয়া লক্ষ প্রদান পূর্বক তীরে উপনীত হইয় পর্বত মধ্যে প্রবিষ্ট হইলেন।

ঐন্থান হইতে টেল পলায়ন করিয়া লোকালয় প্রার্থ ছইলেন, এবং দেশবাসীদিগকে স্বাধীনতাতে উত্তেদি করিয়া শাসনকর্ত্তা জেসলারের উদ্দেশে গমন করিলে রশেষে অনেক অমুসন্ধানের পর গবর্ণরকে প্রাপ্ত ছইরা ল স্বহস্তে ভাহার প্রাণবধ করেন। এই ঘটনার পরেই মন্ত স্ইজর্লাগুবাসী একত্রিত হইয়া আধ্রীয়ানদিগকে ল হইতে দূর করিয়া দিল। এই সময় হইতেই ইজর্লগু স্বাধীন হইল।

এক বাজ্জির অধাবসায় ও যত্নে দেশের কেমন উপুণার হয়, ইহা সচরাচর দৃষ্টিগোচর হইয়া থাকে। মহৎ ক্তির অধাবসায় ও যত্ন সংপথে প্রবর্ত্তিত হইলে দেশের সাধারণ উপকার হয়। এমন কি স্বদেশ তাহার উদ্াণে স্বাধীনতার মুখ পর্য্যস্ত দেখিতে পারে। আর দ লোকের অধাবসায় ও যত্নে দেশ মরুভূমিতে পরিহইয়া থাকে।

# চতুর্বিংশ পরিচেছদ। ফ্রান্স।

অতি অল্পকাল স্থাইজর্লণ্ডে অবস্থিতি করিয়া আমি
ালে গমন করিলাম, এবং ছুই তিন সপ্তাহ মধ্যে
ালের রাজধানী পারিস নগরে উপনীত হইলাম।
ারিসের অধিবাসীর সম্ব্যাপ্রায় লগুনের অর্দ্ধেক হইবে।
উরোপের সকল স্থান অপেকা পারিস ক্ষতি আনন্দার্ক স্থান। নগরবাসীরা সর্ববদাই আমোদে রত থাকে,
বং পারিসের চতুর্দ্ধিক আমোদ স্থানে বেপ্লিত।

পারিসের এক স্থানে একটা কুঞ্জবন আছে, ( Elysian field ) ভাহাকে ইলিসিয়ান্ ফীল্ড কছে। এই স্থানে সকলে একত্র হইয়া কেহ বা অশ্বচাল্ন, কেহ পদ চারণ, কেহ নৃত্য এবং কেহ গীত গাইয়া থাকেন। এই স্থানটী অতি মনোরম। এখানে সকলেই আনক্ষ অমুভব করিয়া থাকে। পারিসের রাজপ্রাসাদ অভি বৃহৎ, এবং চারিদিক স্থানর উপবনে বেস্থিত। এই উপবনে অনেক ভত্রলোক সপরিবারে ভ্রমণ করিতে আই সেন, শত শত বালক চারিদ্কে ক্রীড়া করিতে থাকে।

কিছুকাল পূর্বের পারিস নগরে ব্যাফটিল নামে এক কারাগার ছিল। রাজা কাহারও উপর কুপিত হইনে তাহাকে আবদ্ধ করিয়া রাখিতেন। এই স্থানে কতক গুলি লোক প্রাণে বিনফ্ট হইত, এবং কতকগুলি ইফ কালের মত তিমিরাচছন্ন গৃহে আবদ্ধ থাকিত। কারারুদ ব্যক্তিগণ যে পুনরায় আলোকের মুখ দর্শন করিবে তাহার আর কোন আশা ছিল না। বদ্দি কখন রাজ কাহার উপর সদয় হইতেন, তাহা হইলে দেই ব্যক্তিই এই হোর নরক ষন্ত্রণা হইতে মুক্ত হইত।

এক সময়ে ফ্রান্স দেশীয় এক যুবক অনেক কালাব। ব্যাস্টাইল প্রেপি আবদ্ধ ছিল। সে ব্যক্তি বখন বৌবনকার অতিবাহিত করিয়া বৃদ্ধ বন্ধনে পদার্পণ করে, এমন সময়ে রাজা তাহার উপর প্রবন্ধ হইয়া তাহাকে কারাগার হইং মুক্ত করেন। তিনি মুক্তিলাভ করিয়া নগর মধ্যে প্রবেশ করিলেন, এবং দেখিলেন যে, তাঁহার সমস্ত বন্ধু ইছ-কাল পরিত্যাগ করিয়াছে, এবং পরিচিতের মধ্যে আর কেইই নাই। তিনিও কাহাকে চিনিতে পারিলেন না, মল্ল ব্যক্তি তাঁহাকে চিনিতে অসমর্থ ইইল। কারাম্ক্র ব্যক্তি চারিদিক অমণ করিয়া পুনর্ববার কারাগারে উপস্থিত ইইলেন, এবং কহিলেন, আমি পুনর্ববার এই স্থানে আবন্ধ থাকিব। কারণ পৃথিবী নৃতন রূপ ধারণ করিয়াছে। আমাকে কেইই চিনিল না, এবং আমিও কোন ব্যক্তিকে চিনিতে পারিলাম না। এক্ষণে আমার এই সমকারগৃহই ভাল, আমি জীবনের অবশিষ্ট কাল অন্ধকারেই থাপন করিব।

১৭৮৯ খৃঃ অব্দের ১৪ই জুলাই শোড়ব লুইসের সময় নেসনেল এসেমব্লী ঘারা ব্যাফাইল প্রাসাদত্বর্গ সমস্থান করা হয়। শোড়ব লুইসের রাজত্বকালে ফ্রান্সে কোন, শৃথলা ছিল না, শাসন প্রণালী অতি কদর্য্য ছিল,এমন কি রাজা কোন ব্যক্তির উপর অতি সামাত্য কারণে অসম্ভক্ত ইইলেই তাহাকে ধৃত করিয়া বিনা বিচারে, ব্যাফাইল প্রাসাদত্বর্গ আবন্ধ করিয়া রাখিতেন। কোন কোন শমরে কেহ বা জন্মের মত ঘোর তিমিরাচ্ছন্ত গৃহে জীবন মতিবাহিত করিয়া কালকবলিত হইত।

ফুান্সের লোকেরা অনেক দলে বিভক্ত। তাহাদিগের

মধ্যে কতকগুলি রাজপক্ষ এবং কতৃকগুলি দেশীয় লোব দিগের পক্ষা স্বদেশীয় লোকদিকের পক্ষকে নেসনো এসেমবুলী কহে।

১৭৮৯ খৃন্টাব্দের ১৩ই জুনাই রাজা নেসনেল এনে
মব্লার ক্ষমতা হ্রাস করিবার নিমিত্ত পারিসে একদা
সৈন্য প্রেরণ করেন। নেসনেল দলভুক্ত লোকেরা প্রথা
রাজার ব্যবহারে অসম্ভক্ত হইয়া তাঁহাকে নিবারণ করে
কিন্তু রাজা তাহাদিগের বাক্যে কর্ণপাত না করানে
সকলে একত্রিত হইয়া ব্যাফ্টাইল তুর্গ আক্রমণ করিয়
রাজার জীবন বিনাশে উদ্যত হয়।

শে নেসনেল এসেমব্লীর লোকেরা প্রাসাদ ছুর্গ ধ্বং
করিতে কৃতসংক্ষর হইয়া, তাহার পূর্বদিবস সদলে হোটে
ডি, ইনভ্যালিড্স নামক স্থানে অন্ত্র শস্ত্র সংপ্রহের নিমি
গমন করে। উক্ত স্থানের গবর্ণর নেসনেল এসেমব্লী
লোকদিগকে অন্ত্র বহনের বাধা দেওয়া ছুরুহ বিবেচন
করিয়া হোটেল ডি ইন্ভ্যালিড্স (Hotel de invalida
ঘার মুক্ত করিয়া দিলেন। ডিইমন্ট নামক একব্যক্তি উদ্
দলের অধিনায়ক পদে নিযুক্ত হইয়া সমস্ত নগরকাসীটে
অন্ত্র গ্রহণ করিতে কহিলেন।

এই প্রকার ঘোষণাতে পারিস নগরবাসী সকলে একত্রিত হইয়া রাজবিজকে দণ্ডারমান হইল। চারিদি হইতে অসংখ্য সেনাদল ভাহাদিগের দহিত মিলিত হই

নাগিল, এবং সকলেই যথাযোগ্য অন্ত্র শস্ত্র সংগ্রহ করিয়া

নিভূমিতে অবতীর্ণ হইল। ১৭৮৯ গ্রীফীব্দের ১৪ই

রুলাই প্রাতঃকালে সেনাদিগের মহাকোলাহল আরম্ভ

য়। সকলেই কহিতে লাগিল,আইস আমরা ব্যাফীইল

গ্র্গ অগ্রে সমস্কৃমি করি। যদি ভাহারা দুর্গ আক্রমণের

ইতিজ্ঞা করিত, ভাহা হইলে কোন ক্রমেই মনোরথ

রুবণে সমর্থ হইত না। কারণ ব্যাফীইলের চতুর্দ্দিক উচ্চ

ইত্তরময় প্রাচীরে বেপ্তিত, এবং তাহার নিম্নেই অগাধ
লিল পরিখা সমস্ত দুর্গকে বেফীন করিয়াছিল। প্রত্যেক

ইাসাদের উপর দুর্জ্জয় কামান স্থাপিত ছিল, এবং সহজে

ব নেসনেল এসেমব্লী ব্যাফীইল প্রাসাদ দুর্গ জয়

দ্বিতে সমর্থ হইত, ভাহার কোন সম্ভাবনা ছিল না।

কয় ভাহারা ব্যাফীইল সমস্থমি করার প্রতিজ্ঞা করাতেই

নায়াসে ভাহাদিগের দৃঢ় প্রতিজ্ঞা পূর্ণ হইল।

এই প্রকারে তাহার। ব্যাফীইল সমভূমি করণে দৃঢ় ইতিজ্ঞ হইয়া, স্বদলে ও সশত্তে প্রেটসেন্টএন্টনীষ্ট্রীট ইয়া স্বৃদ্ট তুর্গের সম্মুখে উপনীত হইল।

এদিকে ছুর্গের গবর্ণর ডিলোনী, ছুর্গ আক্রান্ত হইবার গিক্রম দেখিয়া, সন্তাবিচিত্র স্বরূপ পতাকা উড়াইলেন। ভাকা দেখিয়া প্রায় পাঁচ ছয় শঙ্লোক একদল সৈন্য হিত সেতুর উপর দিয়া ছুর্গের প্রাক্সণে উপস্থিত হইল। বর্ণর তাহাদিগের সমীপবর্তী হইয়া জিজ্ঞাস। করিলেন তোমরা কি অভিপ্রায়ে এখানে আসিয়াছ। তাহার।
কহিল, অন্ত্র শদ্র ও যুদ্ধের উপকরণ গ্রহণ ব্যতীত আমাদিগের আর কোন অভিপ্রায় নাই। ডিলোনী তাহাদিগকে
আখাস বাক্যে সেই স্থানে রাখিয়া সেতুর কপাট তুলিয়
দিতে আজ্ঞা দিয়া, প্রাঙ্গণস্থিত লোকদিগের উপর গোলাবর্ধণ করিতে আজ্ঞা দিলেন। তুর্গের চারি দিক হইলে
ভীষণাকার কামান গর্জ্জন করিতে লাগিল, এবং অয়িম্দি
গোলা সমূহ আগস্তুক নগরবাসীদিগের উপর পড়িলে
লাগিল। তাঁহাদিগের অধিকাংশই এই স্থলে প্রাণত্যাগ
করিলেন।

আক্রমণকারিগণ স্বদলস্থ লোকদিগের এই প্রকার দুর বন্ধা দর্শন করিয়া ক্রোধে উদ্দীপ্ত হইয়া উঠিল, এব নগর হইতে আরও কতকগুলি সৈন্য ও কয়েকটা কামান সংগ্রহ করিয়া, অসংসাহসের সহিত তুর্গ আক্রমণ করিছে প্রস্তুর হইল। তাঁহারা হিউলী নামক এক ব্যক্তিকে সেনাপতি পদে বরণ করিলেন। হিলী নামক সেনাদল ভুক্ত এক ব্যক্তি, কয়েক গাড়ী খড়, এবং ঘাস সংগ্রহ করিয়া তুর্গের সমুখে রাখিয়া অগ্নি প্রদান করেন। আগুর্ল ভয়ক্ষর ভাবে ক্লিয়া উঠিল, এবং প্রভুত ধূমরাশি চড়ু দ্দিকে ব্যাপ্ত হইয়া তুর্গবাসীদিগের নেত্র প্রতিরোধ করিল, স্বতরাং তাহারা আক্রমণকারীদিগের কার্য্য সমূহ তুর্গের অভ্যন্তর হইতে কিছুই দেখিতে পাইল না। তুর্গের গবর্ণর নগরবাসীদিগকে অসংসাহসের সহিত বৃদ্ধে প্রবৃত্ত দেখিয়া, এবং দুর্গ সেতুর কিয়ৎ অংশ তাহাদিগের অধিকৃত হইয়াছে দেখিয়া, প্রাসাদ দুর্গের চূড়া হইতে সন্ধিপতাকা উড়াইয়া দিলেন। কিন্তু নগর-বাসীরা স্বদলস্থ লোকদিগের বিনাশে উত্তেজিত হইয়া এবং দুর্গ আক্রনণে দৃঢ়প্রতিজ্ঞ হইয়া, সন্ধিপতাকার উপর দৃক্পাতও করিল না। গবর্ণর দিতীয়বার পতাকা উড়াইলেন, তাহাও বিফল হইল। তখন গবর্ণর অনজ্যো-পায় হইয়া এই লিখিয়া পাঠাইলেন, যে যদি তোমরা মুদ্ধে নিরস্ত না হও, তাহা হইলে আমরা দুর্গন্থ সমস্ত বাসগৃহে অগ্নিপ্রদান করিব।

আক্রমণকারিগণ এই বাক্যে আরও উত্তেজিত হইয়া বিগুণতর সাহসের সহিত তুর্গ আক্রমণ করিল।

শত সহস্র দর্শক চারিদিক হইতে আগমন পূর্বক চতুর্দিক বেষ্টন করিল, এবং একজন স্ত্রীলোক সৈত্যদিগকে উৎসাহ দিবার নিমিত্ত বামাজনোচিত কোমল
ফভাব পরিত্যাগ পূর্বক এক কামানে স্বহস্তে অগ্নি
প্রদান কবিল।

সৈত্যগণ তুর্গ সেতৃর সম্মুখে কামান স্থাপন করিয়া ফুর্ম্মি লোকদিগকে সেতৃ রক্ষার স্থান হইতে দূর করিল, এবং ফুর্মসেতৃ অধিকার করিয়া লইল। গবর্ণর এই ব্যাপার দেখিয়া তাহার পরের ছোট সেতুটা ভগ্ন করিবার উপক্রম করিতেছেন, এমত মময়ে, ছিলী ও হিউলী, এবং মেইলাং
নামক আর এক ব্যক্তি লক্ষ্ণ প্রদান পূর্বক ক্ষুদ্র সেতৃ;
নিকট উপস্থিত হইয়া, গবর্ণরকে নিরস্ত হইতে কহিলেন
গবর্ণরও অনত্যোপায় হইয়া যুদ্ধে নিরস্ত হইয়া সেতৃ;
নিকট হইতে পলায়ন করিলেন। তথন পর্যান্তও তুর্গণ
লোকেরা গোলার্স্তি করিতেছিল, কিন্ত তাহাতে কো
কললাভ হইল না। নগরবাসিগণ গবর্ণরকে পলায়
ক্রিতে দেখিয়া রণজয় শব্দে কোলাহল করিয়া উঠিল
এবং শক্রপক্ষীয় যে কেহ সন্মুখীন হইল, তাহারই প্রাণ
নাশে তৎপর হইল। ক্রমে নগরবাসী এবং তাহাদিগে
সৈত্যগণ তুর্গের অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া প্রাসাদ তুর্গে
সর্বোচ্চ চুড়া হইতে আপনাদিগের জয় পতাকা উড়াইল

যখন নগরবাসিগণ এই কার্য্যে ব্যাপৃত আছেন, ইতা বসরে কতকগুলি লোক গবর্ণরের অনুসন্ধানে প্রবৃত্ত হইয় কোন স্থানেই তাহাকে অনুসন্ধান করিয়া পাইল না পরিশোষে আরগী নামক একবাক্তি গবর্ণরকে প্রজ্ঞির করিয়া অস্ত্র ত্যাগকরাইল, এবং হিউলী ও হিলী সন্মুখে আনিয়া দিল। নগরবাসিগণ চারিদিক হইটে গবর্ণরকে বেষ্টন করিয়া কেহ তাহার কোট খণ্ড শ করিয়া দিল এবং অপর কতকগুলি লোকে তাহারে নানা প্রকারে অবমানিত করিতে লাগিল। সর্কশো টেম্পালীমণ্ট নামক এক ব্যক্তি অসি প্রহারে গ্বর্ণরে

শাণিতপাত করিয়া স্বদল নির্য্যাতন জনিত ক্রোধের গান্তি করিল।

গবর্ণর হত হইলে পর, নগরবাসিগণ ডেপুটা গবর্ণরের াহিত মিলিত হইরা কারাগারের দার সকল মুক্ত করিয়া <sub>দল।</sub> কারাবাসিগণ ঘোরতর তিমিরাচ্ছ**র** নরক সদৃশ চারাগৃহে <mark>ভূগর্ভস্থ কীটযোনির স্থায় বাস করিতেছিল। স্থুন-</mark> ারত তামসী নিশার স্থায়, অন্ধকারাবৃত গৃহে আবন্ধ াকিয়া তাহারা দিবা এবং রাত্রির প্রভেদ বিশ্বত হইয়া-ইল বহুদিবস হইতে অন্ধকারে বাসনিবন্ধন পার্থির পদার্থ ান্হ দূরে পাকুক, মনুষ্যের আকৃতি পর্যান্ত ভাহাদিগের ্দয় হইতে অপসারিত হইয়াছিল, তাহাদিগের এ প্রকার গ্রাশা কদাপি মনোমধ্যে উদিত হইত না যে, তাহারা <sup>বার</sup> পৃথিবীর **আলোকাবৃত স্থানে প্রবেশ করিবে। সক-**নই স্থির করিয়াছিল, যে এই তাহাদিগের জীবনের চরম ামার বাসস্থান, এই স্থানেই ভাহাদিগের পৃথিবীর সংস্রব ানুপ্ত হইবে এবং এইস্থানেই তাহারা জীবন বিসর্জ্জন দিয়া ার্থিব শরীর ভূপর্ভস্থ কীটদিগকে উপহার প্রদান করিবে। ারাবাসীরা এইপ্রকার নিরাশাসাগরে মগ্ন হইয়া অন্যু-নে বাস করিতেছে, এমত সময়ে সহসা কারাগারের স্বার ারিদিক হইতে মুক্ত হইল। মরীচিমালীর প্রথর কিরণ বি বেগে গাঢ় অন্ধকারে প্রবেশ করিল। ঘনঘটাচছন <sup>ান্সী</sup> নিশার বিভ্যুদালোকের ন্যায় সহসা কারাসূহ

আলোকিত হইল। কারাবাসিগণ এই অমুতপূর্বে ব্যাপা দর্শনে অনিষ্টাপাত শক্ষায় প্রথমে চমকিত হইরা উচ্চি পরে আলোকের স্থিতিকাল ব্যাপক দেখিয়া সবিশান ক্তম্বিত হইয়া উঠিল। তাহারা এমন মনে করে নাই নে ভাহাদিগের নরক যন্ত্রণার কাল অন্তমিত হইল, এবং সূগ্য কিরণ স্বসংবাদ বিস্তারের নিমিত্ত প্রকাশিত হইল। কার वानिशन हात्रिमिटक भहाटकालाहल अवन कतिया टकोड़-হলাক্রান্ত হইয়। ইতন্ততঃ বিচরণ করিবার নিমিত উদ্যুখ ইইতেছে, এমত সময়ে নগরবাসিগণ কারাগৃহে প্রনে क्रिया डाइकिटगत कात्रामुख्यि मः वाम वामणा क्रिक कांत्रावानिशन मुक्ति जःवान धावन कतिया महारकानाल পুर्विक परम परम अक्षकातात्रुञ कक इटेर्ड विदर्श इटेर्ड लागिल, ভारापिरगत ककालाविश्व एतर, পाशूवर्व मृश অৰ্দ্ধমুক্তিত চক্ষু এবং পৃতিগন্ধযুক্ত চীর বসন দর্শন করি नकरनर कल्लार्स रहेरान এवः पूर्व बाक्रमनका ब्रोमिशर मदन मदन धनावाम मिटल लागिटलन । कातावानिगन कार्रा গৃহ হইতে দুর্গস্থ প্রাঙ্গণে সমবেত হইলে, নগরবাসিগ द्याखादेन पूर्व मम्जूमि कतिया अन्तन अवनाम वैकार (Hotel de villa) হোটেল ডি ভিলার অভিমুখে অএন **হইতে লাগিল।** তাহারা হোটেল ডি ভিলার সম্মা উপস্থিত হইতে না হইতেই রাজপক্ষীয় এক দল দৈন সহসা ভাহাদিগকে আক্রমণ করিল, এবং ডিলো<sup>র</sup>

প্রভৃতি কয়েকজন তাহাদিগের হস্তে নিধন প্রা∙র हहतन।

এই প্রকারে পারিধবাসীরা তিনি ঘণ্টাকাল যুদ্ধ

রিয়া ব্যাক্টাইল দুর্গ অধিকার পূর্ববক নগরে প্রত্যাকর্ত্তর

রিল। দিবাবসানে পারিস নগর আনন্দসূচক চিক্র
দর্পদীপমালায় শোভিত হইল।

ব্যাফীইল প্রাসাদ হুর্গ সমভূমি হইবার তিন বৎসর
গরে ফ্রান্সের অধিবাসিগণ পুনর্ববার রাজন্রোহী হইয়া
গ্রাজা ও রাজ্ঞী এবং বহুসংখ্যক নগরবাসীকে হত্যা করে।
হাকেই French Revolution বা ফরাসী রাজালোহ কহে।

এই সমস্ত ঘটনার পরেই নেপোলিয়ন বোনাপাটী াবিজুতি হন।

ভূমধ্যসাগরের মধ্যে করিসিকারীপে প্রায় শত্তর বংর পূর্বের নেপোলিয়ন বোনাপাটির জন্ম হর। এইকালে
থিবীতে এক ব্যক্তিও নেপোলিয়নের সমকক বোজা
ইলেন না।

নেপোলিয়ন প্রথমতঃ করাসী দেশীয় একদল সেনার ধিনায়ক হন, তাহার পর সেনাপজির পদে নিবৃত্ত ইয়াছিলেন। ছাবিবল বংসর বয়সের সবর তিনি অনেক বে করলান্ড করিয়া পরিলেবে সরুদার ইটালী দেশ ধিবার করেন। ইটালী জর করিয়া ফ্রান্সে প্রত্যাকর্ত্তন করার পরেই কান্স দেশীয়ের। তাঁহাকে সন্তাটের পদ্ধ অভিষিক্ত করিয়াছিলেন। দেখ, যে নেপোলিয়ন বোন। পাটা একজন সামান্ত সৈনিক পুরুষের মধ্যে গণ্য ছিলেন, এক্ষণে কান্স দেশের সন্তাট পদে অভিষিক্ত হইলেন, এবং অতুল ঐশর্যের অধিপতি হইয়া মনোহর প্রাসাদে বাস করিতে লাগিলেন। যত্ন এবং অধ্যবসায় থাকিনে মানবগণ সকল অভিলাষ পরিপ্রণে সমর্থ হয়।

কিন্তু নেপোলিয়ন অতুল ঐশ্ব্য এবং সম্রাট পদবী
লাভেও সন্তুষ্ট হইলেন না, কারণ মনুষ্যের আশা কথনই
একেবারে তৃপ্ত হয় না। যাহার যে পরিমাণে ঐশ্ব্যের
বৃদ্ধি হয়, তাহার আশাও সেই পরিমাণে বৃদ্ধি হই
থাকে। নেপোলিয়ন ফ্রান্সের নিকটবর্ত্তী চুই এক
রাজ্য অধিকার করিয়া অবশেষে সমগ্র ইউরোপের অধিণ
হইবার মানস করিয়া চারি দিকে সমরানল প্রজ্জাল করিলেন। নেপোলিয়ন অনেক যুদ্ধে জয়লাভ করিলেন
এবং অনেক রহৎ বৃহৎ রাজ্য অধিকার করিয়া তদ্দেশ নরপতিদিগকে পদানত করিয়া রাখিলেন। জগতে
প্রত্যেক রাজা সভয়ে উাহার প্রতি নেত্রপাত করিলে লাগিল, এবং তিনিও উপর্যুপরি জয়্মীলাভে উরাশিং
হইয়া ভাবিলেন, তাঁহার অদৃষ্ট আর কখনই অপ্রসা
হইবেনা, এবং কালে তিনি সসাগরা ধরার এক ছত্র অধি জগতের কিছুই চিরস্থায়ী নহে, মমুষ্যের স্থখ দ্বঃখ চক্রের ন্যায় পরিভ্রমণ করিতেছে, এবং স্থথের কাল লোকের স্বপ্নবং প্রতীত হয়।

আমি ইতিপূর্ব্বেই বলিয়াছি যে নেপোলিয়ন ক্রসিরা আক্রমণ করিতে গিয়া বতিব্যস্ত হইয়াছিলেন, এবং এই স্থানে অনেক সৈন্য ক্ষয় করিয়া, তিনি অতি সামাুন্য পারিষদের সহিত ফুান্সে প্রত্যাবর্ত্তন করেন। নেপোলিয়ন সদেশে উপস্থিত হইয়াই উপযুক্ত সৈশ্য সংগ্রহের চেফ্টায় প্রবৃত্ত হইলেন, কিন্তু তাহাতে কোন ফললাভ হইল না। কারণ, অন্যাদিক হইতে এক অভিনব বিপদ উপস্থিত হইয়া তাঁহার সৌভাগ্য সূর্য্যকে মেঘাচছন্ন করিল।

নেপোলিয়ন নূতন সৈত্য সংগ্রহে ব্যস্ত আছেন, ইত্যবসরে ইউরোপের নরপতিগণ একত্রিত হইয়া নেপোলিয়ানের বিরুদ্ধে যুদ্ধযোষণা করিলেন। নেপোলিয়ান সিংহ
বিক্রমে সমগ্র নরপতির সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন বটে,
কিন্তু কোন ক্রমেই জয়লাভে সমর্থ হইলেন না। ইংলগু,
বেলজিয়ম, প্রসিয়া, জর্ম্মনি, হলগু প্রভৃতি কয়েক দেশের
নরপতিগণ নবতি সহস্রেরও অধিক সৈত্যের সহিত বেলজিয়মের অন্তর্গত ত্রসেল নগরের ছয় ক্রোশ দক্ষিণ এক
প্রান্তরে শিবির স্থাপন করিলেন। নেপোলিয়ন বাহাত্তর
হাজার সৈন্য সংগ্রহ করিয়া রণস্থলে অবতীর্ণ হইলেন।
১৮১৫ খ্রীফীবেরর ১৮ই জুন প্রাতঃকালে উভয় সৈত্য পর-

স্পর সম্মুখীন হইলে মুদ্ধ আরম্ভ হয়। ইংলণ্ডের সেনানায়ক ওয়েলিংটন এবং প্রসিয়ার সেনাধ্যক বুচার সেনাদিগের তথাবধান করিতে লাগিলেন। এদিকে মহাবীর নেপোলিয়ন আপন অসাধারণ বুদ্ধিমন্তা এবং রণদক্ষতার সহিত সৈন্তসাগরে অবতীর্ণ হইয়া সেনাদিগকে উৎসাহ দিতে লাগিলেন। প্রথমে ছই পক্ষে কামান ঘারা গোলার্ত্তি করিতে লাগিল, সমুদ্য রণভূমি অমানিশার ন্তায় অক্ষকারে আচ্ছয় হইল, এমন কি কেহ আপন পার্শহ বাক্ষিকে দেখিতে সমর্থ হইল না।

প্রায় ছই প্রহর ছইটা পর্যান্ত ঘোরতর যুদ্ধ হইন।
সকলেই মনে করিল, বুঝি জয়ন্ত্রী এবারেও নেপোলিয়নকে আশ্রেয় করে। ফ্রেঞ্চ সৈভাগণ প্রভূত রণদক্ষতার
সহিত যুদ্ধ করিতে লাগিল, এবং তাহাদিগের প্রতাগে
শত্রুপক্ষীয় অনেক সৈত্য সমরশায়ী হইল। এই প্রকার
যুদ্ধে কয়েক ঘণ্টা অতিবাহিত হইলে বেলা চারিটার পর
নেপোলিয়নের সৈত্যগণ ক্লান্ত হইয়া পড়িল, এবং বিগক্ষণলের সৈত্যেরাও ফরাসী সেনাদিগের প্রতাপে উহপীড়িও
হইয়া যুদ্ধ জয়ে হতাশ হইয়া পড়িয়াছিল। এদিকে
বিপক্ষ দলের সেনাপতিষয় নেপোলিয়নের সৈত্যদিগকে
ক্লান্ত, এবং আপনাদিগের সৈত্যগণকে ভ্রোহসাহ
দেখিয়া, একদল প্রনিয়ান অখারোহী সৈত্যু রণস্থলে
আহবান ক্রিলেন। এই দৈত্যক্ষ বংখ্যায় প্রায় জান্তাদিশ

সহস্র হইবে, এবং যুদ্ধের প্রথম হইতেই ইহারা বিশ্রাম ञ्चनाञ कतिरङ्खिन। श्रीत्रान अवारताशै रेमछम्म, রণম্বলে অবতীর্ণ হইবার অমুমতি প্রাপ্ত হইয়াই মহোৎ-দাহের সহিত রণস্থলাভিমুখে ধাবিত হইল। একদল সৈশ্য তাত্রবেগে রণস্থলাভিমুখে আগমন করিতেছে দেখিয়া ছুই দলের সৈন্ত্রগণই ভীত হইল। কারণ উভয় দুলুই এান্ত হইয়া পডিয়াছে এবং সমস্ত দিনের পর অপরাক্তে পুনর্বার নবোদ্দমোত্তেজিত সৈহাদিগের সহিত যুদ্ধ করা অসাধ্য বিবেচনা করিয়া উভয় দলই ভগ্নোৎসাহ হইয়। পড়িল। কিন্তু অখারোহী দৈন্তগণ নিকটবর্তী হইবামাত্র নেপোলিয়নের বিপক্ষপক্ষীয় সৈভাগণ মহারবে কোলাহল করিয়া উঠিল। তাহাদিগের উল্লাসধ্বনি, শত সহস্র বজ্র-নিনাদ সদৃশ কামান শব্দ ভেদ করিয়া চারিদিকে ব্যাপ্ত <sup>ছিইল</sup>. এবং নেপোলিয়ানের সৈক্তগণ একেবারে ভগ্নোৎ-দাহ হইয়া পডিল। নবাগত অস্বারোহী সেনাগণ রণ-ছুমিতে অবতীর্ণ হইয়া নেপোলিয়নের সৈম্ভগণ এবং চাঁহার জয়শ্রীকে আক্রমণ করিল। সহসা বিপক্ষ পক্ষীয় দ্বাগত সেনাদলদিগকে আক্রমণ করিতে দেখিয়া, নেপো-নিয়ন দিনান্তে পরিশ্রান্ত সেনাদিগের সহিত মিলিত হইয়া শ্ণকাল ঘোরতর যুদ্ধ করিলেন; কিন্ধুতাহাতে সৈন্যক্ষয় <sup>যাতীত</sup> আর কোন ফললাভ হইল না। ফরাসী সৈন্যগণ क्षिकाल शास्त्रहे त्रात ज्रक पिया शलायन कतिल, धदः

নেপোলিয়ন ইহজন্মের মত জয় জ্ঞী, অতুল ঐশ্বর্যা, এর সমাট পদবী রণস্থলে বিসর্জ্জন দিয়া সেনাদিগের সহগার্গ হইলেন। এই যুদ্ধেই নেপোলিয়নের সৌভাগ্যসূর্ব পশ্চিম সাগরে অবগাহন করিল।

বিপক্ষ পক্ষীয় সেনাপতি ওয়েলিংটন যুদ্ধে জয়লা।
করিয়া চারিদিকে নেপোলিয়নের অন্বেষণ করিতে লাগি
লেন, কিস্তু কেহই তাঁহার অনুসন্ধান পাইল না, চারিদিকে লোক পাঠাইলেন, কেহই নেপোলিয়নের বার্গ্য বলিতে পারিলেন না। সকলেই মনে করিল হয় ও নেপোলিয়ন রণস্থলে প্রাণত্যাগ করিয়াছেন। কিস্তু প্রভৃষ্
শবরাশির মধ্যে ভাঁহার মৃতদেহ দেখা গেল না।

এ দিকে নেপোলিয়ন রণস্থল পরিত্যাগ পূর্বক সমূহ
তীরে উপস্থিত হইলেন, এবং সামাজ্যের সীমা ত্যাগ
করিয়া আমেরিকায় পলায়নের নিমিত্ত জাহাজ অফেগ
করিতে লাগিলেন। সমুদ্র তীরে একখানি জাহাজ অফি
লম্বে ফ্রান্সের উপকূল ত্যাগ করিবে জানিতে পারিয়া,
তিনি ছল্মবেশে জাহাজস্থকাপ্তেনের নিকট উপস্থিত হইয়া
আশ্রয় গ্রহণ করিলেন। সেখানি যে ইংরাজ বাণিজ্য
জাহাজ,এবং কাপ্তেনও একজন ইংরাজ,নেপোলিয়ন তার
পূর্বের জানিতে পারেন নাই। কাপ্তেন নেপোলিমন তার
পারিয়া গোপনে ওয়েলিংটনকে সংবাদ দিয়া ভাঁহাকে গ্রী
স্থানে বেক্টন করিল, এবং নেপোলিয়ন বন্দী হইলেন।

ওয়েলিংটন নেপোলিয়নকে বন্দী করাতে ডিউক, টুপাধি প্রাপ্ত হইলেন।

আফরিকার নিকটবর্তী সেণ্ট হেলেনা নামক দ্বীপে নপোলিয়নের কারাস্থান নির্দ্ধিই হয়, এবং তিনি জীব-নর অবশিষ্টকাল এই বিজ্ঞনপ্রদেশে বন্দীভাবে কালাতি-গাত করিয়া বিস্ফোটক রোগাক্রান্ত হইয়া প্রাণত্যাগ চরেন। নেপোলিয়ন প্রথমতঃ সেণ্টহেলেনা দ্বীশেই মোহিত হইয়াছিলেন, কিন্তু তাহার পর তাঁহার সমাহিত চবর, ফ্রান্সে নীত হইয়া স্মাটের সমুচিত সমৃদ্ধিসহ-চারে স্থাপিত হয়।

হুরাকাজ্ঞাই মন্থ্যের সর্বনাশের মূল। যদিও আকাজ্ঞা যুত্রীত মনুষ্যুগণ ইহকালে মানবপদবীবাচ্য হইতে ারেন না বটে; কিন্তু ছুরাকাজ্ঞার বশবর্তী হইলেই াকাজ্ঞা পূরণের কথা দূরে থাকুক, তাহার মূল পর্যুন্ত থণাটিত হইবার সম্ভাবনা। দেখ, নেপোলিয়ন অতি মান্য গৃহে জন্ম গ্রহণ করিয়া স্বীয় অধ্যবসায় বলে ঘাট পদবী প্রাপ্ত হইয়াছিলেন, ইউরোপন্থ নরপতিগণ হার নাম প্রবিশ্বনাত্র লোমাঞ্চিত হইয়া উঠিতেন, এবং কলেই মনে করিয়াছিল, যে এই বীর কালে সসাগরা রার অদিতীয় অধীশ্বর হইবেন। কিন্তু এক ছুরাকাজ্ঞার শবর্তী হইয়াই নেপোলিয়নের সমস্ত স্থেসমৃদ্ধি আমূল হণাটিত হইল। যিনি ইউরোপের অদ্বিতীয় বীর, তিনি

भिषकात এक मामाना विकन श्राप्ताम वन्मीजाद काला তিপাত করিয়াছিলেন। যাহার সমৃদ্ধি পৃথিবীর সমৃদায় সুসভ্য স্থানকে অতিক্রমকরিয়াছিল,ডিনি অতি কর্ফে জীৰ নের উত্তরকাল অতিবাহিত করিয়াছিলেন। কিন্তু নেগে লিয়ন এইরূপ অসাধারণ সহিষ্ণু ছিলেন, যে তিনি এ কফ্টকে কফ্ট বলিয়া জ্ঞান করিতেন না। প্রথিত আ। (अफ्टेर्ट्सलनात काताशक এकजन हे श्वां **हि**तन নেপোলিয়নের সহিত তাঁহার শক্রতা থাকাতে সে वाक्ति (नालानियानाक याथके कके श्रामान कति । वि নেপোলিয়ান সেই সকল কফ নির্বিকারে সহ করির ছিলেন। তিনি কহিতেন, কিছু দিন পূর্বে আমি। সমাট ছিলাম, এই অভিমান আমার মানস হইতে এবে বারে তিরোহিত হইয়াছে। আমি কত শত রাজা রাজ্যচ্যুত করিয়াছি, কত শত লোকের শোণিতে ধ প্লাবিত করিয়াছি, শত সহস্র অবলাকে বৈধব্য যন্ত্রণা দগ্ধ করিয়াছি, এবং আমাদারা শত সহস্র বালক পিং বিয়োগে অনাথ হইয়াছে। এক্ষণে আমার এই সম পাপের প্রায়শ্চিত আরম্ভ হইয়াছে, আমি স্কার নেপোলিয়ন নাই। আসন্ন কালেও নেপোলিয়ান আ নার পূর্ববকৃত কার্য্য স্মরণ করিয়া অমুতাপ করিতে জ করেন নাই। তিনি মৃত্যুর অনতিকাল পূর্কেই ক্ষ্যি ছিলেন, হার, বিষয় তৃষ্ণা, ও ধর্ম্মতৃষ্ণায় কত প্রভো

মামি এবং সীজার, উভয়ে পরাক্রম দ্বারা সমুদর জগতী-তলস্থ লোকদিগকে বশ করিতে চেফা করিয়াছিলাম, কিয় যে ক্ষণে আমাদিগের ক্ষমতার হ্রাস হইল, সেই কণেই ভাহারা বিরুদ্ধাচরণে প্রবৃত্ত হইয়াছিল, জ্বার যীশুঞ্জীফ প্রেমবলে তাঁহার সাম্রাজ্য বিস্তৃত করিতে চেক্টা করিয়া ক্রানে ক্রানে জগতের অধিকাংশ স্থান অধিকার করিয়াছিলেন। তিনি যদি জীবিত থাকিতেন, ভাহা হইলে এত দিনে সমস্ত জগৎ তাঁহার সামাজ্যের অস্তরে প্রবিষ্ট হইত। আমরা ইহলোক হইতে তিরোহিত **হইলে লোকে মনে করিবে, যে জগতের এক ধৃমকেডু** ষস্তমিত হইল, আর আজি পর্য্যস্তও জগতের শত সহস্র লোক প্রীষ্টের প্রেমে মুগ্ধ হইয়া তাঁহার নিমিত জীবন বিসর্জন দিতে উদাত হয়। আমাদিগের প্তনে সকলে পুলকিত হইবে, আর প্রীষ্টের শেষ দিন মনে করিয়া আপামর সাধারণ সকলের চক্ষু হইতেই শোকাশ্রু দর-দ্রিত ধারার বিগলিত হয়। কিয়ৎকাল পরেই আমা-দিগের নাম জ্বপৎ হইতে বিলুপ্ত হইবে, আর ঞ্রিফের নাম দগতের প্রলয়কাল পর্যান্ত দেদীপামান থাকিয়া চারি দিকে প্রতিধ্বনিত হইবে।

এই সমস্ত খেলোক্তির অল্পকাল পরেই মহাবীর নিগোলিয়ান বোনাপার্টি ইহলোক পরিত্যাগ করেন।

# পঞ্চবিংশ পরিচেছদ। স্পেন ও পোর্টুগাল।

শেশনের প্রধান নগর মাডি্ড। এখানকার অধিবাসীর সংখ্যা অতি অল্প। স্পেনের অধিবাসীদিগের প্রকৃত্তি গল্পীর, এবং তাহারা অতি বৈরনির্যাতক। ইহারা সচরাচর তামকৃটের ধূম পান করিয়া থাকে। কেহ কেইন যে একজন স্পেনবাসীর মুখে, আর চিমনীতে (ধূম নির্গদনের নলে) কোন প্রতেদ নাই।

স্পেনবাসীরা অতি নিষ্ঠুর। ইহারা পশুপক্ষীদিগের মুদ্ধ দর্শন করিতে ভাল বসে, এবং ইহাতে মহা আমোদ অসুভব করে। এখানে ব্যযুদ্ধই সচরাচর দেখিছে পাওয়া যায়।

তাহারা এক বিস্তীর্ণ স্থানের চতুর্দ্দিকে বেড়া দারা বেষ্টন করে, এবং তাহার পার্শ্বে (Gallery) গোলারীর ন্যায় বিসিয়া দেখিবার নিমিত্ত স্থান হয়। প্রাণ্ডী এবং অপরাপর সকল লোক উপবেশন করিলে অতি উপ্রস্তি এক র্মকে সেই বেড়ার মধ্যে ছাড়িয়া দেয়। তৎপরে এক ব্যক্তি অখারূঢ় হইয়া এক হস্তে একটা বর্মা লইয়া সেই বেষ্টিত স্থান মধ্যে প্রবেশ করে। এই লোককে এখানে (Picador) পিকাডোর কহে। এই ব্যক্তি প্রথমে বর্ষার খোঁচা দারা র্ম্বটীকে রাগাইয়া দেয়, য়য়াপি এই ব্যক্তি সহসা অশ্ব হইতে পতিত হয়, তাহা হইলে

ছিৎক্ষণাৎ এক ব্যক্তি একখান রঙ্গীন বন্ত্র বৃধের সন্মুখে প্রক্ষেপ করত তাহার মনকে পতিত ব্যক্তির উপর হইতে আকর্ষণ করে। এই ব্যক্তিকে চোলোস কহে। এই প্রকার ক্রীড়াতে র্য অবসম হইয়া পড়িলে, এই ব্যক্তিস্পত্রে রণভূমিতে উপস্থিত হইয়া, র্ষের গলদেশের শিরাতে অস্ত্রাঘাত করে, অস্ত্রাঘাতমাত্র র্ষের শোণিতে চারি দিক পরিপ্লুত হয়, এবং সকলেই চারিদিক হইতে মহাহর্ষ প্রকাশ করিতে থাকে। তৎপরে পাঁচ ছয় অশ্ব্যাজিত একখানি শকটে র্ষকে উঠাইয়া জয়পতাকা হয়ে করিয়া সকলে মহা কোলাহলে তীত্রনেগে নগর মধ্যে প্রবিষ্ট হয়। স্পানিয়ার্ডরা এই প্রকার নির্কুর ব্রাবহারে মহাআমোদ অমুভব করিয়া থাকে। বালকগণ! গরসা করি, তোমরা কদাপি এ প্রকার নির্দিয় আমোদে ত হইবে না।

পোর্টু গালের প্রধান নগর (Lisbon) লিস্বন্।
ই নগর প্রায় নিউইয়র্কের দ্বিগুণ। পর্টু গালের অধিবাবিগের স্পানিয়ার্ডদিগের সহিত অনেক সোসাদৃশ্য
বিছে। এখানে নানাপ্রকার ফল প্রাপ্ত হওয়া যায়। মদ,
বিশ্বর, এবং কমলা লেবু, পর্টু গাল হইতে এদেশে আনীড
ইয়া থাকে। প্রায় অশীতি বৎসর অতীত হইল, ইউ
বিপে ভূমিকম্প হয়, এই ভূমিকম্প লিস্বনে এ প্রকার
জারে হইয়াছিল, যে প্রায় সমস্ত অট্টালিকা ভূমিসাৎ

হয়, এবং অনেক লোক প্রাণে বিনষ্ট হয়। এই সময়ে সমৃদ্ধিশালী লিস্বন নগর, মরুভূমির আকার ধারণ করিয়াছিল। পর্টুগালের অপর্টো নামক নগরে ( Portwine) পোর্ট ওয়ায়িন প্রস্তুত হয়।

#### यएविः भ भतिरुहम ।

আমি তোমাদিগকে ইউরোপের সমুদর দেশের বিধ রণ বলিয়াছি। আমার গল্প শুনিয়া বদি তোমরা তৃঞ্চি লাভ করিয়া থাক, তাহা হইলে আসিয়া, আফ্রিকা, এয় আমেরিকার বিবরণ তোমাদিগকে কহিব, আর বদি শ্রুতিকটু বোধ হইয়া থাকে, তাহা হইলে এখান হইটো কাস্ত হইলাম।

এক্ষণে আমি ইউরোপ পরিত্যাগ করিয়া আমেরিকা ভিমুখে প্রস্থান করিলাম। পথিমধ্যে আর কোন বিশেষ ঘটনা ঘটে নাই। কেবল এক দিবস আমরা মন্দ মন্দ মারুতবেগে পাল তুলিয়া যাইতেছি, এমত সময়ে দেখিলাই যে, একটা কৃষ্ণবর্গ বৃহদাকার পদার্থ সমুদ্র হইতে উটি ইয়া উঠিল, তাহার মন্তক ঠিক ঘোড়ার ন্যায়, উঠিকা মাত্র, আবার আমাদিগের জাহাজ দেখিয়া জলমগ্র হইন। ইহাকে সামুদ্রিক সর্প কহে। আটলান্টিক এবং প্রশাধ মহাসাগরে এই প্রকার সামুদ্রিক সর্প সচরাচর দৃদ্ধি

কিছু দিবস পরে আমাদিগের জাহাজ বোর্টন নগরে 
উপনীত হইল, আমি কোতৃহলাক্রান্ত হইয়া, অতি সম্বর
পরিবারদিগকে দেখিবার নিমিত্ত জাহাজ হইতে অবতীর্ণ
ইলাম। গৃহে আসিয়া দেখি সকলেই কুশলে আছে।
মি প্রায় দেড় বৎসর ভ্রমণ করিয়া গৃহে আসিয়া উপত হইলাম। এই সময় মধ্যে আমি কত দেশ, কত শ্বীপ
র্ণন করিয়াছি, কত দেশের অধিবাসীদিগের স্থুখ ছঃখ
র্ণন করিয়াছি, কত প্রকার বিপদে পতিত হইয়াছি, এবং
ত প্রকার বিপদ হইতে উদ্ধার প্রাপ্ত হইয়াছি। পরমেরয়ে, সকল বিপদ হইতে জদ্ধার প্রাপ্ত হইয়াছি। পরমেরয়ে, সকল বিপদ হইতে আমাকে রক্ষা করিয়া জন্মমিতে আনয়ন করিলেন, তাহার নিমিত্ত ক্রতজ্ঞচিত্তে
হাকে ধন্যবাদ প্রদান করিলাম। অনেক দেশ ভ্রমণ
রিলাম, কিন্তু কোন দেশকেই বোর্টন অপেক্ষা স্থুন্দর
দ্বিলাম না। কারণ জন্মভূমি সকল দেশ অপেক্ষা
ন্দর এবং প্রীতিপ্রদ।

পিটার পারলির ইউরোপ ভ্রমণ।

मण्भूर्।



# VIDÁYA-VIDYÁLAYA!

OR

A FAREWELL ADDRESS TO THE COLLEGE.

BY

# ALOKANÁTH NYÁYABHÚSHANA,

Late Senior Scholar and Head Pandit, Calcutta Government Sanskeit College.

# বিদায়—বিদ্যালয়!

ক:বিকাতা রাজকীয় সংস্কৃত-বিদ্যাসন্দিরের উল্লতর্ভিসচ্ছাত্রচব ও ভূতপূর্ব্ব প্রধান ব্যাকরণাধ্যাপক

# <u> এীআলোকনাথ স্থায়ভূ</u>ষণ

প্রণীত।

"আ পরিতোবা**হিত্**বাং ন সাধু মস্ত্রে..... " কালিদাস।

#### কলিকাতা

আহীরীটোলা ব্লীট্ ১৪০। ৭ নং ভবন হইতে গ্রন্থকার কর্তৃক থৃঃ অব্দ ১৯০২ সালের ২৫এ জুন প্রকাশিত।

৬২ নং আমহার্ড ব্রীট্ সংস্কৃত যন্তে, শ্রীউপেন্দ্রনাথ চক্রবর্তী দারা মুদ্রিত। ১৩০১।

race 4 Annas. [All rights reserved.] मुला। बाना।

# সূচীপত্র।

· <b><b> <b> </b></b></b>			পৃষ্ঠাক		
অবতরণিকা	•••	•••	•••	•••	:
হৃদয়োচ্ছাস		•••	•••	•••	۵ ډ
চাত্রগণের প্রতি		•••	•••	•••	51
উপদংহার		•••	•••	•••	۶:
ক্রোড়পত্র			•••	•••	b:
সংস্কৃত কলেজের	•••	•••	> 0		
তালিকা	•••		•••	•••	; • ;
বিদার			•••	•••	> 0





# বিদায়—বিদ্যালয়!

# অবতরণিকা।

নমেংস্তি বিষ্ণা ন তথান্তি মেধা নবাস্তি বৃদ্ধিঃ প্রতিভোক্ষলা চ। মন্দঃ পরীকার্ণবমূত্তরীতৃং দেবীং গিরাং স্থাং জননীঞ্চ বন্দে॥

( > )

হে সংস্কৃত-পাঠশালে ! জননি আমার,
প্রীক্ষা-সাগর হ'তে কিসে হ'ব পার ;
ব্রীক্ষাত শত শত অবিরত নানামত
দিয়াছি অকুতোভয়ে জীবন-সঙ্গামে,
আজি কেন ভয়ে মরি প্রীক্ষার নামে ?

# ( 2 )

আসিয়া করম-ধামে পরীক্ষা মা! যত, দিলাম করম-বশে কহিব তা' কত ; কিছুতেত মৰ্মাহত কিন্তু এ পরীক্ষামত করে নাই এত, তাই ভাবি মনে মনে, এ ঘোর সঙ্কটে হ'ব উত্তীর্ণ কেমনে।

# (0)

জননি ! যখনি যেই আশা-তস্ত ধরে'. ভেদে'ছি আনন্দ-নীরে মুহুর্ত্তের তরে, তথনি ছেদন করে' বিধাতা তা' নিজ করে ডুবা'য়েছে অভাগারে চুখের পাথারে, বিদীর্ণ করিয়া হৃদি অশনি-প্রহারে।

# (8)

দূরে আরোহণ করি' কত আশালতা বিশীর্ণ হইল, তা'র কি কব বারতা; হ'তে হ'তে প্রবোহিত কত হ'ল তিরোহিত মানদ-উন্থান হ'তে তুর্ভাগ্য-বাত্যায়, স্বথের স্থপন প্রায়, বলা নাহি যায়।

( )

যাঁ'দের ক্পায় লভি' অমূল্য জীবন,
সদানন্দে হেরি বিশ্ব-বিনোদ-কানন;
সদা রাখি' বুকে বুকে কিসে আমি র'ব স্থথে,
দিবানিশি এ চিন্তায় দেহ-পাত করি',
যতন করাতে যাঁ'রা আছি প্রাণ ধরি'।

( & )

স্বার্ষপর-এজগতে যাঁহাদের গণি
অকৃত্রিম বাৎসল্যের অদ্বিতীয় খনি;
ভাগাকে বঞ্চিত করে? অনিদ্রায় অনাহারে
কত ক্লেশ সহিলেন যাঁ'রা অকাতরে,
তৃণজ্ঞান করে' এই পাষণ্ডের তরে।

(9)

পরম-আরাধ্য দেই জননী জনকে
. হারা'য়েত অনায়াদে আছি জীবলোকে;

হলে' কভু এ জীবনে তাঁ'দের করিনা মনে,

দ্পে'ছি বিস্মৃতি-গর্ভে তাঁ'দের দন্ধান,
এমনি এ কৃতত্মের বজ্জময় প্রাণ!

#### ( b )

ত্তমোদশ সহোদর ছিন্তু একদিন,
অধুনা একাকী পড়ে' আছি ভাগ্যহীন ;
অসময়ে প্রাণসম রূপে গুণে অনুপম
দ্বাদশ অনুজ মম গিয়াছে ফেলিয়া,
অথচ আছিত হিয়া পাষাণে বাঁধিয়া।

#### ( & )

বহুকাল ধরে' নিজ ভবনে রাগিয়া,
যতনে বিহগ-শিশু পালন করিয়া,
ক্রমে যবে বৃদ্ধি পায়, তুচ্ছ অর্থ লালসায়
যেমতি শৌনিক হ'য়ে নির্মম-হৃদয়,
অনা'দে সহসা করে তা'দের বিক্রয়।

# ( >0 )

তেমতি অন্ধের যপ্তি স্নেহের পুতলি,
দ্বাদশটি কন্যাপুত্রে একে একে তুলি',
দূরস্ত কালের করে অকাতরে দিয়া ধরে'
এইত রহে'ছি বেঁচে' অমান-বদনে,
তবে আজি আত্মহারা হই কি কারণে ?

## ( 22 )

এ সব আনন্দ-মূর্ত্তি হেলায় পাশরি'
যখন রহে'ছি ভবে আজো প্রাণ ধরি',
অটল হিমাদ্রি সম, তবে কেন এ বিষম
ভয়ে জড়সড় হয় পাষাণ-ছদয়,
কেন বা নির্থি আজি বিশ্ব শৃক্তময় ?

( >2 )

দৈবের নিগ্রহ সহে' শিশুকাল হ'তে অসাড়-হুদয় হ'য়ে আছি এ জগতে; ভাল মন্দ এ বিচার অধুনা-করি না আর, ঢালিয়া দিয়াছি অঙ্গ নিরাশা-সাগরে, কি হবে অনধিকার-চর্চা মিছে করে'।

( 30 )

দারুণ স্রোতের মাবে ঘাত-প্রতিঘাতে অবশ হ'য়েও আমি আছিত আমাতে; চৌদিকে নিরাশা-ঢেউ, রক্ষা করে নাই কেউ, তবুত রেখে'ছি স্থির সংসার-সাগরে আত্মারে, জননী-পদ ধ্রবলক্ষ্য করে'।

#### ( 28 )

নিয়তির গতি রোধে হেন সাধ্য কা'র,
দেবের ছুক্ষর ক্ষুদ্র নর কোন্ ছার ;
এড়াই স্বকর্ম-ফল না ধরি এরূপ বল,
ভবের শিক্ষায় শেষে বুঝিয়াছি সার,
অদুষ্ট-শৃঙ্খলে বদ্ধ নিথিল সংসার।

( 30 )

যে ছুরাত্মা প্রাণদণ্ডে হইয়া দণ্ডিত,
বধ্য-ভূমি চক্ষে দেখে' হয়গো শঙ্কিত ;
হাহাকারে জনতার যেমতি সে অভাগার
বধাগ্রেই দেহ ছাড়ি' উড়ে' যায় প্রাণ,
ঠিক্ দেই দশা মম হয় অনুমান।

( 36 )

বিষম সমস্থা আজি হ'ল উপস্থিত,
শিহরে অন্তর-আত্মা পরাণ স্তম্ভিত ;
চারি ধারে অন্ধকার হেরিতেছি অনিবার,
বিরাগে হৃদয়-তন্ত্রী বাজে অমুক্ষণ,
নিরস্তর হইতেছে বামাক্ষি-স্পন্দন।

#### ( 39 )

শৈশব-সঙ্গিনি মম ওমা পাঠশালে ! না জানি রাখিলে ধরে' কিবা ইন্দ্রজালে বাঁধি' হৃদি-কারাগারে স্নেহ-ডোরে সে আমারে, আয়স হৃদয় যা'র পরীক্ষার নামে, হেলেনি টলেনি কভু জীবন-সঙ্গামে।

( >> )

সকল লোকের মুখে শুনি এ বচন,
নাট্যশালা মাত্র এই নিথিল ভূবন ;
না জানি কি অভিনয় রঙ্গভূমে এ সময়,
জননি ! এ নটাধমে করিতে হইবে,
বুঝিবা বিধাতা শিরে অশনি হানিবে।

( \$\$ )

নতুবা এতই কেন কাঁদিছে পরাণ,
কেন বা হুঃসহ ইহা হয় অনুমান ;
পরীক্ষার স্থান ধরা ভীষণ আবর্ত্তে ভরা,—
এ কথার আগে নাহি ছিল অর্থ-জ্ঞান,
আজি ভা'র পাইলাম বিশদ প্রমাণ।

#### ( २० )

ইতি পূর্ব্বে নেত্রপাত করিয়া তোমাতে
শরতের রাকা-শশী পাইতাম হাতে;
দূরে যে'ত তুথরাশি আনন্দ-সাগরে ভাসি
আত্মহারা হইতাম মনের উল্লাসে,
আজি কেন অন্ধকার হেরি হুদাকাশে ?

#### ( 23 )

জননি ! জনমনত ছাড়িয়া তোমায়
বিদায় লইতে হ'বে কালের আজ্ঞায়,
হেন নিদারুণ কথা শুনাইতে পাই ব্যথা,
কেমনে বা বলি বাণী না সরে আমার,
অসহ্থ-বেদন গণি দৈবের প্রহার।

# ( २२ )

কুক্ষণে গগনে আজি সমূদিল রবি,
হরিতে এ চিত হ'তে চরণেন্দু-ছবি ;
যে ছবি মা অকাতরে মানস-নয়ন-ভরে'
পঞ্চাশ বরষ ধরে' হেরে' হুইমনে,
পাশরি' সকল শোক ছিলাম ভুবনে।

#### ( २० )

যুগ-যুগান্তের বহু স্মৃতির বল্লরী-বিজড়িত হ'য়ে ধর অপূর্ব্ব মাধুরী; এ স্থ্যমা অনুপম অনুভব হয় মম, হেরিব না ত্রিভুবন পাতি পাতি করে', কাঁদিছে পরাণ তাই মা! তোমার তরে।

( 28 )

ফুরা'ল সময়, ল'ব কাজে অবসর, অনিচ্ছায় হইতেছি তাই অগ্রসর; কত কি চিন্তার স্রোত করিতেছে ওত-প্রোত, হৃদয়ের অন্তস্তল মন্থন করিয়া, পরাণ অতীত বাল্যে চাহিছে ফিরিয়া।

( २৫ )

মৃত্ন-বিকম্পিত-পদে আনত-বদনে,
থীরে ধীরে আদি তাই অনিশ্চিত-মনে;
ক্তু ভাবি যাই ফিরে', ক্তু ভাদি নেত্র-নীরে,
তুলিছে সবেগে হুদি সংশয়-দোলনে,
চরম বিদায় আজি চাহিব কেমনে।

#### ( २७ )

এ জীবনে এইরূপে আর এক দিন
কাঁদিল বিষণ্ণ-মনে এই ভাগ্য-হীন ;
জননি গো, যে দিবসে পরিহরি' কালবশে
পূজ্য গুরু স্নেহময় সহপাঠিগণে,
প্রবেশিল অবিজ্ঞাত সংসার-কাননে।

## ( २१ )

জননি ! তখন কিন্তু আজিকার মত,
কিছুতেই হই নাই এত মর্মাহত ;
স্থময় স্থরসাল তখন যৌবনকাল,
কাজেই হৃদয় ছিল মহোৎসাহে ভরা,
অধুনা জরার রাজ্যে জীয়ন্তেই মরা।

# ( २৮ )

ভবিষ্যৎ-মন্দিরের সৌন্দর্য্যের খনি
নয়ন-সমীপে ধরি' দিবস-রজনী,
উদ্দাম ইন্দ্রিয়গণে বিষম বিষয়-বনে
অনর্গল মাতাইয়া স্কচারু-হাসিনী
সহসা পলা'ল কোথা আশা কুহকিনী;

#### ( २৯ )

অধুনা এ হৃদয়ের তাই ধ্যান-জ্ঞান, বিখময় করিমাত্র তাহারি সন্ধান ; এমন করিয়া যে সে ভুলা'য়ে মধুর হেসে' একবারে চিরতরে করিবে প্রস্থান, স্থপনেও করি নাই হেন অনুমান।

( 00 )

সে সময়ে মৃত্র হাসি' মধুরভাষিণী
কত কি শুনা'ত আশা স্থামাথা বাণী ;
আমিও সে ছলনায় গলিতাম ক্ষিপ্তপ্রায়,
ছুটে'ছে আশার নেশা জননি ! এখন,
ভেঙে'ছে আশার বাসা জনম-মতন।

( 0)

আগে মনে হ'ত যাহা শান্তির আগার, তীষণ শাশান হেরি আজি সে সংসার ; জননি গো! কাজে কাজে ভব-বাজারের মাঝে, বাজিছে হৃদয়-তন্ত্রী আজি অনিবার বিরাগের ভরে, যথা বীণা ছিন্ন-তার।

# ( ७२ )

রাঙতায় মোড়া ছিল আগে এ ভুবন, ভিতরের খড় মাটি দেখিনি তখন; কিছুই যে নাই সার, কেবল যে ফক্কিকার, বাহ্য চটকেই হায়! ভুলিমু তখন, বিলক্ষণ জ্ঞান কিন্তু হ'য়েছে এখন।

# ( 00 )

আজি এ সংসার আর নাই মা নৃতন,
হাড়ে হাড়ে পরিচয় পে'য়েছি এখন;
আগে ভাবিতাম ধরা পরম আনন্দে ভরা,
নব অনুরাগ আর নাই মা! তেমন,
নিরাশা-সাগরে আজি হ'য়েছি মগন।

# ( 98 )

ভাল নাহি লাগে আর উৎসবের মেলা, জর্জর হ'য়েছি হেরে' অদৃষ্টের থেলা; কিদে শান্তিময়ী বেলা ভবপারে এই বেলা লভি' ঘুচাইব ঘোর সংসার-যাতনা, অধুনা ইহাই মাত্র মনের বাসনা।

#### ( 90 )

তুরাশার ছলনায় বহুদিন তরে,
যে জন স্বদেশ ছাড়ি' যায় দেশান্তরে;
আশৈশব অনায়াদে প্রিয়জন-সহবাদে
স্থথে দিন গেল যেথা, যথা তাঁর মন
জনম-ভূমির তরে হয় উচাটন;—

## ( . 09 )

তথা ছাড়ি' মর্মভেদী স্থদীর্ঘ নিশ্বাস কাঁদিছে উদাস প্রাণ না মানে আশ্বাস ; বিদিও চলে'ছে দেহ লক্ষ্য করি' নিজ গেহ, শৈশব-সঙ্গিনী ভাবি' হৃদয় আমার, ফিরিয়া তোমার পানে চাহে বারবার।

### ( 99 )

দিবানিশি হেন চিন্তা করি মনে মনে,
তব গুরু ঋণভার শুধিব কেমনে;
এ জীবনে কিনা তুমি ? শৈশবের ক্রীড়াভূমি,
যৌবনের কর্মাক্ষেত্র, প্রবীণ দশায়
জীবন ধারণ করি তোমারি রূপায়।

# ( %)

তুমি যাই শিক্ষা দিয়া দেখা'লে শরণি,
চোক্ কাণ ফুটিয়াছে তাইত জননি !
তব প্রবর্ত্তিত পথ স্থির ধ্রুবতারা মত
লক্ষ্য কাঁর' এ সংসারে চলি অনিবার,
তুমি বিনা আর কেবা আছে অভাগার।

( % •)

হে সংস্কৃতপাঠশালে ! জননি আমার,

এ ভবে তুমিই মম ঐশ্বর্যের সার ;

কে আমি নগণ্য ছার, তবু ধন্য শতবার

আপনারে মানি, ওমা জননী-রতন !

তোমায় জননী বলে' করি' সম্বোধন।

∵( 8∘ )

জননীর **এচিরণে পায়** যদি স্থান,
ব্রহ্মপদ নাহি চায় অভাগার প্রাণ;
বৈঁচে' র'বে যভদিন,
যেন কভু এই দীন
নাহি ভোলে জননীর যুগল-চরণে,
এ আশিষ ক্রা ওয়া! স্থসম-মনে।

#### ( 83 )

বড় দাধ ছিল তব বদন-মণ্ডল,
পরকাশি' গুণরাশি করিব উজ্জ্বল ;
জগতে লাগা'ব তাক্, সে কথাত দূরে থাক্,
হেন জড় বৃদ্ধি ল'য়ে সংসারে আসিতু,
নিজ্লক্ষ মুখ চাঁদ মলিন করিতু।

#### ( 82 )

চটক্ দেখা'য়ে উঠি সমাজ-শিথরে, এ প্রেটি উদিল না কদাপি অন্তরে; অথবা শক্তি নাই, কি গুণে উন্নতি চাই, অধুনা কামনামাত্র শান্তি সহকারে, জননি! যাইতে পারি ভব-সিন্ধু-পারে।

# ( 89 )

অভাগা সম্ভান সেই কালের আজ্ঞায়,
' ক্ষ্ণ-মনে তব কাছে মাগিছে বিদায়,
জনমের মত আজি কেমনে যাইবে ত্যজি'
জীবন-সর্বস্থ-ধনে, এই ভাবনায়
কালিছে পরাণ তার ক্রিয়াগ-ব্যথায়।

#### (88)

কি ল'য়ে বিমনা হ'য়ে কাটা'ব ভুবনে জননি ! জীবন-শেষ তোমার বিহনে ;— হেন গুরু চিন্তাভার হুদে জাগে অনিবার, তু'নয়নে দর দর বহে বারি-ধার, জননি ! বিষম দায়ে পড়ে'ছি এবার।

# ( 8¢ )

অথবা কি বলিতেছি আমি মূঢ়মতি, হেন শক্তি কার রোধে নিয়ক্তি গতি ; জননি! তোমায় ত্যজি' অভাগা চলিন্ম আজি, মনে করি ফিরি, কিন্তু নাই সে উপায়, কাজেই মনের খেদে যাচিগো বিদায়।

# ( 89 )

ঘন অন্ধকারে যথা দীপ-দরশন,
 তুথ-অবসানে তথা স্থখ-সজ্ঞান;
আগে ভূগে' নানাস্থ্য, যে হেরে তুথের মুখ,
 যার-পর-নাই তুখী সেই অভাজন,
 জীবন মরণ তার মরণ(ই) শরণ।

#### (89)

আগে স্থী করে' মোরে ঠিক্ সেইরূপ,
বিধাতা আমার প্রতি হ'য়েছে বিরূপ ;
অগবা প্রত্যেক জনে জানে ইহা এভুবনে,
আলোক-ছটায় অগ্রে সংসার উজলি,'
দারুণ অশনি হানে পশ্চাৎ বিজলি।

( 81 )

জীবন-নাটকে হ'ল পট-আবর্ত্তন, আজি হ'তে আরম্ভিল জীবনে মরণ, তোমারি মা আশীর্কাদে কাটা'লাম নির্কিবাদে এতকাল মহাস্তথে মুহুর্ত্তের ন্যায়, আনমনে থাকি তব চরণ-দেবায়।

(85)

জীবনের শেষভাগ কার্টিবে কেমনে,

এই ভাবনায় ভীত হইতেছি মনে,

কেননা অনহামনে কি শয়নে কি স্থানে

তব যে চরণ-ধ্যানে ছিলাম মগন,

আজি তাহা হারা'লাম জনম-মতন।

#### ( ( ( )

চিরদিন কারো ভাগ্যে না যায় সমান,
কেমনে লজ্মিব ইহা বিধির বিধান ;
স্থপন-সমান ধরা বিবিধ বিবর্ত্তে ভরা,
চক্রবৎ স্থখন্তথ করিছে ভ্রমণ,
আনন্দ-বিষাদ-রোলে পূর্ণ অনুক্ষণ।
(৫১)

সংসারের পরীক্ষায় যমের তাড়নে,
কাতরতা নাহি ঘটে মনস্বীর মনে;
হুথে ছুথে সমজ্ঞান প্রলয়ে ভাঙেনা ধ্যান,
বিকার কাহাকে বলে তাঁদের জীবনে,
পরিচয় নাই কভু ভুলেও স্বপনে।

#### ( ৫২ )

অতীব অসার-চিত্ত আমি গো জননি !
কেমনে সহিব হেন বিরহ-অশনি,
নবম বর্ষের কালে
যথন জননী বলে
মা ! তোমারে মনে মনে করে'ছি বরণ,
তথন কেমনে ভূলি থাকিতে জীবন।

#### ( ৫৩ )

অথবা পবিত্র তব স্মৃতি কোনমতে, আশ্বস্ত করিবে র'ব য'দিন জগতে ; কিছু স্থায়ী নয় ভবে, কেন মিছে কাঁদি তবে, অনিত্য সংসার এই পরিবর্ত্তময়, হেথা কার্ নাহি হয় দশা-বিপর্যায় ?

( 48 )

নিবে'ছে স্নেহের দীপ হৃদয়-মন্দিরে,
কাল-বাত্যাবশে কত বিস্মৃতি-তিমিরে;
কিন্তু ও পবিত্র ছবি, যেন চিরদীপ্ত রবি,
জাগিবে হৃদয়াকাশে সদা সগৌরবে,
ইচ্ছাময় যে ক'দিন রাখিবেন ভবে।





# হৃদয়োচ্ছাদ।

( )

অগত্যা আদি মা ! তবে প্রণমি' চরণে,
দয়া করে' আশীর্কাদ কর গো এক্ষণে,
উদার পবিত্র মনে দিও স্থান অভাজনে,
কালের তরঙ্গে যেন না যাই ভাসিয়া,
বিশ্বৃতি-জলধি-মাঝে অভাগা বলিয়া।

( 2 )

নাহি ধরি বিভা বুদ্ধি রচনা-চাতুরী,
না আছে স্মরণশক্তি বচনে মাধুরী,
বাগ্মিতা কাহাকে বলে জানিনা মা! কোন কালে,
তাই বলে' পদে ঠেলে' মরমে বেদন,
দিওনা মা! অধীনের এই নিবেদন।

#### ( 0)

অতি অকিঞ্চন আমি জানি মনে মনে,
আকিঞ্চন করি তবু লুঠিতে চরণে;
"কুপুত্র যদ্যপি হয় কুমাতা কদাপি নয়,"—
আপামর সবে ইহা জানে বিশ্বময়,
সে বিশ্বাদে হ'য়েছে মা! এ উচ্চ আশয়।

# (8)

বিশেষত জননীর নির্প্তণ সন্তানে
সমধিক স্নেহ হয়, শুনি যাই কাণে,
চাই হ'ল এ বাসনা, না করিয়া প্রবঞ্চনা
রেখ গো মা ! ও অভয় পদ-কোকনদে,
কি বিপদে কি সম্পদে সদা নিরাপদে।

#### ( a )

স্বার্থপর এ সংসারে গুণের আদর
সবে করে, গুণহীন সদা হতাদর ;

নিয়ম অন্যে খাটে, কিন্তু ইহা নাহি আঁটে
অকারণ স্নেহময়ী জননীর প্রতি,

যার স্নেহ-তটিনীর নিম্নদিকে গতি।

#### ( & )

রূপ নাই, গুণ নাই, তবু স্লেছ চাই,
কেননা তোমার স্লেহে ক্ত্রিমতা নাই;
'নির্গ্রণ স্ন্তান পর মার মায়া দৃঢ়তর,'—
এ গাথায় গাঁথা তব বিজয়-কেতন,
অপত্য-স্লেহের ইহা ফুন্সুভি-ঘোষণ।
( ৭ )

ক'দিন বা র'ব আর এ মর-ভুবনে,
সত্বর যাইতে হ'বে শমন-সদনে;
হ'য়েছে আয়ুর শেষ, জরা-ধবলিত কেশ্
ভব পারে যাইবার করি' আয়োজন,
অপেক্ষায় আছি কবে ডাকিবে শমন।

## ( **b** )

যত কাল তব অঙ্কে করিয়া শয়ন
ছিলাম মা! সদানন্দে করে'ছি যাপন;

হুকুমার হুরসাল, সরল শৈশব-কাল

সে আনন্দ সঙ্গে ল'য়ে গিয়াছে জননি!
জীবন-মরুতে তাই নির্বারিণী গণি।

( a )

স্বার্থপর সংসারের বিষম শঠতা, অদৃষ্ট-চক্রের তথা ঘোর জটিলতা, কা'রে বলে সে সময়ে, নাহি ছিল এ হৃদয়ে পরিচয় লেশমাত্র, তাই হেন গণি, শৈশব হুখের উৎস উৎসবের থনি।

( >0 )

যৌবনের উপভোগে নাই আর সাধ,
তুচ্ছ অর্থ তরে আর না চাই বিবাদ;
বিদ হেলাগোলা মনে মনোমত দক্ষী সনে
পারি মা! শিশুর মত খেলিতে আবার,
তবে যেন নরজন্ম হয় অভাগার।

( >> )

আবার হৃথের বাল্য যেই চলে' যায়, থেন মা ভবের লীলা সংবরি হেলায়; নিজ্বা জনমে ছাই, এ জনম নাহি চাই, মানব-বিবেক মম লাগিবে কি কাজে, কেবল লাঞ্ছনা-ভোগ হ'বে বিশ্ব-মাঝে।

# ( >2 )

নিশা অবদান হ'লে যথা তারাগণ
গগন-দাগর-মাঝে হয় নিমগন,
তেমতি মা! একে একে আমাকে একাকী রেথে
অনেক সতীর্থ মম করে'ছে প্রয়াণ,
না হেরি তা'দের মত স্নেহভরা প্রাণ।

( >0 )

আবার মা ! ইচ্ছা হয় তাহাদের সনে
তোমার উৎসঙ্গে থেলি পুলকিত-মনে ;
সংসারের হলাহলে শোকরাশি-তুষানলে
সে সময়ে পারে নাই কাঁদা'তে পরাণ,
সে সুথ স্থপন সম এবে হয় জ্ঞান।

( 38 )

নিশা-শেষে রাজ্য-হারা হইয়া যেমতি,
তিমির-বসনাঞ্চলে ঢাকিয়া মূরতি,
শশী গাত্র-অলঙ্কার ছিন্ন ভিন্ন তারা-হার
ছড়া'য়ে গগনাঙ্গনে অস্তাচলে ধায়,
শৈশব-রাজ্যের দশা তথা দেখা যায়।

( >¢ )

গ্যু-লোকে গে'ছেন গুরু, বাল্যু-সহচর, গু'চারিটী মাত্র(১) হয় নয়ন-গোচর ; বার্ত্বকের বশীস্থৃত রোগ-শোকে অভিস্থৃত, হেরে' সে প্রাচীন মূর্ত্তি না হয় প্রত্যয়, কাল-ক্রোড়ে কা'র দাধ্য সমভাবে র'য় !

( ১৬ )

কত শত অপরাধ চরণ-কমলে,
বাল্য-কালে করিয়াছি জ্ঞান-হীন বলে';
সেদোষ না হৃদে তুলে' জননি গো! যে'ও ভুলে,'
আপনার নৈসর্গিক উদারতা-গুণে,
হিতাহিত-বোধ কবে থাকে মা! নিপ্তণে?
( ) )

তুমি বিনা অভাগার আর কেহ নাই,
থাকিতে তোমার কাছে তাই এত চাই;
কি নিকটে কিবা দূরে, নিথিল সংসার ঘুরে'
দেখিকু সন্ধান করে' সমুদ্য ঠাই,
ভূড়া'বার স্থান হেন কোধাও না পাই।

<sup>(</sup>১) ক্রোড়পত্র দেখ।

#### ( >> )

জনম-জনমান্তরে যদি ভবে আসি,
তব পদ সেবি' যেন স্থখার্ণবে ভাসি;
জপ, তপ, ধর্মা, কর্মা, কিছুরি জানিনা মর্মা,
কি কাজে লাগিবে ওমা! গুণের সম্ভার ?
জানিত সম্ভাবে মার বাৎসল্য অপার।

## ( % )

স্থানান্তরে নাহি ঘুরে' উন্নতি-আশায়,
সঁপিকু জীবন তব চরণ-দেবায়;
দিবানিশি স্যতনে খাটিয়াছি প্রাণপণে,
লঘু করিবার তরে গুরু ঋণভার,
কি সাধ্য শুধিব আমি মা! তোমার ধার।

# ( 2. )

নির্ন্থণ হইয়া সেবি' ধনাক্ষের ছার,
পরিচয় দিই নাই নীচাশয়তার;
তোমার সন্তান হ'য়ে তোমারি মা! মুথ চে'য়ে,
পরম-গৌরব-ভরে যাপিয়াছি কাল,
ভবার্ণবে ছাড়ি নাই ভূলে' ধৈর্য্য-হাল।

#### ( <> )

এক-দৃষ্টে তব পদ ধ্রুব লক্ষ্য করে', আত্মাকে রেখে'ছি ধরে' আবর্ত্তের ঘোরে ; অকূল পাথারে দিক্ সদা রাখিয়াছি ঠিক্, চারি ধারে নেহারিয়া প্রবল তুফান, করে'ছি অশাস্ত প্রাণে সাস্ত্রনা-বিধান।

## ( २२ )

করম-সাগরে কভু না করিয়া ভুল,
জননি ! নির্ব্বিদ্ধে এবে পাইলাম কুল ;
কি বিপদে কি সম্পদে মতি রেখে বিভূ-পদে
এইরূপ নিরাপদে ভব-সিন্ধু-পারে,
যে'তে পারি এ আশিষ কর মা ! আমারে।

# ( २० )

যথন উদরে ধরে' বাড়া'লে সম্মান,
কুপণতা কর'না মা! দিতে পদে স্থান;
অক্তী তনয় আমি, জানেন অন্তর-যামী,
তাহে কিবা ক্ষতি দৈব হইলে সহায়,
এক ভাগ্য ল'য়েত মা! এসে'ছি ধরায়।

# ( 28 )

পুত্র-ভাগ্য ধন-ভাগ্য যশোভাগ্য আদি,
নানাবিধ সৌভাগ্যের নাহিক অববি ;
সব ভাগ্য একাধারে নাহি ঘটে এসংসারে,
তাই বলি এ দীনের আছে এক বল,
জননি ! জননী-ভাগ্য পরম সম্বল।

# ( २৫ )

সোভাগ্য না থাকিলে মা ! কেন দয়া করে', রক্স-গর্ভা তুমি মোরে ধরিবে জঠরে ? নিরাশ্রয় দেববাণী আপন সোভাগ্য মানি', একদা তুদ্দিনে যাহে লইল শরণ, সে উদরে জন্মে হেন স্লুকৃতী ক'জন ?

# ( २७ )

জননি ! মুসলমান-রাজ্য-অবসান
হ'ল যাই, তাই তুমি লভিয়া পরাণ,
কোলে ল'য়ে দেববাণী, কলিকাতা-রাজধানী
অলঙ্কত করে' আজি করিছ বিরাজ,
এ তব অক্ষয় কীর্তি, স্থসভ্য ইংরাজ !,—

#### ( २१ )

চিরকাল কাল-বক্ষে রহিবে ক্ষোদিত, কৃতজ্ঞ ভারত কভু হ'বে না বিশ্বত ; পাঠশালে ! তুমি যাই কেন্দ্ররূপে আছ তাই, চতুষ্পাঠী-সৃষ্টি হ'ল বঙ্গময় যত, বিটপী-শাধার মত বর্ণিব তা' কত।

# ( ২৮ )

পাশ্চাত্য পণ্ডিতগণ তব ছহিতার আদর করেন করি' গুণের বিচার ; প্রাচীন ভারত নাই, স্বাধীন হৃদয় নাই, ভারত আপন ধনে চিনিতে না পারে, রক্সাকর ছেড়ে' রত্ব খোঁজে অন্ধি-পারে।

# ( २৯ )

স্বরগীয় উইল্সন, গোল্ডফুকর,
শ্যার উইলিয়ম্ জোন্স্, রথ্, মোক্ষমূলর,
বোথলিঙ্ক্, ওয়েবার্, কোলক্রন্ক, বুল্হার,
উইলিয়ম্, কাউএল্, টনি, গ্রিফিথ্, ভ্ইলার্,
ব্যালেন্টাইন্-আদি কাছে কত মান তা'র।

# ( 00 )

জননি ! বিদরে হুদি বলিতে এ কথা,
কাহারে বা বলি হেন হুখের বারতা ;
একদা মা ! যে ভাষায় ঋক্-গানে এ ধরায়,
পঞ্চনদ-তীরে মেতে' আর্য্য-ঋষিগণে
বিশ্ববারা আদি পুণ্য মহিলার সনে,—

# ( %)

অতি পুরাকালে এই নিখিল ভারত, পবিত্র করিল, যবে সমগ্র জগৎ অজ্ঞান-তিমিরারত হ'য়ে ছিল ভূ-পতিত, আজি সেই ভারতের স্থযোগ্য সন্তান, পদে পদে সে ভাষাকে করে তৃণ-জ্ঞান।

# ( ७२ )

ভারত-তুর্ভাগ্য-বশে আজি দেববাণী অর্থকরী নহে, ইহা শিরোধার্য্য মানি'; কিন্তু ভারতের ধর্ম ভারতের সর্বকর্ম-মর্ম-বোধে যে ভাষার নিত্য প্রয়োজন, তা'র এ তুর্গতি, একি বিধি-বিড়ম্বন!

#### ( 99 )

যত রূপ ভাষা আছে ত্রহ্মাণ্ড-ভিতরে,
স্বারি জনম দেব-বাণীর জঠরে(২);
তাই বলি হেন বাণী, পরম সৌভাগ্য মানি'
কণ্ঠহার কর মবে মহা সমাদরে,
ঐহিক ও পারত্রিক মঙ্গলের তরে।
( ৩৪ )

ইংরাজি-শিক্ষার গুণে নানা উপকার
হ'য়েছে যে এ ভারতে করি তা' স্বীকার ;
কিন্তু বিজাতীয় শিক্ষা মূল-মন্ত্রে হ'লে দীক্ষা
ভারতের সর্ব্বাঙ্গীণ হ'বে না কল্যাণ,
ভাগ্য-দোষে হারা'য়েছে ভারত এ জ্ঞান।

( 00 )

ভারত-উন্নতি-কল্পে সংস্কৃত ভারতী সবিশেষ চর্চ্চা করা আবস্থাক অতি ; বিদেশীয় উপাদান নহে ভারতের প্রাণ, বাহ্য শিক্ষা আভরণ হ'ক ক্ষতি নাই, সংস্কৃতের মৌলিকতা রক্ষা করা চাই।

<sup>.(</sup>१) কোড়পত্র দেখ।

#### ( ৩৬ )

সংস্কৃত সাহিত্য-শাস্ত্র বিনা বিলোড়ন,
বঙ্গভাষা-অঙ্গভ্ষা না হ'বে সাধন;
জাতীয় ভাষার পুষ্টি- বিষয়ে রাখিলে দৃষ্টি,
জাতীয় গৌরব তবে হ'বে সম্পাদন,
অন্তথা উন্নতি-আশা রথা আকিঞ্চন।

# ( ৩৭ )

যে ভাষার এ ভারত আগু লীলান্থলী,
ভারতের কৃতবিগু যুবক-মগুলী
যত দিন সে ভাষার না বুঝিবে উপকার,
তত দিন পূর্ববং দিব্য জ্যোতি ধরে'
উদিবে না ভাগ্য-রবি ভারত-অন্বরে।

# ( 아 )

যে ভাষায় আদি-কবি শোকাঞ্চ-দিঞ্চনে রোপিলেন কাব্য-কল্প-তরু রামায়ণে ; রামায়ত পানে যা'র মুগ্ধ হ'য়ে এ সংসার, ভারতেরে দিয়াছেন স্থ-উচ্চ আসন, ভক্তিভরে সে ভাষার কর আরাধন।

## ( ৩৯ )

কবিত্ব-গগনে পূর্ণ শারদেন্দু-ছবি,
বাণী-বরপুত্র যাহে কালিদাস কবি,
ফর্গীয়-প্রতিভা-ছলে নিখিল জগতী তলে
কবিতা-অমৃত-সিদ্ধু করিল বর্ষণ,
সে দেব-বাণীর সবে ধর শ্রীচরণ।

## ( 80 )

অশনি-ভৈরব রবে সিংহনাদ ছাড়ি',
পবিত্র প্রবাহে যার লাগাইয়া পাড়ি,
মহাকবি ভবভূতি নিজ ওজস্বিতা-ভূতি
দেখা'লেন বীরমদে বিশ্ব তৃণ মানি',
ভাগ্য-দোষে ভিথারিণী আজি সেই বাণী।
(8>)

কাব্য-রাজ্যে যথা এই মধ্যম পাণ্ডব,

সংগ্রাম-শ্মশান-শৈল-বর্ণনে বিভব

দেখা'লেন এসংসারে ন্তব্ধ করি' হুত্স্কারে,
ভাষাস্তরে হেন শক্তি ধরে কোন্ কবি,

চিত্রিবে যে চিত্র-পটে সে জ্বন্থ ছবি গ

# ( 82 )

আবার করুণ-রস-উদ্দীপন তরে

যবে কবি খেদ করি' বীণা ধরি' করে,
ফোলিলেন অঞ্চ-ধারা বিশ্ব কেঁদে' হ'ল সারা
টুটিল বজ্রের হৃদি সে মঞ্জু বিলাপে,
হে ভারত! সে ভাষারে ভুলিলে কি পাপে!

# ( 89 )

বাহার লালিত্য-গুণে জয়দেব কবি,
রেখে'ছেন মন্ত্র-মুগ্ধ করে' বিশ্ব-ছবি ;
সে ভাষার স্থধাপান করে' অগ্রে পাও প্রাণ,
পশ্চাৎ করিও সবে দেশের কল্যাণ,
নতুবা এখনি ছাড় উন্ধতির ভাগ।

# (88)

এ দেব-বাণীর মত শক্তি সঞ্জীবনী,
সঞ্চার করিতে পারে অন্য কোন্ বাণী ?
শিলা ভাসে রত্নাকরে জড় বিশ্বে অশ্রু বারে,
হেন যাত্নকরী বিদ্যা ধরে যে ভারতী,
অনাস্থা করিয়া তা'রি আজি এ ছুর্গতি।

( 8¢ )

পরাণ-মাতান হেন বাণী বহুমানি',
ভক্তিভরে দেবা কর হ'য়ে পুটপাণি;
বদেশ-উন্নতি তরে বিজ্ঞাতির পদ ধরে'
চলিলে হ'বে না কভু উন্নতি-বিধান,
হৃদয়-মন্দিরে ধর এখনো এ জ্ঞান।

(85)

যাহার হৃদয়-যন্ত্রে কভু একবার,
বাজিয়াছে এ বাণার সম্মোহন তার ;

ম্মৃতের পারাবার না লাগিবে ভাল তা'র,
কি ছার কিম্মরী-গান, ভ্রমর ক্সার,
কোকিল-কণ্ঠের কিবা স্বর-উপহার।

( 89 )

নিশীথে স্থদ্র হ'তে বেণু-বীণা-স্বনে, শুনিয়া সে তৃপ্তি-বোধ করিবে না মনে; দিয়-ভাণ্ডার তা'র পরিপূর্ণ অনিবার, গীর্ব্বাণ-বাণীর স্থধা-রসের নির্বরে, হেন শক্তি কিবা ধরে তার মন হরে।

#### ( 85 )

কাব্যাম্বর-তলে যিনি সমুজ্জ্বল রবি. সে সেক্ষপিয়র মানি মৃত্যুঞ্জয় কবি; চরিত্র-চিত্রণে তাঁ'র ক্ষমতার নাই পার মুক্তকণ্ঠে করিতেছি তাহাও স্বীকার, বঙ্গভাষা তা' হ'তে কি পা'বে উপকার •

#### (88)

অধ্যয়ন করিয়াছি একদা যতনে, বাইরন কাউপার স্কট্ শেলিও মিল্টনে; অমর এ কবিগণ স্বভাবের যে বর্ণন করে'ছেন চিত্ত-পটে আজো আঁকা আছে, কিবা ইফলাভ হবে তাঁহাদের কাছে ?

( (0) পরস্পর ভিন্ন চুই ভাষার মিলনে অসংশয় সঙ্করতা ঘটিবে গঠনে; দেব-মূরতির মাঝে ছাট কোট নাহি সার্মে হেন বোধ হৃদে যেন থাকে জাগরিত. নতবা এ ভাষা হ'বে জগতে লাঞ্ছিত।

#### ( ( ()

স্তনশ্বর শিশুদের মাতৃ-স্তগ্য-পান
সমধিক রূপে করে দেহে বলাধান ;
কিশোরী এ বঙ্গভাষা সমূচিত অঙ্গ-ভূষা
পে'তে পারে একমাত্র দেববাণী হ'তে, ব তাই বলি তা'রি চর্চা কর বিধিমতে।

# ( 42 )

জনম-ভূমির যাহে প্রকৃত কল্যাণ
হ'তে পারে কর হেন হিত অনুষ্ঠান ;

হ'য়ে বদ্ধ-পরিকর শ্রম কর নিরন্তর,
করিবারে মাতৃভাষা-মুখন্সী উজ্জ্বল,
ভাষার শ্রীরৃদ্ধি হয় জাতি-গত বল।

## ( 00)

এ ভারত যা'র কর ধারণ করিয়া উমতির তুঙ্গ শৃঙ্গে একদা উঠিয়া কুপা করে' নিজ করে জ্ঞানের বর্ত্তিকা ধরে' প্রবৃদ্ধ করিল মোহ-নিদ্রিত জগতে, তা'র অনাদর আজি কেন এ ভারতে ?

# ( 68 )

একি নারে সে ভারত রতনের খনি,
তদ্ধন-জীবন যা'র ছিল দেববাণী,
যোগ, যাগ, দান, ধ্যান, সোম-পান, সাম-গান,
মুনিগণ দিব্য-জ্ঞান, আদর্শ-রমণী
সতী, শৈব্যা, দময়ন্তী, জনক-নন্দিনী ং

## ( 00 )

প্রাচীন ভারত বলে' না হয় বিশ্বাস, সে ভারত হ'লে কোথা গেল সে বিকাশ ! জ্ঞান-গুরু ছিল যা'রা, কেন তা'রা দিশে-হারা ! মোহ-ঘোরে কেন ঘেরা ভারত-আকাশ ! কেন বা অসাড় প্রাণে নাই সে উচ্ছাদ ?

#### ( 69 )

কাল-স্রোতে পূর্ব্ব চিহ্ন সবি মুছে' গে'ছে
স্থথ-স্বপ্প-স্মৃতিমাত্র আজো জেগে' আছে;
তথাপি যে বর্ত্তমান ভারতের এত মান
স্থসভ্য-সমাজে, তা'র প্রধান নিদান,
চির-সভ্য ভারতের ক্রেশার্জ্বিত জ্ঞান।

# ( 49 )

সেই দিব্য জ্ঞানরত্ব-অনস্ত-ভাণ্ডারে, সংস্কৃতের দার বিনা কে পশিতে পারে ? শ্রুতি, স্মৃতি, দরশন, অলঙ্কার, ব্যাকরণ, মীমাংসা,জ্যোতিষ, তন্ত্র, সাদ্ব্য, পাতঞ্জল, বেদান্ত, পুরাণ, ছন্দ, স্বারি সম্বল,—

# ( er )

এ ভাষারে অবহেলি' কর'না বিদায়,
ভক্তি-ভরে সবে মিলি' ধর তা'র পায়;
যে মাতা সোভাগ্যে মেলে, একবার চলে' গেলে,'
ফিরা'তে তাহারে আর র'বে না উপায়,
নব্য জাতি যত্নে তা'রে রাখিবে মাথায়।

## ( ৫৯ )

ভারতের পূর্ব্বদশা করহ স্মরণ,

\* আধুনিক অবস্থাও কর দরশন;

ফবারে মিনতি করি মোহনিদ্রা পরিহরি'

জ্ঞাননেত্র মেলি' হের সংস্কৃতের দশা,

স্থাবার উন্ধৃত হ'বে নাই সে ভ্রসা।

( 60 )

একদা ভাষার রাজ্যে ছিল যেই রাণী, ভিখারিণী-বেশে ফেরে আজি সেই বাণী; সেহশূন্য দীপ-দশা সম আজি তা'র দশা, নির্বাণ-উন্মুখ-প্রায় হেরিয়া নয়নে, ভারত! নিশ্চিন্ত মনে র'হে'ছ কেমনে ?

( &5 )

বাণিজ্য ঐশ্বর্য্য রাজ্যে হ্রাস রৃদ্ধি নাশ,
অনিত্য-সংসার-মাঝে ঘটে বারমাস ;
উন্নতি ও অবনতি মাত্র নিয়তির গতি,
কোথা আজি গ্রীস রোম কোথা বা মিসর,
কাল-স্রোতে সবি ভেসে' গে'ছে পর পর।

( ७२ )

কিন্তু ভাষা ল'য়ে জাতি ধর এই মতি,
তা'রি অবনতি হয় চরম হুর্গতি;
যাহা ভারতের প্রাণ যা'র বলে অভিমান
আর্য্য বলে', সেই বাণী যদি যায় চলে,'
ভারত! কেমনে মুখ দেখা'বে ভূতলে?

( ७७ )

পাঠশালে ! আমাদের ছখিনী জননী নব বঙ্গভাষা তব ছহিত্-নন্দিনী ; তিনি যাই দয়া করে' সন্মুখে দে'ছেন ধরে' রতনের খনি, তাই বঙ্গমাতা আজি সমাজে দেখায় মুখ নানা দাজে দাজি'। ( ৬৪ )

> যাহে জন্মি' স্বদেশের বদন-মণ্ডল অলৌকিক প্রতিভায় করিল উজ্জ্বল.

প্রাতঃমারণায় কত স্থাসন্তান অবিরত,

সে তব উদরে জন্মি' তব প'দ সেবি' জনম সফল মম হইয়াছে দেবি !

( 60 )

কোথা তব বরপুত্র দয়ার সাগর, তেজস্বী ঈশ্বরচন্দ্র(৩) বিভার সাগর ! টদার-প্রকৃতি, ধীর, সত্য-সন্ধ, দান-বীর, গাঁ'র কাছে ধনী নিঃস্ব সবাই সমান, পদমানে ছিল বাঁ'র সদা তৃণ-জ্ঞান ;—

<sup>(</sup>৩) ক্রোড়পত্র দেখ।

#### ( ৬৬ )

সহদয়, মাতৃভক্ত, অতি মহাপ্রাণ, ভারত-অম্বর-মণি হেন স্থসন্তান জনমি' দরিদ্র-কুলে কীর্ত্তি-ধ্বজা হস্তে ভূলে' স্বদেশ কাঁদা'য়ে স্বর্গে করিল প্রয়াণ, এ হেরে' কেমনে ওমা ধরিছ পরাণ ?

# ( ৬৭ )

যত দিন অধ্যক্ষতা ছিল তাঁ'র করে,
উঠে'ছিলে উন্নতির অত্যুক্ত শিখরে;
ধুরস্কর সে তনয়ে এবে তুমি হারা হ'য়ে
পূরব গৌরব বিনা হ'য়েছ শ্রীহীন,
হেন আশা নাই আর ফিরিবে সে দিন।

## ( ৬৮ )

যে স্নেহ করিতে দেব! হেন অভাজনে,
পাশরিতে পারিব না জীবন-ধারণে;
তুমি লোকোত্তর নর, শাপদ্রই বা অমর
আগে তা' বুঝিনি' অহে নির্ধনের ধন!
ভারতের-জগতের স্থছদ্-রতন!

# ( ৬৯ )

তোমারে করুণা-সিন্ধু বলে' জানি যাই, সাহসে করিয়া ভর আসিয়াছি তাই পরম যতনে তুলে' মালা গাঁথি' বন-ফুলে কবিতা-কুস্থম-হার দিতে উপহার, দয়া করে' শ্রীচরণে ধর একবার।

## ( 90 )

প্রত্যাখ্যান কর যদি তা' হ'লে কাঁদিব,
তুমি কাঁদ কিনা দেব ! তাহাও দেখিব ;

যদি বল ভাল নয় সে দোষ আমার নয়,
জানত অপটু আমি কুস্থম-চয়নে,
তাই দিগ্ধ করিয়াছি ভকতি-চন্দনে।

## ( 43 )

জ্ঞানের উদয় হ'তে কাঁদিতেছি ভবে,
'অভাগা কাঁদিলে দেব! কিবা ক্ষতি হবে ?
শিরীষ-কুস্থম সম ও হৃদয় অকুপম
ব্যথা পে'লে পা'ব আমি মরমে বেদনা,
দয়া করে' এ দীনের পূরাও বাসনা।

## ( 92 )

তুথের কাহিনী শুনে' জনম-ভূমির
কেলিতে হেরে'ছি বাঁ'রে নয়নের নীর,
দর দর অবিরত বৎসলা মাতার মন্ত,
সে ভূমি আমারে হেরে' করিতে রোদন,
কেমনে করিবে দেব! অঞ্চ-সংবরণ ?

#### ( 90 )

দয়াময়-নামে নব কলঙ্ক রটিবে, গুণাকর! তাহাও ত পরাণে বাজিবে, উভয় সঙ্কট হ'তে যে উপায়ে মুক্ত হ'ডে পারিব আজি হে! কর তাহারি বিধান, হেদেব ঈশ্বরচন্দ্র করুণা-নিধান!

# ( 98 )

দয়ার সাগর অহে ! হারা'য়ে তোমারে,
অনন্য-শরণা আজি দয়া এ সংসারে ;
সদা স্বদেশের তরে অকাতরে শ্রম করে
বিশ্রাম করি'ছ এবে স্থরর্ন্দ সনে,
পরম-ভকতি-ভরে বন্দি শ্রীচরণে।

( 90 )

কোথা আজি উইল্সন কোথা বা মার্শেল! কোথায় বা ঋষিকল্প শ্রীযুত কাউএল!

সদয়-হৃদয় তথা প্রসন্মকুমার(৪) কোণা ! কর্ণধার বিনা হয় তরণী যেমতি,

এসব নায়ক বিনা তব সে হুৰ্গতি।

( ৭৬ )

স্থরগুরু সম যাঁ'রা ও চরণ সেবি',

একদা গোরব তব বাড়াইয়া দেবি !

গিয়াছেন স্থরলোকে নাজানি তাঁদের শোকে

কোমল হৃদয়ে পে'লে কতই বেদন,

দিবানিশি ভাবি তাই জননী-রতন ।

( 99 )

কোথা আজি পৃজ্যপাদ সেই গুরুগণ ?
নাহেরি যাঁ'দের মত পণ্ডিত-রতন ;
কোথা দেব প্রেমচন্দ্র ! কোথা বা ভরতচন্দ্র !
কোথা তারানাধ ! কোথা জয়নারায়ণ !
স্বরপুরী হ'তে কর প্রণাম-গ্রহণ ।

<sup>(8)</sup> ক্রোড়পত্র দেখ।

( 96 )

প্রেমময় প্রেমচন্দ্র (৫) নব কালিদাস ! তব প্রতি শ্লোকে বহে কবিত্ব-উচ্ছাস ;

সমকক্ষ অলঙ্কারে কেবা তব এ সংসারে :

নৈষধ ও কাব্যদর্শ রাঘব-পাণ্ডবে, তোমার টীকার নাহি উপমা সম্ভবে।

( ৭৯ )

জ্ঞানের মূরতি গুরো ভকতি-ভাজন ! অশেষ গুণের তব না হয় বর্ণন ;

ধর্মনিষ্ঠ, সদাচার, সোজত্যের একাধার, সদাই বিনয়-নত্র, কত্র-দরশন,

প্রণমি চরণে দেব। শিষ্য অভাজন।

( >0 )

কপট কাছাকে বলে ও পবিত্র মনে, পশিতে পারেনি' কভু ভুলেও স্বপনে;

আজো হেন অনুমানি সে তব অমিয়-বাণী

শ্রবণে বাজিছে, যবে প্রদন্ম হইয়া প্রশংসা করিতে গুরো। 'সাবাস্' বলিয়া।

<sup>(</sup>e) ক্রোড়পত্র দেখ।

#### ( 64 )

বহুকাল গত হ'ল তবু হয় জ্ঞান, বিশ্বময় হেরি সেই মোহন বয়ান ; কাষ্ঠময়-পীঠোপরি চরণ বিভাস করি' যে সকল স্থধাপূর্ণ উপদেশ দিতে, মনে লয় আজো যেন পাই তা শুনিতে।

## ( ४२ )

যে দিব্য দীপ্তির ছটা প্রশস্ত ললাটে
বিরাজিত' আজো আঁকা আছে চিত্তপটে ;
তরুণ অরুণ জিনি' শ্রীচরণ তুই খানি
ভূলিব না গুরুদেব ! জীবন-ধারণে,
কি পাপে হারা'লে ওমা ! এ হেন নন্দনে ?

## ( 64 )

যাঁ'র মুখ-বিগলিত উপদেশামৃত
ক্ষর–চকোর পিয়ে আনন্দে নাচিত;

সাধি' কলাদান-ব্রত স্বর্গ-অস্তাচল-গত
দে কাব্য-কৈরব-চন্দ্র এদেশ আঁধারি',
সে শোক পাশরি' কিসে আছ প্রাণ ধরি ?

# ( 84 )

রসিকের চূড়ামণি কবিতার খনি,
হেন স্থত ক'টি জন্মে জগতে জননি ?
মোহ-পাশ কাটাইয়ে তব-ব্রত উদ্যাপিয়ে
ছ্যু-লোকে গেলেন চলে' নিজপুণ্য বলে,
মা হ'য়ে স্বচক্ষে তাহা হেরিলে কি বলে?

#### ( 64 )

তুমি কি পদার্থ যদি আগে জানিতাম,
তব পদামুজ গুরো! নাহি ছাড়িতাম;
গুরুজনে অবহেলে' বাল্যকাল হেসে' খেলে কাটা'য়েছি মৃঢ়মতি, তাই অনুক্ষণ অমৃতাপানলে আজি করি'ছে দহন।

# ( 64 )

দশন-মধ্যাদা বোঝে থাকিতে দশন,
হেন বৃদ্ধিমান্ গুরো! ভবে কয় জন ং
ভাবিতাম সমভাবে চিরদিন কেটে যা<sup>ংবে</sup>,
একদা হ'বে যে তুমি ছর্লভ-দর্শন,
এ দগ্ধ হৃদয় নাহি বৃঝিল তথন।

#### ( **b9** )

জীবন-পরিধা-পারে চরণ-দর্শন
পাইব যে, নাই ছেন স্থক্ত-সাধন ;
যে অশ্রু নয়নে ঝরে, যদি তা' শকতি ধরে
স্বর্গে যে'তে, সঁপিফু তা' ভক্তি-উপহার,
ইহাই সম্বল তব শিশ্য-অভাগার।

( ৮৮ )

কাতর এ শিয়াধমে প্রকাশি' করুণা, লহ গুরো! তুচ্ছ বলে' বিমুখ হ'ওনা;

নত্রজল-মুক্তাসার, ভকতি-নলিন-ছার, মানস-সরসী হ'তে তুলি' যে রতনে, এ দীন করণ-সূত্রে গেঁথে'ছে যতনে।

( , 49 )

দার্শনিক-শিরোরত্ব জয়নারায়ণ ! (৬)
তব শিফীচারে বশ ছিল শিষ্যগণ ;

মনায়িক সম্ভাষণ, 'বা বা' বলে' সমোধন,
ভবন' দ্রবীভূত হ'ত পাষগু-হৃদয়,
পলা'ত তোমারে হেরে' দূরে অবিনয়।

<sup>(</sup>७) ক্রোড়পত্র দেখ।

( 30 )

না জানি দেবতা কোন্ শাপ-ভ্রম্ট হ'য়ে,

এদে'ছিলে বিনয়াদি নানাগুণ ল'য়ে;

স্থগৃহীতনামা তুমি, পাপময় মরভূমি

স্থযোগ্য বসতি নহে, এই ভাবি' মনে,

বুঝি পুনরায় গেলে স্থর-নিকেতনে।

( \$\$ )

রূঢ় কথা বলে' ব্যথা কভু কা'র' মনে, দেও নাই গুরুদেব ! জীবন-ধারণে ; সার্থক তোমারি জন্ম, সার্থক তোমারি ধর্ম, যাবৎ তোমার নাম এ ভবে রহিবে, কেই বা অজাত-শত্রু পাণ্ডবে কহিবে ?

( \$2 )

কাজে অবসর ল'য়ে যবে পরিণামে,
বসতি করিলে পুণ্য বারাণসী-ধামে,
যোগ-শাস্ত্রে অবিরত সংসার-বিরত কত,
দণ্ডী ও পরমহংস যতি ব্রহ্মচারী,
যে তোমার পাদ-মূলে বসি' সারি সারি,—

#### ( ৯0 )

উপদেশায়ত পিয়ে স্থী হ'ত মনে,
অকৃতী এ অস্তেবাদী বন্দে দে চরণে;

য় দকল জ্ঞান-মণি, দিয়াছিলে গুণ-মণি!
একদা করুণা করি' এই শিষ্যাধ্যে,
হরে'ছে বিশ্বৃতি-চৌরে তাহা ক্রমে ক্রমে।

# ( 88 )

মনস্বী ঈশ্বরচন্দ্র বিদ্যার সাগর,
তথা শ্রীমহেশচন্দ্র মনীধি-প্রবর,
একদা যে শ্রীচরণ, স্বতনে আরাধন
করিয়া কৃতার্থন্মতা হ'লেন হৃদয়ে,
সে পদ পামর বন্দে জোড়-কর হ'য়ে।

# ( ৯৫ )

তাহে তব মহিমার নাহি হ'বে ব্রাস,
মধ্য হ'তে চরিতার্থ হ'বে এই দাস;
প্রকৃত মহান্ যাঁ'রা, প্রাণান্তেও কভু তাঁ'রা
উচ্চ নীচ কাহাকেও না করি' বঞ্চন,
স্বারে আশ্রয় দেন যে লয় শরণ।

#### ( ১৬ )

মহাপুরুষের এই প্রধান লক্ষণ,
রত্নাকর এ বাক্যের শ্রেষ্ঠ নিদর্শন;
ছোট বড় কত নদী, পড়িতেছে নিরক্

মোক্তিক শদ্সুক নক্র আছে অগণন,
 হাদি-মাঝে বাড়বাগ্নি ত্বলে অমুক্রণ।

#### ( 59 )

বারাণদী-ধামে কৃত রহে'ছে পাতকী,
কাশীর পূততা-নাশ হ'তেছে তা'তে কি ?
পবিত্র জাহ্বী-তীরে, কিংবা পুণ্য গাঙ্গ নী
ভাল মন্দ কত বস্তু আসে ত ভাদিয়া,
তীর্থের মাহান্ত্য গুরো! না যায় কমিয়া।

## ( 24 )

মৃক্তি-আশে কাশী-বাসে ছিলে গো! যখন, স্ব-শিষ্য ঈশ্বরচন্দ্রে করি' দরশন, বলে'ছিলে মহোল্লাসে 'একি হেরি দ্রোণাবা কি হেতু সহসা আজি আগত অর্জ্জ্ন!' কোথা মা! সে দ্রোণ তব! কোথা বা অর্জ্জ্ন!

#### ( \$\$ )

অতুল সে স্নেহরাশি ভূলিয়া কেমনে,
অনায়াসে গেলে গুরো! অমর-সদনে ?
জ্ঞান-দয়া-বিতরণে, তুষিয়াছ শিষ্যগণে,
শিক্ষাদান-ব্রত এবে উদ্যাপন করি',
আশ্রয় করিলে দেব অমর-নগরী।

#### ( > 0 )

ধন্য আমি ! ধন্য মম জীবন জনম !
কা'র ভাগ্যে ঘটে হেন গুরু অনুপম ?
কি প্রকার সরলতা, কতদূর বিনয়িতা,
ছিল তব, না পারিমু দেখা'তে তা'সবে,
এ থেদ হৃদয়ে গুরো ! চিরদিন র'বে।

#### ( 303 )

গুরুদেব ! যে ক'দিন আছে আর বাকি,
গু চরণ কভু যেন ভুলে' নাহি থাকি ;
ভি-পুণ্য-ফলে বিধি, দিয়াছিল হেন নিধি,
ভাগ্য-দোষে হারা'মু তা' শিষ্য অভাজন,
পরম-ভক্তি-ভরে বৃদ্দি শ্রীচরণ।

( >02 )

তোমাতে ভরতচন্দ্র (৭) স্মার্ত্ত-শিরোমণি !
মহাপুরুষের চিহ্ন বহু ছিল গণি ;
তব সৌম্য মুখামূজ, আজামূলম্বিত ভূজ

ু হেম-গোর দীর্ঘাকৃতি, রাজীব-লোচন, ু মেঘ-মন্দ্র ধ্বনি, আজো হ'তেছে স্মরণ।

( >00 )

করিয়াছি অপরাধ কত শ্রীচরণে,

ক্ষম দেব ! সে সকল দয়া ভাবি' মনে ; অকাতরে বিস্থাধন, আজীবন বিতর

করিয়া হেলায় গেলে অমর-নগরে, মহাত্রত-মহাফল ভুঞ্জিবার তরে।

( 3.8 )

না জানি কি স্নেহ-ডোরে করে'ছ বন্ধন, গুরুদেব! সাধ্য নাই ভুলি ঞীচরণ;

জ্বন্ধবে ! সাব্য শাহ ভূগে আচন ; অন্তাপি হৃদয়ে জাগে, প্রত্যেক বাক্যের <sup>আ</sup>

'যেন কেহ নাহি শোনে'—হেন মাত্রা দিয়ে, ঢালিতে যে বাণী কর্ণে অমৃত সিঞ্চিয়ে।

(१) ক্লোড়পত্ৰ দেখ।

( 300)

একদা বদিয়া তব জীচরণ-তলে,
কুতৃহলে কুড়াইয়া হৃদয়-অঞ্চলে,
রাথিকু যে জ্ঞান-ধন, হ'য়ে অতি স্যতন,
প্রমাদের ছিদ্র দিয়া গেল ক্রমে ক্রমে,
নাহি পাই নিদর্শন তা'র এজন্মে।

## ( ১০৬ )

দেব-লোক হ'তে আদি' গেলে দেব-লোকে,
ভাগ্যহীন শিশ্যগণে ফেলে' রেখে' শোকে;
হেন গুরু হ'য়ে হারা, যা'রা কেঁদে' হয় সারা,
এ ধরায় কি রাখিলে তাহাদের তরে?
সদয়-হৃদয় গুরো! বল দ্যা করে'।

#### ( 309 )

অধুনা ত্রিদিবাবাদে দেবগণ-পাশে,
তোমার স্বর্গীয় মূর্ত্তি গৌরবে বিকাশে;
ভেদি' ভব-কুহেলিকা, জীবনের প্রহেলিকা
সাঙ্গ করি' লভিয়াছ বৈজয়ন্ত-ধাম,
ভক্তি-ভরে করি গুরো! চরণে প্রণাম।

#### ( 302 )

কুশাগ্রীয়-মতি দেব গুরো তারানাথ!(৮)
শব্দ-শাস্ত্র তোমা বিনা আজি হে! অনাথ;
'বাচস্পত্য-অভিধান' করিতেছে সপ্রমাণ তোমার অশেষ শাস্ত্রে প্রগাঢ় দর্শন, অমাসুষী সহিষ্ণুতা, অদ্ভুত স্মরণ।
(১০৯)

> শব্দের প্রয়োগ ল'য়ে শিশু সমুদয় যে সময় হ'ত গুরো! সন্দিশ্ধ-হাদয়;

সে শব্দ কাহার' মনে হ'তেছে না, হেন ক্ষ্য আচস্থিতে সমুদিত হ'ত কোথা হ'তে,

আচাষতে সন্মানত ২ ত কোবা ২ তে, ছে দেব ! সবার আগে তব স্মৃতি-পথে।

( >> )

অস্থ্যক্তি গুণের যাঁ'র ভূতার্থ-ব্যাহ্নতি, তাঁ'র স্তুতি করে হেন আছে কোন্ কৃতী? তব হৃদি শৃত্য করে' হতবিধি নিল <sup>হরে'</sup> গুণনিধি হেন স্লতে, হেরিয়া নয়নে,

জননি ! পরাণ ধরে' রহে'ছ কেমনে ?

<sup>(</sup>৮) ক্রোড়পত্র দে**ধ।** 

#### ( >>> )

জননীর শ্রীচরণে যেন মতি রাখি'
হেগুরো! শমনে অন্তে দিতে পারি ফাঁকি;
এ আশিষ কর মোরে, সংসার-আবর্ত্ত-ঘোরে
তুফানের মাঝে নাহি ছাড়ি' ধৈর্য্য-হালু,
লক্ষ্য স্থির রাখি যেন আছি যত কাল।

# ( >>< )

আজীবন বিপ্রোচিত অধ্যাপন-ব্রত সাধিয়া মনের মত গুরো ! অবিরত, গাপন স্কুক্ত-বলে অনায়াসে গেলে চলে' জ্যোতির্ময় দিব্যধামে ভব পরিহরি,' সাক্টাঙ্গ প্রণাম তব শ্রীচরণে করি।

# ( >>> )

পাঠশালে! তোমারে মা! শোকের সাগরে
কেলে' তাঁ'রা গিয়াছেন অমর-নগরে;
গলস্কার, দরশন, স্মৃতি আর ব্যাকরণ,
এই চারি শাস্ত্রে চারি স্তম্ভের মতন,
জননি! ছিলেন যাঁ'রা তব আলম্বন।

( >>8 )

পাঠশালে! সে শোকে কি হ'লে এিয়মাণ ং অথবা হৃদয় তব কঠিন পাষাণ ;

জননি গো! তা'না হ'লে, কাল-সাগরের জনে গেল চলে' চির্ভরে সে স্থাথের দিন,

অথচ কেমনে আছ হ'য়ে ভাগ্যহীন ?

( >>@ )

যাবৎ দারকানাথ ! (৯) থাকিব জীবিত,

হে গুরো! তোমার গুণ হ'বনা বিস্মৃত ; কি তব কর্ত্তব্য-জ্ঞান! কিবা তব শিক্ষা-দান!

তব 'দোম-প্রকাশের' রচনার কাছে,

বঙ্গভাষা বিধিমতে ঋণ-বন্ধ আছে।

( >> )

হে চন্দ্রমোহন(১০) গুরো! কি তব ধীষণা!

তব সনে সম্ভবে না কাহার' তুলনা ;

যথা ব্যাকরণ-শাস্ত্রে সেইরূপ স্মৃতি-শাস্ত্রে

পরম আশ্চর্য্য তব ছিল অধিকার,
হৈন গুরু ভবিয়তে মিলিবে না আর i

(৯), (১০) ক্রোড়পত্র দেখ।

( 229 )

হেরাম গোবিন্দ (১১) গুরো গোস্বামি-রতন ! না হেরি পুরাণ-বেত্তা তোমার মতন; শ্যুগণে ইহলোকে, অক্লেশে ফেলিয়া শোকে অমর-সদনে গেলে বলগো কেমনে ? অভাজন শিষ্য তব প্রণমে চরণে। ( >>> )

ঞ্জিরো গিরিশচন্দ্র! (১২) কেবা এ সংসারে ভবাদৃশ উপাধ্যায়ে পাশরিতে পারে ? আদি শিক্ষা এ হৃদয়ে াবে পশি বিভালয়ে, তুমিই দিয়াছ গুরো! আছে হে স্মরণ, ভক্তিভারে করি তব চরণ-বন্দন। ( 555 )

এ ভবে তুমিই ধন্য বিতার রতন ! मकल जनम जर मकल जीवन:

ই ক্লেণাৰ্জিত ধনে অক্লেণে অনাথাগণে মুক্তহন্তে বিতরিয়া করে'ছ শার্থক, ঈশে যাচি দেহ তব নিরাময় হ'ক।

<sup>· (</sup>১১) (১২) ক্রোড়পত্র দেখ।

( >50.)

জীগুরো মহেশচন্দ্র (১৩) মনীধি-রতন !

তব সম বুদ্ধিজীবী না হেরি এখন ;

কেমনে উন্নতি-পথে উঠা যায় এ জগতে, রথা দিলে হেন্দীশিকা নিজ নিদর্শনে,

তোমার এ মূঢ়মতি শিয়্য-অভাজনে।

( >>> )

শেমুধী সর্বতোমুখী হে গুরো ! তোমার, সকল শাস্ত্রেই তব তুল্য অধিকার ;

অলঙ্কার, দরশন, তুই শান্তে দরশন

তুল্যরূপ তব সম কা'র এ ভুবনে ? টোলের পরীক্ষা-সৃষ্টি তোমারি যতনে।

( >>> )

করে'ছি চাপল্য-বশে পদে কত দোষ,

বন্দি শ্রীচরণ গুরো! না করিও রোষ;

সমূদয় অপরাধ ক্ষমি' কর আশীর্কাদ বেচা কেনা সায় করি' উবের বাজারে,

যেন পারে পারি যে'তে শান্তি সহকারে।

(১৩) ক্রোড়পত দেখ।

#### ( 320 )

কাজে অবসর ল'য়া দারুণ এমন,
হেন বোধ নাহি ছিল আগে কদাচন;
গুরুগণ! একে একে শিযুগণে ফেলে' রেখে'
যখনি করিতে তাই বিদায়-গ্রহণ,
হেরিতাম তোমা' সবে সজল-নয়ন।

( >> 8 )

কত শত ক্ষণজন্মা সন্তান তোমার গেল চলি' স্থর-ধামে সন্থ্যা নাই তা'র ;

সে সব তনয়-ধনে হারা হ'য়ে মনে মনে চিন্তা-বশে হইয়াছ অস্থি-চর্ম-সার, হে সংস্কৃত-পাঠশালে। জননি আমার।

( >> ( )

জননি ! তোমার প্রতি বিধি হ'ল বাম,
কোপা নিমচাঁদ আজি কোপা নাথুরাম ;
যোগধ্যান, কাশীনাথ, শস্তুচন্দ্র, হরনাথ,
কবিতাবতার জয়-গোপালের সনে,
একে একে হারাইলে নিথিল রতনে ?
\*\*

<sup>\* (</sup>১৪) **হইতে (২**•) পর্যাম্ভ ক্রোড়পত্র দেখ।

# ( ১২৬ )

কোথা রামদাস! কোথা সৌম্য রামময়!
কোথা শ্রীশচন্দ্র! তারা-শঙ্কর তনয়!
প্রাণকৃষ্ণ, প্রিয়নাথ, মাধব ও যত্নাথ,
রামগতি, রুদ্রমণি, মদনমোহন,
কোথায় বা স্থরসিক রামনারায়ণ!

( >29 )

হারামকমল(৩৩) দেব! কেনগো অকালে,
অমূল্য জীবন ধন হেলায় হারা'লে ?
তব মুধপানে চে'য়ে সব শোক পাশরিয়ে,
হ'য়েছিল জননীর যে আশা অন্তরে,
দে আশা মগন হ'ল নিরাশা-দাগরে।
(১২৮)

কি করিতে কি করিত্র আজি মৃত্মতি,
না জানি চরমে মম কি হবে তুর্গতি;
না ভাবিয়া পরিণাম.
পুণ্যাত্ম-গণের নাম,

পাপ-মুথে করিলাম কেন উচ্চারণ ? নিশ্চিত তাঁ'দের হ'বে পাপ-পরশন।

(২১) **হইতে (৩**২) ক্রোড়পত্র দেখ। (৩৩) ক্রোড়পত্র দেখ

( >>> )

ক্বতাঞ্জলি হ'য়ে তাই যাচিগো ! সকলে, মার্জনা করিবে ক্রটি বোধহীন বলে'; শোকের আবেগ-ভরে, পাপ-মুখে নাম ধরে', সঞ্চিত করিমু আজি যে পাতক-রাশি, তা' হ'তে নিস্তার কর করুণা প্রকাশি'।

( >00 )

শান্তি-ভঙ্গ করিয়াছি ধরি' যাই নাম,
দেবগণ ! করি তাই সাফ্টাঙ্গ প্রণাম ;
ক্ষমি' মম অপরাধ, কর হেন আশীর্কাদ,
জননীর শ্রীচরণে যেন মতি রাখি',
ভব-পারে যাই দিয়া শমনেরে ফাঁকি।
(১৩১)

আত্মারামগণ ! এবে না হইয়া বাম,
শান্তি-ধামে কর স্থথে অধুনা বিশ্রাম ;
এ আশিষ ছাত্রগণে করি' স্থপ্রসন্ধ-মনে
তোমাদের পাদ-পদ্মে যেন দৃষ্টি রেখে',
গৌরব-শিথরে সবে ওঠে একে একে।



# ছাত্রগণের প্রতি।

( )

বিদায় লইয়া এবে যে'তে হ'বে চলে',
তাই হেন ইচ্ছা হয় যাই কিছু বলে';
প্রিয়তম ছাত্রগণ!
কনিষ্ঠ-সোদর-বোধে দিই উপদেশ,
জীবনে ভুলনা কভু এ মম নিদেশ।

( 2 )

বর্ণিতে প্রকৃত তত্ত্ব বিফল-প্রয়াস

হইলেও তোমাদের দিয়াছি আভাস<sup>\*</sup>;
অতএব সবে জেন<sup>2</sup> রত্ন-প্রসবিনী হেন জননী সবার ভাগ্যে কদাপি না ঘটে, এ কথা অস্কিত রাখি<sup>2</sup> হৃদয়ের পটে,—

#### (0)

জননীর মুখ যাহে না হয় মলিন,
হুদি-মাঝে হেন চিন্তা ধরি' অফুদিন,
সদা হ'য়ে স্যত্তন উপার্জিয়া জ্ঞান-ধন
ভায়-পথে বিচরিবে হ'য়ে সাবধান,
চরিত্র-বিহান জ্ঞানী পশুর স্মান।

# (8)

পূর্ব্ব পূর্ব্ব মহাত্মার পদ-চিহ্ন ধরে',
চলিবে জীবন-পথে নির্ভীক-অন্তরে;
সঙ্কল্ল-সাধন কিবা দেহের পাতন কিবা,
করম-ভূমিতে যা'র এ প্রতিজ্ঞা জাগে,
বিদ্ন বাধা কিছু নাহি লাগে তা'র আগে।
( ৫ )

পৃষ্ঠ-ভঙ্গ নাহি দিয়া সক্ষম-নাধনে,

সংসার-সমরাঙ্গণে যুঝ প্রাণ-পণে;

বাক্ প্রাণ থাক্ মান',— দিবানিশি হেন জ্ঞান
হৃদয়-মন্দির-মাঝে প্রতিষ্ঠিত করে',
পরম-সাহস-ভরে কীর্ত্তিধকা ধরে',—

( .9 )

মনস্বী অগ্রজগণ যে পথে চলিয়া,
হ'য়েছেন বরণীয় স্বদেশ জুড়িয়া;
সেই পথে দৃষ্টি রেখে' চল সবে একে একে,
তোমরাও কীর্ত্তি-দেহে র'বে বর্ত্তমান,
কীর্ত্তিই ছুর্লভ ভবে থাকে যেন জ্ঞান।

(9)

তোমরাও আমা' মত দরিদ্র-সন্তান,
সে নাম ঘুচা'তে সবে হও যত্মবান্;
অবহেলি' তুচ্ছ ধনে প্রাণ-পণে এক মনে
পরিশ্রম করি' হও বিল্লা-ধনবান্,
ভূপালও তোমাদের না হ'বে সমান।

( ৮ )

সকল গুণের হয় বিনয় ভূষণ,
তাই বলি হও সবে বিনয়ী স্কুজন;
তরু থাকে অবিরত ফল-ভরে অবনত,
তোমাদেরি কালিদাস বলেন এ কথা,
করিওনা এ কথার কদাপি অন্তথা।

( > )

তনয়ের শিক্ষা-দান কর্ত্তব্য পিতার,
যাঁহার উপরে থাকে হেন কার্য্য-ভার,
পিতার স্থানীয় তিনি, মনে মনে ইহা মানি'
আচরিবে এইরূপে হ'য়ে সাবধান,
যাহাতে অকুণ্ণ থাকে শিক্ষকের মান।

( >0 )

গুরুজনে সেবা-ভক্তি উচিত যেমতি,
নিক্ষেটর প্রতি স্নেহ বিধেয় তেমতি;
কে না সাধু ব্যবহারে বশ হয় এ সংসারে ?
তাই বলি হও সবে স্নেহার্ড-ছদয়,
তা' হ'লে হ'বেনা কেহ বৈরী বিশ্বময়।

( >> )

বাল্য-সহচর সম কভু ভবিষ্যতে,
পা'বে না প্রাণের বন্ধু আর এ জগতে;

ফুচরিত মিত্র বিনা কা'র' সনে মিশিও না,
শিশুদের শুণ-দোষ করয়ে নির্ভর,
প্রধানত ভাল মন্দ সঙ্গীর উপর।

#### ( >2 )

কিবা সথ্য কিবা বৈর তুর্জনের সনে,
দেখিও কর' না যেন ভুলেও স্বপনে;
অসাধু জনের ঠাই কিছুতে নিঙ্কৃতি নাই,
অঙ্গার দৃষ্টান্ত তা'র, যাহা শীততায়
করে কৃষ্ণ করে, দগ্ধ করে উষ্ণতায়।

( >0 )

কটু কথা বলে' ব্যথা কাহার' অন্তরে দিও না, জগতে আদি' ছু'দিনের তরে ; যে জন আত্মীয়ে পরে সাধু আচরণ করে, হেন স্থত স্থবিরল সংসার-ভিতরে, অসাধু কতই জন্মে জননী-জঠরে।

( \$8 )

আত্ম-পরে ভেদ ভূলি' কর বার মাস
নির্বিশেষে সর্বজীবে করুণা-প্রকাশ ;
দয়া সম গুণ নাই,
তাহার প্রমাণ হের বিশ্ব-বিধাতার
বিবাজে নিথিল জীবে করুণা অপার।

#### ( 30 )

করিবে নিঃস্বার্থ-ভাবে পর-উপকার,
অসার সংসারে ইহা সর্ব্ব-ধর্ম-সার ;
কেবল যে উপকৃত হ'য়ে থাকে প্রমুদিত
ইহা নহে, কিন্তু সদা উপকারী জন হয় সমধিকতর সন্তোধ-ভাজন।

# ( 36 )

অতি নীচাশয় দেই কৃত উপকার
অকপট-চিত্তে যেই না করে স্বীকার ;
কৃতজ্ঞ স্থজন যাঁ'রা তাঁ'রা কিন্তু হ'ন সারা
কেবল অনভ্য-মনে ভেবে' নিশিদিন,
কিসে উপকারকের শুধিবেন ঋণ।

# ( 29 )

সত্যই পরম ব্রহ্ম, সত্যের উপর
নির্ভর করিয়া বিশ্ব চলে নিরস্তর;

সত্তব অফুক্ষণ উপার্জিবে সত্য-ধন,
মিথ্যার আশ্রয় করি' কছু এ জগতে,
কোন লোক পারে নাই লাভবান হ'তে।

# ( 24 )

ঈশ্বরের কাছে যদি নিজে ক্ষমা চাও. তা'হ'লে দোষীর প্রতি তিতিক্ষা দেখাও; ক্ষমা না করিয়া পরে. তুমি বা সাহস করে' - কোন্ মুখে তাঁ'র কাছে মাগিবে মাৰ্জ্জনা, সে প্রার্থনা হ'বে মাত্র রুথা বিড়ম্বনা।

( >> )

জীবনে কদাপি ভ্রম না হয় যাহার, এরপ সৌভাগ্যবান লোক মেলা ভার; এমন কি মুনিগণ মাঝে মাঝে জান্ত হন, এ ভেবে' প্রস্তুত র'বে করিবারে ক্ষমা. তিতিক্ষা গুণের নাহি সম্ভবে উপমা।

( 20 )

ক্ষমা-গুণ তেজস্বীর যেমতি ভূষণ, সেইরূপ তপস্বীর পরম সাধন: ঐশ্ববিক গুণ কমা এ জগতে অনুপমা. क्रमग्र-मन्मित्र (यन शांक ध शांत्रणा, ক্ষমা বিনা কাৰ্য্য-সিদ্ধি অসাধ্য-সাধনা।

#### ( <> )

কুশলে থাকিতে সদা থাকে যদি মন,
করিবে সরল-ভাবে সবে আচরণ;

য়ুঠ অভিসন্ধি করে' যে মূঢ় অন্সের তরে
না বুঝিয়া ধূর্ত্তার ফাঁদ কভু পাতে, আপনি জড়িত হ'য়ে পড়ে গিয়া তা'তে।

# ( २२ )

অলসতা সমুদয় দোষের আকর,
আলস্থের পরিহার করিবে সত্বর ;
থ মানব এ জগতে চায় পূর্ণকাম হ'তে,
তাহার উচিত করা সবিশেষ শ্রম,
শ্রম বিনা সিদ্ধি-লাভ আশা করা ভ্রম।

#### ( २७ )

সমূদায় কাজে যা'র হুদে জেদ থাকে, কে পারে উন্নতি-পথে বাধা দিতে তা'কে ? বি বীর এ ভব-হাটে, কিছুতেই নাহি হুটে' জীবন সঙ্গ্রাম হ'তে বিমুখ না হয়, জয়-লক্ষ্মী তাহারেই করয়ে আঞায়।

( 28 )

কাপুরুষগণ করে দৈবের উপর
সাংসারিক সব কাজে সদাই নির্ভর;
মানব-সমাজ-মাঝে পৌরুষ ব্যতীত কাজে,
পূর্ণ-মনোরথ হ'য়া একাস্ত কঠিন,
তা'দের বিমৃঢ় চিত্ত এ জ্ঞান-বিহীন।

( २৫ ) .

লভিতে বিমল শাস্তি চাও যদি মনে,
কামাদি তুর্জয় রিপু রাখিবে শাসনে;
বিনা ইন্দ্রিয়ের জয়
লাভ করা এ সংসারে বড়ই কঠিন,

लाভ कर्ता ध मरमादत वर्ड़र काठन, ब्रांबिटव ध छेअएमम ऋएम हित्रमिन।

( २७ )

ভোগ-তৃষা একবারে করিবে বর্জ্জন, বাসনা-অনলে দগ্ধ মানব-জীবন;

অসুদিন নব নব

হাদয়-বিপিন-মাঝে হয় কত শত

হুদয়-বিপিন-মাঝে হয় কত শত, তাহাতে প্রঞ্জয়-দান না হয় সঙ্গত।

# ( २१ )

এরূপ অকার্য্য কিছু নাই এ সংসারে,
ক্রোধান্ধ মানব যাহা করিতে না পারে;
যে হয় কোপের বশ না মানে সে অপযশ,
নর-হত্যা তা'র কাছে অতীব স্থকর,
সে জন নাহিক গণে কভু আত্ম-পর।

#### ( ২৮ )

যে থাকে সৌভাগ্যে মেতে'গরবের ভরে,
মনের সহিত তা'রে কে না মুণা করে ?
আনন্দ-বিষাদে ভরা এ স্থন্দর বস্তন্ধরা
পরীক্ষার স্থান, নহে গরবের স্থান,
যেথা কা'র' চিরদিন না যায় সমান।

# ( 答 )

প্রকৃত মহান্ যাঁ'রা তাঁহাদের মন,

অবস্থার দাস নাহি হয় কদাচন;

অবস্থার কাহ তাঁ'রা নাহি হ'ন আত্ম-হারা,

উদয়ান্তে তুল্যরূপ লোহিত-বরণ,

সর্বোপরি দিনকর তা'র নিদর্শন।

# ( 00 )

পরিবর্ত্তময় এই অস্থির জগৎ,
সকলি কালের বশ ক্ষুদ্র কি মহৎ;
সমভাবে বিশ্বময় কিবা চিরদিন রয়?
মনোমধ্যে ইহা ভাবি' কভু জ্ঞানী জন,
কি সম্পদে কি বিপদে অধীর না হ'ন।

( 0)

লোভ ছেড়ে' পান কর সন্তোধ-অমৃত, সকল দশায় হ'বে তা' হ'লে স্থবিত ; বিধাতা দেবেন যাহা স্থাপে র'বে ল'য়ে তাহা, লোভ-বশে বিশ্বময় কর'না ভ্রমণ, লোভে পাপ পাপে মৃত্যু শাস্ত্রের বচন।

( ७२ )

লুক্ক হ'য়ে করে যেই পরস্ব-হরণ,
কে তা'রে ঘৃণার চক্ষে না করে দর্শন ;
হেন জন কে বা আছে, তক্ষর আসিলে কাছে,
দূর দূর করে' যেই না তা'রে তাড়ায় ?
বিশ্ব জুড়ে' ঠাই নাই যেথা সে জুড়ায়।

#### ( 00 )

পর-শ্রী-কাতর কভু হ'ও না জীবনে,

যাচিবে বিশ্বের হিত সদা এক মনে ;

পরানিষ্ট যেই জন চিস্তা করে অমুক্ষণ,

তাহারি কপালে হয় অনিষ্ট-ঘটন,

সাধনা যেমন, হয় সিদ্ধিও তেমন।

#### ( 98 )

বাহাতে বিপৎপাত নাহি হ'তে পায়, অবহিত-চিত্তে হেন করিবে উপায় ; বিপদ্ ঘটে'ছে দেখে' সে সময়ে ধৈর্য্য রেখে' প্রতীকার চিন্তা করা উচিত সবার, বিপদ্-সাগরে ধৈর্য্য এক কর্ণধার।

# ( 00 )

মনে মনে না বিচারি' কভু কালাকাল,
'ধর্মার্চ্জনে স্বতন হ'বে সদাকাল;
নত্বা ঠকিবে শেষে, যথন ধরিবে কেশে
ছরম্ভ কৃতান্ত, যা'র নাই কালাকাল,
শিরুরে দাঁড়া'য়ে যেই আছে হামেহাল।

#### ( ৩৬ )

মানবের ধর্ম্ম-সম বন্ধু নাই আর,
দেহান্তে যে করে' দেয় ভব-নদী-পার;
যথন ছাড়িবে দেহ, সঙ্গে নাহি যা'বে কেহ,
আত্ম-জন হায় হায় ত্ল'দিন করিয়া,
চিরদিন তরে শেষে যাইবে ভুলিয়া।

# ( ৩৭ )

অতএব এই বেলা ধর্মরূপ ধন
অনলস হ'য়ে সদা করিবে অর্জন;
চির-অমুগামী হেন মিত্র আর নাই জেন'
অসহায় মানবের অনিত্য সংসারে,
ধর্মই কাগুারী এক ভব-নদী-পারে।

# ( ৩৮ )

আহার-নিদ্রার বশ হয় পশুগণ,
তাহে তৃপ্ত নাহি হয় মানুষের মন;
নর-হৃদে ধর্মা-জ্ঞান- লাভাগ্রহ বলবান,
ধর্মার্জন-কুধা আর জ্ঞানের পিপাসা,
না মিটিলে মানবের র্থা স্থ-আশা।

( %)

ভারতের রাজ-ভক্তি ভুবন-বিদিত, যেথা দেব-বোধে হয় নৃপতি পূজিত ; অরাজক জনপদে দোষ ঘটে পদে পদে, তুফের দমন বিনা শিষ্টের পালন অসম্ভব, সদা ইহা করিবে স্মরণ।

(80)

ছাত্রগণ। সমাজের দৃষ্টি নিরন্তর রহিয়াছে তোমাদের সবার উপর; সদা ইহা মনে রেখে' কভু না আলস্থে থেকে' অহার্য্য অনর্ঘ আর অক্ষয় রতন বিস্তা-ধন উপার্জিবে হ'য়ে স্যতন।

(83)

জননী জনম-ভূমি আত্মীয় স্বজনে,

সদাই করেন হেন আশা মনে মনে;

ক্রমে বয়োর্দ্ধি সনে

জ্ঞান-রত্ম লভি' আর হ'য়ে গুণবান্,

করিবে মোদের স্বথী যুবক সন্তান।

#### ( 82 )

দেখিও সে আশা যেন হয় হে সফল,
সন্তান-কামনা যেন না হয় বিফল ;
সে স্থতে কি প্রয়োজন ? যা'রে লভি' আত্ম-জন
্সমাজে দেখা'তে মুখ সদা লজ্জা পায়,
সর্বাংশে প্রশস্ত তা'র না আসা ধরায়।

(89)

তূথের কাহিনী মম করি সমাপন,
শেষ কথা বলে' এবে প্রিয় ছাত্রগণ!
তোমরা আমার তরে র্থা তুখ নাহি করে'
মম উপদেশ মত কর' আচরণ,
তাহাই ভাবিব গুরু-ভক্তির লক্ষণ।

( 88 )

গরলে অমৃত করে অমৃতে গরল,
ইচ্ছাময় বিনা হেন আছে কা'র বল ?
পরম-মঙ্গলালয় ঈশ্বরের রাজ্যময়
নিথিল প্রজার যাছে ঘটিবে কল্যাণ,
সর্বত্র বিরাজে হেন শুখলা-বিধান।

(80)

হয় ত অজ্ঞান নর ইফ যা'রে গণে, অহিত তা' জ্ঞানময় বিভুর নয়নে; তাই অস্তে হুখ-কর আপোতত মনোহর এমন বস্তুর তরে চিন্তাশীল নর, প্রাকৃত জনের মত না হন কাতর।

(8%)

বাৰ্দ্ধকে উচিত হয় করম-বন্ধন
ক্রমশ ছেদন করি' স্থপথ-চিন্তন;
তাই আর্য্য ঋষিগণ হ'য়ে অতি স্যতন
চরমে বিধান দেন অরণ্য-গমন,
বিদায়-গ্রহণ নহে ছুখের কারণ।

(89)

শান্তি-মার্গে স্পৃহাবতী যে জনার মতি,
পংদার-বিরতি তা'র আবশ্যক অতি ;

শাংদারিক ভালবাদা না গেলে শান্তির আশা
কদাপি উপায়ান্তরে দস্তব না হয়,
সে উপায় চিন্তিবার জরাই দময়।

( 81- )

পরিবর্ত্তময় এই অনিত্য জগৎ,
কিছু স্থির নহে হেপা ক্ষুদ্র কি মহৎ ;
হেথা ছ্রাদ রৃদ্ধি নাশ বিশ্ব জুড়ে' বার মাদ
পল অণুপলে ঘটে বিধির বিধানে,
চির দিন কা'র' ভাগ্যে না যায় সমানে।

( 8% )

অত এব না হইয়া ক্ষুণ্ণ মনে মনে,
আপন কর্ত্তব্য সবে সাধিবে যতনে;
পরম-মঙ্গল-সেতু এ নহে হুণের হেতু,
এ ভেবে' চলিমু গৃহে বিশদ-অন্তরে,
প্রাণের সহিত সবে আশীর্বাদ করে'।





# উপদংহার

( )

শ্রীযুত অধ্যক্ষ আর শিক্ষক-নিচয়!
নিবেদি সবার কাছে হ'য়ে সবিনয়;
বিদি কোন' আচরণে কোন' দিন কা'র' মনে
উৎপাদন করে' থাকি বিরাগ-কারণ,
এক্ষণে যেন তা' কা'র' না থাকে স্মরণ।

( \ \

একমত হ'য়ে সবে প্রশংসে যাহারে,

•হেন লোক স্থবিরল নিখিল সংসারে;

একবারে দোষ-হীন লোক মেলা স্থকঠিন,

মাদৃশ ন-গণ্য ছার অতি মৃঢ়-মতি,

নির্দোষ যে হ'বে ইহা অসম্ভব অতি।

(0)

তাই এ সবার কাছে মিনতি-বচন, যেন না দীনের ক্রটি করেন গ্রহণ;

যেন না দীনের ক্রাট করেন গ্রহণ;
হৈরিলে অন্যের দোষ, স্থজন না করি' রোষ,

নিজ উদারতা-গুণে ক্ষমেন তাহারে.

চির দিন হেন রীতি চলিছে সংসারে।

(8)

উদ্দেশে প্রণমি অগ্রে শ্রীগুরু-চরণে,

সমাদর-পুরঃসর ডাকি বন্ধুগণে;

এস সব ভাতৃগণ! প্রাণভরে' আলিঙ্গন

করিয়া অধুনা করি বিদায়-গ্রহণ, মনে রেখ' এ দীনের এই নিবেদন।

**a** )

বহু কাল এক সঙ্গে ছিলাম যথন,

কত দোষ করিয়াছি করিবে মার্জন ;

কোন' দিন এ জীবনে, হয়ত কাছার' দনে

হ'তে পারে দেখা, কিংবা জনম-মতন, বন্ধুগণ! আজি এই শেষ দরশন।

37 Calledon

শিবমন্ত্র।



# ক্রোড়পত্র।

- (১) বাল্য-বন্ধগণের মধ্যে পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত বাবু শিবনাথ ারী এম্ এ. প্রীযুক্ত বাবু গোলাপচক্র শাস্ত্রী এম্. এ. প্রীযুক্ত ার ক্ষীরোদচক্র সিংহ এম্. এ. প্রীযুক্ত বাবু ভারাকুমার বিরত্ন, প্রীযুক্ত বাবু ব্রজনাথ দে, প্রীযুক্ত বাবু অনাথ নাথ াব, প্রভৃতি কতিপন্ন মহাস্থা অদ্য পর্যন্ত বর্ত্তমান আছেন।
- (3) "So far as the etymological investigations of Sanskrit have hitherto afforded satisfactory sults, it may certainly be considered as the parent took of all the known languages."—Mr. Hammer.

"The world does not now contain annals of nore indisputable antiquity than those delivered own by the ancient Brahmans."—Mr. Halhed.

(৩) ১৮২০ খৃঃ অব্দের ২৬এ সেপ্টেম্বর বীরসিংহ গ্রামে হোয়া ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম হর। ১৮২৯ খৃঃ অব্দে ইনি

শৃষ্ট কলেজে ভর্ত্তি হন। ১৮২৬ খৃঃ অব্দে ইনি দার-পরিগ্রহ

ইরেন। ১৮৪১ খৃঃ অব্দে সংস্কৃত কলেজের পাঠ শেব করিয়া

দেটি উইলিরম কলেজে প্রধান পণ্ডিতের পদে নিযুক্ত হন।

১৮৪৬ খৃ: অব্দে বেতালপঞ্বিংশতি মুদ্রিত করেন, এবং ঠ অব্দেই সংস্কৃত কলেজের সহকারী সম্পাদকের পদ প্রাপ্ত হন। ১৮৪৯ খৃঃ অবেদ ইনি ফোর্ট উইলিয়ম কলেজের প্রধান কেরাণ্ট পদে নিযুক্ত হন। এই সময়ে জীবন-চরিত ও বোধোদয় গ্রহ প্রকাশিত হয়। ১৮৫০ খঃ অমে ইনি সংস্কৃত কলেছে অধ্যাপক নিযুক্ত হন, এবং ১৮৫১ খৃঃ অন্দে অধ্যক্ষের পদ প্রাপ্ত হন। এই সময়ে উপক্রমণিকা ও কৌমুদীর প্রথম ভাগ এয় এক বৎসর পরে কৌমুদীর ২য়, ৩য় ভাগ প্রকাশিত হয়। ১৮৫8 थुः अदम वाकाला मकुखना त्नात्थन, धवः विधवा-विवाहत প্রথম পুত্তক প্রচার করেন। ১৮৫৫ খু: অবেদ ২য় ভাগ প্রকাশিত হয়। ১৮৫৬ খৃঃ অন্দে গবর্ণমেণ্ট ইহাঁর প্রার্থনারুদারে বিশ্বা-বিবাহ-বিষয়ক ১৫ আইন প্রবর্ত্তিত করেন। ১৮৫৬ খ অন্দে শ্রীশচক্র বিদ্যারত্ব প্রথম বিধবা-বিবাহ করেন। ১৮৫৫ খৃঃ जर्ल हैनि इंगली, वर्कमान, स्मिनीशूत এवः नहीश (क्ला ইনম্পেক্টরের পদ প্রাপ্ত হন। ইহার পর বর্ণপরিচয় ১ম १ ২য় ভাগ, কথামালা এবং চরিতাবলী প্রচারিত হয়। ১৮৫৭ 🕫 **ष्ट्रारक होने क**निकाला विश्व-विद्याग्यस्त्र महामा नियुक्त हन वर তংপরবংসর গবর্ণমেন্টের কর্ম ত্যাগ করেন। ইহার প কৌমুদীর ৪র্থ ভাগ ও সীতার বনবাস মুদ্রিত করেন ১৮৬০ খু: অব্দে আখ্যানমঞ্জরী ১ম ভাগ ও হুই তিন বংগ পরে হর ভাগ প্রচারিত হর। ১৮৬৮ খৃ: অবেদ মেঘদ্রে টীকা মুদ্রিত করেন। ইহার পর ভ্রান্তিবিলাস, সটীক উত্তরচরি<sup>ত্</sup> ও শকুস্তনা প্রকাশিত হয়। ১৮৭১ গৃঃ অবেদ কুলীন-ক্লাদিলে

ছাবে ছাখিত হইরা বছবিবাহ নামক গ্রন্থ প্রচার করেন।
আনেক পণ্ডিত ইহার বিরুদ্ধে দেখনী ধারণ করার ইনি তাঁহাদের
মত খণ্ডনার্থ ইহার ২য় ভাগ প্রচার করিতে নাগ্য হন। ইনি
নিজ গ্রামে একটা বিদ্যালয় ও দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা
করিয়াছেন। কিন্ত ইহার প্রধান কীর্ত্তি ৩টা শাধার সহিত
মেট্রোপলিটন বিদ্যালয়। ১৮৯১ খৃ: অব্দের ২৮এ জুনুই ইনি
ক্রিকাতা মহানগরীতে মানব-লীলা সংবরণ করেন।

দর্প, বীর্য্য, গাস্তীর্য্য, বিনয়, ভক্তি, স্নেহ, দয়া, নির্জীকতা, মনমা উৎসাহ, অবিচলিত অধাবসায়, আধীন-চিত্ততা প্রভৃতি মহাপুরুবের যে কিছু লক্ষণ, সে সকলই ইহাঁতে ছিল। এ দেশে মাধান-কুদ্ধ-বনিতা দয়ার সাগর বিদ্যাসাগরের বিষয় অবগত মাছেন। অবিতীয়গামী বিদ্যাসাগর এই উপাধিই অনাম-খ্যাত এই মহান্মার পর্যাপ্তি পরিচায়ক।

(৪) হগলি জেলার অন্তঃপাতী খানাকুল ক্ষণনারের সরিহিত রাধানগর নামক গ্রামে ১৮২৫ খৃঃ অব্দে মহাত্মা প্রসরকুমার নন্ধাধিকারীর জন্ম হয়। ১৪শ বংসর বয়ঃক্রম কালে ইনি বিভাধ্যরনার্থ কলিকাতা হিল্কুকলেজে প্রবিষ্ট হন। কি সাহিত্য, কি গণিত, কি পদার্থ বিষ্ণা, কি প্রার্ত্ত, সর্ব্ব শাস্ত্রেই ইহার গারিলার যশবী হন। ইনি লাইবেরি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াতিশয় যশবী হন। ইহার পারসী ভাষায় জ্ঞান ছিল। ইনি শিয় বন্ধ ঈশরচক্র বিভাসাগ্রের নিকট সংস্কৃত ভাষা শিক্ষা করিয়াছিলেন। সর্ব্ব প্রথম পাটীগণিত প্রণয়ন করাতে ইহাকে গণিত-শাস্ত্রের পারিভাষিক শক্ষ উদ্ভাষন করিতে হইয়াছিল।

देनि निक वाद्य चुधारम विष्ठांतम दाशन कदत्रन, ध्वर क निःश्व वानरकत (वजन निष इहेटज निरजन। हेनि क्यानः ঢাকা-কলেজ, ছিন্দু-কলেজ ও সংস্কৃত-কলেজে শিক্ষকত। করেন। বি. এ. ক্ল্যাস খুলিবার কিছু দিন পূর্বেইনি সংস্কৃত কলেছে? অধ্যক্ষ নিযুক্ত হন। ইনি অতিশয় তেজস্বী লোক ছিলেন। ইহাঁর অসমতে ক্রমে সংস্কৃত কলেজের লাইত্রেরি নিম্নতন্ত্র গুহে নামাইয়া দিবার প্রস্তাব হওয়াতে ইনি পদ পরিত্যাগ করেন। পশ্চাৎ উর্দ্ধতন কর্মচারিগণ আপনাদিগের ভ্রম সদয়স্থ ক্রিয়া ইহাঁকে পুনরায় স্বপদে নিযুক্ত করেন। মহাত্মা এইচ, উড্রো সাহেব ইহার পুন: সংস্থাপন বিষয়ে প্রধান উল্লোগী ছिলেন। किছু पिन वश्त्रमः करलटकत व्यश्यक्ता, हेन्टलाहेत्स কার্য্য এবং প্রেসিডেন্সি-কলেজে ইংরাজী সাহিত্যের অধ্যাপক্ত করিয়া পেন্দন্ গ্রহশানস্তর ১৮৮৭ খু: অকের এই নডেয় প্রলোক গমন করেন। ইনি আমাদের প্রম-ভক্তি-ভাক অধ্যাপক ছিলেন। ইনি বেরূপ দক্ষতার সহিত মহাক্<sup>নি</sup> মিল্টনের 'প্যারা ডাইস্ লষ্ট' নামক পদ্ম কাব্য এবং সেক্ষপির্রে কতিপর নাটক শিক্ষা দিয়াছিলেন. এ জীবনে কদাপি বিশ্ব হটতে পারিব না।

(৫) জেলা বর্দ্ধমানের অন্তর্গত থানা রায়নার দক্ষিণ শাক রাঢ়া (শাক-নাড়া) গ্রামে ১৮০৬ খৃঃ অকে পূজ্যপাদ প্রেমত্র ভর্কবাগীশের জন্ম হয়। সংস্কৃত কলেজের তদানীস্তন অধ্যব উইল্সন্ সাহেব ইহার মন্তক-দর্শনে বৃদ্ধিমান্-বোধে রোগ স্কুচনা করিতে বলার, ইনি এক স্লোকে কলেজের ও তিন রোগ সাহেবের বর্ণনা করেন। ৪ বংসর সমরের মধ্যে ইনি কাব্য, জনরার ও স্থৃতি পড়িয়া ভার-শাত্র পড়িতে আরম্ভ করেন।

১৮০১ খৃঃ অব্দে অবহার শাত্রের অধ্যাপক নাথুরাম শাত্রী ৬ মাদের অবকাশ লইয়া কাশীবাদ করাতে গুণগ্রাহী উইল্সন্ গাহেব গ্রেমচক্রকে প্রতিনিধি-অধ্যাপক নিযুক্ত করেন। পর বংসর নাথুরামের মৃত্যু হওয়াতে ইনি উক্তপদে স্থায়ী-ভাবে নিষক্ত হন। অধ্যাপক হইবার পরেও ইনি সায়ং প্রাতে নিম্চাঁদ শিরোমণি, হরনাথ তর্কভূষণ, শস্কুনাথ বাচম্পতির নিকট আয়, ংতি, বেদাস্ত আদি পড়িতেন। বালাকাল হইতেই ইনি বাঙ্গালা ভাষার উন্নতি-সাধনে যত্নবান ছিলেন। কলেজে প্রবিষ্ট হইবার ২। ০ বংসর মধ্যে ৰঙ্গ-কবি ঈশ্বরচন্দ্র প্রপ্তের সহিত বন্ধুশ্ব **টওয়ার ইনি 'সংবাদ প্রভাকর' সমাচার পত্রের প্রচারে সহায়তা** क्रिट्टन। প्रतिभारम हेनि वाकाला-त्रहनात्र त्वथनी मःयङ ক্রিয়া সংস্কৃত রচনার দিকে দৃষ্টি নিক্ষেপ করেন। ইনি শকুস্তলা, উত্তর-রামচরিত, অনর্ঘ-রাঘব, রাঘব-পাগুবীয়, পূর্ব্ব-নৈষধ, <sup>হাব্যান</sup>র্শ, চাটুপুপাঞ্জলি, মুকুল-মুক্তাবলী, দপ্তশতী প্রভৃতি খনেক গুলি প্রস্থের টীকা করিয়া মুদ্রিত ও প্রচারিত করেন। <sup>হতক</sup>গুলি নৃতন গ্রন্থ ও লিখিতে আরম্ভ করেন, কিন্তু চুর্ভাগ্য-<sup>ক্রনে</sup> সেওঁলি পরিসমাপ্ত হয় নাই। ইনি ১৮৬৪ খৃ: অবেদ পেন্সন্ <sup>नहेड़ा</sup> 8 वरुमत कानीधारम क्लानाञ्चनीलन, रुगांग-माधन, माधुडारवत উদীপন, বিজ্ঞা-বিতরণাদি কার্যো ব্যাপৃত থাকিয়া ১৮৬৭ খৃঃ <sup>মনে</sup> ২৫এ এপ্রেল ওলাউঠা রোগে আক্রান্ত হইয়া মণিকর্ণিকার <sup>মটে পার্থিব দেহ পরিত্যাগ পর্বাক মুক্তিলাভ করেন। প্রেমচক্ত</sup>

বোগ-বেতা ছিলেন এবং কুস্তক করিতে করিতে অনেক সময়ে ভূতল হইতে উর্দ্ধে উঠিতেন। ইনি কীদৃশী কবিদ্ধ-শক্তি লইয় পৃথিবীতে অবতীর্গ হইরাছিলেন ইহাঁর প্রতি কবিতার তাহার পরিচর পাওয়া যার। স্বর্গীর স্থার রাজা রাধাকান্ত দেব, মহাল্বা উইল্সন্, প্রিন্দেপ্ ও শ্রীষ্ঠত কাউএল সাহেব ইহাঁকে যথেই সম্মান ক্রিতেন। অনেক লব্ধ-প্রতিষ্ঠ ব্যক্তি এই মহাপুক্রের ছাত্র ছিল। তন্মধ্যে স্বর্গীর ঈশ্বচন্দ্র বিস্থানাগর, মদনমাহন তর্কালকার, দ্বারকানাথ বিস্থাভ্যণ, রামনারায়ণ তর্করত্ব, মৃত্রায় বিস্থাবাগীশ, রাম কমল ভট্টাচার্য্য, শ্রীষ্ঠক গিরিশচন্দ্র বিস্থারর ও মহামহোপাধ্যার শ্রীষ্ঠক মহেশচন্দ্র স্থাররত্ব সি, আই, ই, সমধিক উল্লেখ-যোগ্য।

(৬) কলিকাতার দক্ষিণ, চিকিশ পরগণার অন্তর্গত ম্রানিপ্র প্রামে ২২১১ সালে পৃদ্ধাপাদ জয়নারায়ণ তর্কপঞ্চাননের জয় হয়। ১৮৪০ খৃঃ অম্বে কলিকাতা সংস্কৃত কলেজে দর্শনশায়ের অধ্যাপক নিমাইটাদ শিরোমণির মৃত্যু হওয়াতে ইনি উক্তপদে নিযুক্ত হন। ১৮৬৯ খৃঃ অম্বে ইনি পেন্সন্ গ্রহণ পূর্বক কালীধামে যাত্রা করেন। ইনি যেয়ন স্কুপ্রদিক দার্শনিক, তেমনি স্কুক্বি ছিলেন। 'ভৈরব পঞ্চাশিকা,' 'চামুগুাশতক', 'তারকেশ্বরস্তব' নামক গ্রন্থে ইহার অসাধারণ কবিত্ব-শক্তির বিলক্ষণ পরিচয় পাওয়া যায়। এডছিয় ইনি 'কণাদ-য়ঝ্র বিবৃত্তি' নামে এক থানি বৈশেষিক দর্শনের টীকা ধ পদার্থ-ভত্তমার' নামক স্থায়গ্রন্থ প্রচারিত করেন। এতরাতীয় ইনি 'পঞ্চদশ দর্শন' ও 'শক্ষর দর্শনের' স্থুল মর্যু বয়

ভাষায় সৃষ্ণতি করিয়া 'স্কাদর্শন সংগ্রহ' নামক পুস্তক প্রচারিত করেন। এই গ্রন্থ এরপ বিশদভাবে লিখিত যে. সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিরাও বঙ্গভাষায় অনুদিত উক্ত দুর্শন গ্রন্থ দুম্বের তাৎপর্যা গ্রহে সমর্থ হইয়া তর্কপঞ্চানন মহাশয়ের ভ্ৰদী প্রশংসা করিয়া থাকেন। ইনি অতিশন্ন বিন্মী, অমাগ্রিক ও অসামান্ত-গুণ-সম্পন্ন ছিলেন। এক সময়ে সংস্কৃত কলেজের গুণগ্ৰাহী অধ্যক্ষ কাপ্তেন মার্শেল ও মহামতি ই. বি. কাউএল মাহেব ইহাঁকে যার-পর-নাই ভক্তি করিতেন। ইনি ১২৮০ নাবে কাশীলাভ করেন। ইহার ছাত্র-মণ্ডলীর মধ্যে অনেকেই এ দেশে বিলক্ষণ প্রতিপত্তি লাভ করিয়াছেন। ইহাঁর কলেজের চাত্রমধ্যে পণ্ডিত-প্রবর ঈশ্বরচন্দ্র বিস্থাদাগর, তারাশঙ্কর তর্করত বামকমল ভট্টাচার্য্য প্রীযুক্ত বাবু নীলমণি স্থায়ালঙ্কার এম. এ. গ্রীয়ক বাবুক্লফকমল ভট্টাচার্যা এম. এ. শ্রীযুক্ত বাবু নীলাম্বর ग्रांशाभाषा वम. व. वदः हजूनाजीत हाजनिरात मरभा ন্থান্থোপাধ্যায় রাথাল দাস ভায়রত্ব ও মহামহোপাধ্যায় প্রীযুক্ত নংশচন্দ্র ভাররত্ব সি. আই. ই. এদেশে সমধিক লব্ধ প্রতিষ্ঠ ।

(৭) চবিবেশ পরগণার অন্তঃপাতী কলিকাতার দক্ষিণ নাদলবেড়ে নামক গ্রামে পূজ্যপাদ ভরতচন্দ্র শিরোমণি জন্মগ্রহণ করেন। বাল্যকালে চতুস্পাঠীতে তৎপরে সংস্কৃত কলেজে স্বায়ন করিয়া ল-কমিটির পণ্ডিত ও জজ-পণ্ডিত হন। ইহার পব বহুকাল সংস্কৃত-কলেজে স্বৃতি-শাল্পের অধ্যাপকতা করিয়া কাাছেল সাহেবের রাজন্ধ-কালে পেন্সন্ গ্রহণ করেন। ১২৮৫ সালে ২২এ অগ্রহারণ ইনি ৭০। ৭৫ বংসর বয়াজ্ঞনকালে জ্ব

বোগে মানব-লালা সংবরণ করেন। স্থতিশালে ইছার প্রগা
বিদ্যা ছিল। ইনি ধর্মশাল্রের ব্যবস্থা বিষয়ে প্রমাণ-স্থল হইলা
উঠিয়া ছিলেন। কাব্য ব্যাকরণ অলক্ষারাদি শাল্রেও ইইনে
বিলক্ষণ বৃৎপত্তি ছিল। এই অদিতীর স্মার্ত্ত শিব্যামণি মহাশরের
সম্রমের পরিসীমা ছিল না। এমন কি একপত্তী ছিলেন বলিনে
অভ্যক্তি-হয় না। ইছার আকৃতি বেরল স্থাক্ত ও তরণ
উত্তম ছিল। ইনি সরল, অমায়িক ও মিষ্টভাষী ছিলেন, এং
বঙ্গের একজন প্রাভঃস্বরণীর স্থপত্তিত। হিন্দু-সমাজ ইটার
নিকট বহু বিষয়ে ঋণী। ইনি দত্তকমীমাংসা ও দত্তক চল্রিকার
টীকা, দত্তক শিরোমণি, বিষ্ণাদি শতক, মন্ত্র্যাহে ও থানি টীকার
বাদ এবং মহায়া ৺ প্রসম্বর্মার ঠাকুরের ব্যারে ও থানি টীকার
সহিত দায়ভাগ গ্রন্থের একটা অতি উৎক্রপ্ত সংস্করণ করেন।

(৮) ১৮১২ খৃ: অব্দে পুরাপাদ তারানাথ তর্কবাচশ্লানি কালনার জন্মগ্রহণ করেন। ১৮৩০ খৃ: অব্দে সংস্কৃত কলেজে তৎকালীন অধ্যক্ষ বাবুরামকল দেন ইহাঁকে সন্কৃত কলেজে অনকার শ্রেণীতে প্রবিষ্ট করিয়া দেন। ইনি আজীবন কণা বুথা কালহরণ করিতেন না, স্থতরাং অলকার অধ্যয়নান্তে কার বেদান্ত ও জ্যোতিব শাস্ত্র শিক্ষা করিতেন। মহাত্মা জন্মগাণ তর্কলেকার, নাপুরাম শাস্ত্রী ও যোগধ্যান মিশ্র যথাক্রমে তৎকা সংস্কৃত-বিদ্যা-মন্দিরে পূর্ব্বোক্ত শাস্ত্র-ত্রের অধ্যাপক ছিলেন ১৮৩১ খৃ: অব্দে ইনি স্থারের শ্রেণীতে তৎকালীন বঙ্গবেশ ক্রের। ১৮৩৫ খৃ: অব্দের ১৫ই জাতুরারি কলেজ পরিব্রাণ

गालरे रेनि उर्कराहम्लेखि উপाধि खाश्च रन। रेहात खात्र ভন চারি বৎসর পরে ইনি ৮ কাশীধামে গিয়া এক প্রমহংসের নকট ভারশাস্ত্রের মধ্যে অতি চুরাহ আহর্ষকৃত থণ্ডন-থণ্ড-গানা নামক গ্রন্থ অধ্যয়ন করেন। অধ্যাপনান্তে ঐ পর্ম-াদ "তুমি সর্বাশাস্ত্রে অপ্রতিহত-বৃদ্ধি হইবে"—এই বলিয়া টোকে আশীর্কাদ করেন। কাশীতে অবস্থান সময়ে ইনি অন্তান্ত াণ্ডিতের নিকট পাণিনীয় ব্যাকরণ, সভাষ্য বেদ বেদান্ত, সাঞ্চা, গাতঞ্জল, মীমাংসা, দর্শন, গণিত ও ফলিত জ্যোতিষের নানা প্রস্থ মধায়ন করেন। ইনি স্বাধীন-চেতা পুরুষ ছিলেন। কাজেই १०३-ভাবে জীবন-যাতা নির্বাহের জন্ম নানা ব্যবসায়ে निश्च াকিতেন। বস্ত্র, শাল, কাষ্ঠ, চাউল প্রভৃতি এরপ ব্যবসায় গাই বাহাতে ইনি হস্তকেপ না করিরাছেন। ১৮৪৫ থঃ অকে গণীয় মহাত্মা ঈশারচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের অফুরোধে ইনি াষ্কত কলেজে অধ্যাপনা-কার্যো প্রবৃত্ত হন। ১৮৬২ খু: অন্দে টন বাৰসায় নিৰন্ধন প্ৰায় লক্ষ্ণ টাকা ঋণগ্ৰস্ত হওয়াতে সংস্কৃত <sup>কলেজের</sup> তৎকালীন স্থযোগ্য অধ্যক্ষ মহামতি কাউএল সাহেবের ণ্রামর্শে ভর্কবাচম্পতি মহাশয় তাৎকালিক হস্ত-লিখিত বছ গাচীন স্থতরাং হুপ্রাপ্য সংস্কৃত ব্যাকরণ, সাহিত্য, অনন্ধার, <sup>হতি</sup>, ভার, বেদ, বেদাস্ত, সাঙ্খ্য, পাতঞ্জল, মীমাংসা, উপনিষদ গ্রন্থা ও অশেষবিধ গ্রন্থ বৃত্তি-সহ মুদ্রিত করিয়া জগতের <sup>বিস্তর</sup> হিত-সাধন করিয়াছেন। 'ইহাঁর মত স্মরণ-শক্তি প্রায় অন্ত कारात । भारत का । भारत का विकास मार्थित विकास का वित्र का विकास का <sup>বাহা</sup> জিজ্ঞাসা করিতেন, তাহারই সহত্তর পাওয়াতে ইহাঁকে

ভক্তিপূর্ব্বক "এন্দাইক্লোপীডিয়া অভ্ দংস্কৃত লার্ণি" — এই আখা।
প্রদান করেন। ১৮৭৪ খৃ: অব্দের ১লা জামুয়ারি ইনি পেন্দন্
গ্রহণ পূর্ব্বক সংস্কৃত কলেজ হইতে অবসর গ্রহণ করেন।
বাচম্পতি মহাশয় সাভিশয় ধর্মানিষ্ঠ এবং হিন্দুশাস্ত্রামুমোদির
কার্য্য-কলাপে শ্রদাবান্ ছিলেন। ইনি হবিবাাশী ছিলেন। স্বয়য়
পাক করিয়া আহার করিতেন এবং পিতৃশ্রাদ্ধোপলক্ষে গ্রাময়
পণ্ডিতগণকে স্বয়ং বিবিধ প্রকার মিষ্টার প্রস্তুত করিয়া আহার
করাইতেন। পাক-করণে ইইার সবিশেষ দক্ষতা ছিল। ইনি
১৮৭০ খৃ: অক্ষ হইতে ১৮৮৪ খৃ: অক্ষ পর্যান্ত এই অস্টাদশ কা
নিরস্তর অসামান্ত পরিশ্রম করিয়া নিজ অবিতীয় কীর্ত্তি-য়য়
বাচম্পত্যাভিধান প্রস্তুত করেন। ১৮৮৫ খৃ: অক্ষের ফাল্লন মাসে
ইনি ৮ বারাণদীধানে যাত্রা করিয়া ঐ বৎসর ৭ই আবাঢ় পার্থিব
দেহ বিস্ক্রন পূর্ব্বক মুক্তিলাভ করেন।

(৯) চবিশে পরগণার অন্তঃপাতী চাংড়িপোতা গ্রামে ১৭৪০ শকে পূজাপাদ ঘারকানাথ বিদ্যাভ্যণ জন্মগ্রহণ করেন। ১০ বংসর বরসের সময় ইনি সংস্কৃত কলেজে ভর্ত্তি হন। পূর্বে পিতার নিকট ব্যাকরণ পড়িয়া ১১। ১২ বংসর ইনি সংস্কৃত কলেজে সাহিত্য, অলকার, স্মৃতি, জ্যোতিষ, ত্যায় ও বেদাস্ত, অধার্ফ করিয়া কলেজ পরিত্যাগ পূর্বক ফোর্ট উইলিয়ম কলেজে সিবিশ সার্কেট পড়াইতে আরম্ভ করেন। ইংরাজী ভাষার ইংগিবিলক্ষণ অধিকার ছিল। তংপরে সংস্কৃত কলেজের ২য় ব্যাকরণা ধ্যাপকের পদে নিযুক্ত হন। ইনি ক্রমাগত ৩৭ বংসর সংকৃত্তি করেন

টনি সাতিশয় পরিশ্রমী, অধ্যবসায়ী, দৃঢ়প্রতিজ্ঞ, সত্যনিষ্ঠ, তেজমী ও মিতবালী ছিলেন। ইনি নিজ বালে হরিনাভিতে একটা উচ্চ শ্রেণীর ইংরাজী বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ইনি विनक्षण मांडा ও পরোপকারী ছিলেন। यथन কলেজে শিক্ষক ›ইয়াছেন. তথন ব্রাহ্মণ-পণ্ডিতগণের বৃত্তি লওয়া অক্যায় বোধে <sup>हेनि</sup> কদাপি পত্তের বিদায় লইতেন না। সমাজ-সংস্কর্ণ বিষয়ে ইগার বিলক্ষণ যত্ন ছিল। ইনি বৈদিক জাতির কুলপ্রথা অফু-গারে বিবাহ দেওয়া রহিত করেন। ইনি গ্রীস ও রোম রাজ্যের ংখানি বিস্তৃত ইতিহাস, নীতিসার ১ম, ২য়, ৩য় ভাগ, বিশ্বেশ্বর-বিলাপ, এবং উপদেশমালা ১ম ও ২য় ভাগ, সাখ্যাদর্শন ও <sub>ট্</sub>ষণসার ব্যাকরণ **প্রণয়ন করেন। ইনি কর**ক্রম নামক এক ানি প্রসিদ্ধ মাসিক পত্রও প্রচার করেন। কিন্তু ইহার প্রধান গীর্ত্তিন্ত সোমপ্রকাশ নামক সাপ্তাহিক সংবাদপত্ত। বাঙ্গালা গ্রার স্ক্রুকি নহকারে সমাচার পত্র প্রচার-প্রথার ইনিই প্রথম প্রদৰ্শক। ইনি বছমূত্র রোগে আমেজান্ত হইয়া জ্ববলপুরের ষ্টুর্গত সাতনা নামক স্থানে বায়ু পরিবর্ত্তনের জ্বন্ত গমন ক্রিয়া ১১১০ সালের ৮ই ভাদ্রে বেলা হই প্রছরের সময় গলদেশে হুষ্ট ণ হওয়ায় দেহত্যাগ করেন।

(১০°) ১২৮১ সালে যথন পুজ্যপাদ চক্রমোহন তর্কসিদ্ধান্ত ইংলাক পরিত্যাগ করেন, ইহাঁর ক্রতিমান্ পুত্র শ্রীযুক্ত বার্ ইনকীনাথ ভট্টাচার্য্য এম, এ, প্রেমটাদ স্টুডেণ্ট তৎুকালে অতি ইন-ব্যক্ত ছিলেন, স্কুতরাং তাঁহার নিকট অন্নুসন্ধান করিরা গুরু-সুবের জীবন-ইতাক্ত বিষয়ে সবিশেষ কিছুই জানিতে পারি নাই। আমি এই পর্যান্ত জানি, ভূ-কৈলাসে রাজবাটীতে ইহাঁর বিলক্ষ্ণ প্রতিপত্তি ছিল, এবং ইনি বোপদেব-কৃত কবিকল্পম নামক সংস্কৃতগণপাঠ গ্রন্থানিকে ১৮৬০ ধৃ: অবেল সরল বাঙ্গালা ভাষাঃ ভাষান্তরিত ও বিশল করিয়া প্রচারিত করেন।

- (১১) ১৮১০ খৃঃ অবেদ শান্তিপুর প্রামে পুজাপাদ রাম গোবিল গোলামীর জন্ম হয়। ১৮২২ খৃঃ অবেদ মহাত্মা রামকরন মেন ইহাকে কলিকাতার আনরন করেন, এবং সংস্কৃতকরে স্থাপনের পরেই ইহাঁকে উক্ত কলেজে বিদ্যাধারনার্থ প্রাঞ্চিকা লিরোমণি উপাধি লইয়া রামগোবিল বিদ্যালয় হইয়ে বহির্গত হন। ১৮৪০ খৃঃ অবেদ ইনি সংস্কৃত কলেজের সাহিত ও ব্যাকরণশান্তের অধ্যাপকতার নিবৃক্ত হন। ১৮৬০ খৃঃ অবেদ ইনি সংস্কৃত কলেজের সাহিত ও ব্যাকরণশান্তের অধ্যাপকতার নিবৃক্ত হন। ১৮৬০ খৃঃ অবেদ ইনি বাস্কৃত কলেজের সাহিত ও ব্যাকরণশান্তের অধ্যাপকতার নিবৃক্ত হন। ১৮৬০ খৃঃ অবেদ হচ শে মার্চ্চ ইনি বিস্টিকা রোগ-প্রস্ত হইয়া ইহলোফ পরিত্যাগ করেন। ইনি দেখিতে গৌরবর্ণ, দীর্ঘাকার ও অফ্রি স্পুক্তব ছিলেন। পুরাণ-পাঠ ও শ্রীমন্ত্রাগবত প্রভৃতি বৈঞ্চা প্রস্কের ব্যাধ্যা বিবরে ইহার বিলক্ষণ স্থ্যাতি ছিল।
- (১২) জেলা ২৪ পরগণার অন্ত:পাতী রাজপুরগ্রামে দ ১২৩০ সালে পূজাপাদ ত্রীবৃক্ত গিরিশচক্ত বিভারত্বের জন্ম হর ইং ১৮২৪ খুঃ অব্দে সংস্কৃত কলেজ প্রতিষ্ঠিত হইলে ইনি দ বর্ষ বন্ধমে তথার প্রবিষ্ট হইরা সাহিত্য, ব্যাকরণ, অলঙ্কার, ভাগ স্থৃতি ও বেদান্ত অধান্ধনানন্তর ১৩ বৎসরের পর বিভাগর আ করেন। প্রথমে সংস্কৃত কলেজে প্রকাধ্যক্ষের পদে নির্ ইইরা জন্মশঃ নিয় অধ্যাপকের পদ হইতে প্রধান অধ্যাপকে

পদে উন্নীত হইয়া ১৮৮৪ খৃঃ অবেদ পেন্দন্ গ্রহণ করেন। সন ১২৬০ খু: অব্দে যে মুদ্রা-বন্ধ স্থাপন করেন তাহার আয় হইতে উদ্ত ২০,০০০ মুদ্রা বার করিয়া ১৮৮৮ থৃঃ অব্দে স্বগ্রামের জন্ত দরিদ্র-ভাণ্ডার ( Poor fund ) সংস্থাপন পূর্বাক উপযুক্ত हेशैগণের হস্তে কার্যান্ডার সমর্পণ করিয়াছেন। বিস্তর অর্থ বায় করিয়া স্বগ্রামের জল কষ্ট নিবারণের জন্য হুইটা পুন্ধরিণী ধনন করাইয়া দিয়াছেন, এবং লোকের যাতায়াতের স্থবিধার জন্ত সেতৃ সমেত ছইটী পাকা রাস্তা নির্ম্মাণ করাইয়াছেন। উক্ত রাস্তা চুইটা ইহার নামেই নাম প্রাপ্ত হইয়াছে। এই সকল দেশহিত-ক্ব কার্য্যের অনুষ্ঠান করিয়া বাল্যাবস্থায় অর্থাভাব নিবন্ধন বে কেশ ভোগ করিয়াছিলেন সে ক্ষোভ মিটাইয়া জীবন সার্থক করিয়াছেন। নবম ব**র্ধ বয়:ক্রম কালে যথন সংস্কৃত কলেজে** প্রথম প্রবেশ করি, তথন ইহাঁরই শ্রীচরণ তলে বদিয়া আনদি শিক্ষালাভ করি। কলেন্ধ পরিত্যাগ করিবার পূর্কে যথন বি, এ, ্রেণতে অধায়ন করি, তথনও ইহার শ্রীমুথ হইতে উপদেশ পাই, ঘাবার কলেজে অধ্যাপকের পদে নিযুক্ত হইয়া প্রায় ১০ বৎসর <sup>দাল</sup> ইহার ঐতিরণ দর্শন সুথ অনুভব করিয়াছি। ফলতঃ 🌣 জীবনে ইহাঁর শ্রীচরণ-যুগণ বিশ্বত হইতে পারিব না।

(২০°) ১৮০৬ খৃঃ অবের ২২এ ফেব্রুয়ারি হাওড়া জেলার মন্তঃপাতী নারিট প্রামে পূজাপাদ শ্রীমহেশচক্র ভায়রত্বের জন্ম র। বাদশ বর্ধ বয়:ক্রম কালে ইনি মেদিনীপুর জেলার অন্তর্গত শিক্গঞ্জ প্রামে ৮ ঠাকুরদান চূড়ামণির নিকট সংক্ষিপ্রদার শিক্রণ অধ্যয়ন করেন। ১৮৫২ খৃঃ অবেক ইনি কলিকাভার

আদিয়া নিজ পিতৃব্য ৮ ঠাকুরদাস চূড়ামণি এবং সংস্কৃত কলে टक्त अधाशक w क्यनाताय उर्कशकानत्तत निक्षे जाय, क्ष এতি প্রমান কর্মার কিন্তু কর্মার শিক্ষা করেন। পঞ্জার দেশীয় পরম হংস জ্যোতি:স্বরূপ তৎকালে কলিকাতার উপগ্রিত থাকাতে ইনি তাঁহার নিকট বেদান্ত এবং শ্রীহর্ষকৃত খণ্ডন বঞ্চ নামক আচার্যোর নিকট ফলিত জ্যোতিষ শিক্ষা করেন। ১৮৬১ थः व्यत्म देनि 🗸 कांनीशास यादेशा मधी विश्वकानम वार्षे প্রভৃতি কতিপর পণ্ডিতের নিকট বেদ, উপনিষদ, পাতঞ্জন ১ মীমাংদা দর্শন শিক্ষা করেন। ১৮৬৩ খৃঃ অকে ইনি ৮ মহারাজ ক্ষণকৃষ্ণের সহায়তার উপর নির্ভর করিয়া একটা চতুপাঠ খুলিলেন। সংস্কৃত কলেজের তংকালীন অধ্যক্ষ শ্রীযুক্ত কাউঞ সাহেব ইতিপুর্বে শ্রীঘুক্ত ভাষরত্ব মহাশয়ের নিকট ভাগ শাঃ শিক্ষা করিয়া তদীয় বিদ্যাবন্তা অবগত ছিলেন, স্থতরাং ১৮৬৪ গৃ অবেদ পুজাপাদ ৬ প্রেমচক্র তর্কবাগীশ পেন্দন লওয়ায় তিনি ইহাঁকে সংস্কৃত কলেজে সাহায্যকারী অধ্যাপকরূপে নিযুৰ করেন। প্রথমে কলেজে প্রবিষ্ট হইয়া ইনি ইংরাজি শিথিটে আরম্ভ করেন। কিছু দিন পরে ইনি স্থান্তিরূপে যুগপৎ অনহার শ্বতি ও ক্লায়ের অধ্যাপক পদে নিযুক্ত হন। ১৮৭৭ খৃঃ অং ইনি কলেজের অধ্যক্ষতার পদ প্রাপ্ত হন। ইনি আসিরাটিক সৌ हैंढि, विकान-मजा, विश्व-विमानम, हिन्मू-इर्छन, त्वशून करनव শিবপুর এনজিনিয়ারিং কলেজের সভা ও মেম্বরের কার্যা করেন ইনি উপাধি পরীক্ষার সৃষ্টি করিয়াছেন এবং ১৮৮৭ খৃঃ জা

নর্ড ডফরিনের সময়ে দেশীর শাস্ত্র শিক্ষার জন্ত মুসলমান জাতির মধ্যে শামসউল নামা এবং হিন্দুদিগের মধ্যে মহামহোপাধ্যার উপাধি দিবার প্রথা প্রবর্তিত করিবার জন্ত গভর্গমেন্টের নিকট আবেদন করার সেই সময় হইতে উক্ত উপাধি-দানের স্ত্রপাত হইয়ছে। ১৮৮১ খৃঃ অব্দে ইনি দি, আই, ই, এবং ১৮৮৭ খৃঃ অব্দে মহামহোপাধ্যার উপাধি প্রাপ্ত হন। ইনি বিস্তৃত টীকার মহিত কাবাপ্রকাশ নামক অলক্ষার গ্রন্থ প্রকাশিত করেন। ইনি ১৮৬৬ খৃঃ অব্দে ছর্ভিক্ষ-পীড়িতগণের সাহাব্য করেন, এবং ১৮৭০ খৃঃ অব্দে বিজ্ঞান-সমিতিতে যথেষ্ট দান করেন। ইনি স্বপ্রামে একটা বিদ্যালয় স্থাপন, সন্ধিহিত স্থানের পথ ঘাট সংস্করণ, এবং ট্যামের গাড়ী প্রচলন বিষয়ে সবিশেষ অস্কুক্লতাচরণ করিয়াছেন।

- (১৪) খ্যাতনামা নিমাইচাঁদ শিরোমণি খৃঃ অব্ব ১৮২৪ <sup>।ইতে</sup> ১৮৪• প্রয়স্ত কলেজে ভায় শাল্তের অধ্যাপক ছিলেন।
  - ( ১৫ ) नाथुताम थुः खक (১৮२१ ১৮৩২) खलकातासाप्रक ।
- (১৬) যোগধান ১৮২৬ খৃঃ অব্দের মার্চ মাদে জ্যোতিব শাস্ত্রের অধ্যাপকতা পদে নিযুক্ত হন। জ্যোতিব শাস্ত্রের মধ্যাপনা রহিত হইলে ইনি লীলাবতী শিক্ষা দিতেন।
  - ( > १ ) कांगीनाथ 'स्मर्फ कांगीनाथ' चुळित्र व्यशांशक ।
  - (১৮) শস্তুচক্স বাচম্পতি বেদান্তের অধ্যাপক।
  - (১৯) হরনাথ তর্কভূষণ ব্যাকরণের অধ্যাপক।
- (२॰) সহাদয়তার অবতার জয়গোপাল তর্কালফারকে <sup>ওপজ্ল</sup> উইল্সন্ সাহেব বারাণসী হইতে আনাইয়া ইহাঁর হতে <sup>কলেজে</sup>র কাব্যাখ্যাপনার শুক্ক ভার সমর্পণ করিয়াছিলেন।

- (২<sup>৯</sup>) রামদাস ব্যাকরণ শাস্ত্রের অধ্যাপক ছিলেন।
- (২২) রামময় তর্করক্স ৮প্রেমচন্দ্র তর্কবাদীশের চতুর্থ সছে।
  দর। সংস্কৃত কলেজের ভূতপূর্ব ছাত্র এবং কাব্যের অধ্যাপক।
  এই মহাক্মা অতি বিনরী ও অত্যক্ত অমারিক এবং কাব্য ও
  অলস্কার শাস্ত্রে বিলক্ষণ ব্যুৎপদ্ম ছিলেন।
- (২৩). ৮ প্রীশচন্দ্র বিদ্যারত্বের জন্মভূমি থাঁটুরা গ্রাম। ইনি
  সংস্কৃত কলেজে অধ্যয়ন করেন, এবং কিছু দিন অধ্যাপকতাও
  করিরা ছিলেন। ইনি যথন ১৮৫৬ খৃঃ অব্দে সর্ব্ব প্রথম
  বিদ্যা বিবাহ করেন, তথন বিবাহ সভায় অনেক অধ্যাপক
  নিমন্ত্রিত হইয়া ছিলেন, বঙ্গের ছোট লাট পর্যন্ত উপস্থিত হন।
  বিদ্যাদাগর মহাশন্ত এই বিবাহে ১০ সহস্র টাকা ব্যয় করেন।
- (২৪) তারাশঙ্কর ভূত-পূর্ব্ব বিখ্যাত ছাত্র। ইনি সংস্থা কাদম্বরী এবং ইংরাজী রাদেশাস বঙ্গভাষায় অনুদিত করেন।
- (২৫) প্রাণক্ষ বিদ্যাসাগর খৃঃ ১৮৪৪ অবল ব্যাকরণে অব্যাপক হন। ইনি ৮রামনারারণ তর্করত্বের জ্যেষ্ঠ। ইইার্ নিকট সর্বাদা একটা বস্ত্রময় গোলা থাকিত। পাঠ-কালে কেঃ গ্র করিলে বা অক্তমনক হইলে ইনি স্বস্থান পরিত্যাগ ন করিরা গোলা বর্ষণ পূর্বাক তাহাকে পাঠে অভিনিবিষ্ট করিতেন
- (২৬) প্রিয়নাথ কলেজের ভূতপূর্ব ছাত্র ও সাহিত্যাধ্যাপক নিবাস শ্রাথালা। বহু দিন মুক্তেফের কার্য্য করিয়া ছিলেন।
- (২৭) মাধ্বচক্র গোৰামী কলেকের ছাত্র ও অধ্যাপক 'কারাস্থ বালরাজ' নামক গ্রন্থ প্রণয়ন করেন। শেষাবন্ধার বা দিন স্কুল-ইন্স্পেইর ছিলেন। নিবাস বালিগ্রাম।

- (২৮) ষহনাথ হই জন ছিলেন। এক জন আহীরীটোলা ক্ষেবিন্যালয়ের প্রধান পণ্ডিত, দিতীয় ব্যক্তি ৮ বিছাসাগর ন্হাশয়ের ভগিনীপতি 'ভামিনী-বিলাস' প্রণেতা, এবং কলেজের ন্যুত্ম সুযোগ্য সাহিত্যাধ্যাপক।
- (২৯) ১৭৫০ শকে পাণ্ডুয়ার সন্ধিহিত ইলছোবা নামক ামে রামগতি স্থায়রত্ব জন্ম গ্রহণ করেন। ইনি অন্ধক্পু হত্যার িচহাদ ইংরাজী হইতে বঙ্গভাষার অন্দিত করিয়া প্রচার গবেন। তদ্তির বস্তবিচার, বাঙ্গালার ইতিহাদ ১ম ভাগ, রোমা-তী (উপগ্রাদ) শিশুপাঠ, নীতিপথ, বাঙ্গালা ব্যাকরণ, ঋজ্-াাথ্যা, দময়ন্তী, মার্কণ্ডেয় চণ্ডীর অন্ধ্বাদ, বাঙ্গালা সাহিত্য বন্দ্রক প্রস্তাব এবং ভারতবর্ষীয় ইতিহাদের সংক্রিপ্ত বিবরণ গ্রহার করেন।
